

দেবায়তন ও ভারত সভ্যতা

(১৯৫৪ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রণে প্রদত্ত ধারাবাহিক বক্তৃতাসমূহের সারাংশ অবলম্বনে সম্বলিভ)

শ্রী শ্রীশচন্দ চট্টোপাধ্যায়, স্থাপত্যবিশারদ




কলিকাতা বিশ্ববিদ্যালয়
১৯৫৭

PRINTED IN INDIA

PRINTED AND PUBLISHED BY SIBENDRANATH KANJILAL, SUPERINTENDENT, CALCUTTA UNIVERSITY PRESS, 48, HAZRA BOAD, BALLYGUNGB, CALCUTTA.

1872B .- March, 1957-A.



ভারতরাষ্ট্রপতি মহামাত্য ভক্তর রাজেন্দ্রপ্রসাদ

উৎসর্গ-পত্র

ভারতরাষ্ট্রপতি মহামানা ভক্টর রাজেন্ত প্রসাদ মহামহিমার্থবেষ্—

১०८৮ हिज्ञघारमत अक माद्वारक कारू नै निविध्य निविध्य निविध्य कार्यमां कर कार्यस्त कार्यमां कार्यस्त कार्यस्त कार्यमां कार्यस्त का

পর বংসর পাটলিপ্তের উদাত্ত প্রেরণাপ্রসূত মংসঙ্কলিত Magadha Architecture and Culture আপনার আনুকুলো প্রকাশিত হয়। আপনি আমাকে রাজেন্দ্রোভিত উৎসাহ প্রদান এবং আশীর্কাদ করিয়াছিলেন।

আজ ভারতবর্ষ রাহুমুক্ত। সর্বজনবাঞ্চিত মহাসম্রাট্রাপে আপনি আসমুদ্রহিমাচল ভারত মহাসাম্রাজ্যের স্বর্ণ-সিংহাসন অলক্ষত করিয়াছেন। চন্তুশুপ্ত-বিক্রমাদিত্যের সাম্যনীতি অনুসারে প্রজ্ঞাপালন করিতেছেন। আপনার 'রাজেন্তু' নাম সার্থক ৪ বিশ্ববরেণ্য হইয়াছে।

रेपगांडिक ভाরতের धर्मप्रम कर्म्माकी वर्तिकाम यूर्गाभाषाभी वर्विकाम श्रमारम भित्रक्षिठ 'रमवाञ्चठन ३ छात्रक मछाठा', मीन श्रम्भकारत्व मछीत श्रमात विपर्भवस्मान, छवमीय श्रीकतक्रमां छेरमभीक्रक इरेल। विक्रश्रां श्रद्ध किंदिल क्रक्रकार्य रहेव।

আস্থানম্ অমৃতং কৃষি॥ ও শান্তিঃ॥

আশ্ৰব

কলিকাতা ৪৯, মলঙ্গা লেন

मी-ज्यामध्य-श्रद्धामाकीय

স্চীপত্ৰ

বিশ্বকর্মা (চিত্র)					
নামপত্ৰ	•••	•••	***	•••	/•
রাষ্ট্রপতি রাজেন্দ্র প্রসাদ (চিত্ৰ)				
উৎসর্গপত্র	•••	•••	•••	•••	⊌•
সূচীপত্ৰ	•••	•••	•••	•••	I ∕•
প্রস্তাবনা	•••	•••	•••	•••	10
ভূমিকা	•••	•••	•••	• • •	11/-
অবভরণিকা	•••	•••	•••	•••	n/.
গ্রন্থকারের পরিচয়	• • •	•••	•••	•••	nd.
গ্রন্থকারের নিবেদন	•••	•••	•••	•••	29.
বিষয়সূচী	•••	•••	•••	•••	shel.
চিত্রসূচী	•••	•••	•••	•••	2
আখ্যানভাগ	•••	•••	•••	•••	>
নির্ঘণ্টপত্র	•••	•••	•••	•••	२२¢
সংশোধন-সংযোজন-পত্ৰ	•••	•••	•••	•••	২ ৩৭
. 100 11 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1					

প্রতাবনা

দেবায়তনের ইতিহাসের যোগ একটি দেশের বা জাতির ধর্ম্মের ইতিহাসের সজে নয়, ইহার যোগ জাতির সামগ্রিক সাংস্কৃতিক ইতিহাসের সজে। বিভিন্ন দেশে দেবতা বিভিন্ন ভাবে পরিকল্লিত হইয়াছেন; আবার দেবকল্লনার বৈশিষ্ট্য এবং বৈচিত্র্যের সহিত সঙ্গতি রক্ষা করিয়া দেবায়তনের পরিকল্লনাতেও বৈশিষ্ট্য এবং বৈচিত্র্য্য দেবা দিয়াছে। দেবতার পরিকল্লনায় জাতির আধ্যাত্মিক মূল্যবোধের প্রকাশ ; দেবায়তনের পরিকল্লনায় সেই আধ্যাত্মিক মূল্যবোধের সহিত আবার ব্যবহারিক মূল্যবোধের নিবিড় সমন্বয় সাধিত হইয়াছে। তাই জাতিহিসাবে ভারতবর্ষের যে সমগ্র পরিচয় তাহার একটি বৃহত্তর-অংশ অভিব্যক্তি লাভ করিয়াছে ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলে, এবং বিভিন্ন কালে পরিকল্লিত ও নির্ম্মিত দেবায়তনের রূপায়ণে। ইট-পাধরের ব্যক্ষনাময় ভাষার ভিত্র দিয়া ঐ রূপকে বৃঝিয়া লইতে হইবে। প্রসিক্ষ ম্বাধ্যরের ব্যক্ষনাময় ভাষার ভিত্র দিয়া ঐ রূপকে বৃঝিয়া লইতে হইবে। প্রসিক্ষ ম্বাধ্যরিদ শির্মাছেন তারতবর্ষের সভ্যতা ও সংস্কৃতির একটি স্কর্চ্ন পরিচয় দিবার চেইটা করিয়াছেন দেখিয়া পরম প্রতিলাভ করিলাম। লেথক এ বিষয়ে তথ্য- ও তত্ত্ব-পরিবেশনের যথার্থ অধিকারা। এই ইট-পাথরে রচিত ভারতবর্ষের দেবায়তনের অন্তরাজ্যার স্বরূপ স্বধীসমাজে প্রকাশিত করিয়া তিনি সকলেরই ধয়বাদের পাত্র হইয়াছেন।

July institution ____

এম.এ. (ক্যাণ্টাৰ.), উপাচাৰ্বা, কলিকাডা বিশ্ববিদ্যালয়

ভূমিকা

পৃথিবীতে মানুষের আবির্ভাবের পর থেকেই থীরে থীরে তার অভিজ্ঞতা ও জ্ঞানের ক্রমবিকাশ ঘটতে থাকে; এক বিরাট্ মানসিক পরিবর্ত্তন শুরু হয় তার মধ্যে, আর তাতেই বিশ্বপ্রকৃতির সঞ্চে তার এক অভিনব যোগসূত্র স্থাপিত হয়। এক নৃতন দৃষ্টিভঙ্গী নিয়ে সে প্রকৃতিকে সমাক্ উপলব্ধি করতে চেকটা করে; এই চেকটা থেকেই মানবসভ্যতার উপ্তব। পৃথিবীর কোন্ প্রান্তে, কোন্ যুগে, এই সভ্যতার প্রথম উন্মেয় হয়েছিল তা আক্রও পণ্ডিতসমাজের বিচার্য্য বিষয়। তবে একথা নিশ্চিত, যেদিন পৃথিবীর বুকে ছ'পায়ে ভর দিয়ে মানুষ উঠে দাঁড়ালো, অপূর্ব্বরহন্তময় হয়ে উঠলো বিশ্বপ্রকৃতি তার কাছে। উর্ধে অনস্ত মহাকাশ সূর্য্য-চন্দ্র-নক্ষত্র-থচিত; আর পদতলে বিপুল পৃথিবী, কোথাও শুন্ধ ও কঠিন, কোথাও সরস ও বনক্ষলাকীর্ণ, কোথাও বা ধবল তুয়ারাচ্ছন্ন। ভূমার এই অভিব্যক্তি ও প্রকৃতির এই অসীম বৈচিত্র্য তার মনে জাগিয়েছিল এক অনন্ত জিজ্ঞাসা—বিশ্বস্থি ও বিশ্বস্থীর মূল রহন্ত্র অবারিত করার এক অদম্য আকাঞ্জ্ঞা। সেই দিন থেকেই হলো বিশ্বস্থীর প্রথম উপলব্ধি ও মানবসভাতার সূচনা।

মানবসভাতা-বিকাশের নানা সূত্র অনুসরণ ক'রে ভারতের দেবায়তনের ইভিহাস ও সেই প্রসঙ্গে তার অধিবাসীর ধর্মা, সমাজ, কৃষ্টি ও রাষ্ট্রজাবনের ক্রমবিকাশ ও প্রসারের বিশদ আলোচনা রয়েছে এই গ্রন্থে। মাজাজে আবিক্বত আদি প্রস্তরযুগ্রের কতকগুলি অমস্থণ অন্ত্রশন্ত থেকে প্রমাণ পাওয়া গেছে বে, সেই যুগে ভারতে মানুবের বসতি ছিল। আদি প্রস্তরযুগের পর নব্য প্রস্তরযুগ; বিংশ শতাব্দীর ১০।১৫ হাজার বছর পূর্বেকার এই নব্য প্রস্তরযুগের প্রমশিলারের নিদর্শন পাওয়া যায় মাজাজের বেলাড়ি প্রদেশে প্রস্তরের অন্ত্র- ও বল্প-নির্মাণের কর্ম্মশালাসহ কর্মশালায় নির্মিত জব্যসন্তার থেকে। নব্য প্রস্তরযুগের পর আসে ধাতুর্গ—দক্ষিণ হায়্রাবাদে ধাতুরুগের কতকগুলি তান্ত্র- ও ব্রোঞ্জ-নির্মিত অন্ত্র এবং নাগপুর, হায়জাবাদ, মাত্রা ও মহীশুর অঞ্চলে সমাধির অভ্যন্তরে ধাতুনির্মিত পাত্র আবিক্বত ব্যার্থনি

হয়েছে। প্রায় ৩০ বছর আগে পশ্চিম পাঞ্চাবের হড়প্পা ও সিন্ধু প্রদেশের মোহেন-জোতে প্রায় ৫ হাজার বছরের প্রাচীন সভ্যতার ধ্বংসাবশেষ আবিষ্কৃত হয়। শুনলে বিশ্বিত হতে হয় যে, এই তুটি নগরীতে সেই যুগেও নগরনির্দ্ধাণ, শিল্পরচনা, সামাজিক ও পৌর রীতিনীতি স্থপরিকল্লিত বিধিব্যবস্থায় নিয়ন্ত্রিত হোত। অগ্নিদগ্ধ ইউকে নির্দ্ধিত এক থেকে ত্রিতল বাসগৃহ, প্রাসাদ, ভোজনাগার, পানাগার, সানাগার, পল্যালা, রন্ধনশালা, প্রমোদশালা, তুর্গপ্রাকারের ভগ্নাবশেষ ও সিন্ধনদ-তটবর্তী বিশাল বাঁধের জীর্ণ ভিত্তি এই উভয় নগরেই আবিষ্কৃত হয়েছে। প্রমাণ হয় যে প্রাচীন ভারতবর্ষ সেই অভীত যুগেও ছিল সর্ব্যাজীণ পরিণতির এক গোরবময় শিথরে।

আর্ঘ্য মহাক্রাতির একটি শাখা ভারতে আসে বাইরে থেকে, বসতি স্থাপন করে হিমালয়ের সামুদেশে। প্রাকৃতিক শোভায় ঐশ্র্যাশালী এই ভারতভূমি আর্বাদের চিত্ত জয় করেছিল। প্রকৃতির সেই শান্তসমাহিত মনোরম লীলাকেত্রে তারই शान्त स्मीर्घकान निमग्न प्राटक आर्थाशन मूर्या, भरन, रत्नन, उत्तम, छेया, मतत्रकी ইত্যাদি প্রাকৃতিক মহাশক্তির প্রতীক দেবদেবীগণের যে পরিকল্পনা করেন ভারই বর্ণনায় স্থাষ্টি হয় বেদমন্ত্রের। নিগৃঢ় অন্তর্দৃষ্টি দিয়ে বিশ্বের অন্তর্নিহিত তেজ ও শক্তির মূলগত ঐক্য উপলব্ধি করে তাঁরা ঘোষণা করেন যে, বিশের সর্বব শক্তি ও সকল দেবদেবী এক পরম পিতা পরত্রক্ষের **দারা হুনিয়ন্ত্রিত হচ্ছে।** বিশের **প্রথম সাহিত্য** বিরাট বেদগ্রন্থ তাঁদেরই রচনা। আর্যাক্ষাতি ভারতে স্বপ্রতিষ্ঠিত হলে নাগ ও জাবিড় সভ্যতার সঙ্গে তাদের সভ্যতার মিশ্রণ ঘটে। খ্রীষ্টপূর্বব ভারতের প্রায় সব প্রদেশেই আর্য্য ও অনার্য্য সংস্কৃতি ও শিল্পের মিলন হয়। ধর্মাক্ষেত্রে এদের মিলনের ফলেই হিন্দুজাতি ও হিন্দুসভ্যতার উত্তব। তারপর বহু যুগ ধরে এই সভ্যতার বিকাশ হতে পাকে নানা অবস্থা ও নানা খাত-প্রতিঘাতের মধ্য দিয়ে। প্রায় ৫ হাজার বছরের স্বদীর্ঘ ইতিহাসে ভারতের বুকে ঘটে গেছে বছ রাষ্ট্রবিপ্লব, রাজ্যসাক্রাজ্যের উত্থান-পতন ও ভারতবাসীর জীবনে, সমাজে ও জীবনাদর্শে বিভিন্ন ধর্ম্ম ও দর্শনের বিপুল ' সংখাত; কিন্তু তার সভ্যতার মূল অমৃতধারা রয়ে গেছে অব্যাহত। 'একং সৎ বিপ্রা বছধা বদন্তি' ভারতের এই অপূর্বর মৈত্রীমন্ত্র মাসুষের মনকে নিম্নে গেছে উদারভার উচ্চতম শিখৱে।

শদেবায়তন ও ভারত সভ্যতা" গ্রন্থে গ্রন্থকার অভি স্থন্দর এবং প্রাঞ্জন ভাষায় পরিবেশন করেছেন ভারতের আধ্যাত্মিক ও সাংস্কৃতিক জীবনধারা, বার অভিব্যক্তি পরিস্ফৃট হয়ে রয়েছে তার প্রাচীন দেবালয়ের হাপত্যে। ভারতের মহান্ আত্মা যেন রূপ পরিপ্রহ করেছে এই ইট-পাধরে-গড়া দেবালয়ের সৌন্দর্যো; দেবায়তনের গগনস্পর্শী চূড়ায় বেন অনন্তের অভিব্যক্তি মূর্ত্ত হয়ে আছে। স্থাপত্য-শিল্প, বিশেষ করে দেবায়তনের স্থাপত্যই জাতির অন্তরের সর্বাঞ্জে অভিব্যক্তি। গ্রন্থকার বহু চিত্রসহযোগে গ্রন্থের বিষয়বস্ত সহজ ও সরল ভাষায় অতি নিপুণভাবে বর্ণনা করেছেন। তথ্যবহুল এই গ্রন্থের রয়েছে ভারতের মহান্ সাংস্কৃতিক ঐতিহ্য ও তার অবদানের আলোচনা, এর সন্ধান মিলেছে ভারতের প্রাচীন শিক্ষাপদ্ধতি ও শিক্ষায়তনে, দর্শন ও ধর্ম্বে, বিজ্ঞান ও শিল্পে, স্থাপত্যকলায়, নগরনির্ম্মাণ-পদ্ধতি ও উন্থান-পরিকল্পনায়।

ভারতের অমর আধ্যাত্মিক বাণী আজ নব-জাগ্রত ভারতের মাধ্যমে হিংসায়
উন্মন্ত পৃথিবীকে করুণা ও মৈত্রীমন্ত্রে দীক্ষিত করুক। জ্ঞানদীপ্ত নবীন ভারত দেশে
দেশে বিভিন্ন জাতির প্রাণধারায় সঞ্চারিত করুক স্থায়ী হৃথ, শান্তি, সৌন্দর্য্য ও
শৃত্থলাপ্রতিষ্ঠার মহান্ প্রয়াস। সেই অমৃতধারায় অবগাহন করে বিশ্বমৈত্রীর সাধনায়
উদ্বন্ধ হয়ে উঠুক সমগ্র মানবজাতি।

এই গ্রন্থরচনার গ্রন্থকার ভারতের মহামানবের জীবনধারা, তার স্থিচি, সাধনা, সোন্দর্য্যবোধ ও মৈত্রীমল্লের গভীর মর্ম্মস্পর্শী বাণী প্রচারিত করার পুণাত্রত গ্রহণ করেছেন। এই মহান ব্রতে তাঁকে আমার আন্তরিক অভিনন্দন জানাচিছ।

2/37/10y-10ne

ডি.এস্-সি., এফ.এন.আই., ভারতীয় পরিকল্পনা পরিষদের শিক্ষাসদত



অবতরণিকা

বর্ত্তমান শতাব্দীর প্রারম্ভে পঞ্চবিংশতি বৎসর যাবৎ বাঙালীর মেধা ও সংস্কৃতি প্রগতির পথে সুস্পষ্টভাবে অগ্রসর হইয়াছিল। তথন প্রভীচ্য-প্রবর্ত্তিত ব্যাপক শিক্ষার মাধ্যমে শিক্ষিত বঙ্গমান্ত অগ্রগামী মুরোপের জ্ঞান-বিজ্ঞান, বৃদ্ধি-বিবেচনা, সমাজভন্ত ও সংস্কৃতির সমাক্ পরিচয়লাভের জন্ম তৎপর হওয়ার ফলে বাংলার সাংস্কৃতিক জীবনে মনন- ও স্ক্রন-সম্পৃক্ত নব নব চিন্তাধারা উৎসারিত হইয়া ভারতীয় সভ্যতার অভিনব অভ্যুদয়ের সূচনা করিয়াছিল। ঠিক সেই সময়ে বর্ত্তমান প্রবন্ধকার, কল্পনা- ও কর্ম্ম-কুলল স্থপতিপ্রবর শ্রীশাচন্দ্র চট্টোপাধ্যায়, স্বদেশী স্থাপত্যের নব-বিকাশনে গুরুত্বপূর্ণ দায়িত্ব গ্রহণ করিয়া স্থাজনের দৃষ্টি আকর্ষণ ও আনন্দর্মজন করিয়াছিলেন। আমার মনে পড়ে কিরপ আশা ও উৎসাহের সহিত আমরা তাঁহার বক্তৃতা ও প্রবন্ধাবলী উপভোগ করিতাম, তদীয় পরিকল্পনাসুসারে ভারতের বিভিন্ন স্থানে গঠিত কয়েকটি সৌধমন্দিরে সনাতন সংস্কৃতির জীবনস্পন্দন অসুভব করিয়াছিলাম।

স্কুমার শিল্লকলাসংশ্লিষ্ট বিভিন্ন শিল্লিগণের মধ্যে একমাত্র স্থপতিকেই শাধাশিল্লসংক্রান্ত বিচক্ষণ কারিগর এবং মিল্রীদের আন্তরিক সহযোগিতার উপরে নিভান্ত
নির্ভর করিতে হয়; মন্দিরভবনের অধিকারিগণের স্থবিবেচনার উপরেও তদীর
সাফল্য আংশিকভাবে নির্ভর করে। শ্রীশচন্দ্র, স্বীয় কল্লনাপ্রস্ত বাটিনির্দ্মাণের
প্রথম পর্বের, স্থদক সহকারী ও কৃতবিভ কারিগরের সহযোগিতা অর্জ্জন করিতে সক্ষম
হয়েন নাই। একটি সর্বেভারতীয় জাতীয় স্থাপত্য শিক্ষায়তন স্বভন্তভাবে প্রতিন্তিত
করিয়া উহার মাধ্যমে, ছাত্রদের কার্য্যকরী শিক্ষাদানে, ক্রমশঃ প্রচ্রসংখ্যক বিচক্ষণ
স্থাতি ও শাখাশিল্লী উদ্ভাবিত করা তাঁহার কামনা ছিল। ব্রিটিশ আমলে তাহা
সম্ভব হয় নাই। আশ্চর্য্যের বিষয় এই যে, বর্ত্তমান স্বাধীন ভারতেও তাঁহার মহৎ
আকাজ্জনা অপূর্ণ রহিয়াছে। কিন্তু প্রতিকূল পরিবেশে উহা কিয়ৎকাল অপূর্ণ
থাকিলেও ভবিশ্বতে সফল হইবে। তাঁহার প্রেরণায় দেশপ্রেমী কর্ণ্মিগণ সক্ষবন্ধ
হইয়া তদীয় স্বপ্পকে মূর্ত্তিমস্ত করিবেন।

'দেবায়তন ও ভারত সভ্যতা' গ্রন্থে ভূমার মহিমা পরিক্ষুট হইয়াছে; ভারতের দেবায়তন ভারতীয় সভ্যতার পরমান্ধারূপে প্রতিভাত হইয়াছে। উদান্তভাবদীপ্র মৌলিক রচনার অপূর্বর ভাষা স্থললিত, গুরুগস্তীর ও মর্মান্দার্শী। কি প্রকারে আভিজ্ঞান্তা-মর্য্যাদাসম্পদ্দ-স্থাপত্য-সমৃদ্ধ ভবিম্যভারতে শিল্পসন্থারী গ্রামনগরের স্থিকরিয়া সমাজজীবন উন্নত, প্রাচুর্য্য-পরিপুরিত, শান্তিময় ও স্থময় করা ঘাইতে পারে চিন্তাশীল গ্রন্থকার ভাহার ইন্নিত করিয়াছেন। তিনি শুধু পুরাতন্ত্ব- ও সংক্ষৃতি-বিষত্তে ব্যুৎপন্ন এবং ভাবাবিষ্ট সাহিত্যসেবক নছেন, তিনি একজন করিতকর্ম্মা খ্যাতনামা স্থাতি। সনাতন স্থাপত্যের সমস্যাসমাধানে এবং গতিনিয়্ত্রণে তাঁহার অধিকার অবিসন্থাদা। উদীয়মান নব্যভারত নৃতন আলোকে জাতীয় স্থাপত্যের প্রতি সহাস্তৃতিপূর্ণ নেত্রপাত করিলে গ্রন্থপ্রথণয়নের প্রকৃত উদ্দেশ্য সাধিত হইবে, তবে তক্রপ লক্ষণ আপাততঃ দৃষ্টিগোচর হয় না।

ज्यीताच्य हर १८।

এম্কারের পরিচয়

স্থাপত্যবিশারদ শ্রীশচন্ত্র তরুণ জীবনে মঠমন্দিরাদি সংরক্ষণ ও নির্মাণক্রতে দীক্ষা গ্রহণ করিয়া পরিণত যৌবনে মহাত্মা গান্ধী-প্রবর্ত্তিত অসহযোগ আন্দোলনের আহ্বানে বজায় সরকারের পূর্ত্তবিভাগের ছায়ী চাকরি বর্জন করিয়াছিলেন। দেশমাতৃকার সাধনা ও সেবায় তিনি শতাব্দীর এক-তৃতীয়াংশের অধিক্কাল অতিবাহিত করিয়াছেন। সভ্যাশ্রয়ী ব্রভচারীর মত আসমুদ্রহিমাচল ভারতবর্ষ এবং বৃহত্তর ভারত, মিশর ও প্রতীচ্যের কিষদংশ পর্যাটনকালে তত্তদেশীর স্থাপত্য. শিল এবং সাংস্কৃতিক জীবন পর্যাবেক্ষণ করার ফলে মূল্যবান্ প্রবন্ধ ও পুস্তকাদি প্রকাশিত করিয়াছেন; দেশবিদেশের বছ স্থানে, বিবিধ সংস্কৃতিকেক্সে এবং ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বক্ততাপ্রদানে দেশবাসী ও বিদেশীগণকে ভারতীয় স্থাপত্যশিল্প ও সংস্কৃতির ঐতিহ্য- এবং মহিমা-নির্দ্ধারণে সচেতন ও উদুদ্ধ করিতে অক্লাস্তভাবে व्यविज्ञाम भत्रिक्षम कत्रियारहन । व्यवमा व्यक्षायमहरूनात्त्र, वह्नवर्षवावर, जिनि श्राह्य ও প্রতীচ্য স্থপতিবিভা ও সংস্কৃতির অফুশীলন করিয়াছেন। কয়েক বংসর বিকানীর রাজ্যে ইঞ্জিনীয়রের পদে আসীন থাকাকালে ভারতীয় স্থাপত্যসম্পূক্ত মন্দির এবং বাসভবনের পরিকল্পনা- ও নির্মাণ-বিধানের বাবহারিক প্রয়োগে শিক্ষা ও অভিজ্ঞতা লাভাত্তে কলিকাতায় আসিয়া, ভারতীয় স্থাপত্যবিভাষ কার্য্যকরী ও অর্থকরী শিক্ষাদানের জন্ম, স্বীয় অর্থব্যয়ে, একটি কুন্তায়তন শিক্ষালয় প্রতিষ্ঠা ব্যতীত ছাত্রদের বিনা বেডনে শিকার্জনে স্থােগ দান করিয়াছিলেন। সেই পরীকাসুলক প্রভিষ্ঠানের মাধ্যমে পরিকল্লিভ ও পরিগঠিভ মন্দির, সৌধ এবং সাধারণ বাসভবনের বিশিষ্ট বিশিষ্ট অন্ধন ও আলোকচিত্রসমূহ মুরোপ ও আমেরিকার শ্রেষ্ঠ স্থপতি- ও শিল্প-সমালোচকরুদ্দের প্রশংসার্জ্জন করিয়াছিল। কয়েকথানি চিত্র প্রতীচ্যের স্থাপত্য-বিষয়ক প্রথম শ্রেণীর মাসিক পত্রিকাগুলিতে প্রশন্তিমূলক মন্তব্যসহ প্রকাশিত হইয়াছিল। বর্ত্তমান গ্রন্থে প্রকাশিত, আধুনিক বুগোপবোগী নব্যভারতীয় স্থাপত্যে পরিকল্পিড, কয়েকসংখ্যক মন্দির, শিক্ষানিকেতন ও বাসভবন, গ্রাম ও নগর

এবং কারুশিল্পের নিদর্শন গ্রন্থকারের পরিকল্পনা ও নির্দ্দেশাসুসারে তদীয় ছাত্রগণের সহযোগিতায় প্রস্তুত হইয়াছে।

রাষ্ট্রপতি রাজেন্দ্র প্রসাদ, উপ-রাষ্ট্রপতি সর্ববদানী রাধাকৃষ্ণণ, পণ্ডিত জওহরলাল নেহরু, ডক্টর বিধানচন্দ্র রায়, অধ্যাপক সি. ভি. রমন, অধ্যাপক সত্যেন্দ্রনাথ বহু, শিল্লাচার্য্য অবনীন্দ্রনাথ ঠাকুর, প্রধানমন্ত্রী শুর আকবর হায়দারি, শিল্লাচার্য্য নিকোলস রোয়েরিক, শিল্ল-সমালোচক ঈ. বি. হাভেল, শ্রেষ্ঠ স্থপতি হার্ভে উইলি করবেট, ডক্টর জি. টুচ্চী, ডক্টর আনন্দকুমার কুমারস্বামী, ডক্টর ভগবান দাস, শুর এম. বিশেষরাইয়া, নেতাজী হুভাষচন্দ্র বহু, অধ্যাপক স্থনীতিকুমার চট্টোপাধ্যায়, আংকারা (তুর্ক) বিশ্ববিভালয়ের সেনেট-সদশ্র সংস্কৃতজ্ঞ ডক্টর রশি' গুর্ভে, নোবেল পুরস্কার-প্রাপ্ত জে. ওয়ালস এবং শ্রীমতী এলিনর রুজভেল্ট প্রভৃতি মনীবিগণ শ্রীশচক্ষের প্রসঙ্গে সহামৃভৃতিপূর্ণ বিবৃতি প্রকাশিত করিয়াছেন।

১৯৩৫ সালে কলিকাতা বিশ্ববিত্যালয়ের তদানীন্তন উপাচার্য্য ডক্টর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের আমুকূল্যে, সেনেট ভবনে অমুষ্ঠিত, সর্ববপ্রথম, সর্ববভারতীয় বিরাট্ স্থাপত্যপ্রদর্শনী শ্রীশবাবুর প্রচেষ্টায় সর্বতোভাবে সাফল্যমণ্ডিত হইয়াছিল। ব্রিটিশ রাষ্ট্রের শাসনকালে ভারতীয় বিশ্ববিছালয়সমূহে জাতীয় স্থাপত্যশিক্ষার কোনও ব্যবস্থা ছিল না; কিন্তু পাশ্চাত্তা স্থাপত্যশিক্ষার বিশেষ বন্দোবস্ত হইয়াছিল। কলিকাতা বিশ্ববিভালয়ের উপাচার্য্য ডক্টর প্রমথনাথ বন্দ্যোপাধ্যায়, বিভাবাচস্পতি মহাশয়ের উভোগে,—কয়েকসংখ্যক বিশিষ্ট স্থপতি ও পূর্ত্তবিদ্, শিক্ষাত্রতা ও ভারতীয় শিল্প-শান্ত্রবিদ্ পণ্ডিতের সহযোগে—শ্রীশচন্ত্রই সর্ব্যপ্রথম 'ভারতীয় স্থাপতা ও নগরনির্মাণ-বিজ্ঞান'-শিক্ষার এম.এ. কোর্স বিরচিত করিয়া, বঙ্গীয় এবং কেন্দ্রীয় গভর্ণমেন্টের অসুমোদন লাভ করেন। বিশ্ববিভালয়ের মধ্যবভিতায় বন্ত-উপেক্ষিত ভারতীয় স্থাপত্যে শিক্ষাপ্রবর্ত্তনের অগ্রদুতরূপে তিনি League of Nations ব্যতীত পৃথিবীর বিশিষ্ট বিশিষ্ট পণ্ডিভগণের এবং সংস্কৃতি-প্রতিষ্ঠানের শুভেচ্ছা লাভ ক্রিয়াছিলেন। শিক্ষার্থী ও শিক্ষিত জনসাধারণের পাঠোপযোগী স্থাপত্য, নগরনির্ম্মাণ এবং সংস্কৃতি-বিষয়ক ত্রিসংখ্যক সচিত্র গ্রন্থ ডৎকর্তৃক সঙ্কলিত এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উভোগে প্রকাশিত হইয়াছে। অধুনাতন ভারতে তিনিই জাতীয় স্থাপত্যবিস্তাশিক্ষার श्रवर्तक ।

স্থাপত্যবিশারদ্ শ্রীশচক্র ভারতীয় কংগ্রেসের জাতীয় পরিকল্পনা কমিটির, অ-বিভক্ত বঙ্গের যুদ্ধান্তর পুনর্গঠন কমিটির এবং বর্ত্তমান স্বাধীন ভারতের কেন্দ্রীয় গভর্গনেন্টের শিক্ষাবিভাগের অন্তর্গত স্থাপত্যকলা ও নগরনির্ম্মাণ শিক্ষাসংক্রাস্ত সর্ববভারতীয় কমিটির সদস্য ছিলেন। একণে তিনি বারাণসী হিন্দু বিশ্ববিভালয়ের শিল্পশিলানিয়ন্ত্রণ কমিটির সদস্য। দশ বংসর পূর্বেব পূর্ববভারতীয় রাষ্ট্রসঙ্গা (Eastern States Union) কর্ত্বক আমন্ত্রিত হইয়া সমগ্র উড়িয়্মার করদ রাজ্যগুলের যুদ্ধোত্তর পুনর্গঠন-পরিকল্পনায় তিনি নরপতিদের সাহায্য ব্যতীত রাজপ্রাসাদ, কলেজ, মিউজিয়ম, সোধভবন ও স্মৃতিসদন প্রভৃতির পরিকল্পনা করিয়াছিলেন। সম্বলপুরের প্রভাস্থে উক্ত রাষ্ট্রসঞ্জের প্রস্তাবিত নব-রাজধানীর পরিকল্পনা-প্রসঙ্গে এবং রূপায়ণে শ্রীশবাবুকে নিয়োজিত করিবার ব্যবস্থা হইয়াছিল।

জীবনের অপরাহে সাধক স্থপতি অমুভব করিলেন যে, বেদাস্ত দর্শনের প্রেরণায় নব্যভারতীয় জীবন ও সমাজ পুনর্গঠিত না হইলে জাতীয় স্থাপত্যের ও সনাতন-সংস্কৃতির নববিবাশ অসম্ভব। তদ্রপে সমাজ ও কর্ম্মিসজ্ব-সংগঠনের আন্দোলনে বিগত বিংশতি বৎসর কাল তিনি প্রবৃত্ত রহিয়াছেন।

শিল্প ও সংস্কৃতি তুগভীর জাতায় চৈতন্যের বাহ্নিক প্রকাশ মাত্র। পাতাল-গঙ্গার অমৃতধারা উৎসারিত হইয়া কর্মাক্ষেত্রকে ধর্মাক্ষেত্রে পরিণত করার ফলে ভারতবর্ষ বিরাট্ মহাভারতের পরিকল্পনা করিতে সমর্থ হইয়াছিল। সেই মহাভারতের মর্মান্থলে ধ্বনিত হইয়াছিল ভগবৎগীতা। শঙ্করাচার্য্য হইতে মহাত্মা গান্ধী পর্যস্ত ভারতীয় জনগণের নেতৃত্বানীয় মহাপুরুষগণ ভারতসভ্যতার চিরন্তন রূপ এইভাবে পরিক্ষুট করিয়াছেন। ভারতের দেবায়তনেই, "তপোবন মন্দিরকেন্দ্রী" জনপদেই, ভারতের সভ্যতা ও আধ্যাত্মিক পরিণতির চরম আত্মপ্রকাশ। স্কুতরাং "আভিজ্ঞাত্যের গরিমাদীপ্ত সোধমন্দিরশোভিত স্থবিশুন্ত গ্রাম-নগরের" মাধ্যমে সভঃশৃত্মলমুক্ত বর্ত্তমান ভারতবাসীর দেহ, মন ও আত্মার পরিপূর্ণবিকাশে দায়িত্ব গ্রহণ করিতে হইবে স্বাধীন ভারতের নেতৃত্বানীয় প্রত্যেক মানবকে। এতাদৃশ বৃহৎকর্ম কোনও একব্যক্তি অথবা সক্ষবিশেষের ছারা সন্তাব্য নহে। তজ্জ্য আমাদের স্বাধীন রাষ্ট্রের পূর্ণ সাহচর্য্যের আশু প্রয়োজন। "স্বতঃক্ষুর্ত্ত ও প্রাচ্ন্য্-পরিপূরিত গ্রাম, বৃক্ষমেণলা নগর ও জনপদের প্রশান্তিময় পরিবেশে শিল্পসন্তারী আনন্দমাঝার" হইতেই ভারতীয় গ্ন-1872B.

শিল্পসাধনা, পুনরায় বিশ্বদরবারে শ্রেষ্ঠ মর্য্যাদা অর্জ্জন করিবে। প্রাচীন ঐতিহ্যের সহিত আধুনিক বিজ্ঞানের অনুমোদিত পরিকল্পনা ও কর্ম্মপ্রণালীর সমন্বয় করিতে হইবে। অর্থনৈতিক চুর্দ্দশা ও দারিদ্রাকে জয় করিয়া জনগণকে আনন্দলোকে আতৃভাবে মিলিত হইবার জন্ম আহ্বান করিতে হইবে। স্বাধীন ভারতের আবাল-বৃদ্ধবিতা নরনারীসমূহের সন্মিলিত সাধনায় "ভারত আবার জগৎসভায় শ্রেষ্ঠ আসন" লাভ করিবে।

বহু জাতি ও বিবিধ বিচিত্র সংস্কৃতির সমন্বয়ে গঠিত হইয়াছিল মহাভারতীয় সভ্যতা। তাহার পরিপূর্ণ রূপ ধ্যানরসিক রবীন্দ্রনাথ "ভারততীর্থে" পরিস্ফৃট করিয়াছেন। রবীন্দ্রনাথের ধ্যানরপকে বাস্তবজীবনে রূপান্তরিত করিবে ভারত-বাসীরাই। সেই মহান্ প্রেরণায় অমুপ্রাণিত, বিশ্বপ্রেমী, শ্রীশচন্দ্র "বিভেদ-বিরোধ-বিক্ষুত্র" জনসভ্যকে "মহামানবের মিলনতীর্থে" সমবেত করার প্রয়াসী হইয়াছেন। তাহার নীরব প্রার্থনা ভারতভূমির প্রত্যেক নরনারীর প্রাণে সঞ্চারিত ও সক্রিয় হউক;—ইহাই আমার আন্তরিক কামনা।

Jase sarmysorle

এম.এ., ডি.লিট. (প্রারিদ), এফ.এ.এস্.

গ্রন্থকারের নিবেদন

ভারতবর্ষের একটি সর্বান্ধীণ সম্পূর্ণ নিজুল নিরপেক ইতিহাস-প্রকাশের আশুপ্রয়োজন। ব্রিটিশরাষ্ট্রের ভারতশাসনকালে ভারতের ইতিহস্ত অসত্য এবং অর্দ্ধ-সত্য উপাদানমিশ্রণে বিকৃত করা হইয়াছিল। ম্যাকলে প্রমুথ কূটতন্ত্রী ইংরাজ শন্তিতগণের এবং পরবর্তী যুগের মিস মেয়ো প্রভৃতির চক্রান্তের মাধ্যমে, অর্দ্ধ-শত বৎসর পূর্বেও, ভারতবাসীরা অর্দ্ধ-সভ্য ও অমুন্নতরূপে পাশ্চান্ত্যসমাজে পরিচিত ছিলেন।

উহার ফলে, জাতীয় আভিজ্ঞাত্যের মহিমানির্দারণে অসমর্থ বিভ্রান্ত ভারতবাসীর চিত্তে এই ধারণাই বন্ধমূল হইয়াছে যে, ইংরাজ আগমণের পূর্বের এদেশের শিক্ষা, সংস্কৃতি, বিজ্ঞান, শিল্প ও বাণিজ্ঞা প্রভৃতি ছিল নিতান্ত অপরিণত। দেশে সামাজিক ও অর্থ নৈতিক শান্তিশৃত্থলা তুর্লভ ছিল। লোকশিক্ষার নিয়ন্তা ঋষি-মহর্ষিগণ অতিপ্রাকৃত আধ্যাত্মিক ধ্যানধারণায় বিভ্রোর থাকা বশতঃ ভারতে রাষ্ট্রীয়, সামাজিক ও অর্থ নৈতিক বিধিব্যবস্থার তথা ব্যবহারিক জ্ঞানবিজ্ঞানের কল্যাণকর বিকাশ হয় নাই। অধুনাতন শিক্ষিত ভারতসন্তানদের মধ্যে অনেকেই বিবেচনা করেন যে, পাশ্চান্ত্য জীবন্যাত্রার অত্যুদ্ধত আদর্শ সর্বতোভাবে অনুসরণ না করিলে অবনত ভারতের উন্নয়ন অসম্ভব।

সেভাগ্যক্রমে বর্ত্তমান ভারতের রাষ্ট্রপতি মহামাগ্য ভক্টর রাজেন্দ্রপ্রসাদ
মহোদয়ের উত্তোগে স্বদেশের প্রকৃত ও পূর্ণাক্ষ ইতিহাস সন্ধলিত হইতেছে। উহা
প্রকাশিত এবং দেশে বিদেশে প্রচারিত হইলে মোহাবিফ দেশবাসীর দেশাত্মবোধ,
নবচেতনা ও নবশক্তি উদ্দীপিত হইবে এবং প্রাচ্য ও প্রতীচ্য জগতের নরনারীগণ
ভারতের আসল রূপ ও কৌলীগ্রমর্য্যাদা সম্যগ্রভাবে উপলব্ধি করিতে সমর্থ হইবেন।

বিদেশী পণ্ডিতসমাজ-সকলিত ভারতীয় সংস্কৃতিসম্পৃক্ত বিবিধ নিবন্ধে ও প্রবন্ধে ভারতের পূর্ণাক্ত পরিচয় ও প্রকৃত সত্তা প্রকাশিত না হওয়া সন্থেও তাঁহাদেরই প্রণীত কয়েকসংখ্যক বহুমূল্য রচনায় এবং স্বদেশের প্রাচীন গ্রন্থ ও লোকসাহিত্য, ইতিহাস ও

প্রতুত্ত্ব, শিলালেথ ও তাম্রশাসন, শীলমোহর ও মুদ্রা, অর্থশান্ত, শিল্পশান্ত ও বিজ্ঞান-শাস্ত্র ব্যতীত বহিরাগত প্রখ্যাত পর্যাটকগণের নিরপেক্ষ বিবৃতির মধ্যবর্ত্তিতায় ভারত-সভাতার পরিচায়ক বছবিধ তত্ত্ব ও তথা পাওয়া যায়, যদারা পূর্বের ভ্রমপূর্ণ অভিমত-সমূহের খণ্ডন করিয়া মহামানবভার শাশত মহিমাসমূদ্ধ প্রাচীন ভারতখণ্ডের বর্ণাশ্রমী সমাজনীতি, ধর্মরাষ্ট্র, জ্ঞানবিজ্ঞান, সাহিত্যশিল্প এবং অর্দ্ধ-জগৎপ্রসারী স্থপরিচালিত ব্যবসাবাণিজ্যের অতুলনীয় পরিণতি ও সারবতা প্রতিপাদিত হইতে পারে। সেইসকল তত্ততথ্যের উপরেই প্রধানতঃ নির্ভর করিয়া বর্ত্তমান গ্রন্থের সারভাগ সঙ্কলিত হইল। বিনীত প্রবন্ধকারের স্বাধীন কল্পনা এবং অভিমতকে অনাহত রাথিয়া রচনাটি যথাসম্ভব নিভুলি করিবার প্রচেফী করা হইয়াছে। কিন্তু কয়েক বিষয়ে বিভিন্ন পণ্ডিতের বিভিন্ন মতের সামঞ্জব্যসাধনে ঐতিহাসিক, দার্শনিক ও সমাজতান্ত্রিক যাথার্থকে উদ্যাটিত করা সীমাবদ্ধজান-সম্পন্ন দীন লেখকের সাধ্যায়ত হয় নাই। তজ্জ্ঞ্য, আথ্যায়িকার ভিন্ন ভিন্ন প্র্যায়প্রসঙ্গে তাঁহার সাক্ষাৎ পরিচিত বিশিষ্ট বিশিষ্ট পণ্ডিতবর্গের সকাশে রচনার পাণ্ডুলিপির মূলভাগ প্রেরণ করতঃ তিনি তাঁহাদের নিরপেক অভিমত এবং স্চিত্তিত নির্দেশ গ্রহণ কবিয়াছেন অপিচ তুইজনের নির্দেশাসুসারে উহার স্থানে স্থানে কিয়ৎ পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন করিয়াছেন। তথাপি সমস্থাসঙ্কুল জটিল রচনায় ভ্রমক্রটি বিভ্যমান থাকা সম্ভব। গ্রন্থসম্পর্কে সহৃদয় পাঠক-পাঠিকা ও উদার সমালোচকগণের মূল্যবান্ মন্তব্য অথবা সংশোধনের নির্দেশ পাইলে, কৃতজ্ঞচিতে, গ্রন্থের পরবর্তী সংস্করণকে উন্নততর করিবার বাসনা রহিল।

চিত্র ও চিত্রবিবরণীসহ আখ্যানবস্তু একযোগে অধ্যয়ন প্রার্থনীয়। উহাদের
মাধামে জানবিজ্ঞান-এখ্যাদীপ্ত অভীত ভারতের ধর্মময় কর্মজীবনের যাবতীয় অধ্যায়
পাঠক-পাঠিকার মানসপটে চলস্ত ছায়াচিত্রের গতিমস্ত আকারে প্রতিভাত করিবার
প্রয়াস হইয়াছে। জড়বাদা বস্তুতাল্লিকতার কবল হইতে ভূমার আদর্শকে এবং
অধ্যাত্মবাদী মহাজাতির ধর্মজীবনকে মুক্ত, শক্তিমস্ত এবং পুনঃক্রিয়াশীল করণার্থে
গ্রন্থানি সামান্থমাত্রও সহায়তা করিতে পারিলে— প্রশাস্তি-পরিপ্রিত, প্রাচুর্যাময়, নর্ব
নব নগর-পল্লীস্থাপনে সুস্থসবল অধিবাসিগণকে সামামেত্রী মন্তে দীক্ষিত করিয়া গণতল্পী
সমাজজীবনে স্থায়ী সুখসাচ্ছন্দ্য নিয়ন্ত্রিত করিতে পারিলে—আবাল্যতার্থপর্যাটক দীনদরিক্র গ্রন্থকারের সকল শ্রম সার্থক হইবে। অধুনাতন ছাত্রছাত্রীগণের শিক্ষাজীবনে,

তাঁহাদের চিত্ত- ও চরিত্র-গঠনে, গ্রন্থখানি কার্য্যকরী হউক, ইহাও গ্রন্থরচয়িতার অস্তম কামনা।

वर्खमान श्रवक श्रवक्रकारतत वह्रवर्षवाणी व्यधायन, शर्याहेन, हिकाहिश्रनी ও विवत्री প্রভৃতির সংরক্ষণ এবং পঞ্চাশ বৎসরব্যাপী একনিষ্ঠ চিন্তার নিদর্শন। ইহার বিশেষ বিশেষ অংশ ভারতের বিভিন্ন স্থানে বিবিধ শিল্প- ও সংস্কৃতি-সন্মিলনে পঠিত এবং পণ্ডিত-মহলে আলোচিত হইয়াছিল। ভূতপূর্ব্ব রেজিন্ত্রীর স্বর্গীয় ডক্টর স্লেছময় দত্ত মহাশয়ের অমুরোধে, কলিকাতা বিশ্ববিভালয়ের মধ্যবর্ত্তিতায় উহাকে প্রকাশিত করিবার জন্ম, প্রবন্ধের পাণ্ডুলিপি তাঁহাকে প্রদত্ত হয়। অতঃপর তাঁহারই নির্দ্ধেশামুসারে উহাকে পরীকা করাইবার জন্ম দেশবরেণ্য ব্যবহারাজীব ডক্টর অতুলচন্দ্র গুপ্ত মহোদয়ের সমীপে প্রেরিত হয়। রচনাপাঠান্তে শ্রন্ধেয় ডক্টর অতুলচক্ত্র অভিনত প্রকাশ করেন প্রবন্ধকারকে ভারতের স্থাপত্য- ও সংস্কৃতি-প্রসঙ্গে বক্তৃতাদানে কলিকাতা বিশ্ববিভালয়ে আমন্ত্রণ করিতে। তদমুখায়ী বিশ্ববিভালয়ের 'ম্বারভান্তা হলে' উক্ত বক্তৃতার ব্যবস্থা হয়। ধারাবাহিক বক্তৃতার বিবিধ পর্কে অধ্যাপক ডক্টর কালিদাস নাগ, অধ্যাপক ডক্টর জিতেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এবং প্রসিদ্ধ সাংবাদিক ঐতহ্যেক্সপ্রসাদ খোষ সভাপতির আসন অলক্ষত করিয়াছিলেন। তৎপরে বক্তৃতাগুলির সারাংশ অবলম্বনে সঙ্গলিত বর্ত্তমান 'দেবায়তন ও ভারত সভ্যতা' বিশ্ববিছালয় কর্তৃকি প্রকাশিত করিবার সিন্ধান্ত হয়। সকলনের পূর্বের, শ্রন্ধেয় ডক্টর অতুলচন্দ্রের উপদেশাণ্যায়ী, রচনা স্থানে স্থানে লেখক কতু কি পরিবর্দ্ধিত হইয়াছিল।

ভারতের দেবায়তনই ভারতীয় সভ্যতার শ্রেষ্ঠতম অভিব্যক্তির নিদর্শন।
বিশ্বসভ্যতার দরবারে ভারতের পক্ষে একদা উহা শ্রেষ্ঠ মর্য্যাদা অর্জ্জন করিয়াছিল।
বেদান্তের ভিত্তি অবলম্বনে একাদিক্রমে দিসহস্রবর্ষকাল ক্রমবিকশিত হইয়া ভারত
স্থাপত্য অজন্টা ও এলোরা, ভ্বনেশ্বর, আকর ও তাজমহলের স্থি করিয়াছিল। কিন্তু
কূটতন্ত্রী ইংরাজের ভারতাধিকারের পরে বিবিধ কৌশলে উহা অবনতির পথে নীত
হইয়া অবশেষে ধ্বংসের সম্মুগীন হয়। জাতীয় স্থাপত্যের বিনাশে ভারত সভ্যতার
বিনাশ যে অবশাস্তাবী দেশবাসিগণ ইহা বুঝিতে পারেন নাই।

ভারতীয় সংস্কৃতির অমূল্য অবদান সেই জাতীয় স্থাপত্যের রক্ষাকল্পে সর্বব প্রথম আন্দোলন সূচিত হইয়াছিল কলিকাতায় প্রায় চল্লিশ বৎসর পূর্বে। তৎপূর্বের স্থকুমার

কলার অমুরাগী এবং উহার গঠনকার্যাত্রতী শিল্পিগণ দেশীয় শিল্পপ্রসংক্ষ চিত্র ও ভাস্কর্য্যের অসুশীলন ও বিকাশে তৎপর ছিলেন। 'আর্ট স্কুল'গুলি ভাস্কর্যানির্মাণে চিত্রাঙ্কনেই শিক্ষাদান করিত। জাতীয় স্থাপতোর-প্রাচীন মন্দিরের ও মসজিদের বিচ্যুত অঙ্গবিশেষের এবং তৎসম্পর্কীয় আলোকচিত্রের—স্থান নির্দ্ধারিত ছিল সাধারণ শিল্পসংগ্রহশালায়। উহার অনুশীলন হইত প্রস্কুভাত্ত্বিক প্রবন্ধরচনায়। কানিংহাম, ফাগুসন, রাজেন্দ্রলাল, হাভেল, মার্শাল এবং কুমারস্বামী প্রভৃতি স্পণ্ডিতগণ ভারতীয় স্থাপত্যের ঐতিহ্ন, রূপ- ও মহিমা-নির্ণায়ক কয়েকখানি বছমূল্য সচিত্রগ্রন্থ সঙ্কলিত করিয়াছিলেন। কিন্তু বত প্রাচীনকাল হইতেই বংশপরম্পরা প্রচলিত সনাতন স্থাপত্যের পুন:প্রচলনের প্রয়োজন বিষয়ে তাঁহারা কোনও উল্লেখ करतन नारे। नशामिती निर्मााणंत शर्यंत महामि शास्त्र तृथारे एहकी कतिशाहित्तन যাহাতে বিশুদ্ধ ভারতীয় স্থাপতো উহার রূপায়ণ হয়। কিন্তু বিশ্ববিভালয়ের মধ্যবর্ত্তিভায় স্থদেশী স্থাপত্যবিষয়ক স্থসঙ্গত শিক্ষাদানে এবং স্থদেশী স্থাপত্যে গ্রাম-নগরের আবাসগৃহ ও সৌধসদন-নির্মাণে শাশত সংস্কৃতিপ্রসূত মহান্ স্থাপত্যের অমূল্য ঐতিহকে সংরক্ষিত ও বিকশিত করিবার প্রকর্ষ প্রয়োজনীয়তা তাঁহার এবং অহ্য কোনও মনীষার চিত্তপটে রেখাপাত করে নাই। ব্রিটিশ-শাসিত ভারতে ভারত-স্থাপত্যের উচ্ছেদনে ভারতীয় সভ্যতার অস্তরাত্মার বিনাশনের ব্যবস্থা হইয়াছিল। ভূবনেশ্বর, বিজয়নগর ও তাজমহলনিশ্মাতা শিল্পিগণের কৃতি বংশধরদিগকে অদ্ধাহারী অভাবগ্রস্ত রাখিয়া পাশ্চাত্ত্য স্থাপত্যরচনায় অভ্যস্ত স্থপতি- ও শিল্পি-সভ্যকে পোষণ করা হইত। ইংলগু আমেরিকার পরীক্ষোত্তীর্ণ অ-ভারতীয় স্থপতি অথবা পাশ্চান্ত্য স্থপতি-বিভায় বৃৎেপন্ন দেশীয় স্থপতি ভিন্ন ভারতের দেবমন্দিরগঠনেও অন্য কাহারও অধিকার ছিল না। বিংশতি বৎসর পূর্বের নয়াদিল্লীর বর্ত্তমান লক্ষ্মীনারায়ণ মন্দির নির্মাণ-সংক্রান্ত একপ্রস্থ কল্লচিত্র স্থানীয় ম্যানিসিপালিটি প্রথমে মঞ্জুর করেন নাই, যেহেতু উহার পরিকল্লয়িতা গভর্ণনেণ্ট-অমুমোদিত কোনও স্থাপত্য-প্রতিষ্ঠানপ্রদক্ত 'ডিপ্লোমা'র অধিকারী ছিলেন না—যদিও যুরোপ-আমেরিকার শ্রেষ্ঠ স্থপতিরুদ্দ তাঁহাকে প্রতিভা-শালী স্থপতির সমযোগ্য মর্য্যাদা দান করিয়াছিলেন তাঁহার মৌলিক পরিকল্পনাসমূহ পরীক্ষা করিয়া। বির্থান স্বাধীন ভারতেও ব্রিটিশ-প্রবর্ত্তিত উক্ত বিধান বলবৎ রহিয়াছে। পাশ্চান্ত্য কতৃকি ভারতের সাংস্কৃতিক বিজয়ের (caltural conquest)

পরিণাম হইয়াছে হতভাগ্য ভারতের অপরিসীম আত্মবিশৃতি এবং অর্দ্ধাহারী অধিবাসিগণের অসীম তুর্গতি।

এইরূপ অবস্থায় কলিকাভায় উক্ত আন্দোলনের সূচনা হইলে দেশবন্ধু চিত্তরঞ্জন সাগ্রহে উহার সমর্থন করত: তদীয় Forward পত্রিকার মাধ্যমে উহার প্রচারের ব্যবস্থা করেন। একদিন তাঁহার আবাসে তিনি এবং শ্রীমতী বাসন্তী দেবী যখন আন্দোলনের নায়ককে উৎসাহিত করিতেছিলেন তখন শ্রীনির্মালচন্দ্র চন্দ্র, শ্রীতুলসীচরণ গোস্বামী এবং ডক্টর বিধানচন্দ্র রায় সেখানে উপন্থিত ছিলেন। ক্রমশঃ অক্সান্ত দৈনিক ও মাসিক পত্রিকাগুলির আমুকূল্যে বহু উপেক্ষিত পৈত্রিক স্থাপত্যের নব অভ্যুদ্রের আকাঞ্জা প্রবল হইয়া উঠিল। ডক্টর হুনীতিকুমার চট্টোপাধায়, ডক্টর कांलिमांत्र नांग, मिल्लाहां या व्यवनीस्प्रनांथ, क्वीस व्यीसनांथ, एक्टेंब्र नम्मलांल वस व्यवः কলিকাতা নগরীর 'মেয়র' শ্রীফুভাষচন্দ্র বস্থ প্রভৃতি দেশের নেতৃন্থানীয় মহাপুরুষগণ উহার সমর্থন করিলেন। অধ্যাপক স্থনীতিকুমার এবং ডক্টর নাগের আন্তরিক সহযোগিতার ফলে ন্যায়সক্ষত আন্দোলন নববলে বলীয়ান হইল। তথাপি বঙ্গের বাহিরে উহার প্রভাব স্থবিস্তৃত হইল না। অনতিকাল পরে United Press of Indiaর দূরদর্শী কর্ণধার শ্রীবিধুভূষণ সেনগুপ্তের অমিত প্রভাবের মাধ্যমে মহাভারতের রূপধারণ করিয়া উহা সমগ্র ভারতে ও পৃথিবীর হৃদূর প্রান্তে প্রচারিত এবং প্রসারিত হইল—দেশীবিদেশী বহুগুণিজনের সমর্থন লাভ করিল। অতঃপর ডক্টর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় কলিকাতা বিশ্ববিভালয়ের অন্তর্গত একটি ভারতীয় স্থাপত্য বিভালয় প্রভিষ্ঠার সকল্প করিয়া উহার অনুষ্ঠানপত্র পৃথিবীর প্রধান প্রধান সংস্কৃতি-কেন্দ্রে প্রেরণ করার ফলে সহামুভূতি ও শুভেচ্ছাজ্ঞাপক বহুসংখ্যক বারতা আসিয়া তাঁহাকে অভিনন্দিত করিল। সেই প্রসঙ্গে জগৎপ্রসিদ্ধ Greater India Societyর স্থাপয়িতা ডক্টর নাগ এবং ভারতীয় শিল্পের অকৃত্রিম হিতৈষী Mr. Percy Brown প্রতীচ্যের বিশিষ্ট বিশিষ্ট প্রতিষ্ঠানের সহযোগিতা অর্জ্ঞন করিয়াছিলেন।

শ্রীবিধুভূষণ সেনগুপ্তের অনুগ্রাহে ইতিমধ্যে ভারতবর্ষের প্রায় সকল প্রদেশেই জাতীয় স্থাপত্যের স্থায়সঙ্গত অধিকার স্বীকৃত হইল। ত্রিবাঙ্কুরের মহারাজা ও মেবারের মহারাণা বাহাতুর, শ্রী খনশ্যামদাস বিড়লা, শ্রী জে. আর. ডি. টাটা, স্থার কাওয়াসজী জাহাজীর, শ্রী জি. এল. মেটা, ডক্টর এম. আর. জয়াকর, স্থার ডেজ

বাহাত্র সপ্রা, শ্রী শ্রীনিবাস আয়েকার, ডক্টর সি. পি. রামন্বামী আয়ার, স্থার এ. রামন্বামী মুদলিয়র, পণ্ডিত মদন মোহন মালবা, ডক্টর রাজেন্দ্র প্রসাদ, পণ্ডিত জওহরলাল নেহরু, ডক্টর সর্বপল্লা রাধাকৃষ্ণণ, শ্রীমতী সরোজিনা নাইডু, শ্রীমতা বিজয়লক্ষ্মী পণ্ডিত, শ্রীমতা সোফিয়া ওয়াদিয়া, শ্রীমতী হংস মেটা, অধ্যাপক হুমায়ুন ক্বার, অ-বিভক্ত বঙ্গের মুধ্যমন্ত্রী জনাব ফজলুল হক, নিজাম সরকারের এবং জয়পুর রাজ্যের প্রধানমন্ত্রিলয় স্থার আকবর হায়দারি ও স্থার মির্জ্ঞা মহম্মদ ইস্মাইল এবং সিংহলের প্রধানমন্ত্রী স্থার ব্যারন জয়তিলক প্রভৃতি প্রস্তাবিত শিক্ষা প্রতিষ্ঠানের সমর্থন ক্রিলেন।

অবশেষে কলিকাতা বিশ্ববিত্যালয়ের তদানীস্তন উপাচার্য্য ডক্টর প্রমণনাথ বন্দোপাধ্যায় মহোদয়ের উত্তোগে বিরচিত All India School of Indian Architecture and Regional Planning-এর পরিকল্পনা এবং উহার এম.এ. কোস পর্যান্ত পাঠ্যসূচীর অনুমোদন ও সমর্থন করিলেন অ-বিভক্ত বঙ্গীয় সরকারের শিক্ষাবিভাগ ও তৎকালীন ভারতরাষ্ট্রের কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী। তৎপূর্বে পণ্ডিত अध्यक्षाल त्रहक्क, त्राचार महत्त्र ज्लोग महानता श्रीमजी कृष्ण दाविभिः- এর আবাসে অবস্থানকালে, উহাকে পরাক্ষান্তে সম্ভোষ প্রকাশ করিয়া তুই মাস পরে কলিকাতা বিশ্ববিতালভের সমাবর্ত্তন-ভাষণে উহার উল্লেখ করেন। পূর্ব্ত-পঞ্চাবের বর্ত্তমান রাজধানী চণ্ডিগড় বিভাসের পরিকল্লয়িতা প্রখ্যাত স্থপতি কর্ণেল এলবার্ট মায়ারও পরিকল্পনাটি পরীক্ষা করিয়া উহাকে "Superior to anything existing in the West" বলিয়া মন্তব্য লিপিবদ্ধ করেন। ডক্টর বিধানচন্দ্র রাহের উচ্চোগে কলিকাতার 'বিড্লাপার্ক'-এ অনুষ্ঠিত একটি সভায় দেশের ধনিক এবং শিল্পণভিগণও উহার সমর্থন করেন। বর্ত্তমান লেথক ব্যতাত কয়েকজন যুরোপীয়ন স্থপতিও সেই আলোচনা সভায় উপ হিত ছিলেন। প্রতীচ্যের বিবিধ বিজ্ঞানশান্তের শ্রেষ্ঠ অবদানসমূহের সমন্বয়ে প্রস্তাবিত স্থাপত্য শিক্ষায়তনের পাঠ্যসূচী সঙ্কলিত হইয়াছিল। উহার অন্তর্ভুক্ত সাধারণ স্থাপত্যশিল্প- ও সংস্কৃতি-পর্যায়ে ভারতীয় বিষয়েই শতকরা ৬৬ নম্বর নির্দ্দিষ্ট হইয়াছিল। বস্তুতঃ ভারতীয় শিল্পসংস্কৃতিরই সুসন্ত বিকাশে পরিকল্পয়িতাগণের চরম লক্ষ্য ছিল ৷ ইংরাজের ভারতবর্ষ পরিভাগের প্রাক্তালেই কলিকাভায় উক্ত শিক্ষায়তন-প্রতিষ্ঠার সিদ্ধান্ত হইয়াছিল। অতঃপর পশ্চিমবঞ্চের মাননীয় মুখ্যমন্ত্রী ভক্তর বিধানচক্ত্র

রার জাতীর স্থাপত্যের অকট্য দাবীকে প্রবলভাবে সমর্থন করতঃ লেখক-প্রাণীত Architect and Architecture-প্রস্থে তৎলিখিত ভূমিকার মাধামে তিবিয়ে বর্তমান কেন্দ্রীয় গভর্ণমেণ্টের দৃষ্টি আকর্ষণ করিলেন। দেশীর স্থাপত্যের সংরক্ষণ-বিষয়ে সহযোগিতা করিতে তিনি ডক্টর এম. এ. আনসারি, ডক্টর রাজেন্দ্র প্রসাদ, পণ্ডিত জওছরলাল নেহক ও সর্দার বল্লভাই প্যাটেলকে অসুরোধ করিয়াছিলেন।

এই প্রসঙ্গে ভারতীয় সংস্কৃতির পরমহিতৈবী প্রীঅর্জন প্রসাদ ভালমিয়া এবং প্রীনরেক্স সিংহ সিংঘীর অবদান বিশেষভাবে উল্লেখযোগ্য। প্রীডালমিয়া এক দিকে বেরূপ বিরাট Indian Chamber of Commerce (India Exchange) ভবন, পর্ববভপ্রমাণ শিক্ষানিকেতন Indian Institute of Technology (Hijli) এবং বছবিধ সৌধসদন নির্দ্মাণ করিয়াছেন, অন্ত দিকে তক্রপ নব্যভারতীয় স্থাপত্যশৈলীসমূদ্ধ দেবায়তন, স্মৃতিমন্দির, বিভায়তন প্রভৃতি গঠনে তাঁহার অসাধারণ সংগঠনী শক্তি ও কর্ম্মণটুতা প্রকৃতিত হইয়াছে। মন্দির প্রভৃতি নির্মাণে তিনি ছাত্রদের কারিগরী শিক্ষাদান করিয়াছেন। মাসিক বৃত্তিপ্রদানে তিনি ছাত্রদের উৎসাহিত করিয়াছেন। ভৎগঠিত দেবায়তনের অন্থপ্রেরণায় এবং তদীয় পোষকভাপুই কৃতী ছাত্রগণের পরিচালনায় দিল্লী হইতে কুমিল্লা পর্যান্ত বহু মন্দির, স্মৃতিসদন ও বাসভ্যবন নির্দ্মিত হইয়াছে। নিজব্যয়ে প্রাচীন দেবালয়ের পূর্ণসংস্কার-সাধনেও তিনি ছাত্রদের শিক্ষার স্থযোগ দিয়াছেন।

শ্রীনরেন্দ্র সিংছ সিংঘী মহাশয় তাঁহার ফর্গীয় পিতৃদেব বাহাত্বর সিংছ সিংঘীর শিল্পাস্রাগের ত্মরণে তদায় 'সিংঘী পার্ক' নিকেতনে দেশীয় ত্মপিতাশিক্ষার্থীদের অবৈতনিক শিক্ষাসহ মাদিক বৃত্তিদান করিয়াছেন। ছয় বৎসর পূর্বের সিংঘী পার্ক-এ, তাঁহারই আমুকুলো, কেন্দ্রীয় গভর্গমেন্টের তৎকালীন শিল্পমন্ত্রী মাননীয় ডক্টর ত্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের সভাপতিছে অমুষ্ঠিত ভারতীয় ত্মপত্যশিল্পসমূদ্ধ আদর্শ-গ্রাম-ও আদর্শনগর-সংক্রান্ত একটি কল্পচিত্র প্রদর্শনী পর্যবেক্ষণ করিয়া মাননীয় মন্ত্রী শ্রামন্ত প্রসাদ কৈন প্রমুখ ভারতীয় এবং অ-ভারতীয় প্রখ্যাত বৈজ্ঞানিক, শিক্ষাবিদ্ ও ত্মপত্তিগণ ভ্রমী প্রশংসা করিয়াছিলেন। তৎপরে বিহার ইঞ্জিনীয়ারিং কলেক্ষের রক্ষতক্ষরী উৎসব উপলক্ষে উক্ত প্রদর্শনী বাঁকিপুরে অমুষ্ঠিত ও প্রশংসিত হইয়াছিল। খ্যাতনামা কংগ্রেস সেক্রেটারী শ্রীবিক্ষয় সিংহ নাহার মহাশয় বছবিধভাবে ভারতীয় ত্ম-1878B.

স্থাপত্যের ব্যাপক প্রচারে আন্তরিক সহযোগিতাদানে তদীয় প্রাতঃম্মরণীয় পিতৃদেব ফুর্নীয় পূরণ চাঁদ নাহারের পদাঙ্ক অমুসরণ করিয়াছেন।

উড়িয়াভুক্ত সরাইকেলা রাজ্যের প্রাক্তন নরপতি, স্বয়ংসিদ্ধ দার্শনিকশিল্পী, শ্রীল আদিত্য প্রতাপ সিংহ দেও বাহাত্বর ভূতপূর্ব Eastern States Union-এর সর্বজন-নির্বাচিত সভাপতিরূপে, সম্বলপুরের প্রভান্তে, Union রাষ্ট্রের যে নূতন রাজ্যানী নির্মাণের ব্যবহা করিয়াছিলেন উহা বিশুদ্ধ ভারতীয় স্থাপত্যশিল্পে অলক্কত হইত। স্বীয় রাজ্যের হস্তান্তরের প্রাক্ষালে রাজ্যানী সরাইকেলায় তাঁহার বিপুল ত্রিতল প্রাসাদ নির্মিত হইতেছিল নববিকশিত কোণার্ক-স্থাপত্যে। তদীয় উল্ভোগে উৎকলথণ্ডে একটি Aditya Pratap Academy of Indian Architecture প্রতিষ্ঠার পাকা ব্যবহা এবং তৎসম্পর্কীয় প্রাথমিক কার্য্য আরম্ভিত হইয়াছিল। তাঁহার মেধাবী পুত্র, পাটনার মহারাজা শ্রুর রাজেন্দ্র নারায়ণ সিংহ দেও, কে.সি.আই.ই. বাহাত্রর, Union-এর প্রধান কর্মসচীবরূপে, ভারতীয় স্থাপত্যের পৃষ্টিকল্পে, প্রভূত আয়োজন ক্রিতেছিলেন। তুর্ভাগ্যক্রমে পূর্বভারতের নরপতিগণের কামনা সফল হইল না।

বর্ত্তমান গ্রন্থরচনাপ্রসঙ্গে গ্রন্থকার যে সকল মনীধীর সহামুভূতি ও সহযোগিতা লাভ করিয়াছেন তাঁহাদের প্রত্যেকের নিকট তিনি কৃতজ্ঞ। মাত্র ক্ষেকজনের নাম উল্লিখিত হইল। কলিকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি মাননীয় শ্রীযুক্ত রমাপ্রসাদ মুখোপাধ্যায়, কলিকাতা বিশ্ববিভালয়ের ভূতপূর্বব উপাচার্য্য ডক্টর প্রমধনাথ বন্দ্যোপাধ্যায়, বিভাবাচম্পতি, কলিকাতা মহানগরীর বর্ত্তমান 'মেয়র' এবং কলিকাতা বিশ্ববিভালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক শ্রীসতীশচক্র ঘোষ, পশ্চিমবক্ষের বিধান পরিষদের সভাপতি ডক্টর স্থনীতিকুমার চট্টোপাধ্যায়, ভারতীয় পরিকল্পনা পরিষদের শিক্ষাসদক্ষ, প্রখ্যাত বিজ্ঞানাচার্য্য ডক্টর জ্ঞানচক্র ঘোষ এবং কলিকাতা বিশ্ববিভালয়ের খ্যাতনামা রেজিপ্রার ডক্টর জ্ঞাহরণ চক্রবর্ত্তী গ্রন্থরচিয়তাকে বিবিধপ্রকারে অকুষ্ঠিতভাবে সাহায্য করিয়াছেন। মহামতি বিচারপতি মহোদয়ের এবং প্রভাবশালী পৌরপ্রধান শ্রীসতীশচক্র ঘোষ মহাশয়ের মহামুক্তবতা ব্যতীত বর্ত্তমান গ্রন্থ হয়ত প্রকাশিত হইত না। বিশ্ববিভালয়ের বর্ত্তমান অর্থস্বক্টর পরিশ্বিতি সন্ত্বেও জাতায় শিল্প-সংস্কৃতির পরম অমুরাগী শ্রন্ধেয় কেয়েয়াছেন।

পাণুলিপি পাঠাত্তে ঘাঁহারা প্রস্থরচয়িতাকে উৎসাহ দান করিয়াছেন পণ্ডিতপ্রবর ডক্টর সাতকড়ি মুখোপাধ্যায়, কলিকাতা বিশ্ববিভালয়ের বর্তুমান উপাচার্য্য বিশ্ববিভাত শ্রীনির্মালকুমার সিদ্ধান্ত, অধ্যাপক বটুকনাথ ভট্টাচার্য্য, বিভারত্ব, প্রবীনতম সাংবাদিক স্থপণ্ডিত প্রহিমেন্দ্রপ্রসাদ ঘোষ, বলীয় সাহিত্য পরিষদের ভূতপূর্ব্ব সভাপতি শ্রীসজনী-কান্ত দাস, কলিকাতা বিশ্ববিভালয়ের স্নাতকোত্তর বিভাগের কর্ম্মনির্ব্বাহক মণ্ডলীয় প্রাক্তন সভাপতি ডক্টর শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়, এম.এল.এ., ভক্তিভূষণ শ্রীপূর্ণচন্দ্র সাহা এবং অধ্যাপক শ্রীহীরেন মুখার্জ্জী, এম.পি. মহাশয় তাঁহাদের অন্তর্ভুক্ত। বিবিধ শ্রমশিল্প-প্রতিষ্ঠানের কর্নধার পেঠ মদন লাল ডালমিয়া বহুমূল্য নির্দ্দেশ এবং কার্য্যকরী সহযোগিতাদানে লেখককে প্রভূত সাহায্য করিয়াছেন।

প্রবন্ধের বিশেষ বিশেষ অংশ বিশিক্ট পণ্ডিতগণ সমর্থন করিয়াছেন। প্রবন্ধকারের মন্তব্য ইভিহাসপর্য্যায়ে অধ্যাপক ডক্টর কালিদাস নাগ এবং অধ্যাপক ডক্টর নাখনলাল রায়চৌধুরী, শাস্ত্রী, দর্শনপর্য্যায়ে স্বর্গীয় হরিদাস ভট্টাচার্য্য, দর্শনসাগর এবং বৈশালী পালি ইনপ্রিটিউটের অধ্যাপক ডক্টর নথমল টাটিয়া, পূর্ক্ত ও নগর-নির্ম্মাণ-পর্যায়ে পূর্ক্তবিশারদ শ্রীঅর্জ্জন প্রসাদ ভালমিয়া, স্থকুমারশিল্প-বিষয়ে অধ্যাপক ডক্টর জিভেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এবং বিজ্ঞানসংশ্লিফ্ট আখ্যানভাগে ডক্টর জ্ঞানচক্র ঘোষ ও ডক্টর দৃঃধহরণ চক্রবর্ত্তী মহাশয়ের অমুমোদনলাভ করিয়াছে। ধর্ম্ম ও সংস্কৃতি-সংক্রান্ত অংশগুলি কলিকাতা বিশ্ববিত্যালয়ের 'আশুতোষ' অধ্যাপক ও 'ইরান সোসাইটি'র স্থাপয়িতা ও প্রধান কর্ম্মচিব ডক্টর মহম্মদ ইসাক সমর্থন করিয়াছেন। রচনার ভাষা মনোনীত করিয়াছেন কলিকাতা সংস্কৃত কলেজের গবেষণাধ্যক্ষ ডক্টর স্থশীলকুমার দে এবং কলিকাতা বিশ্ববিত্যালয়ের 'ধ্যরা' অধ্যাপক ডক্টর স্থকুমার সেন। প্রবন্ধে প্রকাশিত মানচিত্রগুলি কলিকাতা বিশ্ববিত্যালয়ের ভূগোলভত্ত্বের অধ্যাপক ডক্টর প্রকাশিত মানচিত্রগুলি কলিকাতা বিশ্ববিত্যালয়ের ভূগোলভত্ত্বের অধ্যাপক ডক্টর প্রকাশিত অধ্য কি চট্টোপাধ্যায়ের অমুমোদন লাভ করিয়াছে।

লেখকের নির্দ্দেশামুসারে এবং তদক্ষিত অপরিণত কল্পচিত্রাবলম্বনে তদীয় স্লেহভাঙ্কন ছাত্র ও সহকারী শ্রীপাঁচুগোপাল বন্দ্যোপাধ্যায় বৈদিক মহাগ্রাম এবং আদর্শ পল্লীনগরের পরিপ্রেক্ষিত চিত্রসমূহ, বিবিধ সোধতবন ও শিক্ষায়তনের চিত্রগুলি ভিন্ন প্রচ্ছদপ্ট অঙ্কিত করিয়াছেন। বিশ্ববিভালয় প্রেসের স্থাগ্য কর্মচারিগণ এবং উচ্চলিকিত স্থারিণ্টেণ্ডের শ্রীলিবেক্সনাথ কাঞ্চিলাল, বি.এস-সি., 'ডিপ্লোমা-ইন-প্রিটিং (ম্যাঞ্চের)' মহালয় পুস্তক প্রকাশে প্রভূত পরিপ্রম করিয়াছেন। বিচক্ষণ সহকারী স্থারিণ্টেণ্ডেন্ট শ্রী কে. কে. ঘোষ, এম.এ., এফ.আর.ইকন্-এস. (লগুন), সংস্কৃত, বাংলা, হিন্দী ও ইংরাজী সাহিত্যে স্থাণ্ডিত প্রধান মুক্রণীপত্র-সংশোধক শ্রীআশুতোষ ভট্টাচার্য্য, বি.এ., কাব্যতার্থ, অভিজ্ঞ সহকারী মুক্রণীপত্র-সংশোধক শ্রীবিনয়কৃষ্ণ ভট্টাচার্য্য মহালয় এবং 'ওভারসিয়র' শ্রীধীরেক্সকুমার গুহ, বি.এ. মহালয়ও গ্রন্থকাশে বহু সাহায্য করিয়া গ্রন্থকারকে কৃতজ্ঞভাপাশে বন্ধ করিয়াছেন। Messrs. King Halftone Co. স্থলভ মূল্যে, অল্পসময়ের মধ্যে গ্রন্থচিত্রায়ণে ব্যবহৃত 'রক'গুলির অধিকাংশ প্রস্তুত করিয়াছেন।

লেখকের স্বেহভাজন অমুক্ত শ্রীসুশীলচক্ত্র চট্টোপাধ্যার এবং কলিকাভা বিশ্ববিভালর গ্রন্থাগারের সহকারী-অধ্যক্ষ শ্রীস্থবোধকুমার মুখোপাধ্যার, এম.এ., এল-এল.বি., যতুসহকারে রচনার পাণ্ডুলিপি ও 'প্রফ' পরীক্ষা করিয়াছেন। করেক বৎসর যাবৎ তাঁহারা যথাক্রমে পূর্বভারত, উত্তরভারত, দক্ষিণভারত ও হিমালয় এবং উত্তরভারত, রাজস্থান, সোরাষ্ট্রপ্রদেশ, দক্ষিণভারত, সিংহল ও রুরোপ পর্যাইন করিয়াছেন। তাঁহাদের প্রভাক্ষ অভিজ্ঞতা 'প্রফ' পরীক্ষায় কার্য্যকরী হইয়াছে। উক্ত গ্রন্থগারের অধ্যক্ষ শ্রীপ্রমীলচন্দ্র বস্থ মহাশয় অমুগ্রহ করিয়া লেখককে বিবিধ স্থ্যাপ্য গ্রন্থ অধ্যয়ন করিবার স্থবোগ দিয়াছেন।

বর্তমান গ্রন্থের অন্তর্ভুক্ত কয়েকথানি চিত্র কয়েকটি বহুমূল্য সচিত্র পুস্তক হইতে পুনুমুজিত হইয়াছে; যথা—Sir John Marshall-প্রণীত Mohenjodaro and the Indus Civilization, Ernest Mackay-প্রণীত Indus Valley Civilization, Dr. A. K. Coomarswamy-প্রণীত History of Indian and Indonesian Art, Percy Brown-প্রণীত Indian Architecture এবং Benjamin Rolland-সঙ্কলিত Art and Architecture in India. Dr. B. M. Barua-প্রণীত Gaya and Buddhagaya ও Bharhut, Book III এবং Dr. Jitendranath Banerjee-সঙ্কলিত বহুমূল্য সচিত্রগ্রন্থ Development of Hindu Iconography হুইতেও লেখক সাহায্য লইয়াছেন। তহুজ্বা লেখক উক্ত গ্রন্থ্যুলির প্রণেতা এবং প্রকাশকগণের নিক্ট ঋণ স্বীকার করিতেছেন। কয়েক সংখ্যক চিত্রের কয় গ্রন্থকার ভারতীয় প্রত্নবিভাগের নিকট ঋণী রহিলেন। কলিকাভা বিশ্ববিভাগের পাঠাগারের প্রাচীর চিত্রগুলি প্রসিদ্ধ চিত্রশিরী শ্রীধীরেক্সকৃষ্ণ দেববর্ম্মার প্রতিভাগ্রসূত।

ভারতরাষ্ট্রের অধিনায়ক মহামহিন ডক্টর রাজেন্দ্র প্রসাদ বর্তমান গ্রন্থখানি ভদীর পবিত্র নামে উৎসসাঁকৃত করার অনুমতিদানে লেখককে উৎসাহিত করিরাছেন। তব্দ্ধ্য লেখক কৃতজ্ঞ রহিলেন। দেশ স্বাধীন হইবার পূর্বের দীন গ্রন্থকার বছবিবত্বে বহুভাবে তাঁহার অকুষ্ঠিত সাহায্য ও উদার সহযোগিতা পাইরা ধল্ম হইরাছিলেন। পরম শ্রেক্সে উপাচার্য্য শ্রীনির্ম্মার সিদ্ধান্ত, ৬ক্টর জ্ঞানচন্দ্র ঘোষ, ডক্টর অতুলচন্দ্র গুপুর এবং ডক্টর কালিদাস নাগ মহাশয় তাঁহাদের বহুমূল্য বির্তিদানে প্রবন্ধনারকে কৃতজ্ঞতাপাশে বন্ধ করিয়াছেন।

৪৯, মলকা লেন, কলিকাতা-১২ শ্রী-প্রামান্ত্র-১ংক্রাসানী। মৃ



বিষয়-সূচী

					₹
শাদি-প্রভর-বৃগ, নবা-প্রভর-বৃগ ও ধাতৃ-বৃগের ছ	ভারতবর্ব	•••	•••	•••	>
আর্য-পূর্ব দ্রাবিড়-সিদ্ধু সংস্কৃতি; প্রার্গৈতিহাসি	क मिवमिवी	ও দেবায়ত	4	•••	•
ভারতে আর্থ্য-আগমন ও আর্থ্য-সংস্কৃতির বিকাশ	1	•••	•••	•••	>
আর্ব্য-ব্রান্ধণ-স্থাপত্য ; চৈত্য-মন্দিরের ক্রমবিকা	4	•••	•••	•••	>>
হিন্দুধর্মের উৎপত্তি	•••	•••	•••	•••	>8
বৈদিক-ত্রাহ্মণ ও অনার্য্য-সংস্কৃতির মিশ্রণের উপ	র হিন্দুর সম	।। ज, मन्तित	ও পূজাহুটা	নর	
ভিত্তি; মূর্ত্তিপূজার প্রথম পর্ব্যার	•••	•••	•••	•••	>6
প্রাচীন ভারতে হাপত্যশিল	•••	•••	•••	•••	₹8
ভারতীয় ধর্মে, স্থাপত্যে ও ভান্ধর্যে প্রকৃতির প্রে	রণা	•••	•••	•••	29
গুপ্ত দেবারতন ও ভারত সভ্যতার নব জাগরণ;	বিধৰ্মীর ক	वल प्रकार	তৰ	•••	9)
শুগ-ত্রাবিড় মন্দির-স্থাপত্য	•••	•••	•••	•••	82
সৌরমগুলস্রষ্টা স্থ্যনারারণ, স্ক্রনশীল নটরাজ ও	দেবায়তনে	র রহন্ত	***	•••	63
শিক্ষায়তন ও ধর্মজীবন · · ·	•••	•••	•••	•••	€8
ভারতীয় দর্শন, বিজ্ঞান ও শিরের মাঙ্গলিক গ	वयनानः व	হিৰ্ভারতে ভ	ারতীয় সংস্ক	তির	
প্রসার	•••	****	•••	•••	()
বলীয় সংস্কৃতি ও ভাহার বৈশিষ্ট্য	•••	•••	•••	•••	1•
আন্তর্জাতিক ধর্মপ্রবর্তনে বঙ্গের অবদান ; বৈঞ্চ	वर्णात्वत्र नव	বিকাশ ;	চণ্ডাতৱের ব	ত্তব	96
ভারত সভ্যতার জনক গোরীশঙ্করশীর্ব-হিমালয়	•••	•••	•••	•••	61
ीकृष्णोग -त्रह्य	•••	•••	•••	•••	>>
রাজ্যপাননের আদর্শ; ভারতীয় সংস্কৃতির উদার	ভা	•••		•••	>•6
প্রাচীন ভারতে বিজ্ঞানের পত্নশীলন	•••	•••	•••	•••	५ २२
বস্তুতান্ত্রিকতার কবলে বর্ত্তমান ভারত	•••	•••	•••	•••	>20
প্রাচ্য ও পাশ্চান্ত্য দর্শনের মূলগত ঐক্য	•••	•••	•••	•••	ऽ ०२
উদীরমান নব্যভারতের ভবিশ্বতন্ত্র	•••	•••	•••	•••	>01
চিত্রবিবরণী (১-১৩১ চিত্র) · · ·	•••	•••	•••	•••	>81

विवा				পৃষ্ঠা
ভবিষ্যৎ ভারতের উরত গ্রাম, নগর ও নব্য স্থাপত্য	•••	•••	•••	434
क्रिविषद्वनी (১৪∙-১৫२ क्रिव)	•••	•••	•••	3.58
ভারতত্বাপত্যের নববিকাশে প্রতিরোধমূলক পরিস্থিতি	•••	•••	•••	sin
क्विविवद्वे (२६७-२६३ किंक)	•••	•••	•••	220

চিত্রস্চী

डिव्यगः शा	डिज् कन्			
>	•			প্রাচীৰ ভারতের মাৰচিত্র
2				পশ্চিম ও মধা এশিরার মানচিত্র
9				রুহন্তর ভারতের মানচিত্র
8				ভারত রাষ্ট্রপতি মহামাগ্র ডক্টর রাজেক্র প্রসাদ
•	>	۵	চিত্ৰ	নব্য-প্রস্তরবুগের কুঠারফলক
•		2	27	মোহেন্-জো-দড়ো (বিস্তাস-চিত্রাংশ)
•	ર	•	19	বহু প্রাচীন সিদ্ধ উপত্যকাবাসীর পদ্মীজীবন
V	9	8	27	বাসগৃহ, মোহেন্-জো-দড়ো
>	8	•	5 7	শীলমোহর, ঐ
> •	•	•	23	মাভূকা, ঐ
>>	•	•	99	সম্ভৱণৰাপী, ঐ
>2	· ·	۲	37	পরঃপ্রশালী, ঐ
20	4	>	20	মৃৎশির, ঐ
28	•	٥.	a)	মূৰ্ত্তি ও কবচ, ঐ
>6	>	>>	"	অলম্বার, ঐ
>0	> •	>5	33	বৈদিক বজ্ঞবেদী (খেনচিতি)
>9	>>	20	99	বৈদিক গ্রাম
22	>5	78	93	বৈদিক ব্ৰাহ্মণাবাস
73	>9	>6	33	সাঁচিফলকে গ্রামীয় হাপত্য
૨ •	>8	20	22	यको, वांक्षा
23	>4	59	*	বৈদিক আশ্রম
२२		12	99	গাঁচিফশকে রাজগৃহ
२७	30	75	•9	মনসা, উত্তর্গ স
₹8		₹•		অশোক শুন্ত, গাঁচি
₹€	>1	3	29	क्यामक्तका देवर्यक, ब्राक्ष्य्व
₹•		२२	27	দক্ষিণ ভোরণের অবশেষ, রাজগৃহ
6-187	2B,			


চিত্ৰসংখ্যা	চিত্ৰক্লক			
২৭	22	२७	চিত্ৰ	মনিয়ার মঠ, রাজগৃহ
24		28	23	সোণার ভাণ্ডার খহা, রাজগৃহ
२३	23	₹€	3)	উদ্গত ভার্য্য, রাজগৃহ
•	₹•	२७	97	গাঁচিন্তৃপ
٥)	२১	ર ૧	. 99	বুদ্ধগয়া মন্দিরের অহকুতি
૭૨	۶ ۶	34	,,,	হুবিফনিমিত হামিকানীর্ব মন্দির, বুছগয়া
೨೨		23	39	পুনৰিন্মিত বৃদ্ধগন্না মন্দির
98	20		25	তেলিকা মন্দির, গোয়ালিয়র
७€	₹8	95	59	বেগুনিয়া মন্দির, বীরভূম
৩৬		૭ર	22	মদনমোহন মন্দির, বিষ্ণুর
೨१	₹.	೨೨	99	কান্ত মন্দির, দিনাজপুর
৩৮	26	98	3)	বৃন্দাবনচন্দ্র মন্দির, গুপ্তিপাড়া
دی		७ €	93	ব্যাধরমণী, মহীশুর
8•	२१	હહ		মহাশোগী, হড়ঞ্চা
8 >		৩৭		গজনন্দ্রী, ভকং
8 ર	२४	৩৮	99	বিষ্ণুম ন্দি র, দেবগড়
e 8	२ २	૯૦		নৃত্যোৎসব, অজন্টা
88	•	8 •	17	खानामकोरन, जे
8 ¢	۷5	8 >	99	প্রাচীর চিত্র, কৈলবারা
86	૭૨	88	29	প্রাচীর চিত্র, রতনগড়
89	೨೨	80	20	যন্ত্রী, দিদারগঞ্জ
84	98	88	29	বুদ্ধ, সারনাধ
8 >	9¢	84	29	শিক্ষরাজ মন্দির, ভূবনেশ্বর
•	৩৬	8 🖦	33	কন্দর্য্য মন্দির, খাজুরাছো
e>	৩৭	89	22	উদয়েশ্বর মন্দির, গোয়াশিরর
æ		82	39	কারুকার্য্য (উদরেশ্বর)
60	৩৮	€8	,,,	বৃহদীশার মন্দির, তাঞ্জোর
€8	৩৯	•	99	বিরপাক মন্দির, পট্টদ্ভাল
ee	8 •	€ >	10	হয়শালেশ্ব মন্দির, মহীশ্র

চিত্ৰসংখ্যা	চিত্ৰক্লক		
60	82	६२ हिञ	রাধাক্কক ও ভবানী মন্দির, নেপাল
æ9	82	to "	শঙ্করাচার্ব্য মন্দির, শ্রীনগর
e b		¢8 "	চতুৰ্ছ মন্দির, ওর্চ্ছা
63	8.9	ee "	স্থ্যমন্দির, কোণার্ক
••		(b "	र्श्यमित्र, मूर्यदा
45	8 8	6 9 "	রথমন্দির, মহাবলীপুর
७२	8 €	er "	১৯নং গুহা চৈ তা, অঙ্গ টা
60	8%	63	কৈলাস মন্দির, বিস্থাসচিত্র, এলোরা
98		424	देकनाम मन्दित्र, এলোরা
44	89	% • "	ইন্দ্ৰসভা জৈনগুহা, ঐ
66		*> "	विर्ठतवारी मन्मित्त्रत व्यक्तिम, विकत्रनगत
41	82	%٤ "	পোলোরারয়া মন্দির, সিংহল
9F	68	৬৩ "	ত্রিচিহ্ণপল্লীর একাংশ
60		48 "	তকণশিল, মহীশ্র
9.	¢ >	6 0 ,,	স্চীশিল্প, কাশ্মীর
95	& ₹	66 "	স্কুমার শিল্প, পশ্চিমবঙ্গ
92	69	৬৭ "	দারুমর শিল্প, ত্রিপুরা
90	€8	9b "	সরস্বতী, পশ্চিমবঙ্গ
18	C C	৬৯ "	পশুপতিনাথ মন্দির, নেপাল
74	c &	9 • "	শান্তিনাথ মন্দির, যশসীর
96	« 9	۹۵ "	সরস্বতী, বিকানীর
9 9		12 "	আহ্বভাট সীমানাবিভাস
96	64	৭২ক "	আহ্বরভাট মন্দিরবিস্তাস
93	63	१२थं "	বিষ্ণুস্থ্য মন্দির, আঙ্করভাট
70	% •	۹٥ "	প্রথম চত্তরবেষ্টনীর ছেদিতাংশ, আছরভাট
63	63	৭৩ক "	সমুক্তমন্থন,{আন্তরভাট
P3	\$ 5	98 "	বিষ্ণুনটরাজ, পশ্চিমবঙ্গ
७७	60	9€ "	ত্ৰি মূৰ্ত্তি, এণিফাণ্টা
▶8	% 8	98 "	ञ्चलदत्रचंद्र ७ मीनाकी मन्त्रित, माछ्त्रा

२।•			দেবায়তন ও ভারত সভ্যতা
চিত্ৰসংখ্যা	চিত্ৰকলক		
be	S C	৭৭ চিত্ৰ	স্পরেশর মন্দিরের অলিন্দ, মাছরা
80	**	96 ,	নটরাজ, তাঁওবন্ত্য, তাজোর
49	49	۹۵ "	প্রধান ভূপ্যন্দির, নাশনা
66	46	ъ• "	'निर्वापन-कृश', ঐ
b >	42	۳ ۲۹	দীপঙ্করের তিব্বতাভিয়ান
> 0	9 •	۲₹ "	প্রসাধনাত্তে यको, পম্পেই
८६	95	PO "	সহস্ৰবৃদ্ধগুহা চিত্ৰ, পশ্চিম চীন
> 2	92	b8 "	সোমপুর বিহার-মন্দিরের ধ্বংসাবশেব, পাহাড়পুর
20		be "	আনন্দমন্দির, পাগান
23	99	b. "	আদিনা মসজিদ, গৌড়
> ¢	98	۵۹ "	সিংহপুর, চন্দা
>6		bb "	চাণ্ডিকলসন, যবৰীপ
79	14	۳ دم	বরবুত্র মন্দির, ঐ
24		>• "	চাণ্ডিলোরো জোঙ্গ্রাঙ্ মন্দির, যবৰীপ
≥≈	16	» <<	त्राभायगंठिज, राणियथ, यवचील
> •		" क ८ ६	রাবণ-জ্টায়ুর যুদ্ধ, ঐ
> > >	17	>₹ "	গণপতি, মধ্য আমেরিকা
> • <	96	> 0 "	मर्ठ,
3.0	9>	≽8 "	শিববৃদ্ধ, পশ্চিমবঙ্গ
2 • 8		>t "	বিজয়সিংহের সিংহ্শ্যাতা
>•€	b •	35 "	গুপ্ত ও শশাক্ষ্তা
> 0	67	29 "	গোপালদেবের রাজ্যাভিষেক
>-4		» √ ×	শ্রীচৈতন্ত ও প্রতাপক্ষর
3 · b	৮२	» «c	রাধাক্তফ, পাহাড় পুর
> > >		۰۰ "	হেবজ্ঞ, উত্তর্গক
>>-	20	> > "	গঙ্গা, ঐ
>>>	F8	۵• ۹ "	এ রামকৃষ্ণদেব
>>>	be .	»	হন্তিদন্তে খোদিত শ্ৰীহুৰ্গা, মধ্যবন্ধ
110	7.0	> 8 "	গৌরীশন্ধর

চিত্ৰসংখ্যা	চিত্ৰকলক	•	
>>8	41	> ६ हिन्	লেখননিরতা, ভূবদেখন
>>6	44	>•• "	সংখাধিলাভ
>>6	64	۱۰۹ "	अनकानूत्री, श्यानग
224		7 · p. "	ক্তপ্ৰয়াগ, ঐ
722	» •	, 6.6	বিষ্ণুপ্রয়াগ, ঐ
773		55 · " '	रमोबीक्ख, वी
>5.	5)	>>> "	ত্রিবুগীনারায়ণ মন্দির, হিমালস
>57		>>> "	হরগোরীনৃত্য
ऽ२२	25))o "	গৌরী, উত্তরভারত
250	30	>>8 "	কেদারনাথ মন্দির, ছিমালয়
258	>8	>>¢ "	অলকাননাবভরণ, হিমালর
256	36	>>% "	औरकनाम, थे
> 2%	46	>>1 "	গোপেশ্বর মন্দির, হিমালয়
>29) ነ ነ৮ "	ষোশীমঠ, হিমালয়
754	21	" פננ	वनतीनाथ मन्तित, हिमानव
259		۶ ૨ ۰ "	वनतीनां श्रीमात्त्रत जिःश्वात, विवानक
>3.	94	>55	बीवां न नीना, निरुपत् य
202	22	>>> "	পার্থসার্থি
>>>	>••	250 °	অশেকের রাজসভা
700	>.>	ን ጻ8 "	শীরামচ ন্দ্রসমীপে ওহক
>08	۶•٤	>5¢ "	যমপট, পশ্চিমৰজ
206	>.0	>50 "	গাজীপট, जामाग
200	7.8	5 29 "	उषा, १९७६ मचन
209	>•¢	78 m	. डाज्यर्ग
, > २৮	2010) est	মহারাণা প্রাসাদ, উদবপুদ
20 3	>•9)o• "	भाषवाच् वित्ववस्थन, जात्नक् छ
78•	7.4	303 "	মণিকণিকাষ্টি, ৰাছাশনী
>8>	7.3	५० २ ,,	জয়ন্তম্ভ, চিডোৰগড়
582	>>-	,, eec	জন্মুন, মেশার

চিত্ৰশংখ্যা	চিত্ৰকলক		
>80	>>•	১৩৪ চিত্ৰ	ষশন্মীর নগরী, রাজস্থান
>88	>>>	>0e "	কমন্মীর হুর্গ, ঐ
28€	১ ১२) 	গোলেরা মন্দিরের অনিনা, কমন্দীর
>8%	220	٠, ١٥٠	শের শাহের সমাধি-মসজিদ, বিহার
>89	>>8) eb ,,	রাজা রামমোছন রায
385	>>e	,, ھەد	ভারতরাষ্ট্রের বর্তমান প্রধানমন্ত্রী শীক্তওহরণাশ নেহক
285	>>6	38• ,,	উন্নত গ্রাম
>0.	>>1	>8> ,,	গ্রামপ্রবেশের প্রধান ভোরণ
>62	224	\$88 ,,	গ্ৰামীণ জাতীয় ভবন
>65	338	380 ,,	গ্রামীণ সংস্কৃতিকেজ
>60	>> •	>88 ,,	উচ্চ প্রাথমিক বিভাবয়
>€8	252	>8€ "	প্রমোদশালা
>64	>>>	385 ,,	উন্নত নগর
>4%	১২৩	\$81 ,,	শেষ্টিসদন
>41	258	58F "	গৃহস্থাবাস
242	>>4	,, 686	ज्ञिम न्द
>45	>50	se• "	ज ा ी ग्रञ्दन
> •	>29	ses "	ক্বতিম উৎস (শিবগৰা)
>+>	326	262年,,	নৃত্যরত গণেশ
>42	>>>	see "	তক্ষণ-, মৃন্ময়- ও সিমেণ্ট-শিল্প
740	>00	seo "	नक्तीनात्रात्रण मिलंत, नत्राविही
>%8	202	548 ,,	শিবমন্দির, রতনগড় (রাজস্থান)
>46	305	> 4 ,,	নব্য ভারতীয় রাজপ্রাসাদ, যোধপ্র
300	>00	>60 ,,	নব্য ভারতীয় প্শোগান, সিংশীপার্ক (কলিকাভা)
367		১৫৬ক ,,	কৃত্ৰিম কেতক-প্ৰস্ৰৰণ
344	>08	>49 ,,	'নয়নতারা' উভানৰাটিকা, মধুপুর
743	206	ser "	উত্থানবাটিকার প্রবেশতোরণ
>1+	200	>e> ,,	গৌরীশঙ্করশীর্য ভারতবর্ষ
> 1>			কৈশাসধামের মানচিত্র



কোন্ অতীত যুগে ভারত সভ্যতার ভিত্তি ও দেবায়তন-গঠন সূচিত হইয়াছিল ইতিহাসে তাহার উল্লেখ নাই। অজ্ঞানতার অন্ধকার অপসারিত করিয়া ভারত গগনে জ্ঞানের প্রথম আলোক যখন উন্তাসিত হয় অনার্য্য ক্রাবিড়, দানব, অস্থর এবং নাগ তখন পরস্পরের প্রতি প্রতিবেশীর মত সহামুভূতিপরায়ণ। প্রাচীন ভারতের সিন্ধু-সভ্যতার গরিমাময় যুগ এবং বৃদ্ধ-পূর্ব্ব আর্য্য-আন্ধণ-সভ্যতার শান্তিপূর্ণ যুগ বর্ত্তমান সময়ের অন্যুন পঞ্চ ও ত্রিসহস্র বৎসর পূর্ববর্ত্তী এইরূপ অমুমিত হইয়াছে। সভ্যতার ইতিহাসের সেই সূত্রগুলিকে অমুসরণ করিয়া ভারতীয় দেব-দেউলের অর্থাৎ দেবায়তনের ইতির্ত্ত ও সেই প্রসঙ্গে সনাতন হিন্দুর ধর্ম্ম, সমাজ্ব, কৃষ্টি ও রাষ্ট্রজীবনের ক্রমবিকাশ ও প্রসারের আলোচনার্থ এই ক্ষুদ্র প্রবন্ধের অবতারণা।

আদি-প্রস্তর-যুগ, নব্য-প্রস্তর-যুগ ও শাতু-যুগের ভারতবর্ষ

সিন্ধু-সভ্যতার প্রথম সঙ্কেত পাওয়া গিয়াছিল উনবিংশ শতাব্দীর মধ্য ভাগে যখন ভারতীয় প্রত্নত্ত্ব-বিভাগের তৎকালীন ডিরেক্টর-জেনেরল জেনেরল কানিংহাম হড়প্পার ধ্বংসতৃপ হইতে খোদিত শীলমোহর প্রভৃতি সংগ্রহ করিতেছিলেন। স্থানীয় পুরাত্ত্বে এবং ঐতিহ্যে অজ্ঞতাবশতঃ তিনি সেই অজ্ঞাত সভ্যতার অন্তিম্বকে তখন অনুমান করিতে পারেন নাই। ফলতঃ শতাব্দীর চুই-তৃতীয়াংশ কাল সিন্ধু-সভ্যতা সাধারণের অগোচর ছিল। ভূতত্ত্বিদ্ ক্রস্ফুট সেই সময়ে মাদ্রাজ্ব প্রদেশে আদি-প্রস্তর-যুগের প্রস্তরের কতকগুলি অমন্থন অন্ত্রশন্ত্র আবিদ্ধার করেন। তদ্দারা আদি-প্রস্তর-যুগে ভারতে মানবের যে বসতি ছিল তাহা প্রমাণিত হয়। দক্ষিণ

ভারতের অহাত্রও সেই যুগের প্রস্তারের অস্ত্র পাওয়া গিয়াছে। মধ্য ভারতেও ক্রসমুট আদি-প্রস্তর-যুগের প্রমশিলের নিদর্শন পাইয়াছিলেন। ১৯৩৫ সালে হিমালয় ও তরাই অঞ্চলে ইয়েল ও কেমব্রিজ বিশ্ববিভালয়ের মিলিত অভিযান সিদ্ধান্ত করিয়াছিল যে, আদিম মানব উত্তর হিমালয় লজন করিয়া, সিন্ধু ও বিলাম উপত্যকার মধ্য দিয়া পশ্চিম পঞ্জাব, শিবালিক ভূভাগ ও কাশ্মীর ভূভাগের জ্বন্ধতে উপনীত হয়। সেই সকল প্রদেশে বাযাবর শিকারীদের ব্যবহৃত প্রস্তরের অস্ত্র সংগৃহীত হইয়াছে। পঞ্জাবে, রাজস্থানে, গুজরাটে, মধ্য ভারতে এবং নর্মাদার উপত্যকায় অমস্থা, স্থুল অস্ত্রশন্ত্র এবং মধ্য ভারতে সিন্ধনপুর পর্বত-গুহাগাত্রে রেখাচিত্র আবিদ্ধৃত হইয়াছে। আদি-প্রস্তর্বর ভারতবাসীরা 'নেগ্রিটো' জাতির অস্তর্ভুক্ত ছিল। গুর্জ্জরে সেই যুগের সপ্তসংখ্যক নরক্ষাল আবিদ্ধৃত হইয়াছে। কঙ্কালগুলি 'হেমেটিক নিগ্রয়েড' জাতীয় মনুয়্যের। সেই জাতীয় মনুয়্য বর্ত্তমান যুগে কেবলমাত্র আন্দামান বীপে পরিদৃষ্ট হয়—খর্ববাকার, কৃষ্ণবর্ণ, কুঞ্চিত-কেশ ও স্থুল নাসিকাবিশিষ্ট। পরবর্ত্তী কালের ভারতে উক্ত জাতি হয়ত অবলুপ্ত অথবা অহ্ন জাতির সহিত মিশ্রিত হইয়াছিল।

আদি-প্রস্তর-যুগের কয় লক্ষ্য বৎসর পরে নব্য-প্রস্তর-যুগ। বিংশ শতাকীর দশ পনর সহস্র বৎসর পূর্বেরকার নব্য-প্রস্তর-যুগের শ্রামণিল্লের নিদর্শন—মাদ্রাক্তের বেলাড়ি প্রদেশে আবিদ্ধৃত প্রস্তরের অন্ত্র ও যন্ত্রনির্দ্রাণের কর্ম্মণালাঙ্গই কর্ম্মণালায় নির্দ্রিত দ্রব্যগুলি। আদি-প্রস্তর-যুগে বৃক্ষণাখায় ও পর্বতগুহায় অবস্থান, বনের ফল-আহরণ ও পশুপক্ষী-শিকার—ইহাই ছিল মানুষের বৃত্তি। কিন্তু নব্য-প্রস্তর-যুগে পশুচর্দ্রাবৃত কোণশীর্ষ বৃত্তাকার তাঁবুঘর নির্দ্রাণ, পশুপালন ও কৃষিকার্য্যের সূচনা হয়। সেই যুগের প্রবর্ত্তক 'নিগ্রয়েড'দের পরবর্ত্তী 'প্রোটো অন্ট্রলয়েড' জ্ঞাতি। তাহারা মুৎপাত্র নির্দ্রাণ করিত। কৃষিকার্য্যের স্থবিধার জন্ম সূচল প্রস্তরের অথবা কাষ্ঠথণ্ডের ঘারা জ্বমি খনন করিত। এদেশে 'অক্টিক' সংস্কৃতির প্রবর্ত্তন করিয়াছিল তাহারাই। ক্রেমে ক্রমে উত্তর ও পূর্ব্ব পার্ববত্যাঞ্চল হইতে মোঙ্গলীয় জ্ঞাতি এবং তৎপরে 'নিউ-মেডিটারেনিয়ান,' 'আল্পাইন,' 'আরমেনয়েড' ও 'নর্ডিক' জ্ঞাতি পশ্চিম প্রান্ত হইতে ভারতে প্রবেশ করে। নব্য-প্রস্তর-যুগের চিত্রাক্ষিত মৃৎপাত্রের বৃত্তবিধ নিদর্শন উত্তর-পশ্চিম ভারতে ও বেলুচিস্তানে পাওয়া গিয়াছে। তন্তির নানা স্থানে ভূ-প্রোথিত মাটির

জালার মধ্যে মৃতদেহ আবিক্ষত হইয়াছে। সমাধির উপরে প্রস্তবের খুঁটিতে হেলায়মান প্রস্তবাচ্ছাদন। এই সকল সমাধি 'ডলমেন' নামে পরিচিত। সেই যুগে পৃথিবীর প্রায় সর্বত্রে 'ডলমেন' বাবহৃত হুইত। কোন কোন পণ্ডিতের মতে ভারতের পার্বিত্য ও বহা ভূভাগের বর্ত্তমান মনুষ্যদের অনেকেই নবা-প্রস্তব-যুগের মানবের বংশধর।

নব্য-প্রস্তর-যুগের পরে ধাতু-যুগ। সম্প্রতি দক্ষিণ-হায়দ্রাবাদ প্রদেশে ধাতু-যুগের কতকগুলি তাম- ও ব্রোঞ্জ-নির্দ্মিত অস্ত্র এবং নাগপুর, হায়দ্রাবাদ, মছুরা ও মহীশুর অঞ্চলে 'ডলমেন' ও অহাবিধ সমাধির অভ্যন্তরে ধাতুনির্দ্মিত পাত্র আবিষ্কৃত হইয়াছে। রাজস্থান, ছোটনাগপুর, সিংহভূম ও উড়িয়া প্রদেশে তাম সংগৃহীত হইত। তাম ও ব্রোঞ্জের প্রসার উত্তর ভারতে যেরূপ হইয়াছিল দাক্ষিণাত্যে তদ্রুপ হয় নাই। সিন্ধু-উপত্যকাবাসীরা লোহের ব্যবহার জানিত না, ব্রোঞ্জ ব্যবহার করিত। ভারতের অক্তান্ত প্রদেশে বিক্ষিপ্ত সমাধি-স্কৃপগুলির কোনওটিতে নব্য-প্রস্তর-যুগের শিল্পসামগ্রীর সহিত লৌহান্ত, কোথাও বা তাত্র- অথবা ব্রোঞ্জ-নির্মিত অন্ত্র-শস্ত্র পাওয়া গিয়াছে। আর্য্যভারতে 'অয়স্' ধাতুর ব্যবহার প্রচলিত ছিল; তাহার উল্লেখ ঋক্ মল্লে পাওয়া যায়। অয়স্কে কেহ বলিয়াছেন লোহ, কেহ বলিয়াছেন ভাতা। সেই যুগে দক্ষিণ ভারতে লোহের ব্যবহার জ্ঞাত ছিল। সম্প্রতি পশ্চিম বাংলার বাঁকুড়া জেলার অন্তর্গত বনঅস্থ্রিয়াতে নব্য-প্রস্তর-যুগের প্রস্তরনির্দ্মিত কুঠার (১ চিত্র) এবং বর্দ্ধমান বিভাগীয় দুর্গাপুর অঞ্চলে দশ সহস্র বৎসর পূর্বববন্ত্রী প্রস্তরের অন্ত্র আবিষ্কৃত হইয়াছে। সেইগুলি কলিকাতা বিশ্ববিত্যালয়ের আশুতোষ মিউজিয়মে সংরক্ষিত আছে। স্থকল্পিত-ভাবে খনন পরিচালিত হইলে উভয় স্থানেই প্রস্কৃতাত্ত্বিক বহুবিধ উপকরণ সংগ্রহের সজাবনা।

আর্য্য-পূর্ব্ব দ্রাবিড়-সিস্কু সংস্কৃতি ; প্রাগৈতিহাসিক দেবদেবী ও দেবায়তন

বছ বিদেশী ভারতে আসিয়া উপনিবেশ স্থাপন এবং হিল্প্র্ম গ্রহণ করিয়াছিলেন। দেবভাষা (সংস্কৃত) ও পালিসাহিত্যে তাঁহাদের অহুরাগ ছিল। গ্রীক-বৈষ্ণব হেলিয়োলোরস্, গ্রীক-বৌদ্ধ নরপতি মিলিন্দ, শক-হিন্দু নরপতি মহাক্ষত্রপ কল্ডদামন, কুষাণ-হিন্দুরান্ধ পরম মহেশর' বিম কদ্ফিসেস্ এবং হুন-শৈব নরপত্তি মিহিরকুলের নাম ইতিহাস-প্রসিদ্ধ।

প্রসঙ্গে 'সকল-কোশলাধিপতি মহাশিব' তিবারদেব (৭২০ খঃ) ও যথাতিবংশীয় প্রথম নরপতি যথাতি কেশরী (৮০০ খঃ) তথা মহাশিবগুপ্ত এবং বালার্জ্বনের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। মংস্থ পুরাণ, বিশ্বকর্মাপ্রকাশ, আগম, অগস্তা, ময়মতম, হয়শীর্ষ-পঞ্চরাত্র, অগ্নি পুরাণ, মূহূর্ত-চিন্তামণি, গরুড় পুরাণ, বিষ্ণুখর্শ্বোভর, কশ্মণ, মানসার, শিল্পরত্ন, বাল্পপ্রদীপ, সমরাজন, চিত্রলক্ষণ প্রভৃতি উত্তর এবং দক্ষিণ ভারতীয় বাস্ত, স্থাপত্য ও শিল্প শাল্পগুলি গুপুর্গণ গুপুসামাজ্যেই সন্ধলিত হইয়াছিল।

পাণিনি (খু: পু: সপ্তম শতক) বাস্থদেব, অর্চ্জুন এবং তাঁহাদের ভক্তবৃদ্দের উল্লেখ করিয়াছেন। ইতিহাসবেন্তার মতে খঃ পু: চতুর্থ শতকে মথুরায় ভাগবতধর্ম প্রচলিত ছিল। কৃষ্ণ বাস্থদেব সেই ধর্ম্মের প্রবর্ত্তক। ভগবানের আরাধনায় কিরাত, হুণ, অন্ত্র, আভীর, অহুর, হৃত্তা প্রভৃতি সকলের সমান অধিকার ছিল। কুরুক্তেত্তে কৃষ্ণ অৰ্জ্জুনকে ভগবদ্গীতার বিশ্বপ্রসারী ধর্মা এবং বিশ্বরূপ বুঝাইয়াছিলেন। তিনি সৌরপুরোহিত অন্সিরসের শিশ্য ছিলেন। তাঁহার বাহন গরুড়, তাঁহার আয়ুধ স্দর্শনচক্র, সৌরতন্ত্র ও সূর্যাপুরাণের সহিত সংশ্লিষ্ট। মেগান্থিনিস মথুরার (কৃষ্ণপুরা) উল্লেখ করিয়াছেন খঃ পৃঃ তৃতীয় শতকে। মথুরা হইভেই ভগবদ্গীতার ধর্ম্ম বিভিন্ন প্রদেশে নীত হয়। গ্রীক-ভাগবত হেলিয়োদোরদের বেশনগর অমুশাসনে (খু: পু: विতীয় শতক) উক্ত ধর্মের উল্লেখ বর্ত্তমান। পাণিনিসূত্রে শৈবসম্প্রদায় ও শিবভাগবতের উল্লেখ পাওয়া যায়। খৃঃ পুঃ চতুর্থ শতকের অবসানে মেগান্থিনিস শৈবসম্প্রদায়ের উল্লেখ করিয়াছিলেন। খৃঃ পূ:ু বিতীয় শতকে পতঞ্চলি লোহশূলধারী শৈবভাগবত সন্ন্যাসী ব্যতীত শিব, ক্ষন্দ ও বিশাথের বছমূল্য ধাতব মূর্ত্তি লক্ষ্য করিয়াছিলেন। নানাঘাট (পুণা) গিরিগুছাগাত্রে উৎকীর্ণ লিপিমালা হইতে জানা যায় যে, খঃ পৃঃ প্রথম শতকে ব্রাহ্মণগণের সহিত ভাগবতধর্মাবলম্বীদের সম্প্রীতি সাধন ও বাস্থদেবকে ব্রাহ্মণ্যদেবভাদের অন্তভুক্তি করা ইইয়াছিল। তখন দক্ষিণাপথে ভাগবভ ধর্মা প্রচলিত ছিল। বস্তুতঃ ভগবদগীতাই সর্কবিধ ভারতীয় দর্শনের ঐক্যসাধন করিয়াছে। খুঃ পুঃ প্রথম শতক হইতে খুঃ তৃতীয় শতাবদী পর্যান্ত মথুরার শক ও কুষাণ অধিপতিগণের কয়েকজন শৈব ছিলেন। তাঁহারা ভাগবত ধর্ম্মের বিরোধিতা করিতেন। তাহার এক শতাব্দী পরে সম্রাট্ সমুত্রগুপ্তের রাজত্বলালে ভাগবত সংস্কৃতির

পুনর্কদীপন ঘটিয়াছিল। ক্রমশঃ ভাগবভপ্রাণ গুপ্তনরপতিকের রাজ্যবিস্তারের অনুক্রমেন ভাগবভ ধর্মা, মগম, মধ্য ও পশ্চিম ভারত, রাজস্থান এবং পঞ্চনর প্রদেশে পূরীত হয়। ৪০০ খঃ হইতে কৃষ্ণ-বাহদেব বিষ্ণু-নারাম্বণরূপে পূজিত হইতেহেন। তদবনি ভাগবত বৈষ্ণবধর্মের প্রবর্জনান প্রসার ও প্রতিপত্তি। ধর্মাচরশীয় ব্যবস্থা ব্যতীত ভাগবতগণ সমাজ ও অর্থনীতি-সংসারেও তৎপর ছিলেন।

থঃ চতুর্থ শতকে সমাট্ সমুত্রগুপ্ত এবং তাঁহার পুত্র বিক্রমাণিত্য-চক্রগুপ্ত হিন্দু मश्कु**তि**त नव-ज्ञानुप्रदात ज्ञवातमा करतन। किःवमसी ज्ञाहि हा. सकाति विक्रभाषिरछात अनिक 'नवत्रक्रमछा' धवछति, क्रश्नक, व्यवनिश्रह, नदू, व्यञ्जनछहै, ঘটকর্পর, কালিদাস, বরাহমিহির ও বরক্ষচি নামক নয়জন শ্রেষ্ঠ পণ্ডিভ, দার্শনিক, বৈজ্ঞানিক, চিকিৎসাশান্তবিদ্ প্রভৃতিকে লইয়া গঠিত হয়। কিন্তু এই জনশ্রুতি প্রমাণসাপেক। ত্রাক্ষণ্য মহীক্লছের বৌদ্ধ, কৈন প্রভৃতি প্রধান শাখাঞ্চল ভর-সমাট্গণের ভক্তি, নিষ্ঠা, বদাশুতা ও সর্বব ধর্ম্মে সমান উদারতা নিরপেকভাবে পরিপুট করিয়াছিল। সমাট হর্ষবর্দ্ধন শিব, সূর্য্য ও বৃদ্ধকে একট পরমেশবের প্রতিভূজ্ঞানে পূজা করিতেন। তাঁহার সদৃশ সনাতন হিন্দুপন্থী অথচ বৌদ্ধর্শ্মে অমুরাগী গুপ্তরাজ্ঞ বর্গের পৃষ্ঠপোষকভায় নালন্দা বিশ্ববিচ্ঠালয়ের প্রতিষ্ঠা এবং পরিপুষ্টি। গুপুযুগে শৈব, ভাগবত, বৈষ্ণব, বৌদ্ধ, জৈন প্রভৃতি ধর্মামুষ্ঠানগুলি শান্তিপূর্ণভাবে অপরিচালিত হইত। হয়েন সঙ্ প্রমুধ চীনা পর্যাটকগণ ভাষার সভ্যতা লিপিবদ্ধ করিয়াছেন। তৎকালীন ভারতের বৃহত্তর শিক্ষায়তনসমূহে বিবিধ সম্প্রদায়ভুক্ত বিভিন্ন অধ্যাপক ও ছাত্রবৃন্দ একযোগে শিক্ষাদান ও শিক্ষার্ক্তন করিতেন। বৌদ্ধমন্দিরসম্বিত নালন্দা মহাবিহারের পার্থে হিন্দুমন্দির বিরাজ করিত। সভ্যের উপর শিক্ষামন্দিরের ভিত্তি নিহিত ছিল। বৈদিক ভারতে বর্ণাশ্রমী জনগণ প্রত্যেকে সমান অধিকারের মধ্যে পূর্ণ বিকাশের স্থযোগ পাইয়া একধর্ম-জাতীয়ভার স্থৃষ্টি করিয়াছিলেন। শ্রেণী-সংগ্রামের পরিবর্তে শ্রেণী-সহযোগিতা, সঙ্কীর্ণ স্বার্থবাদের পরিবর্ত্তে মহামানবভাবাদের বিশাল উদারতা, ভারতের গণতান্ত্রিক ও অর্থ নৈতিক धर्माकीयनाक स्थमम् भाखिमम् त्राथिछ। अक्रिक धर्व व्यवस्तितम स्टेख छारात शतिहम পাওয়া যায়। বৌৰ ও মধ্যযুগের ভারতেও রাষ্ট্রীয় তথা সঞ্চবৰ সামাজিক জীবন

5-1872B.

ছিল সর্বতোভাবে গণতান্ত্রিক ও সাম্যবাদী। কোটিল্যের অর্থপান্তর, শিলালের ও তাত্রশাসন, প্রাচীন সাহিত্য ও বিদেশ হইতে আগত বিশিষ্ট পর্যাটকগণের নিরপেক বিবৃতি তাহা প্রমাণিত করিয়াছে।

বিপুল ঐশ্ব্য-সম্পদ্শালী গুপ্তরাজগুবর্গের ও শ্রেষ্ঠিগণের অপরিসীম বদাগুতা ভারতীয় জ্ঞান-বিজ্ঞান ও স্থাপত্য-শিল্পকে সর্ববেডাভাবে পরিপুষ্ট ও বিকশিত করিয়াছিল। অপরা ও পরা প্রকৃতি ধর্মপ্রাণ, দর্শনপ্রাণ ও কর্মকুখল জনগণের আধ্যাত্মিক অনুসন্ধিৎসা অপিচ বৈজ্ঞানিক, সমাজভান্তিক ও অর্থ নৈতিক অনুশীলন নিয়ন্ত্রিত করিত। 'বজু, পথাক, চন্দ্রকান্ত, বিষ্ণুকান্ত, রুক্তকান্ত' নামধেয় প্রস্তর-স্তম্ভ-সম্বিত 'মেরু, মন্দার, কৈলাস, বৈরাট, লাঠ, ভূমিজ, বেশর' প্রভৃতি বিবিধ শ্রেণীর, বিভিন্ন শৈলীর, এক হইতে ষোড়শতল 'ব্রক্ষছন্দ (সমচতুর্ভু জ), বিষ্ণুচ্ছন্দ (সমঅফ্টব্রুজ) ইক্সচ্ছন্দ (সম্বোড়শ্রুজ) এবং রুক্রচ্ছন্দ (বৃত্তাকার) দেবায়তনসমূহ 'সুমকল, বিজয়, ধ্রুব, সর্ব্বতোভদ্র' প্রভৃতি পর্য্যায়ভুক্ত গৃহপল্লীকে তথা পল্লী, নগর ও জনপদবাসিগণের ধর্মা ও কর্মাজীবন স্থপরিচালিত করিত। বাসভবনসমূহের ভিত্তি (আসন) 'আয়ত, সমচতুভু জ, রুত্ত, ভত্ত, চক্র, দণ্ড, মৃদন্ত, মকর' প্রভৃতি যোড়শবিধ আৰুারে গঠিত হইত। 'দীর্ঘর্তাদি রেখাগণিত' নামক প্রাচীন জ্ঞামিতিশাল্রে তাহার বিবরণ পাওয়া যায়। বিষ্ণুধর্মোত্তর প্রণেতার অভিমতে পার্থিব আবাস ও ধর্ম্মসংশ্লিষ্ট মন্দির প্রভৃতি 'নাগর, সভা, বৈণিক ও মিশ্রা' পর্যায়ী চতুর্বিধ বর্ণে রঞ্জিত হইত। আধুনিক গৃহনির্মাণ-বিধানের সহিত প্রাচীন ভারতীয় গৃহনির্মাণ-পদ্ধতির বহুধা সামঞ্জত লক্ষিত হয়। ইহাও প্রতিপন্ন হয় যে, প্রাচীন ভারতের স্থপতিরা সচেতন ছিলেন যাহাতে রাজ্পথের অতি সালিধ্যে বাস্তভবন নির্দ্মিত না হয়, আধুনিক যুগে নিষিদ্ধ Ribbon development অর্থাৎ প্রপার্শ্বে ঘনসন্ধিবদ্ধ গৃহবিস্থাসের অমুরূপ। স্বাস্থ্যরকাকলে স্থপতিরা পয়ঃপ্রণালী ও জলনির্গমনের যথায়ও বিধান বাডীত রাজকক্ষে ও শ্রেষ্ঠিভবনে শীতাতপ-সমতা রক্ষা (Air condition) করিবার বাবন্ধা করিতেন।

উৎকল প্রদেশ দক্ষিণ-পূর্বন হিন্দু ভারতের শ্রেষ্ঠ তীর্থক্ষেত্ররূপে পরিচিত। ভুবনেশর শৈৰতীর্থ, যাজপুর শাক্ততীর্থ এবং পুরীধাম বৈষ্ণবের ধর্মাপীঠ। কোণার্ক ও দর্পণ বথাক্রমে সৌর (সূর্য্যোপাসক) এবং গাণপত্য (গণপতির উপাসক), ভক্ত-গণের ধর্মাবান। গুপ্তভারতের সংস্কৃত সাহিত্যে সূর্য্য, চক্র, ইক্স ও শচীর মন্দিরের উল্লেখ আছে। তাত্রশাসনে উৎকীর্ণ আছে—উত্তর ভারতের কনৈক কুলপুত্র (অভিজাত ভোণীর ক্ষত্রিয় রাজপ্রতিনিধি) মধ্যদেশীয় বেদজ্ঞ ব্রাহ্মণদিগকে বন্ধদেশে উপনিবিষ্ট করাইবার নিমিত্ত এবং তাঁহাদের নারায়ণ প্রমুখ দেবভাগণের নিভাসেবা ও শাস্ত্রের অধ্যাপনা করিবার বাবস্থাকল্পে ভূমিদান করিয়াছিলেন। গুণ্ডাযুগের কয়েকটি হিন্দু মন্দির বিভ্যমান আছে। সাঁচির অদূরে দেবগড়ে (খঃ পঞ্ম-ষষ্ঠ শতক) শিথরসহ বিষ্ণুমন্দির ভাহাদের মধ্যে একটি (৬৮ চিত্র)। স্থকুমার স্থডোল মন্দিরটি সৌন্দর্য্যে গাস্তীর্য্যে অতুলনীয় বলিলে হয়ত অত্যুক্তি হইবে না। ভারতীয় রাজসরকারের প্রত্নতত্ত্ববিভাগ তাহার সংস্কার করিয়াছেন। মধ্যভারতের ভূমরায় গুপুর্গের (খঃ পঞ্চম শতাব্দী) একটি স্থন্দর মন্দির আছে। তাহার ছাপত্যের ও কারুশিল্লের কয়েকটি নিদর্শন কলিকাতার যাতুষরে রক্ষিত হইয়াছে। গোয়ালিয়র অঞ্চলীয় উদয়গিরি গুহামন্দির, জববলপুর প্রদেশীয় টিগোয়া গ্রামন্থ কঙ্কালী দেবীর বিষ্ণুমন্দির (৪০০ খুঃ), সাহাবাদ জেলার অন্তর্গত ভাবুয়ার মুখেমরী এবং অক্ষয়গড় রাক্ষ্যন্থিত নাচনা কুঠারার প্রসিদ্ধ শিব ও পার্ব্বতী মন্দির (৪০০ খ্রঃ) গুপুরুরে নির্মিত হইয়াছিল। রেওয়া (প্রাচীন রেবা) রাজ্যে এবং মধ্য, পূর্বব ও দক্ষিণ ভারতের নানা স্থানে গুপ্তমন্দিরের নিদর্শন অথবা জীর্ণাবশেষ পাওয়া যায়। দিল্লীর লোহস্তম্ভ (৪১৫ খঃ) গুপ্তকালীন শিল্প ও সংস্কৃতির পরিচায়ক। স্তম্ভশীর্ষে গরুড় মূর্ত্তি অধিষ্ঠিত ছিল, এবং গরুড়ধ্বজ্ব হিসাবেই ইহার প্রভিষ্ঠা, এইরূপ অসুমিত হইয়াছে।

গুপ্তবংশীয় শেষ নরপতিগণের রাজ্যকালে এবং পরবর্তী মধ্যযুগে মন্দিরের আয়তন ও পূজার অনুষ্ঠান হইয়াছিল বিরাট্ ও ব্যাপক। গুপ্তযুগের প্রথম পর্নের জন্ত্রপ সম্ভব হয় নাই। গুপ্তযুগের প্রারম্ভে সল্লায়তন গর্ভগৃহকে অবলম্বন করিয়া সমচতুদ্ধোণ কুল্র মন্দির নির্দ্মিত হইত। সমচতুর্ভু গর্ভগৃহের চারিধারে থাকিত প্রদক্ষিণ পথ, সন্মুখে মগুপ। অনুষ্ঠ মন্দিরে শিখর ছিল না। আচ্ছাদন (ছাদ) সমতল হইত। দেবগড়ে অনুষ্ঠ শিখরবিশিষ্ট বিষ্ণুমন্দির ব্যতীত কেবলমাত্র নাচনা-

কুঠারার শার্ষতী দেবীর বিতল শিধর-মন্দির বিভ্যান। প্রথম-পর্যায়ী গুপ্তমন্দির-সমূহ আকারে কুত্র হইলেও দার্চ্য ও সৌকুমার্ষ্যের অপূর্যর মিলনসভূত বলিয়া বিবেচিত হইয়াছে। ভাহাদের অতুলনীর ভাস্কর্যসন্তার প্রকৃতই বিশ্বরপ্রদ। ক্রমশ: বৃহৎ বৃহৎ শিধর মন্দিরগুলির স্থি। ভাহারা হইত ক্রমা, বিষ্ণু, মহেশ্বর, মহিষমন্দিনী, গণপতি, কার্ত্তিকের, ইন্দ্র, কুবের, যম, লক্ষ্মী প্রভৃতি দেবদেবী এবং থর্বট, বিকৃত্ত-বদন, স্ফীতোদর, শিবাসুচরগণের মূর্ত্তিসমন্বিত অপিচ হাস্তলাস্মভলিমাভরা, নৃত্যশীলা, সন্ধীতমূধরা বিভাধরী ও অপ্ররার ভাস্কর্য্য ও আলিম্পনের অমুকারী অনবভ্য মগুনশিল-বিমন্তিত। গর্ভগৃহে প্রবেশবারের উভর পার্যে বারপালিকারণে বিভলিম-ঠানে দণ্ডারমানা মকর এবং কুর্ম্মপ্রতাপরি গলা ও যমুনা। মধ্যভারতের বহুসংখ্যক দেবায়তন গুপ্তশিল্পের ও গুপ্তসংক্ষ্রতির শ্রেষ্ঠ অভিব্যক্তিরণে বিবেচিত হইয়াছে।

গুপ্ত-দেবায়তন ত্রাহ্মণা সংস্কৃতির নব-জাগরণের প্রতীক। উহা ক্রমণ: সমগ্র हिन्दू छात्राज्य आध्य नर्वत्व काणीय कीवनगर्यतन्त्र त्कल्पकार जामत्रीय हरेल। ব্রাক্ষণের গৃছে অগ্নিশালার পরিবর্ত্তে মন্দির ও বিগ্রহের অবস্থিতি ও অধিষ্ঠান অধিকতর প্রিয় ও প্রয়োজনীয় বলিয়া বিবেচিত হইল। বৈদিক যাগযজ্ঞের স্থলে দেবদেবীর পূজা প্রচলিত হইল। পারিবারিক তথা সামাজিক রীতিনীতি ক্রমে ক্রমে ব্যাপকভাবে সমগ্র জাতির আচারামুষ্ঠানে পরিণত হয়। প্রকৃতির বিধান এইরপ। সেই চিরন্তন বিধানে সভ্যক্ষগতের প্রায় সর্বব জ্বাতির জ্বাতীয় জীবন বিকশিত হইয়াছে ও হইতেছে। প্রাকৃতিক সেই নিয়মামুসারে হিন্দু ভারতের গ্রামে গ্রামে ও নগরে নগরে সমগ্র গ্রামবাসীর ও সমগ্র নগরবাসীর প্রাণ-কেন্দ্রী দেবায়তন-রূপে, গ্রাম ও নগরের মধ্যস্থলে, বিগ্রহসহ মন্দিরের অবস্থিতি বাঞ্চনীয় হইল। রাজা, শ্রেষ্ঠী ও ধর্মপরায়ণ জনসাধারণ তাঁহাদের আধ্যাত্মিক ও পারমার্থিক সাধনভজনের জন্ম, সমগ্র সমাজের কল্যাণের জন্ম, দেবায়তন প্রতিষ্ঠায় বন্ধপরিকর হইলেন। ধর্মপ্রাণ নৃপতি ও শ্রেষ্টিবর্গের বিপুল বদায়তা জাতীয় স্থাপত্যের ইতিহাসে যুগাস্তর ঘটাইলা তাহার ফলে খৃঃ সপ্তম শতকের পরে, আসমুদ্রহিমাচল হিন্দু ভারতে, অষ্টশত বৎসর ব্যাপিয়া দেবদেউল রচনার প্রবল বফা প্রবাহিত হয়। দেবভক্তির ও প্রথম কল্পনাশক্তির পূর্ণ পরিচয় প্রদায়ক—বিরাট, বিশাল, সংখ্যাতীত দেবদেউল,

ভাষাদের যৌন-মহিন-ভাস্কর্য-সম্ভার, অভংলিহ 'পৃষ্ণ'-সমন্বিভ লিখর-বিমান এবং স্বর্ণমণ্ডিভ-কলস-কিরীটসহ "কারগুববিকীর্ণানি তড়াগানি সরাংসি' সেবিভ, ভপোবন-প্রসূত-বিহগ-কাকলী-মুখরিত, ভারত ভূমিকে শোভাময়ী, শান্তিময়ী, পুণ্যমন্ত্রী করিল। মহামানবের বর্দ্মমাঝারে চিরস্কন সৌন্দর্য্যের, চিরঞ্জীব শাশ্বভ ধর্ম্মের, মহতী ভূমার প্রেরণা উদ্দীপিত করিল।

বাল্মীকির রামায়ণে রাবণের প্রাসাদ বর্ণনায় প্রাচীন ভারতীয় চিত্রশালার উল্লেখ আহে। ভবভূতিও উত্তররামচরিতে চিত্রশালার বর্ণনা করিয়াছেন। 'নারদ শিল্পশান্ত্র' গ্রন্থে চিত্রভবনের বিবরণ পাওয়া যায়। বহু ক্ষেত্রেই চিত্ররক্ষণের ক্ষ্প্র কারুকার্য্য-খোদিতস্তম্ব- এবং বিমান-শোভিত মতম্ব মতম্ব সৌধ, ভবন ও হর্ম্মা নির্মিত হইত। **डार्टाएत माधारम डावलीख ठिळकला वहल शतिमार्ग विक्रिक स्टेश्राहिल। कालिलाज.** বাণভট্ট, দণ্ডী প্রভৃতি মহাকবিগণ চিত্রগৃহের বর্ণনায় তাহা প্রকাশিত করিয়াছেন। অঞ্চার ১২, ১৬ এবং ১৭ নং গুহার প্রাচীরগাত্তে—প্রাকৃতিক-সৌন্দর্য্য-নির্মরোৎ-সারিত উদাত্ত গুপ্তচিত্রের মোহনরূপচ্ছন্দের ধ্যান, ধারণা, পরিকল্পনা ও ভোতনার শ্রেষ্ঠতম বিকাশের প্রকৃষ্ট উদাহরণ পাওয়া যায়। বৈদিক যুগে অভিজাত সম্প্রদায়ের 'পদ্মিক, স্বস্তিক' প্রভৃতি পর্য্যায়ভুক্ত দারুময় আবাসসমূহের অভ্যন্তরগাত্র উজ্জ্বল চিত্রে ভূষিত করা হইত বলিয়া কথিত। গুপুরুগে অঞ্জনীর গুহাকক্ষের বিবিধ বর্ণো জ্বল চিত্রকলায় হয়ত বৈদিক চিত্রশিল্পের চরম উৎকর্ষ হইয়াছিল। গবেষকগণ এই সম্বন্ধে বিচার করিবেন। অজ্ঞতীর চৈত্যমন্দিরে পার্থিক মানবজীবনের দৈনন্দিন ঘটনাবলী অপার্থিব অভিপ্রাকৃত অনুভূতিসম্পাতে মহিমান্থিত করা হইয়াছিল (৩৯ ও ৪০ চিত্র)। অঞ্চার সাধকশিল্পীর দার্শনিক ধ্যানপ্রসূত চিত্রাক্ষন-শন্ধতি জাপানের স্থাসিদ্দ হোরির্জী বৌদ্ধবিহারের চিত্রকলায় বিশেষভাবে প্রভাব-বিস্তার করিয়াছিল। বছবিধ জীবজন্ত এবং সাধারণ নরনারীর ভাস্বর চিত্রাবলী তথকালীন রাজপ্রাসাদের বন্ধলেপ-লিগু কক্ষগাত্রেও অন্ধিত হইত। রঘুকংশে এইরপ চিত্রফলকের বর্ণনা কর্মান।


উদয়পুরে ঘননীল 'পেশোলা'-ব্রদতীরে অবস্থিত শিশোদীয় মহারাণার মর্ম্মরমন্তিত অতিকায় প্রাসাদনিম্নত্ব 'সাগরগৃহ' কব্দের বক্তালেপ-লিপ্ত অভ্যন্তরভাগ মরালসেবিত পদাবনের অনুকল্প উজ্জ্বল তৈলচিত্রভূষিত। রুদ্র বৈশাথের প্রথর মধ্যাকে সেই কক্ষে আবস্থান অভীব আরামদায়ক। উক্ত 'সাগরগৃহ' হয়ত গুপ্তস্ত্রাট্ বিক্রমাদিড্যের প্রাসাদনিল্পত্র গ্রীম্মকালীন বিশ্রামকক্ষের আভাস প্রদান করে।

বিশেষ বিশেষ উৎসব উপলক্ষে, স্বর্গমিন্ত রথার ত গুপ্ত-নরপতিগণ আড়ম্বরপূর্ণ শোভাযাত্রাসহ দেবায়তন, সজ্বারাম এবং বিহার পরিক্রম করিতেন। ব্রহ্মচারী, ব্রাহ্মণ, অহৎ, ভিক্ল, শ্রমণ, শ্রাবক, শ্রেষ্ঠী প্রভৃতি তাঁহাদের অমুগমন করিতেন। পরিক্রমার প্রারম্ভে—রেশমী অন্ধবাস ও চীনপট্টক-পরিহিত, মৃণিমুক্তা-স্বর্গহার-বিভৃষিত, রাজহন্তিসমূহের গাত্রে সিন্দুর ও তৈলসহযোগে গরুড়মজল, পাঞ্চজভাশম ও স্থান্তিক অন্ধিত হইত। বিচিত্র পরিচ্ছদ, হেমমেখলা ও চূড়ামণি, মণিকুগুল, কেয়ুর, বলয়, কনক-কঙ্কণ, কঙ্কণী ও চরণচূড় বিভৃষিতা হন্তিচালিকা পুরনারীগণের চন্দনচর্চিত গণ্ডে এবং পীনোন্নত বক্ষোদেশে স্বর্ণাভ পত্রলেখা এবং মকরকেতন অন্ধিত করা হইত। শ্রাম ও ব্রহ্মদেশীয় নরপতিগণ উৎসব্যাত্রার পূর্বেব নিজ নিজ রাজকুঞ্জরকে সচন্দন পুস্পমাল্যে তথা বহুমূল্য বন্ত্রালঙ্কারে ভৃষিত করিয়া ভক্তিভরে কর্যোড়ে অর্চনা করিতেন। ব্রহ্মদেশীয় প্রাচীন চিত্রে ইহা দৃষ্ট হয়।

প্রাচীনকালে রাজা, শ্রেষ্ঠী, ক্ষত্রিয় রাজপুরুষ ও সাধারণ গৃহছের প্রাসাদে ও ভবনে চিত্রশালা থাকিত। বিবিধবর্ণোক্ষল লতা-পুষ্প-পক্ষি-পরিষ্কৃত, দেব-দানব-গন্ধর্ব-নাগ-নাগিনী-সমন্বিত, বছবিধ চিত্রসহ শত শত শিল্পাগার সমগ্র একটি নগরকে স্থাণাভিত করিয়াছিল, বাণভট্ট তাহা লিপিবদ্ধ করিয়াছেন। স্থাপত্য-শিল্প-সমৃদ্ধ শুপ্রপ্রাসাদের, সৌধের এবং স্থাণাভন গ্রামের বহু গৃহস্থভবনের ও কুটারের বহির্ভাগ এবং অভ্যন্তরভাগ প্রাকৃতিক দৃশ্যাবলা এবং পৌরাণিক দেবদেবীর লালাকাছিনী, গার্হন্য ও সামাজিক জীবনযাত্রার বিশেষ বিশেষ ঘটনা এবং পূজা, পার্বণ ও বৃদ্ধাভিষান অবলম্বনে চিত্রিত হইত। সেইক্লপ চিত্রান্ধনের পারম্পরিক অভিব্যক্তির নিদর্শন উদয়পুর, কৈলবারা, যোধপুর, অম্বর, যশলীর প্রভৃতি মধ্যযুগের রাজ্যানী নগরের বিবিধ মহলায়, বিশেষতঃ বীকানীর রাজ্যের রতনগড়, চুরু প্রভৃতি নগরের শ্রেষ্ঠিভবন-গাত্রে পরিদৃষ্ট হয় (৪১ ও ৪২ চিত্র)।



৪১ চিত্র— প্রাচীর চিত্র, কেলবারা



৪২ চিত্র— খাচাৰ চিত্র, রওৰগড়

পঞ্চম ও ষষ্ঠ শতকের গুপ্তত্বাপত্য সপ্তম শতকে স্থঠাম চালুকাস্থাপত্যে প্রভাব বিস্তার করিয়াছিল। ধারওয়ারের সমীপবর্তী আইছাল আঞ্চলীয় বিভল লাড়খাঁ মন্দির (৪৫০ খৃঃ) স্থঠাম স্থডোল চালুকাস্থাপত্যের প্রথম উলাহরণ। পট্টনকলের মনোরম জৈন মন্দির পাপনাথ (৬৮০ খৃঃ) লাড়খাঁর মত বিতল তথা গুপ্তস্থাপত্য-প্রভাবিত। নাচনা কুটারার পার্ববতী মন্দিরের (৪০০ খৃঃ) ত্রিধা-বিভক্ত শিখরের অনুকৃতি অন্টম শতকের পরশুরামেশ্বর (ভূবনেশ্বর) মন্দির। গুপ্তের গরুড়স্তম্ভ বোড়শ শতকের জৈন স্থাপত্যকে প্রভাবিত করিয়াছিল। প্রকৃতপক্ষে গরুড়স্তম্ভ খৃঃ পৃঃ তৃতীয় শতকের অশোকস্তম্ভের এবং বেশনগরের খৃঃ পৃঃ বিতীয় শতকের বিফুস্তম্ভের সহিত মধ্যযুগের হিন্দু- ও জৈন-স্তম্ভ-শৈলীর ঐক্যসাধন করে।

ভরুৎ স্থপের 'প্রতোলি' তোরণে বলদীপ্তা পাষাণময়ী যক্ষী চম্পক লাখাকে অবলম্বন করিয়া সহাস হেলায়মানা ছিল। তথা হইতে অপসারিত সেই যক্ষী মূর্ত্তি এক্ষণে কলিকাতার যাতুঘরে প্রদর্শিত হইয়াছে। উক্ত যক্ষী অতঃপর পাটলীপুত্রের 'দিদারগঞ্জ-যক্ষী' (৪০ চিত্র) এবং গুপ্তমন্দিরের প্রধান ছারপ্রান্তে দণ্ডায়মানা স্মুভকী শুভন্বী গল্পা ও যমুনায় রূপান্তরিতা হয়। দেবগড়ের বিষ্ণুমন্দির-সংলগ্ন প্রস্তরময় বেইনীর পরিকল্পনা সাঁচি, ভরুৎ ও বুদ্ধগয়ার বেইনী হইতে অনুস্তত। মথুরা, বারাণসী, পাটলীপুত্র, এলোরা, শিবপুরা, (এলিফান্টা, বোদ্বাই), বাদামি, পাহাড়-পুর ও ভুবনেশ্বর, পরম ভাগবত গুপ্তস্ত্রাট্গণের রাজ্যকালে, পৌরাণিক দেবদেবী-প্রতিমার ও বৃদ্ধমূর্ত্তির অভ্তপূর্বব উৎকর্ষ সাধন করিয়াছিল। গুপ্তরাজ্বস্তর্গের ভগবন্তক্তি, নিষ্ঠা এবং অপ্রমেয় বদান্যতাই মথুরা ও সারনাথের ভাবপ্রবণ শিল্পীদের ভুবনমোহন বৃদ্ধপ্রতিমা স্কলনে উৎসাহিত ও শক্তিমস্ত করিয়াছিল (৪৪ চিত্র)।

গুপ্তত্থাপত্যের পরিকল্পনা ও মূর্ত্তিগঠন-পদ্ধতি উত্তর, পূর্বর, দক্ষিণ ও পশ্চিম ভারতে উত্তরোত্তর উন্নতিলাভ করিয়া, সপ্তম হইতে পঞ্চদশ শতকের মধ্যে, এক অভিনব মন্দিরপূর্ত্তে রূপান্তরিত হয়। ভুবনেশর, কোণার্ক, কন্দর্য্য মহাদেও, উদয়েশর, মহাবলীপুর, পট্টদকল, বিজয়নগর ও সৌরাষ্ট্র প্রদেশীয় দেবায়তনসমূহ এবং মধ্যপ্রদেশীয় জ্ববলপুরের অদুরে ভেড়াঘাটে দগুায়মান বলদীপ্তা যোগিনীমূর্ত্তিসহ চৌষ্ট্রী যোগিনীয় অপূর্বর মন্দির (দশম শতক) প্রভৃতি তাহার নিদর্শন (৪৫-৪৮ চিত্র)।

গুরুত্বি ভারতীয় স্থাপত্য বৃহত্তর ভারতে অর্থাৎ ব্রহ্মদেশ, কম্বোক্ত, চন্পা, স্থাবা (স্থবর্ণনাপ), যবন্ধাপ ও বলিবাপে নীত হয়। ভারতীয় ও তত্তৎস্থানীয় সংস্কৃতি ও শিল্পের স্থসমঞ্জন সমন্বয়ে সেই সকল রাজ্যে মনোহর স্থ্যার শিক্ষসহ নয়নাভিরাম মন্দিরস্থাপত্য উদ্ভুত ও বিকশিত হইয়াছিল।

ইহা হইতে বিবেচিত হয় যে, অফলত বৎসর ধরিয়া সমগ্র ভারত ও বৃহত্তর ভারত ব্যাপিয়া হিন্দুধর্শ্মের বিবিধ শাখার বিচিত্র দার্শনিক ও আধ্যাত্মিক চিস্কা ও চেতনাপ্রসূত-প্রাদেশিক প্রাকৃতিক পরিস্থিতির অমুকৃল-বছবিধ মন্দির-রচনার বিশিষ্ট বিশিষ্ট পদ্ধতির পারম্পরিক অভিব্যক্তি প্রকটিত হইয়াছিল। গুপ্তত্বাপত্য ও গুপ্তসভাতা তাহাদের অসুপ্রাণিত করিয়াছিল। দক্ষিণ ভারতে প্রকাব নরপতিগণের পহলব, চোল নরপতিগণের চোল এবং পাণ্ড্য রাজগণের পাণ্ড্যস্থাপত্য রীতি, কর্ণাটক এবং মহারাষ্ট্রে চালুকাস্থাপত্য, বিক্ষয়নগরে বিজয়নগর-স্থাপত্য, মাছরায় নায়কশৈলী, মহীশুরে হয়শালা-ছাপত্য, বুন্দেলখণ্ডে চন্দেলছাপত্য, গুরুর ও পশ্চিম রাজ্ছানে বৈনম্বাপত্য রীতি, উত্তর ভারত ও কলিক প্রদেশে উৎকল-ম্বাপত্য রীতি, মধ্য-প্রদেশে মহাকোশল, বছদেশে পাল ও সেন্থাপত্য কলা, আসামে আহোমস্থাপত্য ও মধ্যভারতে চেদিস্থাপত্য-শৈলী ক্রমশঃ বিশিষ্টভাবে ও বিশিষ্টরূপে বিকশিত হইল (৪৯-৫১ চিত্র)। হিমালয়ে নেপাল, কাংড়া ও কাশ্মীর উপভ্যকায় যে ত্রিনিধ স্থাপত্যশৈলীর অভিনব মন্দিরসমূহ পরিদৃষ্ট হয়, তাহারাও গুপ্তস্থাপত্যঘারা প্রভাবিত (৫২ ও ৫০ চিত্র)। কাশ্মীরে শঙ্করাচার্য্য (৮০০ খুঃ) এবং অবস্তীসামী (৯০০ খঃ)-দেবায়তন চুইটি গুপ্তস্থাপড়োর কাশ্মীর প্রকৃতির অমুকৃল অভিব্যক্তি। অবন্তীসামীর প্রস্তরময় মন্দিরগাত্তে খোদিত অপরূপ মিথুনফলক গুপ্তভাস্কর্য্যের মহিমা খোষিত করিতেছে। প্রকৃতপক্ষে আসমুক্রহিমাচলবিস্তারী হিন্দুধর্মা, হিন্দুসংস্কৃতি ও হিন্দুর রাষ্ট্রীয় সংহতি একত্রীভূত হইয়াছিল গুপ্ত-শিল্পকলা-পরিপুষ্ট হিন্দুস্থাপত্যে। Percy Brown-প্ৰণাত Indian Architecture (Buddhist and Hindu) নামক স্বৃহৎ সচিত্র গ্রন্থে সমগ্র ভারতের সর্ব্ববিধ স্থাপত্য স্থবিশদভাবে বিবৃত হইয়াছে।

বাদশ শতকে তুর্কীরা ভারত জয় করেন। পরবর্ত্তী কয়েক শতাব্দী ধরিয়া হিন্দুর বছমুখী প্রতিভা ও সভ্যতার গতি ভীষণভাবে প্রতিহত হয়। সেই কালে




১৩ চিত্র— গঞা, দিদারগঞ্জ

দেবায়তন ও ভারত সভাতা চিত্রফলক ৩৪



১৪ চিত্র—বৃদ্ধা, সার্মাণ




৪৫ চিব -- লিঙ্গরাজমন্দির, ভুবনেশ্র





১৬ हिन - कन्सा मन्दित शङ्गाहा

দেবায়তন ও ভারত সভাতা চিত্রকলক ৩৭




88 55— 415-417 (575-83)






৪৯ তিত্র— বৃহদীখন মন্দিন, তাঞ্চোর

দেবায়তন ও ভারত সভাতা চিত্রফলক ৩৯



৫০ চিত্র--বিরুপন্দি মন্দির, পটুষরুল




৫. 16 ৭- ক্ষুণালেগর মান্দ্র, মণাণ্র




টেম—রাধাকুল ও ভবানী মন্দির, নেপাল

দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ৪২



৫৪ চিত্র—চতুত্র মদির, ওচ্চা





ट्रिंटे कातर् अधिकमः थाक मिनतिर्माण मञ्जय दय नारे। अधिकञ्ज मूजनमारिनत আক্রমণ ও লুঠনের ফলে বহুসংখ্যক স্থলর স্থলর দেবায়তন বিনষ্ট হইল। কিন্তু বে সকল দেবারতন হুর্গম মরুকান্ডারে, স্থদূর প্রান্তরে, অভাপি অক্ত দেহে পরিদুখ্যমান-দেশী, বিদেশী শিল্পস্মালোচকের নিরপেক বিচারে ভাষারা ভারত সভ্যভার শ্রেষ্ঠ অবদানরূপেই বিবেচিত হইয়াছে। আপংকালে ভাহাদের আশ্রয় লইয়া হিন্দুর ধর্মা ও সমাজ, শান্ত্র ও মনীয়া, অহিন্দুর অভ্যাচার হইতে আত্মরকা করিতে সমর্থ হইত। দক্ষিণ ভারতের কোনও মন্দির আক্রান্ত হইলে মন্দিরপ্রাক্তৰে নাগরিক ও জানপদগণ একত্রাভূত হইয়া বিগ্রহ ও ধর্মকে শত্রুর কবল হইতে রকা করিতেন। মধ্য ভারতে ঝাঁসির অদূরবর্তী ওর্চ্ছা রাজপ্রাসাদ সংলগ্ন, চারিশত বৎসরের প্রাচীন, স্থ-উচ্চ 'চতুর্ভু' বিশ্বর হুর্গনিশ্মাণের অভূতপূর্ব্ব পদ্ধতি অমুসারে পরিগঠিত (৫৪ চিত্র)। তাহার বৃহদায়তন নাটমন্দিরের (গুপ্তমন্ত্রণাকক্ষের) ছুল প্রাচীর-গুলি প্রস্তর-নির্শ্বিত, মূর্ত্তি-বিবর্জ্জিত। প্রাচীরের মধ্যে, বছতল মন্দিরের প্রতি তলে ও শিশরে উঠিবার জন্ম তিনপ্রস্থ গুলুম্বারসহ সোপানশ্রেণী বিশ্বমান। মন্দিরের উপরিভাগে আরোহণ করিয়া সৈন্তগণ আক্রমণকারীদের উপর অন্তর্নিক্ষেপ করিতেন। সম্ভবতঃ মন্ত্রণাকক্ষের তলদেশে স্থুড়ক্পথ ছিল। সেই পথে হয়ত মন্দির হইতে, লোক-চক্ষর অগোচরে, বুন্দেলধণ্ডের পর্বভারণ্যে নিরাপদে গমনাগমন হইত। মগধাধিপতি বিশ্বিসারের বিশাল রাজধানী সিরিত্রজের অর্থাৎ রাজগৃতের প্রাসাদে, চিডোর তুর্গের প্রাসাদে এবং আগ্রার প্রাসাদতলেও উক্তপ্রকার মুড়ক নির্দ্মিত হইয়াছিল। আলাউদ্দীনের কবল হইতে ধর্ম্মরকা করিতে বছশত রাজপুভরমণীসহ মেবারমহিবী পলিনী প্রাসাদতলে সুড়ক্ষমধ্যক অনলকুণ্ডে প্রাণ বিসর্ফন করিয়াছিলেন। ভবানীদেবীর নিরালা মন্দিরে এবং পশ্চিম্ঘাট পর্বতের তুর্গম অরণ্যের প্রচ্ছন দেবারতনে ছত্রপতি শিবাঞ্চীর রণ-মন্ত্রণা পরিচালিত হইত। কর্ণেল মেডোজ টেলর ভদীয় ঐতিহাসিক উপকাস 'তারা' গ্রন্থে মারাঠী রণ-মন্ত্রণা কিরূপে পরিচালিত হইভ, তাহা স্থন্দরভাবে বিশ্বত করিয়াছেন। দক্ষিণ-ভারতীয় মন্দিরের ১৬০ উচ্চ গোপুরমের শীর্ষদেশ হইতে সেনাপতিগণ শত্রুসৈঞ্চের গতিবিধি পর্যাবেক্ষণ করিতেন।

⁶⁻¹⁸⁷²B.


গুপ্ত-দ্রাবিড় মন্দির-ছাপত্য

খ্ব: পু: 'চৈত্যপ্রাসাদ' ও 'প্রাসাদ-মন্দির' দক্ষিণ ভারতে 'বিমান' নামে আখ্যাত হইত। বহুতল বিমান-মন্দিরের আকৃতি হইত রখের মত। মহাবলীপুরমের পঞ্চংখ্যক রথ-মন্দির এবং কোণার্ক ও মুধেরার প্রাসন্ধ সূর্য্যমন্দিরন্বয়, প্রধানতঃ দ্রাবিড়ী রথাকৃতি বিমান-মন্দিরের আদর্শে গঠিত (৫৫ ও ৫৬ চিত্র)। উভয় মন্দিরের উপরিভাগ ধ্বংস হইয়াছে—অবশিষ্ট আছে তাহাদের নিম্নাংশ এবং मुर्थमध्य व्यर्थाय कतारिका। मश्चम मक्टक शक्तवताक ताकिनिः व मालाक श्राप्ताम সমুদ্রতীরে, মহাবলীপুরে, প্রস্তারের সর্বপ্রথম রথ-মন্দির, উত্তর-ভারতীয় নাগর (রেখ) অর্থাৎ গুপ্তস্থাপত্যের আদর্শে নির্দ্মিত করাইয়াছিলেন (৫৭ চিত্র)। किन्त (मरे तथ-मिक्त प्रांनीय वर्षां मजरमणीय विभान-निर्माण-भक्ति वर्षायी নির্ম্মিত হয়। তদ্বারা, অর্থাৎ গুপ্ত-নাগর-মন্দিরের পাষাণ-স্থাপত্য-রীতির এবং দ্রাবিড়ের দারুময় সৌধ-নির্ম্মাণ-পদ্ধতির সমন্বয়ে. নাগর-দ্রাবিড় তথা গুপ্ত-পহলব স্থাপত্য-শৈলীর উত্তব হইয়াছিল। সেইরূপ গুপ্ত-জ্রাবিড মন্দির-স্থাপত্যের নিদর্শন দাক্ষিণাত্যে বিভিন্ন প্রদেশে বিভামান আছে। অঞ্চণী, এলোরা, এলিফাণী, পাণ্ডুলেনা ও কান্ডেরীর চৈত্য, মন্দির ও বিহার এবং বিজয়নগরের বিঠলস্থামী মন্দির গুপ্ত-দ্রাবিড্-ছাপত্যের প্রকৃষ্ট উদাহরণ (৫৮-৬১ চিত্র)। ৬৪২ খ্ন: পহলবরাজ নরসিংহবর্ম্মন চালুক্যরাজ্ঞ পুলকেশীকে পরাজিত করিয়া তাঁহার স্থপতি ও ভাস্করগণকৈ বাদামি, অজ্ঞণী এবং এলোরা হইতে মহাবলীপুরে লইয়া যান। অভঃপর চালুক্যপতি বিক্রমাদিত্য কাঞ্চীর যুদ্ধে পহলবরাজ্ঞকে পরাভূত করিয়া উক্ত শিল্লিগণের শিশুপ্রশিশ্বসমূহকে দাক্ষিণাভ্যে চালুক্যরাজ্যে লইয়া যান। তাঁহারাই পট্টদকলের বিরূপাক (৭৪• খঃ) এবং বিরূপাক মন্দিরের আদর্শে এলোরার অতুলনীয় কৈলাস (অফম শতক) মন্দিরের স্রফা। অঞ্চা ও এলোরা ব্যতীত দাক্ষিণাত্যের চালুক্য-স্থাপত্যে গুপ্তশিল্পের প্রভাব ছিল প্রভূত পরিমাণে। সিংহল ছাপে পোলোবার্যা (বাদশ শতক) মন্দিরেও গুপ্ত-ক্রাবিড়-স্থাপত্য প্রতিফলিত হইয়াছে (৬২ চিত্র)।

দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফ**ল**ক ৪**৩**




৫৫ চিত্র স্থ্যসন্দির, কোণাক



८७ कि.१- छगामनित, भूटधना




৫৭ চি.এ- রপ্যান্ত্র, মহাবলাপুর




৫৮ চি.৭—১৯নং গুলাচেগ্র, অলন্টা

দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ৪৬



৫১৫ '১ত্র— কৈলাম মদিদ, গুলোরা



চিত্রফলক ৪৭



৬০ চিত্র – ইক্রম্ভা জেন্ডুইা, ন্লোরা



७১ किड-विशेषायी प्रक्टितत् व्यक्ति, विक्रमन्त



৬২ চিত্র--পোলোলারায়া মন্দির, সিংহল

গুপ্ত এবং গুপ্তোত্তর যুগের হিন্দুছানে প্রতি সমাঞ্চপতি ও প্রতি মন্দিরপ্রতিষ্ঠাতার পক্ষে মন্দির হইয়াছিল সকল সংকর্মের উৎস। মধ্যযুগে মন্দিরকে কেন্দ্র করিয়া গ্রাম ও নগরীর বিশ্বাস। গ্রাম ও নগরের মধ্যমণি দেবার্ডনের পবিত্র সিংহাসনে মাল্যভূষিত, চন্দনচর্চিত পৌরদেবতা বিরাশ করিতেন। গ্রাম ও নগরের चार्रिकेनी नथं ও तांकनथं मन्दित्रशाकरंग यथाकरंग निर्देशमा नत्नि ও मकन বীথিতে পরিণত হয়। গ্রামীয় ও নগরীয় পৌরসভাগৃহের আদর্শেই জগুমোহন মগুণ ক্ষা পরম্পরাগত নগর-নির্মাণ-বিধানামুসারে পুরীধামের পুরুষোত্তম, সোমনাথ, শত্রুপ্তর পালিটানা, জীরক্ষম এবং ফুল্দরেশ্বর-মীনান্দী প্রভৃতি বৃহৎ বৃহৎ মন্দিরসমূহের স্থাশন্ত সীমানা অর্থাৎ স্থাহৎ অন্তর্ভাগ নির্দ্দিন্টসংখ্যক সমচতুর্ভু জ অধবা সমাস্তরাল, সমচতুকোণ কেত্রে বিভক্ত। বহুতল ভোরণসহ হৃ-উচ্চ প্রাচীর-বেষ্টিত প্রতি অন্তর্ভাগে ত্রাহ্মণ, বৈশ্য, প্রহরী, পরিজন, উভানপালক, মালাকার, কুম্বকার, তৈলক প্রভৃতির তথা মন্দিরের মহাম্বপতি, মহাতক্ষক, কারু।বদু ও শিল্পী প্রভৃতির স্বতন্ত্র পল্লী ব্যতীত তাঁহাদের আপন আপন আবাসগৃহ, সাধারণ শক্তশালা, পণ্যশালা, ভাগুারবাটিকা ও পণ্যবীধিকা প্রতিষ্ঠিত। ফলবুক্ষ ও পুষ্প-কুঞ্জ-শোভিত প্রণস্ত দেবোভানে ফলিত ক্যোভিষ ও শিল্পশান্তার নির্দেশানুযায়ী বিবিধ দেবদেবী এবং তাঁহাদের বাহন, আদিত্য, দিক্পাল ও ধারপালগণের অবস্থানের নিমিত্ত প্রাকার-তোরণ-বেষ্টিত ক্ষুদ্র কুক্র দেবগৃহ ইতন্ততঃ বিশুন্ত। ত্রিচিনপলীর পার্ষস্থিত শ্রীরঙ্গম্ মন্দির-নগরী এবম্বিধ দেবনগর বিক্যানের শ্রেষ্ঠ উদাহরণ (৬৩ চিত্র)। यखनाना-दक्ती देविषक महाश्रादमत जामर्ग (५७ हिन्न) मिक्न छात्रजीय मिन्नतरकती নগর ও পল্লীগ্রাম পরিগঠিত হইত। বৈদিক গ্রামের ভোরণ ও বেফ্টনী মন্দির-নগরী - প্রীরন্তমের আকাশচুম্বী গোপুরম ও স্থ-উচ্চ প্রাকারে পরিণত হইয়াছিল।

দেবায়তন-সংলগ্ন সহস্রস্তম্ভ সভামগুপ—মুনিঋবি-অধ্যুষিত সহস্রপাদপপূর্ণ আশ্রম-কাননের অনুরূপ। পূর্ববিঘাট পর্বতমালার উত্তরভাগে খাপদসঙ্কুল অরণ্যাকীর্ণ 'কালাহান্দি' রাজ্যের রাজধানী 'ভবানা পাটনা'য় অবস্থিত মহারাজ প্রভাপকেশরী দেও বাহাছরের বিরাট্ প্রাসাদসংলগ্ন কুলদেবী মাণিকেশরী মন্দিরের বিশাল মণ্ডপ স্থানীয় অরণ্যানীর প্রেরণায় পরিকল্পিত। প্রসারিত মণ্ডপের ইউকের শুস্তাবলী

দাঙীতে অথবা পদত্রকে আসিতেন। বিতল, ত্রিতল ধর্মশালায় এবং সারিবন্ধ পর্বকূটীরে তাঁহারা অবস্থান করিতেন। মন্দিরের বিবিধ 'আপণে' (বিপণী) স্বদেশ ও বিদেশকাত শিল্প ও পণ্যত্রব্য বিক্রীত হইত (৬৪-৬৮ চিত্র): ভিববতী চামর, তক্ষশিলার শিলাজভু, কাশ্মীরী কুরুম, মলয় ও বিশ্বাগরির বনৌষধি, মহীশ্রী ও ত্রিবাকুরী চন্দনকাষ্ঠ ও গব্দস্ত-খোদিত স্থকুমার কারুকলা, ভারত সমুদ্রের মুক্তা, সিংহলের প্রবাল, অকরাগের উপাদান পুষ্পারেণু; স্নানান্তে ধৃপধ্ত্রে কেশকলাপ ও চন্দনে অন্ধ সুরভিত করিবার উপাদান ধূপ ও অগুরু; অনুলেপন ও তিলকমগুনের জ্ঞা নেপালজাত কালীয়ক (মৃগনাভি); রমণীর ওষ্ঠপুটে লেপনের জ্ঞা মধু, কুরুম এবং মোমমিশ্রিত প্রলেপ; রমণীর কপোল শোভিত করার নিমিত্ত মনঃশিলাচূর্ণসহ দ্রব হরিতাল-মিশ্রিত বিবিধ টিপ: লবকফুলের ও কেতকীর নির্যাস, অলক্তক ও ইঙ্গুল; সৈন্তাধ্যক্ষের ব্যবহর্ত্তব্য লোহবর্ণ্ম, শিরস্তাণ ও চর্ণ্মপাত্তকা; নালীক (বন্দুক); তরক এবং রণকুঞ্জরের ব্যবহার্য্য বর্মা ও আভরণ প্রভৃতি বছবিধ দ্রব্যসামগ্রী ভারতের নানা প্রদেশের শিল্প তথা পণ্য প্রদর্শনীতে স্থসচ্জিত থাকিত। কোথাও সচ্জিত হইত স্বর্ণখচিত চীনাংশুক, পশুলোমের কম্বল, বীকানীরী উষ্ট্রলোমের শীতবন্ত্র; কোথাও বৃক্ষম্বকের বন্ধল, কোমবন্ত্র, কার্পাস ও পট্টবন্ত্র, অমরাবতীর খদ্দর, দোপাট্টা (উড়ানি); কোথাও বারাণসীর চেলি, জীনগরের শাল, পূর্ববক্ষের সূক্ষ্মতম মলমল (মসলিন), মাতুরা, মাহীশ্বতী ও কোশাস্বীর রেশমী শাড়ি, যাঘরা, অঙ্গরক্ষণী ও কঞ্লিকা (কাঁচুলি) প্রভৃতি; বিক্রমশিলার শিল্পশালায় উৎপন্ন মণি-পানা-হীরক-খচিত স্বালকার; বান্ধালনার প্রাণপ্রিয় ফুলের, শোলার ও তালপত্রের গহনা; রাজোয়ারা কুমারীর বিবাহসভ্জা-কুসুস্বী (শাড়ি), লেহ্লা (খাঘরা) ও চোলী (কাঁচুলি); কোথাও বা কাশীধামের পিত্তল ও কাংস্থ-নির্মিত গৃহস্থালী তৈজস, জয়পুরী খেডপ্রস্তরের ভোজনপাত্র, নালন্দার ধাতুশিল্ল, বঙ্গদেশীয় মৃৎশিল্ল এবং অইধাতুর ও ক্তিপাথরের ভাক্ষর্যা, ত্রোঞ্জ-ধাতুর 'নিবেদন ভূপ'; কোথাও বা পাটন (নেপাল) ও যশনীরের ধাতুময় ভাক্ষর্য ও হরিদ্রাভ প্রস্তরের হুচিকণ মূর্ত্তি, রাজস্থানী অথবা কাংড়া অঞ্চলীয় চিত্রশিল্পার স্থনিপুণ-তুলিকা-রঞ্জিত বিবিধ বর্ণোজ্ফল বিচিত্র চিত্রাবলী; কোৰাও বা মধমলের আসন, সাঁচচা জরীর অথবা স্বর্ণাভ সূচীশিল্লখচিত রেশমী শ্যা-

চিত্রফলক ৪৯




स्थापन इतिक्रम्योग्न-इति दर

চিত্ৰফলক ৫০



৬৪ চিত্র—তকণাৰল, মহীশ্ব



৬৫ চিত্র – স্চীশিল্প, কাগার

দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ৫২



৬১ চিত্র—পুকুমার শিল্প, পশ্চিমবঙ্গ




৬৭ চিত্র – দারুময় শিল্প, ত্রিপুরা




৬৮ চিত্র—সরপতী, পশ্চিমবঙ্গ

চিত্ৰফলক ৫৫



৬০ চিত্র –পুরুপতিনাথ মন্দির, নেপাল



চিত্র—শাস্তিনাথ মন্দির, যশল্মীর

वज ७ जनाजन ; त्नीत्वत्रक्त (यूकान क्रियाना), किन्नीहे, क्रूकन, दक्तून, क्रून, कदनी, दर्शखन्त्रज्ञ, यृषिकांवन, मश्रमहत्र हात्र, क्षिहात, हखहात्र, मृद्यहात्र, नृशृह्म, চরণচূড় ও তরক্ষক প্রস্তৃতি অলকার; কনক, ডাড্র ও পিবলের দর্পণ, দ হত্তিদন্তের ন্থাসন (শীতল পাটি)। প্রাচীন ও মধ্যভারতীয় শিল্পতাত এবছিখ শত শত রূপদ্রব্য, দেবায়তনের ক্রোড়ে, নরপতি ও বাত্রী অনগণের পৃষ্ঠপোষকভাষ, ভাষাদের প্রবর্জমান পুষ্টি অর্জ্জন করিত। শিল্প ও সংস্কৃতি সংরক্ষণের এডাদৃশ সহজ পদ্ধতি ত্রিটিশ শাসিত ভারতে, রাজকীয় পৃষ্ঠপোবকভার অভাবে, বিলুপ্তপ্রায় হইয়াছিল। বারাণসীর বিখনাথ মন্দিরাশ্রিত সংস্কৃতশিক্ষায়তন ও কচুরীগলির বিবিধ পসরাসস্থারী বিচিত্র বিপণীভোণী, গরাকেত্রে বিষ্ণুপাদমন্দিরসংলগ্ন স্কুমার শিল্পালা, নেপালের পশুপভিক্ষেত্র, উজ্জ্বিনীর মহাকালকেত্র, যশন্মীরে শান্তিনাখনন্দির, নাথবার, প্রবণবেলগোলার জৈন সাহিত্যভাগুার, পুরীধামের গোবর্জন শিক্ষায়ভন, विक्रुभूरत्रत महनरमाहन এवः हिनाक्रभूरत्रत कास्त्रमन्त्रत विविध ग्राम्त विविध मःक्र्षि-প্রসূত—বিভিন্ন প্রাকৃতিক পরিস্থিতিসক্ত—নাগরিক জীবনের বৈশিষ্ট্য প্রকৃতিত করে এবং ভারতবাসীর শিল্লামুরাগ ও সৌন্দর্যাজ্ঞান কিরূপ গভীর ছিল, অপিচ পাশ্চাভ্য-প্রভাবিত বর্ত্তমান ভারতীয় জীবনধারা কোন পথে প্রবাহিত হইতেছে ভাহার পরিচয় প্রদান করে (৬৯ ও ৭০ চিত্র)।

দক্ষিণ ভারতে মুসলমানের আধিপত্য প্রবল ছিল না। সেই হেতু দক্ষিণাভ্যের হিন্দু রাজগণ বছকাল পর্যান্ত জাতীয় কৃষ্টি ও শিল্পের মর্যাদা জনাহত রাখিতে সমর্থ হইরাছিলেন। সেই হেতু জাবিড় দেশে দেবায়তনের প্রসারিত পক্ষপুটে আচ্ছাদিত গ্রাম ও নগরের পৌরজীবন, নীড়মধ্যস্থ শুক্শাবকের মত নিরাপদে শান্তিপূর্ণভাবে অভিবাহিত হইরাছে। দাক্ষিণাত্যের শ্রেষ্ঠ তীর্থসমূহ পর্যাটনকালে, প্রাবিড়-দক্ষিণের ভাবা, আহার ও জাচারগত পার্থক্যজনিত বছবিধ অস্থবিধা ভোগসন্থেও, দক্ষিবক্ষেত্রী

[ৈ] মোহেন্-জো-দড়ো খননকালে ভাত্রদর্পণ, স্বর্ণরোপ্যের কেয়্র, ককা, কুওল, সপ্তলহর ছার, কাচের বংকাভ্যণ, প্রস্তর্গতিত (জড়োয়া) জলভার ও ক্টিকের কঠ্যালা আবিহৃত ইইয়াছে (১১ চিত্র)।

নগরের ধর্ম্ময় নাগরিক-জীবনের স্বচ্ছন্দ-সরল-সাবলীল গতিবিধি নিরীক্ষণ করিয়া দর্শক অভিভূত, অমুপ্রাণিত হইবেন। দেবায়তনের বিশাল মগুণে দণ্ডারমান থাকিবার কালে পুঞ্জীভূত স্থাপত্য-ভাস্কর্য্যের প্রবল আকর্ষণে তিনি আত্মবিশ্বত হইবেন। গৌরবময় পূর্ববপুরুষের অনাবিল জীবন-প্রবাহের উজ্জ্বল সচল আলেখ্য তাঁহার মানসমুকুরে অহরহঃ প্রতিবিশ্বিত হইবে।

দেবায়তনকে অবলম্বন করিয়া প্রাচীন ভারতে মহাবিভালয়ের প্রতিষ্ঠা ও প্রসার।
ইন্দোরের অদূরবর্তী ধারা নগরীতে স্থপ্রসিদ্ধ সরস্বতী মন্দিরের অন্তর্গত সংস্কৃত
বিভালয় একদা শ্রেষ্ঠ শিক্ষাকেন্দ্ররূপে পরিচিত ছিল (৭১ চিত্র)। দূরদেশ হইতে
সেথানে ছাত্রগণ আসিতেন শান্ত ও সাহিত্য শিক্ষার জন্য। তাঁহাদের শিক্ষার
স্থবিধার নিমিত্ত প্রস্তর-নির্দ্মিত গৃহপ্রাচীরে অফ্টাধ্যায়ী পাণিনির সারভাগ উৎকীর্ণ
ছিল। দূরদেশ হইতে দিখিজয়ী পণ্ডিতমগুলী মন্দিরের পশ্ডিতসভাতে, সাহিত্য ও
ধর্ম্মাম্মেলনে, শান্ত্রবিচারের জন্য অথবা সমাগত পণ্ডিতগণকে তর্কযুদ্ধে আহ্বান
করিতে আসিতেন। প্রজ্ঞা, বেদমতী, বিশাখা, স্থলভা, উভয়ভারতী, লক্ষ্মীঙ্করা
প্রস্তৃতি বিছ্ষী মহিলাগণ তর্কবিচারে যোগদান করিতেন। মৈত্রেয়ী ও গার্গী
দার্শনিক বিচারসভায় সভানেত্রীর আসন অলঙ্কত করিয়াছিলেন। "ব্রহ্মবাদিনী"
বৈদিক কন্যা বিশ্ববারা কেবলমাত্র অগ্নির ঋক্মন্তর রচনা করেন নাই, স্বয়ং ঋতিক্রপে
যক্ত সম্পাদন করিতেন।

এইরূপ মহাসন্মেলনের অধিবেশন প্রায়শ: এক হইতে তিন সপ্তাহকাল অমুষ্ঠিত হইত, একাদিক্রমে। এহেন বিচারসভায় পাণিনি, কাত্যায়ন, বররুচি ও কালিদাস শ্রেষ্ঠ সম্মান অর্জ্জন করেন। এহেন সভায় শ্রীশঙ্করাচার্য্য বিজ্ঞয়মাল্যে ভূষিত হইয়াছিলেন। নির্বিকার-নির্বিশেষ-অবৈতবাদী, মায়াবাদী, বেদান্ত-ভাগ্য-কর্ত্তা ব্রাহ্মণ শঙ্কর তাঁহার অসাধারণ পাণ্ডিত্য ও অপরাজ্ঞেয় বাগ্মিতাপূর্ণ যুক্তিতর্ক ও অমুভূতির মাধ্যমে, মাধ্যমিক বৌদ্ধ দর্শনের শৃগ্যবাদের প্রতিপ্রভাব হইতে, উপনিষদের ব্রহ্মবাদকে রক্ষা এবং ব্রাহ্মণ্য সংস্কৃতিকৈ গৌরব গরিমার উচ্চ সিংহাসনে পুনঃ প্রতিষ্ঠিত করিতে সক্ষ্ম হইয়াছিলেন। এহেন সভায় মহারাণা প্রতাপসিংহের প্রসিদ্ধ চারণ রাঠারকুলতিলক পৃথীরাজ্ঞ সমগ্র রাজ্ঞ্ছানের চারণ-কবি সম্মেলনে জয়মাল্যে

অভিনন্দিত হয়েন। প্রাচান যুগে রাজ্মভা অপেক। দেবায়তন-প্রাঙ্গণ অথবা তৎসংলগ্ন শিক্ষায়তনের বৃহৎ সভামগুপ গভীরতর শান্তালোচনা এবং কাব্য-প্রতিযোগিতার জন্ম অধিকতর উপযোগী ছিল। প্রাচীন ভারতে তক্ষশিলা, বারাণসী, অমরাবতী, উজ্জবিনী, তাঞ্চোর, পত্তন, মথুবা, নালন্দা, পাছাড়পুর ও ধারানগরীর শিক্ষা-প্রতিষ্ঠানের অন্তর্গত, স্থাপত্য-চিত্র-আলিম্পন-মণ্ডনশোভিত, বিশালকায় বিচারমণ্ডপ-সমূহের আয়তন ও আফুতি কিরূপ হইত তাহা মধ্যযুগীয় বিজয়নগরে বিঠলস্বামী मन्मिरतत मरनाहत मछे । ज्यारा माठ्रतात ज्यन्मरतथत मन्मित्रमः लग्न ज्यर्गकमल मरतारत-পার্যন্থ চিত্রমণ্ডপ-দর্শনে অফুমিত কর। যায়। প্রতিষ্ঠানের বহুতল বিভায়তনসমূহের অমুকৃতি মহাবলীপুরের রথাকৃতি দেবায়তনে দ্রাষ্টব্য। দে দৃশত-হস্ত উচ্চ স্থবর্ণ কিরীট-শোভিত নালন্দা মহাবিহারের বিচিত্র স্তম্ভপূর্ণ মহামগুপের বিশ্বয়প্রপ্রদ কারুকার্য্য এবং উজ্জ্বল রামধমুবর্ণের তৈলচিত্ররঞ্জিত অভ্যস্তরভাগের বর্ণনাপ্রসঙ্গে খৃঃ সপ্তম শতকে হুয়েন সঙ লিখিয়াছেন—"... pillars ornamented with dragons, beams resplendent with all the colours of the rainbow, rafters richly carved, columns ornamented with jade painted red and richly chiselled . . . " থঃ পঞ্চম শতকে ফা-ছিয়েন্ নালন্দায় একটি ছয়তল মন্দিরমধ্যে বুহৎ একটি তাম্রমূর্ত্তি (महाकाल १) लक्का कतियाहिएलन ।

নিয়তির কুটিল বিধানে বেদ-উপনিষদ যুগের গুরুকুল ও ঋষিকুলের সমতুল আত্রাম-শিক্ষায়তনের গৌরবরবি অন্তমিত হইলে, বিভাদেবী গ্রামীয় ও নগরীয় পণ্ডিতের চতুপ্পাঠীতে ও টোলে আত্রায় লইলেন। কিন্তু ভারতের সাংস্কৃতিক জীবনে খ্রীষ্ট-জ্মের প্রথম সহস্রবৎসরব্যাপী যে স্থসমৃদ্ধ, শান্তিপূর্ণ পল্লী ও নগরীয় সভ্যতা ও সংহতি বিরাজমান, প্রবর্ধমান ছিল, তাহার শ্রেষ্ঠ শক্তিকেন্দ্র হইয়াছিল ওই অনন্ত-অন্বর-চুদ্বী পাষাণমন্দিরের প্রশস্ত প্রাঙ্গণ। মধ্যযুগীয় হিন্দুস্থানে ও বৃহত্তর ভারতে ওই দেবায়তনই স্ক্রেয়াছিল জ্ঞান-প্রজ্ঞান-বিজ্ঞান শিক্ষার শান্তিনিকেতন। দেবায়তন রাজ্বা-প্রজ্ঞা, শিক্ষিত-অশিক্ষিত, সর্বেজনসাধারণকে সম্মোহিত এবং আকৃষ্ট করিয়াছিল। দেবদেউল নিরক্ষর জনগণের অনাবিল ধর্ম্মজীবনের আধ্যাত্মিক স্থখশান্তির, অপরিসীম আনন্দের, গোমুখীনির্গত ভাগীরধীধারার অমৃতময় সঙ্গীত-


7-1872B.

প্রবাহসক্ষপ হইয়াছিল। অন্তর ও আত্মার শক্তি ও তৃপ্তিসম্পাদনে দেবস্থানের অবদান অপরিমেয়। সদ্ধার আগমনে কৃষক লাক্ষল ছাড়িয়া, শিল্পী যন্ত্রপাতি ছাড়িয়া, মধুর রামলীলা প্রবণ করিতে দেবায়তন-প্রাক্তণে সমবেত হইতেন। হরিকথা-, ভগবদগীতা- ও পুরাণ-পাঠ দেবায়তনের নিত্যনৈমিত্তিক অনুষ্ঠানের পর্য্যায়ভুক্ত হইয়াছিল।


সুদ্র কম্বোক্ত রাজ্যের 'আক্তর ভাট' (খুঃ বাদশ শতক) বিষ্ণুসূর্য্যমন্দিরগাত্রে উৎকীর্ণ লিপিমালা ঘোষণা করিতেছে যে, দৈনন্দিন রামায়ণ-ও মহাভারত-পাঠের ব্যবহা ক্ষোক্তেও প্রচলিত ছিল। শান্তক্ত প্রাক্তান, দার্শনিক পণ্ডিত এবং কিন্তরকণ্ঠ কথকঠাকুর, সবল কল্পনা ও প্রাঞ্জল বর্ণনাশক্তি-সম্পাতে, ইতিহাস ও পুরাণের কাহিনী সাধারণের মানসপটে চলন্ত ছায়াচিত্রের প্রাণবন্ত আকারে ফুটাইয়া তুলিতেন; এইরূপে, একাধারে সাহিত্য ও ধর্ম্মোপদেশের অমৃতধারা তাঁহাদের পান করাইতেন। ভাক্তর মন্দিরের ভিত্তি ও স্তম্ভগাত্রে রামায়ণ ও পুরাণের কাহিনী, স্থগভীর ধান এবং অপূর্বে বিভাসশক্তির সমন্বয়ে উৎকীর্ণ করিয়া কথকঠাকুরের শান্ত্রপাঠের, মুর্ন্ত টীকা জনসমক্ষে উন্থাটিত করিতেন, স্থদীর্ঘ কালের জন্ত (৭২-৭৪ চিত্র)। অহরহঃ দৃশ্যমান ভাক্তগ্রের অমুপ্রেরণায় দর্শকের চিত্ত স্বীয়্ম অজ্ঞাতসারে শ্রেষ্ঠ শিল্পকলায় শিক্ষালাভ করিত। দৃঢ় ও সবল, স্থকুমার ও অলঙ্কারময়, স্থক্তচিসক্ত স্থষ্ঠ শিল্পের সম্ব্যোহন তদীয় কল্পনাশক্তিকে উর্বের এবং অন্তর্দ্ প্রিকে প্রথর করিত। শিল্পের পরিবেশে অবস্থানজনিত ক্ষের শিল্পীর মূর্ত্তিগঠন ও চিত্রাঙ্কনম্পূহা, যোগসাধন-শক্তি উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইত।


কম্বোজের দেড়শত-হস্ত উচ্চ শিথরশৈলী-শোভিত বিষ্ণুস্থ্যমন্দির আক্ষর ভাটের প্রথম স্তরের (তলের) চতুর্দ্দিকে রামায়ণ-কাহিনী এবং মহাভারতীয় ও পৌরাণিক যুগের সামাজিক জীবনের প্রধান প্রধান ঘটনাবলী প্রস্তরফলকে উদগত। বিতীয় স্তরে জ্ঞানের ভাগ্ডার—পুঁথিপত্র ও শিলালেখসহ বিশাল গ্রন্থাগারসমূহ। প্রশস্ত সোপান সাহায্যে তৃতীয় স্তরের সমতল চত্বরে আরোহণ করিলে সচ্চিদানন্দ স্থ্যনারায়ণের শাহত দেবায়তন দৃশ্যমান হয়। দেবতাদর্শনাভিলাষী সাধকের চিত্ত, কর্মা ও জ্ঞানের প্রথম ও বিতীয় স্তর হইতে তৃতীয় স্তরে উচ্চতম ভক্তিমার্গে

দেবায়ত্র ও ভারত সভাতা




৭২ চিব আগ্রন্ডাট সমানাবিহ্যাস






৭২ক চিত্র–-আফ্রলাট মন্দিরবিয়াস




৭২খ চিত্র—বিষ্ণুগ্য মন্দির, আন্ধরভার, কথোজ

দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ৬০



৭০ চিক্র— প্রথমচওর বেষ্ট্রনীর ছেদিতাংশ, আক্ষরভাচ



৭০ক চিত্র--সমূদ্রমন্তন, আর্রেডাট



৭৪ চিত্র-- বিঞ্নটরাজ, পশ্চিমবঙ্গ

উন্নীত হইয়া, অনস্ত ভগবংপ্রেমে সমাধিত্ব হয়। তাঁহার শভীন্তিয়া শিল্পাস্তৃতি তদীয় অন্তরাত্মাকে আনন্দধামে মোকালোকে বিলীন করিয়া দেয়—বধার সভ্য শিব স্থলর সভত বিরাজমান, প্রতিনিয়ত বিকাশমান।

সৌরমগুলপ্রত্তী সূর্যানারায়ণ, স্ফ্রনশীল মটরাজ ও দেবায়তনের রহস্য

সৌরজগৎশুক্তী, সর্ব্বস্থিপালনকর্তা, সূর্যানারায়ণের উদান্ত ভলিমা সাধক হিন্দু শিল্লীর মানসমূক্রে সভত প্রতিবিদ্ধিত। নারায়ণের ঈষৎ-প্রকৃতি-পল্লকোরক-সমতুল স্থবর্ণমূক্টে হারক (ক্ষিতি), মরকত (অপ্), পল্লরাগ (তেজ), নীলকান্ত (মরুৎ) ও মতি (ব্যোম)-খচিত পঞ্চরত্ব—অন্তহীন নভোমগুলে ছ্যুভিমান্ নক্ষত্র-রাজির প্রতীক। মহান্ যে প্রশী শক্তি স্পিয়াছিল সৌরপ্রকৃতির পরম সন্তা, সূর্যানারায়ণের হেমমুকুটে তাহার ভাস্বর জ্যোতিঃ প্রতিক্ষতিত হইয়াছে। ত্রিভূবন-নিয়ন্তাকর্তা শিবমহেশ্বর—বিফুসূর্য্যের তথা সূর্যানারায়ণের রূপান্তরমাত্র। ধ্যানগন্তীর মহেশ্বরের বিরাট্ ত্রিমূর্ত্তি বোম্বাই উপকৃলে, 'এলিফান্টা' উপদ্বীপে, গভীর, রহস্থময়, 'শিবপুরা' গুহামন্দিরের বিশ্বয় মাঝারে বিরাজমান (৭৫ চিত্র)। ত্রিমূর্ত্তির মহিমা নীলামু জলধি সগর্কে ঘোষণা করিতেছে অম্বর ভেদিয়া সহস্রবর্ষ ব্যাপিয়া ।

অতি প্রত্যুবে অকুট আলোকে আধ-উত্তাদিত মানুরা মহানগরীর বক্ষোপরি স্থানরের ও মীনাক্ষী মন্দিরের অতুলনীয় শোভা বর্ণনার অতীত (৭৬-৭৭ চিত্র)। স্থ-উচ্চ প্রাকারবেষ্ট্রিত বিপুল মন্দিরের প্রস্তরময় 'গোপুরম্' অর্থাৎ শতহস্ত উচ্চ প্রবেশতোরণ, শত শত মুর্ত্তিপূর্ণ। তৎপরে বহুবিধ দেবায়তন-সমন্বিত বিশাল প্রাক্ষণ। প্রাক্ষণের ব্যাপক বিস্তৃতি দর্শকের দৃষ্টিকে প্রসারিত, চিন্তকে উত্তেলিত করে। অদূরে সহস্রেস্ত মগুপের স্তম্ভাবলীর অরণ্যানী। আলোক-আধারের তরঙ্গপ্লাবিত মহান্ স্থাপত্যের মৌন ঘোষণা মহামানবের মর্ম্মাঝারে পরাপ্রকৃতির গভীর রহস্তের গোপনবার্তা প্রতিধ্বনিত করে। সেই আধ-আঁধার আধ-আলোকের অন্তর্নালে—পরিপূর্ণ আনন্দের ভোতক, অপস্মার পুরুষোপরি নৃত্যশীল নটরাক্ষ। ক্ষম ও মৃত্যুর,

হুখ ও ছ:খের, প্রবৃত্তি ও নির্ভির, মিলন ও বিচেছদের, শৃষ্টি ও সংহারের ভালে জালে তাঁহার শৃষ্টিলয়ের মোহন নৃত্যের নিবিড় স্পন্দন, তাঁহার ভৈরবসঙ্গীত-রাগনি:শৃত উদাত্ত তানতরক্ষ—সৌরজগতে ও মানবচিত্তে ছন্দিত, মন্ত্রিত হইতেছে (৭৮ চিত্র)।

অনাদি অনস্ত কাল হইতে সৌরস্প্তি-বিচ্ছুরিত যে অথগু জ্যোতির্দ্ময়, অপ্রমেয় তেজোময়, ভড়িং-তরক্সলহরী বিশ্বর্যাণ্ড ব্যাপিয়া অহরহঃ হিলোলিত হইতেছে— গ্রহ-উপগ্রহ-জ্যোতিকপুঞ্জের অবিরাম আবর্ত্তনপ্রসূত্ত যে ওঁকার নাদ অনস্ত আকাশে সবিত্মগুলে ক্রান্তিপথে প্রতিনিম্বত অনুরণিত হইতেছে—যে চৈতক্সলক্তি মহামানবের মানসমূকুরে অসীম আনন্দময় অপরিসীম মক্সময় ভূমার পরিকল্পনা প্রতিফলিত ক্রিতেছে, তাহাদের পরিপূর্ণ বিকাশ, সং-চিং-আনন্দের প্রেষ্ঠতম অভিব্যক্তি, সতত প্রতিভাত ওই স্পন্দনশীল নটরাজের স্প্রিলয়ের সৌরন্ত্যে।

গ্রীক্ দার্শনিক পিথোগোরস্ ধ্যানযোগে প্রণিধান করিতেন—আবর্তনকারী গ্রহ-উপগ্রহ-নক্ষত্রগণ ব্যোমসংঘর্ষে একপ্রকার একতান সঙ্গীত উৎপাদিত করে যাহা (ভূঁকার নাদ) অনাদি, অনস্ত।


পূজার উপকরণ এবং বিবিধ শিল্পপূর্ণ বিচিত্র বিপণীশ্রেণী অভিক্রম করিয়া, বিক্রীয়মান পূলারাশির ও কস্তরির স্থিয় সৌরভে অভিভূত দর্শক, বিগ্রহ দর্শনমানসে গর্ভগৃহাভিমুখে অগ্রসরকালে, অনবছ-শিল্পস্থমা-মন্তিত, সারিবদ্ধ-প্রস্তরস্তন্ত-শোভিত অলিক্ষসমূহ অভিক্রমান্তে, বিপুল পিত্তলময় দীপর্কে সন্নিবদ্ধ এবং সারি সারি দন্তায়মানা ধাতব দীপলক্ষীর যুগাহন্তে স্থরক্ষিত শত শত স্বতপ্রদীপের বিমল আলোকে আলোকিত অপিচ প্রজ্বনিত কর্প্র ও ধৃপশলাকা হইতে উথিত স্থান্ধ ধ্যপুঞ্জে আর্ড, বিশাল ক্র্গমোহনে অবতীর্ণ হয়েন-। এই মন্তপের স্তম্ভে বিশ্বয়প্রদ স্ক্রেভাবে পোদিত অগণিত উলগত দেবদেবীর প্রমাণাকার প্রতিমা। কোনও স্তম্ভে সংহারশক্তির প্রতীক শবোপরি নৃত্যরতা চাম্প্রা; কোষাও বা তক্রপ সংহার-

[°] শ্বাসিক শৈবতীর্ব চিদম্রম্ মন্দিরের গোপুরম্-গাত্তে নৃত্যশীল নটরাজের ১০৮ প্রকার বিভাব অর্থাৎ মুক্তা খোদিত আছে।


াচত্রফলক ৬৩



পৰ কিন্দু-বিষ্ঠি, এলিকান্টা



৭৬ চিত্র - স্বন্দ্রেগর ও মানাক্র মান্দ্র, মাত্রা



৭৭ চিত্র--জন্দরেশ্ব মন্দিরের গলিন্দ, মাছরা



৭৮ চিজ্র—স্ট্রাজ, ভাওবনুতা, ভাজোর

নৃত্যে ময় মহাকাল; চতুর্বেনদর্মণি-চতুর্য-সংযোজিত পাবাগরধীরত জিপুর-বিজয়রত পিণাকী; উমা ও কলসহ ব্বপৃষ্ঠে মহাদেব; ভারতীয় ভাকর্যের অপূর্ব ফুলর নিদর্শন শিবমহেশরের 'কল্যাণ শুল্দর' মূর্ত্তি—উমার সহিত পরিপয়ের দৃশ্য। বরবেশী চতুর্ভুক্ক ভরুণ শিব; স্বর্গীয় স্থ্যমাভরা অমল অধরে ভাঁহার ফুট্স্ত অফুরস্ত প্রশান্ত হাসি—লজ্জাবনতম্থী, প্রোন্ধিরণোবনা, নববধ্বেশিনী, নিরপমকেশিনী, বিজ্ঞাবনতম্থী, প্রোন্ধিরণান, নববধ্বেশিনী, নিরপমকেশিনী, বিজ্ঞাবনতম্থী, গালন্ধভা নগরাক্ষকত্যা সানন্দ সহোচে মেদিনীর ক্রোড়ে মিলাইতে চাহেন। ত্রিনেত্র চন্দ্রশেষর ভাঁহার করস্পর্শ করিয়াহেন। স্পর্শক্ষনিত বিপুল পুলকে 'সঞ্চারিণী পল্লবলভেব' কমনীয়া-নমনীয়া তমুলতা ভাঁহার অমুপম ললিত লাবণ্যে দেদীপ্যমানা। প্রদাতারপী চতুর্ভুক্ত সূর্য্যনারায়ণ শিবকরে পার্বভীক্ষে সম্প্রদানকরতঃ ত্রিভিন্নিমঠানে বরবধ্র করপুটে স্বর্ণভূলার হইতে শান্তিবারি প্রদান করিতেহেন। প্রজাপতি ব্রহ্মা যজ্ঞাগ্নি সমক্ষে পল্লাসনে উপবিষ্ট। কল্যাণ স্থলরের পরিণয়দৃশ্য দর্শনান্তর যাত্রীর চিত্তন্তি হইলে স্থল্বরের দর্শনমানলে তিনি গর্ভগৃহে প্রবেশ করেন।

ষভন্ত গোপুরম্ ও প্রাকারবেপ্রিভ মীনাক্ষী মন্দির স্থানরেশ্বর মন্দিরের অদ্বের নৈখাঁত (পশ্চিম ও দক্ষিণ দিকের মধ্যবর্তী) কোণে অবস্থিত। দেবীর মূল মন্দিরের পুরোভাগে বিচিত্র লভাপুন্স, পশুপক্ষী এবং আকর্ণবিস্তৃত-পত্রপল্লব-মন্ডিভ-গন্ধাসিংহ-পরিবেপ্রিভ পঞ্চপাশুব ও দ্রোপদী, মহাবীর ও অঙ্গদ, পভঞ্জলি ও ব্যাত্রপাৎ ঋষির রহদান্তন মূর্ত্তিসন্থলিত 'পদ্মকান্ত' স্তম্ভপূর্ণ বিস্তীর্ণ মশুপ। এখানেও অগণিত যাত্রীর সমাগম। মীননয়না মীনাক্ষীর স্ক্রাম সৌন্দর্য্য অপূর্ব্ব ও অতুলনীয় ভাবপূর্ণ।

স্পরেশর মন্দিরের সারিধ্যে অগ্নি (পূর্বে ও দক্ষিণ দিকের মধ্যবর্তী) কোণে 'বর্ণকমল' সরোবর শোভমান। প্রস্তরময় সোপান এবং প্রস্তরময় চতুঃসংখ্যক মগুণ পরিবেপ্তিত স্থবিশাল জলাশয়ে বর্ণশৃক্ষধারী গোপুরম্ প্রতিবিদ্ধিত। সরোবর প্রদক্ষিণকালে দৃষ্ট হয়—প্রস্তরের প্রশস্ত বেদীচন্দরে উপবিষ্ট, দীর্ঘশিখ, মৃণ্ডিতকেশ, তেজোদীপ্ত, বেদজ্ঞ আক্ষণমগুলী যজুর্বেদ হইতে বাধ্যায় পাঠরত। বাধ্যায়-আর্থিজাত স্বতরক্ষের অল্রান্ত বাদ্ধার গন্তীর বননে প্রভাত সমীরণ পরিপ্তত করিয়া, বাদ্ধ্যুক্ত বিকম্পিত করিয়া, ত্রজ্ঞানে বিলীন হয়। অগ্যত্ত-উপবিষ্ট

সামবেদী ব্রাক্ষণগণ ঐক্যতানে সামগান করিভেছেন। স্থা-কাহাল-মূদক-ধরতাল-সঞ্জাত বাস্থাননির তালে তালে, জলদগন্তীর তামিল ভাষায়, প্রামণ্ডণের উপর আসন-বন্ধে উপবিষ্ট সৌম্যমূর্ত্তি স্থকণ্ঠ গায়ক শিবের বন্দনা করিতেছেন।

দিবসের বিতীয় প্রহরে, দিনমণির স্থবণিকরণসম্পাতে, জগনোহনের স্থাপত্য ও ভাস্কর্যাকলা স্পষ্টতর এবং মন্দ্রিরের মধুরিমা ও স্থবমা পরিপূর্ণভাবে প্রতীয়মান হয়। সন্ধ্যার জাগমনে শব্দ, ভেরী, ঘণ্টা ও পনব-পটহ-ডমরু-ধ্যনিত সেই পাষাণমগুণে অসুন্তিত বেদগান, তামিল ভক্তন এবং আরভিদর্শনার্থী শত শত নরনারীর অসুচ্চ কোলাহলের প্রোতঃলক্ষমে যে মোহময় পরিবেশের সমাবেশ হয় তাহার বিশ্বদ বর্ণনা ভাষার অতীত।

শিক্ষায়তন ও ধর্মজীবন


ভারতের জ্ঞান ও কর্ম, ভক্তি ও নর্ম, মৈত্রী, আনন্দ, রূপ, রস, অমুভৃতি ও অন্তরাত্মা, ভারতের শাখত ধর্ম দেবদেউলের পাদপীঠে একদা অমরহ লাভ করিয়াছিল। বর্ণাশ্রমী প্রাক্ষণকর মহান্ আদর্শ জাগ্রত ছিল। আদর্শের পরম হোডা মহর্ষি যাজ্রবন্ধা, শেতকেতু, কৃষ্ণবৈপায়ন বেদব্যাস ও বাল্মীকি প্রভৃতি মহাত্যাগী মহাপুরুষণ বেদে, উপনিষদে, রামায়ণে, মহাভারতে, পুরাণে, সাহিত্যে ও কাব্যে, ধর্মদর্শনশাল্রে, সলীতে ও চিত্রে, ভাক্ষর্যে ও স্থাপত্যে প্রণশ্রহিত করিয়াছিলেন। নিমিষারণ্য একদা দশ সহস্র শিশ্রের অধিনায়ক কুলপতি শৌণক প্রমুখ অধ্যাপক ঋষিগণের এবং শিক্ষার্থিরন্দের পঠন-পাঠনে মুখরিত থাকিত। নৈমিষারণ্যের হুরধুনীজীরে, বক্ষশাপগ্রস্ত, প্রায়োপবেশনে উপক্ষিই, পাশুববংশাবভংস পরীক্ষিৎ— মহামুনি বেদবাস-বিরচিত এবং তদীয় পুক্র পরমহংস চূড়ামণি শুক্দের গোস্বামীর শ্রীমুখনিংস্তে শ্রীমন্তাগবত শ্রবণ করিতেন। ব্রহ্মর্থি, দেবর্ধি, মহর্ষি, রাজ্যি, শিশু, প্রশিষ্ঠাণ তথায় প্রস্তুত সহস্ত্র করিতেন। ব্রহ্মর্থি, দেবর্ধি, মহর্ষি, রাজ্যি, শিশু, প্রশিষ্ঠাণ তথায় সমবেত হইতেন। অতংপর মহর্ষি রোমহর্ষণ সূত্রের পুক্র শ্রীল-উঞ্জ্ঞাবা-সূত্ত মুনি নৈমিষারণ্যে শৌণক প্রমুখ ষম্ভিসক্র ঋবিসমাত্রত যুক্তসভায় শ্রীশুক্তক থিত

শীনতাগৰত বর্ণন করেন। মহাভারতীয় যুগে নৈমিবারণা (আযুধ-বৈছিলখণ্ড রেল টেশন নিমধার সামিধ্যে এবং লখনোয়ের বার্কোণে ২৩ জোল দূরে গোনতীর বাম তটে অবস্থিত) ধর্ম্ম-, লান্ত্র- ও সাহিত্য-লিক্ষার প্রধান কেন্দ্রে পরিণত হইয়াছিল। পরবর্ত্তী কালে, ক্রমে ক্রমে, বারাণসী, কাল্মীর, তক্ষণিলা, পুরুষপুর, পত্তন, উজ্জিমিনী, অমরাবতী, বিদিলা, নালন্দা, ওদন্তপুরা, বিক্রমশীলা, মিধিলা, নববীপ, কাল্মী ও ভাঞ্মের বিশিষ্ট লিক্ষাকেন্দ্রের অধিকারিরূপে প্রসিদ্ধি লাভ করে। খঃ পৃঃ অইম শতকে মগধাধিপতি বিশ্বিসারপুত্র রাজবৈত্য জীবক, খঃ পৃঃ সন্তম শতকে পাণিনি, তাঁহার পরে গ্রীক-বৈষ্ণব হেলিয়োদোরস্ তক্ষশিলা মহাবিভালয়ের কৃতী ছাত্র ছিলেন।


বিশাল সিংহ্বারসহ রক্তবর্ণ ইউকে নির্মিত মু-উচ্চ প্রাকারবৈষ্টিভ ত্রয়োদশ-শত-হস্ত দীর্ঘ এবং ষষ্ঠশত-হস্ত প্রস্থপরিমিত অন্তর্ভাগমধ্যে প্রতিষ্ঠিত নালনা মহাবিদ্যালয়ে দশ সহস্র ছাত্র অবস্থান করিতেন। কাশ্মীর, পুরুষপুর (পেশোয়ার). বোধারা, ভিব্বভ, জাপান, চীন, কোরিয়া, স্থমাত্রা এবং ববৰীপ প্রভৃতি প্রদেশ ও রাজা হইতে সমাগত শিক্ষার্থিগণ তত্র অধায়ন করিতেন। বেতন, আহার ও বাসন্থান-বাপদেশে তাঁহাদের অর্থবায় করিতে হইত না। হয়েন সঙ্ (খঃ সপ্তম শতক) উক্ত विकामिन्द्रि महाकानी वाकानी व्यथक भीनि एए इ इ जिल्ला वाकानि भिका करतम (৭৯-৮০ চিত্র)। নালন্দায় বেদ, উপনিষদ, সাংখ্য, বৈশেষিক, বৌদ্ধদর্শন, স্থায়, তন্ত্র, রসায়ন ও পদার্থবিজ্ঞান, উন্তিদ্তত্ত্ব, আয়ুর্বেবদ, জ্যোতিষ, গণিত, জ্যামিতি, পরিমিতি, বীজগণিত ও শিল্পশান্ত প্রভৃতি পাঠ্যতালিকার অন্তভুক্ত ছিল। তল্কের পর্যায়ভুক্ত রসায়ন। রসায়নে প্রকৃতি ও পৃথিবীর আরাধনায় বেদ ও তল্প যুক্তধারায় প্রবহমাণ। অথর্ববেদে স্প্তিরহন্ত, পৃথিবীর স্তব, যাবতীয় চিকিৎসাবিধান ও শত্রু-নাশন মন্ত্র বিবৃত হইয়াছে। তরুলভা, পত্রপুষ্পা, স্থলজ ও জলজ শিক্ত ও গুলা হইতে প্রাচীন ভারতের অধিকাংশ ঔষধ ও প্রলেপ প্রস্তুত হইত। উত্তিজ্জ, ধাতব ও প্রাণিজ পদার্থের দ্রব্যগুণ, ভাহাদের রাসায়নিক দ্রবণ ও মিশ্রণ এবং শারীরিক ও মানসিক ব্যাধিনিরাময়ে তাহাদের শক্তির পরিমাণ এবং ব্যবহারিক মাত্রা উদ্ভাবিত হইয়াছিল। মহর্ষি নাগার্জ্জন পারদ ও মকরধ্বজ প্রভৃতি রাসায়নিক ঔষধ আবিষ্কৃত

করেন। তৎপূর্বের প্রকারান্তরে নাগজাতি পারদ ('শিববীর্যা') রাবদার করিছেন।
নালন্দার ধ্বংসাবশেষমধ্যে নাগার্জ্জন-প্রতিষ্ঠিত জারুর্বেরদীয় রসায়নশালার ব্যবহৃত
তুন্দুর (উনন), ভস্তা (হাপর) ও ধাতু গলাইবার উপযোগী ভাগু (মূচি, crucible)
জাবিহৃত হইয়াহে। নাগার্জ্জন গোহ ও তাত্রকে স্থবর্ণে রূপান্তরিত (alchemy)
করিজেন। মহাযানীয় মন্তবাদ-প্রচারের উদ্দেশ্যে নালন্দার তিনি মহাবালমূর্ত্তি
ভাপিত করেন, এইরূপ প্রবাদ প্রচলিত। ধর্ম্মশান্ত্র-, দর্শন-, বিজ্ঞান-, স্থাপতা-, শিল্পও সাহিত্য-সংক্রান্ত বহুসংখ্যক পাঙুলিপির স্তর্হৎ ভাগুার রক্ষাকল্পে নালন্দায় নম্মতল
রথাকৃতি 'রত্যোদ্ধি' গ্রন্থাগার প্রতিষ্ঠিত হইয়াছিল। গ্রং পঞ্চম শতকে ফা-হিয়েন্
পাটলিপুত্র নগরে স্তর্হৎ একটি গ্রন্থাগার পর্য্যবেক্ষণ করিয়াছিলেন।

প্রসিদ্ধ পাল-সম্রাট্ ধর্ম্মপালদেব বঙ্গীয় বিক্রমশিলা শিক্ষাকেক্সের (বিহার) প্রতিষ্ঠাতা ও প্রধান পৃষ্ঠপোষক ছিলেন। কথিত আছে যে, তথায় ১১৪ জন অধ্যাপ্তকের তত্ত্ববিধানে ৩০০০ ছাত্র প্রধানতঃ তন্ত্রশান্তের অধ্যয়ন এবং গবেষণাকার্য্যে ব্যাপৃত থাকিতেন। বন্ধবাসী মহাচার্য্য অতীশ (দীপক্ষর শ্রীজ্ঞান) উক্ত শিক্ষাকেন্দ্র পরিচালিত করিতেন। বৌদ্ধদর্শনে উচ্চশিক্ষা প্রদান করিবার নিমিত্ত দীপঙ্কর স্থমাত্রায় গিয়াছিলেন। অতঃপর তিক্তাধিপতির আমল্লণক্রমে তিনি তিক্ততে গমন করিয়া ভাষ্ত্রিক বৌদ্ধদর্শনের অমূল্য গ্রন্থাবলী সম্পাদিত করেন (৮১ চিত্র)। অভাবধি ভথায় তাঁহার প্রতিমৃত্তি বোধিসম্বের অমুরূপ পূবা পাইতেছে। রঘুনাথ শিরোমণি নবদীপধামে স্থায়দর্শনের শ্রেষ্ঠ বিজ্ঞাপীঠ স্থাণিত করেন। উহা সমগ্র ভারতবর্ষে স্থাসিদ্ধ ছিল। ঐতিচতম্য নবদীপধামে জন্মগ্রহণ করেন। বালাজীবনে তিনি সর্বশাস্ত্রে ব্যুৎপত্তি লাভ করেন। 'ঐতৈচতশুচরিভায়ত'কার বলেন যে, দার্শনিক বিচার-সংগ্রামে ভারতের নানাপ্রদেশীয় পণ্ডিতগণকৈ পরান্ধিত করিয়া কাশ্মীরী ব্রাহ্মণনন্দন 'সরস্বতীর বরপুত্র' শ্রীকেশব ভারতী নবদীপক্ষেত্রে ব্রাহ্মণকুমার শ্রীনিমাই-চৈতন্তের কাহে পরাভূত হইয়াছিলেন। নবদ্বীপ নবায়ায় ও শৃতিশিকাসম্পর্কেও শ্রেষ্ঠ কেন্দ্র ছিল। তাহার বহু বর্ষ পূর্বের বঙ্গের লুইসিদ্ধা-প্রবর্ত্তিত তান্ত্রিক 'সহজিয়া' প্রধায় দেবদেবীর প্রতিমা পূঞ্চার আমুষ্ঠানিক বিধান ত্রাহ্মণ্য স্মৃতিশাল্রে স্বীকৃত হইয়াছিল। মহাযান-প্ৰবৃত্তিত শৃক্তবাদী বৌদ্ধশৰ্মাচরণে নিৰ্বাণলাভ বছৰুমব্যাপী বহু আয়াস,



৭৯ চিত্র-প্রান-খুপ মন্দির, নালন্দা



৮ • विज-'निर्वेषन-१४', नालका



৮১ চিহ্ দীপ্ৰ বেঃ তিকা হাভিয়ান





৯২ চিত্র—প্রসাধনাওে বক্ষী, পম্পেই (রোম)

অপতপ ও কঠোর তপত্মাসাধ্য। কিন্তু মহাত্রখবাদের সহজ্যান (সহজ্বিয়া) ধর্মন্দ্রনার নির্বাণপ্রাপ্তি সহজ্পাধ্য ও সর্প—"অহরহ সহজ করন্ত"। নিবিলার (পূর্বি-বিহার) স্থায়শাল্র অধ্যাপনার অক্ততম শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠান বিভ্যমান ছিল। সর্ববিত্রই শিক্ষার্থিগণের লক্ষ্য ছিল—শিব-সত্য-ত্রন্দরের পরম পূজারী ঋবিমহর্ষি-কণ্ঠ-নিঃস্তত যে উপনিষদ্ মন্ত্র ভারতীয় ধর্মা ও কর্মাঞ্জীবন নিয়ন্ত্রিত করিয়াছিল, তাহার মাজলিক অবদান কোনও প্রকারে অবহেলা না করা।

বখন শিখর-বিমান-ভত্তদেউল-পরিশোভিত, অনবছ-শিল্প-স্বমা-বিমঞ্জি, অগণিত মন্দির, মঠ, সজ্বারামের স্থাপত্যের শোভা, পুণ্যের প্রভা পরিমান হয় নাই—আশ্রম-কাননের বেদগান, বৌদ্ধ ধেরীগাখা, প্রশ্বরা স্তোত্ত এবং ভক্তি-প্রেম-পরিপ্রত দ্রাবিড়ীর শিবসঙ্গীত-মুখরিত, শশ্ব-ঘণ্টা-ডমরু-ধ্বনিত মঙ্গলারতির মোহমধুরিমা-বিজ্ঞাড়িত ওই অজণ্টা ও এলোরা, স্ক্রমেরের ও বিরূপাক্ষ, নালন্দা ও পাহাড়পুর, মহাবলীপুরম্ ও শ্রীরক্ষম্, কাঞ্চিভরম্ ও চিদম্বরম্, দিলবারা ও রণপুরা, লিক্সরাজ ও কোণার্ক, উদয়েশ্বর ও কন্দর্ব্য, সোমনাথ ও মুধেরা, বিজ্বরনগর ও বিরুপুর, গুপ্তিপাড়া ও কান্তনগর মানবের অন্তরাত্মাকে শ্রীভগবানের শান্তিনিকেতনে আকর্ষণ করিত—পাষাণের কমলমন্দিরে শ্রীমধুস্দনকে তথন চিরন্তন-চিরনবীন, চিরপ্রিয়-চিরবরেণ্য, পরম অভিথিরণে প্রেমালিকনে বাঁধিয়াছিল ভক্তহদয়ের ঐকান্তিক নিষ্ঠা, প্রেমপুত অন্তরের শাশ্বত কামনা।

শ্রীমধুস্দনের স্নান ও অন্ধরাগ, ভোজন ও শয়ন, প্রমোদ ও নিতালীলার বধারীতি ব্যবস্থা হইয়াছিল। সায়াছে বরাজনা দেবদাসীর আরতিনৃত্যে নৃত্যমশুপ মুখরিত হইত। নীরব নিশীথে স্নেছশীলা দেবদাসী মধুময় সজীতের প্রেমময় আবাহনে দেবতার নিজাকর্ষণ করিতেন। প্রভাতপূর্বে ব্রাক্ষম্পূর্তে রামশিলা ও রুদ্রবীণার মঞ্জলাচরণে দেবতার কমলনয়ন উশ্মীলিত হইত। গৃহসংসার বর্জ্জনান্তম মেবারমহিনী দেবদাসী মীরাবাল একদা ভারকামন্দিরের স্বর্ণসিংহাসনে বিরাজ্যান গির্ধর-রন্ছোড়জীর প্রেমালিজনে স্বীয় কায়মনপ্রাণ উৎসর্জ্জিত করিয়াছিলেন।

অতীতের মধুর স্থৃতি, মধুর কাহিনী, স্থদূর অতীতের ব্যাকুল বাঁশরী—দীন লেখকের মানস-সায়র উদ্বেলিত করিল। মাতুরার পাবাণমন্দিরে, শরতের বিমল ৪—1872 B. প্রভাতে, জনমোহনের পুরোভাগে, দেবায়তনের শান্তিসমূত্রে অহমিকার মাদকভা বিসর্জ্জন করিয়া তিনি মন্ত্রমুখ্বং দশুায়মান রহিলেন.....দামামার বাঞ্চসঙ্কেতে গর্জ-মন্দিরের রুজ্জার উন্মোচিত হইল·····স্ন্দরেখরের স্বর্ণসিংহাসন পরিবেপ্তিত করিয়া তথনো পর্যান্ত বিগত সায়াক্তের কর্পুরারতি-সঞ্জাত স্থিয় স্থবাস তক্তিত রহিয়াছে।

মন্দিরসংলগ্ন প্রধান গোপুর্মের পুরোভাগে রাজপথের মধ্যন্থলে স্থ-উচ্চ চন্ধর দৃষ্ট হয়। চন্ধরের কারুকার্য্যমণ্ডিত আচ্ছাদন ধারণ করিয়া ধারী, প্রতিহারী ও পশুপক্ষী উৎকীর্ণ কয়টি প্রস্তরন্তম্ভ। যাত্রিগণ সেই চন্ধরে বসিয়া বিশ্রাম করেন। ব্রাহ্মণ-ব্রাহ্মণী সেখানে কুমারের উপনয়ন স্থসম্পন্ন করিয়াছিলেন। নির্বাপিত হোমানলের অন্ধার দৃশ্যমান। অলস অপরাত্মে সাপুড়িয়া তুবড়ী (বাঁলি) বাজাইয়া গোপুরার নৃত্য দেখাইল। সামাজিক উৎসবের অনুষ্ঠান ব্যতীত পৌরজনসভার অধিবেশন প্রায়শঃ সেই চন্ধরে অনুষ্ঠিত হয়।

এইরপে দেবায়তনকে পরিবেষ্টন করিয়া ভারতের পল্লীনগর প্রতিষ্ঠিত হইত।
ভজ্জ্য ভারতবাসীর ধর্মজীবন স্থান্ট হইয়াছিল। দেবায়তনের সৌন্দর্যাময় পরিবেশে
অবস্থানজনিত তাঁহাদের দার্শনিক অমুসন্ধিংশা জাগ্রত থাকিত। তাঁহারা উপলন্ধি
করিতেন যে, ইহলোকের পার্থিব ঐশ্বর্যা নির্বিচারে ভোগ করাই তুর্লভ মানবজ্জীবনের
মুখ্য কামনা নহে। ইহজ্পমে ধর্মশাস্ত্রের নির্দেশামুসারে সংকর্ম করিলে মৃত্যুর পরে
দিবালোকে ঋভুরূপে তাঁহারা স্থশান্তিময় অনস্ত জীবন উপভোগ করিবেন। সেই
কারণে জড় ঐশ্ব্যাচিন্তায় অনেকে উদাসীন ছিলেন। কিন্তু ইহা মনে করিলে ভুল
হইবে যে, অতীত ভারত ব্যবহারিক বিজ্ঞান, ব্যবসা-বাণিজ্য ও অর্থনীতিকে উপেক্ষা
করিয়া কেবলমাত্র আধ্যাত্মিক অমুশীলনে বিভোর থাকিত। বিজ্ঞান, রান্তুনীতি,
সমান্তনীতি ও অর্থনীতি ভারতবর্ষে বিশেষভাবেই পুষ্টিলাভ করিয়াছিল। পুস্তকের
শেষভাগে তৎপ্রসঙ্গ আলোচিত হইয়াছে।

উইলিয়ম্ জেমস্, তার অলিভার লজ, আচার্য্য এলোসাকফ, মরিস মেটারলিক প্রভৃতি বিজ্ঞানবিদ্ ও দার্শনিকগণ বহুকাল ধরিয়া বৈজ্ঞার্নিক পরীক্ষা ও গবেষণার শেষে অধ্যাত্মতত্ত্বকে পরলোক-বিজ্ঞানরূপে গ্রহণ করিয়াছিলেন। বৈজ্ঞানিক দৃষ্টি-ভক্ষীতে অধ্যাত্মতত্ত্ব অমুশীলন করিবার জন্মই ১৮৮৫ সালে লগুনে Society for Psychic Research প্রভিত্তিত হয়। উক্ত সোসাইটির অভিমতে অধ্যাত্মতত্ব সভারত উপর অধিন্তিত। আধুনিক জড়বিজ্ঞান ও মনোবিজ্ঞান অধ্যাত্মামুশীলনে সহারতা করিতে অকম; সহায়তা করে অতীক্রিয় মনোবিজ্ঞান, অমুভূতি, অমুমান ও আপ্রবাক্য। রহদারণ্যক, কঠোপনিষদ, যোগবাশিষ্ঠ রামায়ণ ও বরাহপুরাণে আপ্রবাক্য পাওয়া যায়। সংযতিত ঋষিগণ ধ্যানশক্তির উৎকর্ষ-সাধনপূর্বক সূক্ষাতম জ্ঞানদৃষ্টি প্রক্ষুটিত করিয়া যাহা উপলব্ধি করিয়াছিলেন তাহাই আপ্রবাক্য। তাহাদের আপ্রবাক্য জড়বিজ্ঞানের সহিত অধ্যাত্ম-দর্শন-বিজ্ঞানের সমন্বয়সাধন করিয়াছে।


ভারতীয় দর্শন, বিজ্ঞান ও শিক্ষের মাঙ্গলিক অবদানঃ বহিভারতে ভারতীয় সংস্কৃতির প্রসার

সমাজের মঞ্চলকামী 'অমৃতত্ত পুত্রাঃ' ব্রাক্ষণগুরুগণের পরিচালনায় শিশ্ব-প্রশিশ্ব-মণ্ডলী সাহিত্য, কাব্য, দর্শন, বিজ্ঞান, জ্যোতিষ, সঙ্গীত, চিত্র, ভাস্কর্যা ও স্থাপত্যকে পরিণতির উচ্চ শিথরে উত্তোলিত করিয়াছিলেন। কলিস জয় শেষে, নরহত্যাপাপে অমৃতপ্ত মহাসদ্রাট্ অশোক ধর্মগুরু উপগুপ্ত-প্রদন্ত ধূর্মদীকার প্রভাবে 'অহিংসা পরমো ধর্ম্মঃ' মঞ্চলমন্ত্রের ব্যাপক প্রচারে আজানিয়োগ করেন। ধর্ম্মের আকর্ষণে কাশ্মীরের অধিপতি চিত্রশিল্পী গুণবর্ম্মন কাশ্মীরের সিংহাসন বর্জ্জন করিয়া সিংহল, যবন্ধীপ ও মহাচীনে অভিযান, তত্তৎস্থানীয় রাজরাণীগণকে সদ্ধর্ম্মে শিক্ষাদান, ব্যাপকভাবে সদ্ধর্ম্ম-প্রচার, নানকিং-এ প্রথম ভিক্স্ণী মঠ ও কাণ্টনে শিল্পিসজ্বের প্রতিষ্ঠা করেন। থঃ পৃঃ প্রথম শতকে বাকট্রিয়া হইতে কুষাণ নরপতিগণ বৌদ্ধর্ম্মের সম্প্রসারণকল্পে পণ্ডিত, দার্শনিক ও প্রমণ প্রভৃতি চীন ও মধ্য এশিয়াতে প্রেরণ করিতেন। ৫৩৯ খুফীন্দে লিয়াং-বংশীয় প্রথম চীন-নরপতি শিয়াও (Hsiao) মহাযানী ধর্ম্মগ্রন্থগুলি চীনে আনয়ন করিতে কয়েকজন চীনা পণ্ডিতকৈ মগধে প্রেরণ করেন। মগধরাক্ত গ্রন্থগুলির চীনা অমুবাদসহ অমুবাদকার পরমার্থকে চীনে পাঠাইয়াছিলেন। ৭৪৭ খুফীন্দে তিববতাধিপতির আমন্ত্রণে পরম দার্শ নিক পল্পসন্তব নালন্দা হইতে তিববতে গমন করেন। তিনিই লামা মতবাদের প্রবর্ত্তন। লোব্রাক (Lhobrak)

ভূভাগে নালন্দার আদর্শে একটি চৈত্য-বিহার প্রতিষ্ঠিত হইয়াছিল। তাঙ্ রাজ্ব-কালে (খঃ সপ্তম হইতে দশম শতক) চীন হইতে পশুত্রগণ ভারতে আসিতেন। সংস্কৃতিকেত্রে উভয় রাজ্যে প্রভূত আদানপ্রদান সমাহিত হইত। সেই সহস্র বংসরের মধ্যে সংস্কৃত, প্রাকৃত ও পালিভাষায় লিখিত বহুসংখ্যক ধর্ম্মগ্রন্থ চীনাভাষায় অনুদিত হয়। ভারতের বহুসহস্র ব্যবসায়ী, শ্রমণ ও পশুতে চীনে বসবাস করিতেন। ভারতীয় ধর্মশাস্ত্র বাতীত স্ত্রুমার চাক্রশিল্প, স্থাপত্য, সকীত, জ্যোতিষ, গণিত এবং আয়ুর্বেদ প্রভূতি ব্যবহারিক বিজ্ঞান মহাচীনকে বিশেষভাবে প্রভাবান্থিত করিয়াছিল। তাঙ্ যুগে ভারতীয় ভাস্কর্য্য, স্থাপত্য, কণ্ঠ- এবং যন্ত্র-সকীত ও নৃত্যকলা তদ্দেশীয় পরম্পরাগত শিল্পের সহযোগে এক মনোরম চীনা-ভারতীয় শিল্পরীতির স্ক্রন করে। তাহার নিদর্শন বর্ত্তমান চীনের বহু স্থানে বিভ্যমান।

থঃ পৃঃ ষষ্ঠ শতকে পারত্য-সম্রাট্ দরায়ুস্ গান্ধার ও সিম্কুদেশে সীয় আধিপত্য বিস্তার করিলে পশ্চিম এশিয়ার সহিত এ দেশীয় শিল্প ও সংস্কৃতিগত সংযোগ স্থাপিত হইয়া ক্রমে ক্রমে ইন্দো-পারসিক শিল্প ও 'থরোষ্ঠা' লিপিমালা উদ্ভূত হয়। পারত্য এবং পশ্চিম এশিয়ার সহিত উত্তর-পশ্চিম ভারতের ব্যবসাবাণিজ্য-সংক্রান্ত আদান-প্রদান বর্দ্ধিত হয়। খঃ পুঃ চতুর্থ শতকে আলেগ্জ্যাগুরের ভারত অভিযানের ফলে গ্রীক সভ্যতার সহিত ভারতীয় সভ্যতার যোগসূত্র স্থাপিত হয়। উভয় সভ্যতা পরস্পরের উপর প্রভাব বিস্তার করে। ভারতীয় চারুশিল্প, স্থাপত্য এবং জ্যোভিষ্ব-বিস্তানে গ্রীক প্রভাব প্রসারিত হয়। প্রসিদ্ধ 'গান্ধার' শিল্প সেই মহামিলনের অপূর্ব্ব অবদান।

থঃ পৃঃ রোমের সহিত ভারতীয় বাণিজ্য পরিচালিত হইত। রোমান স্থর্ণমুত্রা, ব্রোঞ্জ, কাচ ও দগ্ম মৃত্তিকার পালিশ-করা শিল্পরামগ্রী ভারতের নানা স্থানে, বিশেষতঃ দান্দিণাতো, আবিদ্ধৃত হইয়াছে। বন্দরনগরী পণ্ডিচেরী এবং ব্রোচ (ভৃগুক্টছ) ভারত ও রোমের বাণিজ্য ব্যাপারে বিশিষ্ট কেন্দ্র ছিল। জলপথে লোহিত সাগর ও মিশরের, অথবা পারস্থ উপসাগর ও ক্যালিডিয়ার মধ্য দিয়া এবং স্থলপথে তক্ষশিলা, আফগানিস্তানের অন্তর্গত বেগ্রাম ও ভূমধ্যসাগরোপকূল অতিক্রম করিয়া রোমে যাওয়া যাইত। ভারতজাত সৌখীন বন্তু, মসলিন, মশলা প্রভৃতি অস্থায়ী সামগ্রী



রোনের খননে পাওয়া সম্ভব নহে। কিন্তু ইতালীয় পম্পেই নগরীগর্ভে মথুরাজাত কুষাণ শিল্পের অনুরূপ হস্তিদস্তথোদিত যে স্থবেশা, সালক্বতা, প্রসাধনরতা যক্ষীমূর্ত্তি আবিক্ষত হইয়াছে তাহার গঠনবৈচিত্র্য ও ভাবভঙ্গী ভারতীয় শিল্পপ্রতিভাপ্রসূত (৮২ চিত্র)।

থঃ পৃঃ দিতীয় শতকে অশোকপুত্র কুনাল, বছসংখ্যক ব্রাহ্মণ ও শ্রমণ সম্ভি-ব্যাহারে মধ্য এশিয়ার অন্তর্কভী খোটানে গমন ও উপনিবেশ স্থাপন করেন। কেন্বি জ বিশ্ববিভালয়ের সংস্কৃত অধ্যাপক এইচ. ডব্লু. বেলী প্রাচীন খোটানী ভাষায় লিখিত রামায়ণ সম্বন্ধে Bulletin of the School of Oriental Studies, Vol.X এবং Journal of the American Oriental Society, Vol. 59 সংখ্যায় মূল্যবান্ প্রবন্ধ প্রকাশিত করিয়াছেন। কলিকাতা সংস্কৃত কলেজের অধ্যাপক ডক্টর চারুচন্দ্র দাসগুপ্ত উক্ত বিষয়ে অমুশীলন করিতেছেন। নরপতি বিজয়সম্ভবের রাজত্বলালে কাশ্মীরী মহাপণ্ডিত বৈরোচনের উত্তোগে খোটানে বৌদ্ধর্ম্ম বন্ধমূল হয়, বহুসংখ্যক চৈত্য-বিহার নির্ম্মিত হয়। নরপতি বিজয়বীর্য্যের রাজত্বকালে ফা-হিয়েন্-বর্ণিত বিশাল 'গোশুঙ্গ' বিহারে মহাস্থবির বুদ্ধসেনের পরিচালনায় ••• শ্রমণ ধর্ম্মশান্ত্রামুশীলন করিতেন। পঞ্চনদ প্রদেশ ও কাশ্মীর হইতে হুপতি, ভাস্কর ও চিত্রশিল্লী, পণ্ডিত, পুরোহিত ও অর্হৎগণ দলে দলে খোটানে গমন করিয়াছিলেন। 'ইন্দ্র, কপোত, বোধিধর্মা প্রভৃতি ভারতীয় শিল্লিগণের এবং স্থানীয় খোটানী, এশিয়-গ্রীক ও ইরানী শিল্পিসমূহের সমন্বয়ে শক্তিশালী একটি বিশিষ্ট সভ্য প্রতিষ্ঠিত হয় এবং শত শত মন্দির, চৈত্য, বিহার, হর্দ্ম্য প্রভৃতি নির্দ্মিত হয়। চীনের পশ্চিমপ্রাস্তীয় টূণ হোয়াঙ্ অঞ্লে প্রসিদ্ধ 'সহস্রবৃদ্ধ গুহা' মন্দিরসমূহ খোদিত এবং স্চিত্রিত হয়। চিত্রগুলি চীনা-ভারতীয় শিল্পপ্রতিভার শ্রেষ্ঠ অবদানম্বরূপ (৮৩ চিত্র)। নরপতি, শ্রেষ্ঠী এবং সাধারণ ব্যক্তিবর্গের কেহ কেহ স্থানীয় অধিবাসিগণের সহিত বৈবাহিক সম্বন্ধ স্থাপন করিয়াছিলেন।

শ্রমণ, মহাশ্রমণ ও মহাস্থবিরগণ মধ্য এশিয়া, খোটান, আফগানিস্তান, সিরিয়া, মিশর, রোমসাম্রাজ্য এবং চীনা তুর্কীস্থানে, সাত শত বৎসর ধরিয়া, শত শত চৈত্য-মন্দির, মঠ ও চৈত্য-বিহারের প্রতিষ্ঠা করিয়াছিলেন। এতবিষয়ে ফা-হিয়েন্,

ক্ষৎসিঙ্, হুয়েন সঙ্, তার অরেল দ্বীন, অধ্যাপক পেল্লিয়ট প্রভৃতি পশুভগণের মূল্যবান্ বিবৃতি বহুধা উপভোগ্য। ভারত হুইতে মধ্য এশিয়া যাইবার পণ্যবাহী শক্ট ও ব্যবসায়ী যাত্রিপথের উভয়পার্যন্ত পাছশালাসমূহের সালিধ্যে বহুসংখ্যক ত্রাহ্মণ্য দেবায়তন এবং চৈত্য-বিহার বিরাজমান ছিল। তাহাদের অভ্যন্তরভাগ চিত্রিত ছিল। তথায় খুফ জন্মের প্রথম শতক হুইতে অফ্রম শতকের বহু চিত্র আবিষ্কৃত হুইয়াছে। কতকগুলি চিত্র বিশুদ্ধ ভারতীয়; কতকগুলি চীনাপদ্ধতি অমুসারে পরিকল্লিত এবং অন্ধিত। বহু চিত্রই ভারতীয়, তিববতী, চীনা, পারসীক এবং গ্রীক সংস্কৃতির সংমিশ্রণ। উত্তর তিয়েন শাঙ্ক পর্বতের সামুদেশে তুরফাণে গান্ধার শৈলীয় শ্রেষ্ঠ বৃদ্ধপ্রতিমা আবিষ্কৃত হুইয়াছে। কুণলুণ শৈলমালায় জ্যোড়ে, মীরন প্রদেশে, প্রাচীন চিত্রের বহুৎ ভাগুরে আবিষ্কৃত হুইয়াছে। মধ্য-এশিয় চৈত্য-বিহার-স্থাপত্যের এবং গুহা-মন্দির-চিত্রের বহুবিধ নিদর্শন নয়াদিল্লীয় Central Asiatic Antiquarian Museum-মধ্যে অর্থাৎ মধ্য-এশিয় প্রত্নতাত্তিক সংগ্রহশালায় প্রদর্শিত হুইয়াছে। ভারতীয় প্রত্নতত্ত্ব-বিভাগের ভূতপূর্ব্ব অধ্যক্ষ ডক্টর এন. পি. চক্রবর্তী তদীয় Central Asia গ্রন্থে মধ্য এশিয়ার শিল্লসংস্কৃতির সংক্রিপ্ত পরিচয় স্ক্রেজাবে করিরত করিয়াছেন।


খঃ পৃঃ প্রথম শতকে ভারতের উত্তর-পশ্চিমাঞ্চলীয় হিন্দুধর্মী বণিক্-সম্প্রদায় মধ্য এশিয়ার বিভিন্ন স্থানে অভিযান এবং উপনিবেশ স্থাপন করিয়াছিলেন। অতঃপর বৌদ্ধ ভিক্ষুগণ সেই সকল স্থানে গমন করেন। গুপুর্গে মধ্য-এশিয় সংস্কৃতির সহিত ভারতীয় সভ্যতার মিশ্রণে অভৃতপূর্বে আন্তর্জ্জাতিক উদারতা উত্ত হইয়াছিল। মধ্য এশিয়ার বহু স্থানে বৃদ্ধমূর্ত্তি, হিন্দু দেবদেবীর বিগ্রহ, স্থপ ও মঠের অবশেষ ব্যতীত বহুসংখ্যক সংস্কৃত, প্রাকৃত ও পালি গ্রন্থের, তথা আয়ুর্বেবদীয় রচনাবলীর পাণ্ডুলিপি-সমূহ আবিষ্কৃত হইয়াছে। ''

^{&#}x27;° ভারতের দার্শনিক, পণ্ডিত, আয়ুর্কেদশান্তবিদ্ ও স্থপতিগণ একদা বাগ্দাদের বাদশাহ সভায় সম্মানের আসন পাইয়াছিলেন। হারুণ-অল-রসীদ (१৮৬-৮ ৮ খু:) ভারতীয় জ্যোতিবিছা, আয়ুর্কেদ, দর্শন, গণিত, সাহিত্য এবং শিল্পশৃদ্ধীয় বহু গ্রন্থ আরবী ভাষায় অনুদিত করাইয়াছিলেন। খু: একাদশ শতকে গঞ্জনীর স্বতান মামূদ প্রমূধ বাদশাহগণ এদেশীয় শিল্পিগণকে মোল্লেম এশিয়ার


দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ৭১



৮০ চিত্র—সংধ্বদ্ধপ্রা চিত্র, পশ্চিম চান



৮৪ চিত্র--- নোমপর বিহার-মন্দিরের ধা দাবশেষ, পাহাড়পুর



৮ । । त - थानन भन्ति, भागान, উত্তরপ্র


মধ্য-এশির কুটা নরণতিগণ হরদেব, হরিপুলা প্রভৃতি নামে পরিচিত হিলেন।
ভারতীয় ওপনিবেশিকগণ তকেশীয় অধিবাসিগণের সহিত বৈবাহিক সম্বদ্ধ দ্বানিত
করিয়াহিলেন। প্রধাত কুমারজীবের কাশ্মীরী জনক কুমারদেব কুটা রাজকুমারী
জীবাকে বিবাহ করেন। দর্শনবিদ্ কুমারজীবের জগাধ পাণ্ডিতাপ্রবদে কুটা রাজকুমারী
চীন-সমাট্ কুমারজীবকে (৪০১ খঃ) তিবকত হইতে চীনে দইয়া বান। ভবার
কুমারজীব চীনা-বৌদ্ধ সাহিত্য ও দর্শনশান্ত প্রণরনে আজুনিয়োগ করেন। উল্ফ বিবরে তাঁহার জমর অবদান—'সদ্ধ্য পুত্রীক'। চীনা পর্যাটক ফা-হিয়েন্ কুমারজীবের শিশু। ভারতীয় ধর্মবিজয় কাহিনীর অধিনায়কর্মণে ক্ষবিক্তর ধর্ম্মরক্ত, কাশ্যপন্দাতক্ষ, অশ্রঘাদ্ধ, নাগার্জ্জ্ন, বস্থবন্ধ, সভাসেন, গুণর্দ্ধি, পরমার্থ প্রভৃতি মহাশ্রমণসণ
সদ্ধর্ম প্রচারকল্পে চীন দেশে অভিযান করিয়াছিলেন। তৎপুর্বের, খঃ প্রথম-দিতীর
শতকে, মধ্য এশির পার্ববিত্যপথে ভারত সভ্যতার ধারা মহাটানে প্রথম প্রবাহিত
হয়; ভারতের সহিত চীনের প্রথম বোগস্ত্র স্থাপিত হয়। ভাহার কলে চীনা
সভ্যতার প্রবর্জমান বিকাশ। খঃ চতুর্থ হইতে বন্ঠ শতকের মধ্যে বৌদ্ধর্ম্ম চীন হইতে
কোরিয়া ও জাপানে নীত হইয়াছিল।

থঃ বর্চ শতকে ভারতে ব্রাহ্মণ্য-গুপ্ত সভ্যতার মহানদে কৃষ্ণপ্রেমের বহা প্রবাহিত হর। প্রেমের সেই মহাপ্লাবনে গুপ্ত তথা গুপ্তোন্তর পাল ছাপত্য, পাল ভাস্বর্যা, চিত্র এবং ধাতবমূর্ত্তিশিল্প উৎকর্ষ লাভ করে। প্রকৃতপক্ষে খঃ চৃত্র্ব শতকের মধ্যভাগ হইতে শিল্প ও সংস্কৃতির পরম পৃষ্ঠপোষক পাল এবং সেন নরপতিগণের রাজ্ঞত্বের অবসান পর্যান্ত গুপ্ত-পাল-সেন শিল্পের উন্তরোত্তর শ্রীকৃদ্ধি সাধিত হর। খঃ সপ্তম শতকে মাল্রাজ্ঞ সমৃদ্রোপকৃলে মহাবনীপুরে প্রক্রবাজ্পণ যে সপ্তসংখ্যক রথমন্দির নির্দ্মিত করেন, তন্মধ্যে একটি (ত্রোপদী-শন্দির) গৌড়ীর (বলীয়) কুটীর-ছাপত্য-শৈলীর শ্রেষ্ঠ নিদর্শন। বন্ধ রাজ্ঞধানী

বিভিন্ন স্থানে লইয়া গিয়াছিলেন। শিল্পিণ তত্তংস্থানীয় স্থাপত্যের বিকাশসাধনে সহায়তা করেন। পরবর্তী কালে তাঁহাদের শিশু-প্রশিশ্রগণ উত্তর ভারতে স্থানীত হইয়া ভারতীয় শিল্পিকেয়র সহযোগে হিন্দু-মুখল স্থাপড্যের তথা তাজমহলের স্ঠে করেন।

গোড ছৎকালীন মাগধী শিল্পের শ্রেষ্ঠ ভাগুরিরূপেই বিবেচিত হইত। পাল এবং সেনব্রীয় গোড়-বলেই পূর্ব্ব-ভারতীয় শিল্লকলার অপূর্ব্ব অভিব্যক্তি। খ্রঃ নব্য শতকে উত্তর-বঙ্গীয় বরেক্সভূমির (রাজসাহী) প্রসিদ্ধ ভাগ্ধর ও চিত্রশিল্পী ধীমান্ ও তৎপুত্র বীতপাল অপূর্ব হন্দর শিল্পরীতির হৃষ্টি করিয়া পূর্ব এশিয়ায় প্রচলিত করেন। উভয়ের শিল্পপ্রিভা নালনাকে সমৃদ্ধ এবং বৃহত্তর ভারতীয় শিল্পিক-সমূহকে অমুপ্রাণিড, প্রভাবিত ও শক্তিসময়িত করিয়াছিল। খৃঃ খাদশ শতকে গৌড়াধিপতি লক্ষণসেন গৌড়ীয় স্থাপত্যে তদীয় নয়নাভিরাম রাজধানী লক্ষণাবঙী নির্শ্বিত করেন। লক্ষণাবতী বর্ত্তমান মালদহের সমীপে অবস্থিত ছিল। মধ্যযুগের वक ও ब्रक्तारानीय, ब्रक्त-होन-मोगांख भार्वरण धारानीय धारः भाग ও काहिन व्यविज्ञाना অঞ্চলীয় মন্দির-স্থাপত্য, ভাস্মর্য্য, সামাজিক রীতিনীতি ও ধর্মের উপর আধিপত্য বিস্তার করিয়াছিল। নেপালী এবং তিববতী শিল্পেও বদ্দীয় অবদান অমুভূত হয়। আসামে প্রাচীন আহোম রাজ্যের জীর্ণ মন্দিরসমূহে ও সৌধাবলীর ভগ্নাবশেষে বজীয় স্থাপত্যের প্রভুত্ব প্রকৃটিত। বরেক্সী পাহাড়পুরের স্থাপত্য, পাল-সেন-ভাক্ষর্য্য ও মূর্ত্তিশিল্প ভংকালীন উত্তর ও দক্ষিণ ভারত, ভিব্বত ও বৃহত্তর ভারতকে অমুপ্রাণিত করিয়াছিল (৮৪ চিত্র)। পাহাড়পুরী স্থাপত্যকেই প্রধানতঃ অবলম্বন করিয়া উত্তর ব্রহ্ম, মালয় এবং যবখীপের স্থঠাম স্থন্দর কয়েকটি দেবায়তন পরিকল্লিত। পাগানের (অরিমর্জনপুর) 'আনন্দমন্দির' ও যবখীপের 'বরবুদ্র' মন্দির ভাহাদের নির্মাণের পূর্বের গঠিত পাহাড়পুর বিহার মন্দিরন্বারা অমুপ্রাণিত (৮৫ চিত্র)।

উত্তর-বন্ধীয় মন্দির-ছাপত্য বৃদ্ধগয়া মন্দিরের উন্নত শিখরশৈলীর অনুসরণ করিয়াছিল। লক্ষণসেনের রাজধানী লক্ষণাবতীর কমনীয় ছাপত্য গোড়ের পরবর্তী মুসলমান রাজধানী পাওুয়ার ধ্বংসাবশেষে—আদিনা মসজিদ এবং রাজভবনসমূহের গাত্রদেশে—পরিলক্ষিত হয় (৮৬ চিত্র)। উহাদের নির্দ্ধাণে সেন-সম্রাটের প্রাসাদ ও মন্দির হইতে কারুকার্য্য-খোদিত প্রস্তরম্ভ এবং শিল্পকলকগুলি বিচ্যুত করিয়া উপাদান সংগৃহীত হইয়াছিল। বল্লালসেনের প্রাসাদ ('বল্লাল বাটি') হইতে বিচ্যুত প্রস্তর্ভত্ত ও খোদিত ফলক প্রভৃতি পরীক্ষান্তে প্রসিদ্ধ ইংরাজ সমালোচক মন্তব্য প্রকাশ করিয়াছেন—লক্ষণাবতীর ত্রিতল 'বল্লাল বাটি' তৎকালীন ভারতের শ্রেষ্ঠ



রীক্ষপ্রাসাদসমূহের সমকক ছিল। পশ্চিমবজীয় ছোট-পাঙুরায় (হুগলি) শাহত্কী মসজিদ এবং ত্রিবেশী ভীর্থে জাফর গাঁর মসজিদ নির্দ্ধাণেও ছানীয় দেবালয়সমূহের বিলেব বিশেব জংশ বিচাত করিয়া উপাদান সংগৃহীত হইয়াছিল।

दः शृः खात्र इत्रर्वतं वक्ष, बाक्क धावः बाक्षां धारानीय विन्तूं विन्तृत्रन भाग, ইন্দোচীন (হিন্দুটীন), যবধীপ, সুমাত্রা প্রভৃতি উপধীপে এবং ৰীপে বাণিজ্যবাপদেশে গমন, উপনিবেশ-স্থাপন এবং ভত্তৎস্থানীয় সংস্কৃতিক্ষেত্রে ব্রাহ্মণ্য সম্ভাতার বীক বপনকরতঃ বৃহত্তর ভারতীয় রাজ্যপ্রতিষ্ঠার পথ হুগম করিয়াছিলেন। বৃহত্তর ভারভের সমাৰ ও সংস্কৃতিপ্ৰসঙ্গে অধ্যাপক ডক্টর স্থনীতিকুমার চট্টোপাধ্যায়-প্রণীত অমূল্য গ্রন্থ 'বীপময় ভারত' পঠিতবা। গুপ্তশাসনের প্রথম পর্বের উক্ত দেশসমূহে যে সকল হিন্দুরাকা প্রভিষ্ঠিত হয়, তন্মধ্যে ইন্দোচীনে কম্বোক ও চম্পা এবং বীপময় অঞ্চলে শ্রীবিজয় রাজ্য বিশেষভাবে উল্লেখযোগ্য। থৃ: প্রথম শতকে ভারতীয় প্রাহ্মণ কোণ্ডিশ্য ফুণানে (ইন্দোচীন) প্রথম হিন্দুরাজ্য 'কমুক্ত' স্থাপিত করেন। থঃ পঞ্চম শতকে বিভীয় কোণ্ডিক ফুণানের ধর্মা ও সমাজসংস্কারে ত্রতী হইয়া ব্যাপক-ভাবে শিবপূজার প্রচলন করেন। খঃ বর্ষ শতকের মধ্যভাগে কথোজ (কথুজ) ষভ্র হিন্দুরাথ্রে পরিণত হয়। খৃঃ খাদশ শতকে কম্বোজাধিপতি 'পরম বিষ্ণুলোক' विजोब मुर्वावर्षां व्याक्रतंबरमत्र मानिर्धा क्वनदानिक विकृत्र्वामिकत (व्याक्रत जांहे) নির্মাণের সূচনা করিয়াছিলেন। অভাবধি তথার সমারোহের সহিত পূজাপার্বন অসুষ্ঠিত হয়। প্রাচীন কম্বোক (ক্ষের) রাজ্যের অস্তর্ভুক্ত ছিল বর্তনান কাম্বোডিয়া ও খ্যামের কিয়দংশ¹। চম্পারাজ্য বিভূত ছিল বর্ত্তমান আনামের দক্ষিণ ভাগ পর্যান্ত। ত্বমাত্রার পালেখাং প্রদেশ একলা শ্রীবিজয় রাজ্যরূপে পরিচিত ছিল। অভ:পর বর্ষীপ ও মালয় উপৰীপের কিয়দংশ শ্রীবিজয় রাজ্যের অধিকারভুক্ত হয়। ভারতবর্ষের সহিত উক্ত ৰাজ্যসমূহের যোগসূত্র বতদিন দৃঢ় ছিল ততদিন ভাছাদের স্থাপত্য, ভাক্ষ্য্য এবং অক্তৰিথ শিল্পে ভারতীয় শিল্পরীতি বহুধা অমুস্ত হইয়াছিল। অবশেষে বোগসূত্র শিধিল হইলে তাহাদের শিল্পের গতি ভিন্ন পথে প্রথাহিত হয়। কাহারও কাহারও মতে তখন ভাহাদের শিল্পে অবনতির সূত্রপাভ হয়। বৃহত্তর ভারতের সংস্কৃতি ও শিরের গবেষণার্থ তথা ভারতবর্ষের সহিত উহার অনাবিহৃত যোগসূত্রঙলি

9-1872B.


আবিশার করার নিমিত্ত অধ্যাপক ওক্তর কালিদাস নাগ, রবীক্রনাথের আমুক্লো, বিশ্ববিশ্রুত Greater India Society-র প্রতিষ্ঠা করেন। এত বিষয়ে উক্ত Society সাকলা অর্জন করিয়াছেন। ওক্তর রমেশচন্দ্র মজুমদার, ওক্তর কালিদাস নাগ, ওক্তর উপেক্রনাথ ঘোষাল, ওক্তর নিরশ্বনপ্রসাদ চক্রবর্তী ও ওক্তর বিজ্ঞনরাজ চট্টোপাধ্যায় প্রস্তৃতি পণ্ডিভগণ বৃহত্তর ভারতপ্রসক্তে কয়েকটি মূল্যবান্ গ্রন্থ প্রকাশিত করিয়াছেন। বিশ্বভারতী বিশ্ববিভালয়ের বর্তমান উপাচার্য্য ওক্তর প্রবোধচন্দ্র বাগচী উক্ত প্রসক্তে বহু তথ্যপূর্ণ, গবেষণামূলক পুত্তক ও প্রবন্ধাদি প্রকাশিত করিয়াছেন। কয়েক বৎসর মহাচীনে অবস্থানকালে তিনি চীনা ভাষায় ব্যুৎপত্তি লাভ করেন এবং চীনা-ভারত সংস্কৃতির বহু তথ্য সাধারণের জ্ঞানগোচর করেন।

খু: বিভীয় শতক হইতে পঞ্চদশ শতক পৰ্য্যস্ত চম্পায় চ্যাম জ্বাভি এবং ভৎপরে ज्यानाम, मग-त्क्रमत ७ थारे जाि ताक्यांनी जिल्ह्यून, रेख्यपूत এवर विकय हरेए ताका পরিচালনা করিতেন (৮৭ চিত্র)। চম্পায় হিন্দুসংস্কৃতি প্রসারের পূর্বে তৎস্থানীয় অধিবাসিগণ ভূত, প্রেড এবং মৃত পিতৃপুরুষগণের অর্চনা করিতেন। হিন্দুর ধর্মবিজয়ের চিহ্নস্থরূপ তথাকার নানা স্থানে শিব, নটরাজ, পার্ববতী, দশভুজা-দুর্গা, গণপঙ্জি, কার্ত্তিকেয়, ব্রহ্মা, বিষ্ণু, ইন্দ্র, চন্দ্র, কীর্ত্তিমুখ, গঞ্চসিংহ, মকর প্রভৃতি এবং ত্রিশূলধারী শিব-বুদ্ধমূর্ত্তি আবিক্ষত হইয়াছে। প্রাচীন শ্যামের তুই রাজধানী দারাবতী ও যশোধরপুর (নবম শতক) উত্তরকালে আয়্থিয়া (অযোধ্যা) ও আক্ষরথম (নগরধাম, বাদশশতক) নামে পুননির্দ্মিত হয়। চতুর্দ্দশ শতকের মধ্যভাগে 'সূর্য্যবংশ রামাধিপতি' অবোধ্যার প্রতিষ্ঠা করেন। গুপ্তস্থাপত্য এবং গুপ্তশিল্প শ্রামীয় শিল্পকে প্রভাবিত করে। ভারতীয় বর্ণমালা ও অক্ষরবিকাস থাইভাষার উপযোগী করিয়া গঠিত হয়। রামাধিবোধ, পরম ত্রৈলোক্যনাথ, জয়বর্দ্মণ, ফ্রাফ্থ (পুত্র) রাম, প্রজাধিপক প্রভৃতি অভিধায় শ্রামীয় নরপতিগণ অভিহিত হইতেন। হিন্দুস্থান হইতে সংস্কৃতভাষী বণিক্, সন্ন্যাসী, ধর্মপ্রচারক এবং ঔপনিবেশিকগণ বৃহত্তর ভারতের বক্ষদেশ, শ্যাম, কম্বোজ, চম্পা, মালয়, সুমাত্রা, যবছীপ ও বলিবীপে অভিযান করিয়া তত্তৎস্থানীয় অধিবাসিসমূহকে ধর্মা, জ্ঞান, বিজ্ঞান, শিল্প, স্থাপত্য, উন্নত কৃষি ও নৌবিছা, শাসনভন্ত ও সমাজরীতি এবং অর্থনীতি শিখাইয়াছিলেন ট চম্পায় বছসংখ্যক




৮৬ চিত্র--আদিনা মদজিদ, গৌড়

চিত্রফলক ৭৪




৮৭ টিব্ৰ— সিক্সের্•ুঞ




bb डिड्र—हो डिक्स्ट्रम, रद्वेश


দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ৭৫




৮৯ চিত্র-বর্বুর মন্দির, যবদ্বীপ



» • চিত্র - চাণ্ডিলোরো জোঙ্গাঙ্ মন্দির, যব**রাপ**



»: **ठिज- त्रामा**श्र **ठिज, वालिवस, ठा**खिलारता



ক চিত্র
 লাবণ জটাগুর মৃদ্ধ, চাণ্ডিলোরো


সংস্কৃতি আবিষ্ণত হইয়াছে। শৈব, বৈষ্ণব এবং বৌদ্ধ জনগণকে চম্পাবাসীরা সমভাবে সমাদরে গ্রহণ করিয়াছিলেন। ডক্টর রমেশচন্দ্র মজুমদার-প্রাণীত গবেষণামূলক 'চম্পা'-প্রস্থে চম্পারাজ্যের সর্বাদ্ধীণ পরিচয় পাওয়া যায়। তাঁহার অত্য ফুইটি
মূল্যবান্ গ্রন্থ 'ফুবর্ণ দ্বীপ' এবং 'কম্বুজ দেশ' স্থমাত্রা ও স্থানের অতীত ইতিহাস ও
প্রতিহ্বের বিস্তৃত পরিচয় প্রদান করে। চম্পাপ্রসজে Dr. Goloubew, J. T.
Claeys এবং Louis Finot-প্রণীত প্রবৃদ্ধ ও গ্রন্থ গুলি অতীব মূল্যবান।

যবন্ধীপ 'দ্বীপময় ভারতের' অস্তভুক্তি। তথায় হিন্দুসভ্যতা প্রবর্ত্তিত হয় ধৃঃ প্রথম শতকে। তদবধি জুই সহত্র বংসর ধরিয়া রামায়ণ ও মহাভারত তৎস্থানীয় অধিবাসিগণের ধর্মা ও সমাব্দকে নিয়ন্ত্রিত করিতেছে। বন্ধ, উৎকল, কলিন্ধ, অন্ত্র, মন্ত্র ও সৌরাষ্ট্র হইতে বুগে বুগে হিন্দুগণ যবনীপে অভিযান করিয়া বসবাস করিয়াছেন। প্রাচীনকাল হইতেই বিষ্ণু যবখীপে পৃঞ্জিত হইতেছেন। চারি হইতে খাদশ শভক পর্যান্ত তথায় শৈবধর্ম্মের প্রাধান্ত ছিল। অতঃপর হরিহর এবং শিবগুরু অগন্ত্যের পূজা প্রচলিত হয়। থঃ অন্টম শতকে 'হ্বর্ণ রীপের' (হ্বমাত্রা) শ্রীবিজয় রাজ্যন্থ শৈলেন্দ্রবংশীয় বৌদ্ধনরপতি যবদীপ অধিকার করিয়া তৎস্থানে বৌদ্ধধর্ম্মের প্রতিষ্ঠা করেন। অধিকারের একশত বৎসর মধ্যে 'ধীপময় ভারতে' বিশাল সপ্ততল বরবুত্ব ব্যতীত চাণ্ডীকলসন প্রমুখ অতীব স্থন্দর কয়েকটি বৌদ্ধ দেবায়তন প্রতিষ্ঠিত হয় (৮৮-৮৯ চিত্র)। নবম শতকে শৈলেন্দ্র রাজ্যের অবসান হইলে দেশীয় পূর্ববতন রাজশক্তি যবদীপের পূর্ববাঞ্চল হইতে প্রান্থাণমে (ব্রহ্মবনং ?) আসিয়া তথা হইতে রাজ্যশাসন করিতেন। সেই সময়ে হিন্দু ও বৌদ্ধ উভয় সম্প্রদায়ই প্রান্থাণমে সর্বক্ষেত্রে সমান অধিকার পাইতেন। তথন চাণ্ডিলোরো কোঙ্গ্রাঙ্ প্রমুখ সৌন্দর্ঘ্য-গান্তীর্য্যে বরবুছুরের সমকক্ষ অনিন্দ্যস্থক্ষর হিন্দু মন্দিরসমূহ গঠিত হইয়াছিল (৯০-৯১ক চিত্র)। শিব- এবং বিষ্ণু-মন্দিরগাতে রামায়ণ, পুরাণ ও ভাগবভের শ্রেষ্ঠ কাহিনীসমূহ খোদিত হইয়াছিল। বরবুত্ব স্থাপত্যের স্থ্যা তথা ভাস্কর্য্যের মাধুর্য্য পাহাড়পুরের গুপ্ত-পাল ও দক্ষিণভারভীয় চোল মন্দির হইতে প্রতিফলিত হইয়াছিল। ভক্তর আনন্দকুমার কুমারস্বামী ভদীয় Indian and Indonesian Art-প্রন্থে বৃহত্তর ভারতীয় শিল্প- ও সংস্কৃতি-প্রসকে বিশদভাবে চিত্রসহ আলোচনা করিয়াছেন।

K. With, A. Foucher, J. Ph. Vogel, C. R. Schoemaker, E. B. Hand এবং Greater India Society-প্রণীত ও প্রকাশিত পৃস্তক-পৃত্তিকার্থনি বৃহত্তর ভারতপ্রসমে বহু তথ্য নির্ণীত করিয়াছে। উক্ত গ্রন্থগুলির সার চয়ন করিয়া । অধ্যাপক অর্ক্তেকুমার গাঙ্গুলী Art of Java-শীর্ষক একখানি সচিত্র তথ্যপূর্ণ পৃত্তিকা প্রকাশিত করিয়াছেন। তাহাতে যববীপের ইতিহাস, শিল্প ও সংস্কৃতির সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হইয়াছে।

১২৯৪ খুইান্সে কীর্ত্তিরাজ জয়বর্জন তৎকালীন রাজধানী মজপহিৎ-এর রাজসিংহাসন অলক্ষত করিবাছিলেন। তাঁহার মৃত্যুর পরে প্রধানমন্ত্রী বীরকেশরী 'গজমদ'
(১৩৪৩ খুঃ) বলিখীপ, নিউগিনি, সিলিবিস, বোর্নিয়ো, পশ্চিম মালাকা দ্বীপপুঞ্জ,
মালস্ব এবং স্থমাত্রা জয় করেন। শুাম, চম্পা ও আনাম মঙ্গপহিৎরাজের মিত্রশক্তিরূপে
পরিগণিত হয়। সেই বংশের শেষ নরপতি বিজয় (১৪৭৮ খুঃ) মুসলমান কর্তৃক
পরাজিত হইয়া বলিদ্বীপে আশ্রেয় গ্রহণ করেন। ভদবধি ববনীপ স্কাতানশাসিত
ভূভাগরপে পরিচিত। কিন্তু অভাপি যবদীপের মুসলমান অধিবাসিগণ হিন্দু-জাচার,
বিচার ও বিশ্বাসের অনুসরণ করিতেছেন।

কেহ কেই জনুমান করিয়াছেন যে, ছিল্পুবণিক্গণ একদা প্রশান্ত মহাসাগর জাভিক্রমান্তে মধ্য এবং দক্ষিণ আমেরিকাভেও উপনিবেশ স্থাপন করিয়াছিলেন। Prof. Raman, Mena, Hewith, Dr. Kischer, Prof. Ekholem, Shinden, Pococke, Luise Spence প্রভৃতি পণ্ডিত, মানবভম্ববিদ, পর্যাটক এবং প্রভৃতত্ত্ববিদ্ প্রণীত গ্রন্থসকল সেই সেই দেশের প্রাচীন শিল্প ও সংস্কৃতির উপরে প্রাচাথণ্ডের তথা ভারতীয় প্রভাবের ইফিভ প্রদান করে। অজণ্টা, পাহাড়পুর, আকর এবং বরবৃত্বর স্থাপত্যের সহিত, পৌরাণিক হিন্দু- ও বৌদ্ধ-দেবদেবীর লীলায়িত ভলিমার এবং সজ্জাভরণের সহিত Yucatan, Palenque, Mexico, Peru, Chichen Itza, Piedras Negras প্রভৃতি স্থানীয় মন্দির ও মঠস্থাপত্যের এবং মুর্ত্তিশিক্ষের অক্ষবিশেবের অল্পবিত্তর সাদৃশ্য অনুভৃত হয়। অধ্যাপক চমনলাল বলেন, আর্যাভারতের জ্ঞান, বিজ্ঞান, জ্যোতিষ ও শিল্পকলা ব্যতীত সমাজতান্ত্রিক ও লৌকিক বিবিধ প্রকার আচার-জনুষ্ঠান মধ্য এবং দক্ষিণ আমেরিকাকে একদা প্রভাবান্তিত



≥২ চিত্র—গণ**প**তি, মধ্য আমেরিকা



৯০ চিত্র—মঠ, মধ্য আমেরিকা

ক নিতাছিল। কয়েক বংসর মেরিকো প্রদেশে গ্রেষণাকার্য্য অবছিতির কলে তিনি এই বিষয়ে Hindu America এবং Who discovered America-শীর্বক একখানি সচিত্র পুস্তক প্রকাশিত করিয়াছেন। তথাকার প্রস্তরকলকে খোলিত শিব, গণপতি সূর্য্য, ইক্স প্রভৃতির কয়েকতি মূর্ত্তি তিনি পরীক্ষা করিয়াছেন (৯২ চিত্র)। সম্প্রতি বারাণসীর হিন্দুবিশ্ববিভালয়ে বক্তৃতাদানকালে তিনি বলিয়াছেন বে, 'রেড ইণ্ডিয়ান' তাবায় প্রপর্যন্ত তিনি ১,৫০০ সংস্কৃত শক্ষ আবিষ্কৃত করিয়াছেন।

প্রাচীন আমেরিকার কোন কোন মন্দির ও মঠের স্থাপত্য-পরিকল্পনায় ওপ্র-ল্রাবিড় স্থাপত্য প্রেরণা প্রদান করিয়াছিল বলিয়া অপুমিত হয় (৯৩ চিত্র)। বর্তমান লেখক নিউ ইয়র্কের Natural History Museum-এ রক্ষিত 'মায়ালিয়'-বিভাগ হইতে সাঁচি ও ভরুৎ-এ থোদিত, শক্তিমন্ত ও গতিশীল, হস্তীর অমুরূপ 'মায়া'-হস্তী নিরীক্ষণ করিয়াছিলেন। তথায় তিনি হিন্দুবিপ্রহের মুকুটের অমুরূপ মৃর্তির (বিগ্রহ ?) শিরোভ্রণ ব্যতীত ভারতীয় পদ্ধতিতে বিরচিত ও খোদিত শহ্ম, পদ্ম, মকর, নাগ প্রভৃতি এবং বিদ্যাপ্রদেশের গালিচার অমুকৃতি বয়নশিল্পও লক্ষ্য করিয়াছিলেন। বিগত পঁচিশ-ত্রিশ বৎসর বাবৎ মার্কিন পণ্ডিত ও প্রত্নত্তবিদ্যাণ মধ্য ও দক্ষিণ আমেরিকার প্রাচীন স্থাপত্য- ও সভ্যতা-প্রসক্ষে গবেষণা করিতেছেন বৈজ্ঞানিকভাবে। কিন্তু তাঁহাদের বির্তিতে তথাকার প্রাচীন শিল্প ও সভ্যতার ভারতীয় প্রভাবের উল্লেখ পাওয়া যায় না।

১৯৩০ সালে ফিলাভেলফিয়া বিশ্ববিভালয় 'নায়া'-সংস্কৃতির প্রত্মতাত্ত্বিক নিদর্শন আবিষ্কৃত করিবার উদ্দেশ্যে মধ্য আমেরিকাতে যে অভিযান প্রেরণ করিয়াছিলেন তাহার অধিনায়ক J. Alden Mason খননের সাহায়ো, খঃ বন্ধ শতকের স্থাপত্য ও ভাস্কর্যের কভিপয় নিদর্শন সংগ্রহ এবং প্রকাশিত করিয়াছিলেন। চিত্রশিল্পী H. M. Herget মায়া-কাতির সামাজিক চরিত্রের প্রসক্ষে কয়েকটি ত্রিবর্ণ চিত্র প্রকাশিত করিয়াছেন। উভয়বিধ নিদর্শনের কয়েকটিতে গুপ্তস্থাপত্য ও চিত্রকলার প্রভাব জমুভূত হয়। Mason তাহার উল্লেখ করেন নাই।

গুল্ত-পাল বণিক্-সম্প্রদায় ভারতবর্ষ হইতে রুশীয় সাফ্রাজ্যেও ব্যবসাবাণিজ্য পরিচালিত করিতেন। রুল ব্যবসায়িগণ কাম্পিয়ান উপত্যকা-সংলগ্ন এবং পশ্চিম হিষালয় ভূডাগীর বাণিজ্যপথে ভারতে প্রণ্যক্রব্য লইয়া আসিতেন। রূশীয় ক্রেন্দ্রসঙ্গীন্ধ, পদ্মীগাণা এবং উপকথা—ভারতবর্ষ বিপুল ঐশর্ষ্যময়, অতুল ধনভাগুরিপূর্ণ স্থান
(Land of Wonderful Treasures...India the rich) বলিয়া ঘোষণা করিয়াছে।
পণ্ডিভ Lev Uspensky ভৎপ্রসঙ্গে ইংরাজী ভাষায় একটি প্রবন্ধ প্রকাশিত
করিয়াছেন। তিনি বলেন যে, রুশ পণ্ডিতমহলে বহুকাল যাবৎ ভারতীয় সাহিত্য,
সভ্যতা ও শিল্প আদরণীয় হইতেছে। উনবিংশ শতকে ইতিহাসবেতা Karamzin
রুশীয় ভাষায় 'শকুন্তলা' অনুদিত করিয়া রুশসাহিত্য সমৃদ্ধ করেন। রামায়ণ,
মহাজ্ঞারত, রুশুবংশ এবং পঞ্চন্ত ব্যতীত আধুনিক রবীক্রসাহিত্য রুশিয়ায় প্রভাব
বিস্তার করিয়াছে। অজ্ঞান, তাজমহল ও মাতুরা রুশীয় শিল্পী ও শিক্ষিত জনগণের
বিশ্বারাকর্ষণ করিয়াছে। ভারতীয় স্থাপত্যশৈলীর সহিত মধ্যো মহানগরীর বিশ্ববিশ্রুত
St. Basil গির্জ্ঞা-ভবনের স্থাপত্যের সাদৃশ্য অমুভূত হয়।

বঙ্গীয় সংস্কৃতি ও তাহার বৈশিষ্ট্য

প্রথম বন্ধীয় সংস্কৃতির ক্ষীণ আলোক অনুভূত হইয়াছিল বহু প্রাচীন 'ব্রাতা'সভ্যতায় বাহাতে বেদের প্রভাব ছিল না। ভাষাতত্ব এবং মানবন্ধাতির মূল বিভাগ
ও পরম্পরসন্ধন-বিষয়ক ইতিরত্ত ইন্ধিত করে—সূত্রপূর্ব্ব যুগের বন্ধভূমি বেদবিরোধী
ব্রাত্য-অধ্যুবিত ছিল এবং অনার্য্য, দ্রাবিড় ও কিরাত (মোলল) বন্ধদেশে বাস
করিত। সিগভাঁা লেভি প্রমূব পণ্ডিতগণ সিদ্ধান্ত করিয়াছেন যে, প্রাগৈতিহাসিক
পূর্ববভারতীয় অন্ধ, বন্ধ, কলিন্ধ, পুণু, এবং স্ক্রের ব্রাত্যসভ্যতার সহিত প্রশান্ত
মহাসাগরীয় অস্ট্রিক (বিষাদ) সভ্যতার জাতিগত সংযোগ ছিল। উক্ত সিদ্ধান্ত
অথববিবেদে সমর্থিত। অধ্যাপক কালিদার্স নাগ-প্রশীত India and the Pacific
World-গ্রন্থে এই বিষয়ে আলোচিত হইয়াছে। বন্ধের আদিম অধিবাসী—
অস্ট্রিকজাতীয় মুণ্ডা, কোল, সাঁওতাল প্রভৃতি। তাহাদের উপান্ত 'বোলা' হইতে
বন্ধনামের উৎপত্তি। আর্য্য-পূর্ব্ব সিন্ধুসভ্যতা এবং আর্য্য-পূর্ব্ব বন্ধের ব্রাত্যসভ্যতা
প্রায় সমসাময়িক, ইহা বলিলে হয়ত অত্যুক্তি হয় না। উভয় সভ্যতার সহিত
অস্ট্রিক সংস্কৃতি বিজ্ঞাত্ত। ক্রমশঃ সমগ্র পূর্ব্ব ভারতে আর্য্যাধিকার স্থপ্রতিন্তিত


ছবলৈ, বলে অন্তর (অস্ট্রিক-ব্রান্ত) সভাতার উপর আর্যানিগতা বন্ধ্রণ হর (৯৪ টিছ)। এই প্রসলে বল্লায় মনসাপ্তার বৈশিষ্ট্য বিশেষভাবে উরেধযোগ্য। মনসাপ্তার আর্য্য, অস্ট্রিক এবং দ্রাবিড় সংস্কৃতির মিশ্রণ বটিয়াছে। আর্য্য শিবকতার সহিত দ্রাবিড় সর্পদেবী ও অস্ট্রিক সিক্তর্কের সমন্বরে মনসার উত্তব (১৯ চিত্র)। বঙ্গদেশে আর্য্য-অনার্য্যের সংহতি যে একটি বিশিষ্ট রূপ পরিগ্রহণ করিয়াছিল, ইহা ভাহার প্রকৃষ্ট প্রমাণ।

প্রাগৈতিহাসিক বক্ষভূমির উল্লেখ ঋক্বেদের অনুগামী ঐতরেয় আরণাক, বৌধায়ন ধর্মসূত্র, পভঞ্চলি, রামায়ণ, মহাভারত, মমুসংহিতা, সংযুক্তনিকায় ও শক্তিসঙ্গম প্রভৃতি প্রাচীন গ্রন্থে পাওয়া যায়। অজ্ঞাতবাসকালে পঞ্চপাওব বছদেশে অবস্থান করেন। বজের পুগু,বর্দ্ধন (মহাস্থানগড়, পাণুয়া)-বাসিগণ কুরুকেত্রে ছর্ব্যোধনের পক্ষে পাগুবের বিরুদ্ধে সংগ্রাম করিয়াছিলেন। প্লিনি ও টলেমি গঙ্গাতীরবর্ত্তী সমভটভুক্তি বন্ধকে 'গঙ্গরিডি' নামে অভিহিত করেন। কৈন- এবং বৌদ্ধ-সাহিত্যামুসারে করতোয়া নদীভীরে অবস্থিত বন্ধরাক্রধানী পুপুর্ত্ধনের সহিত মৌর্যাপ্ত সংশ্লিষ্ট ছিল। জৈন কল্লসূত্রে (খঃ পৃ: অফ্রম শতক) লিখিত আছে যে, তীর্থকর পার্থনাথ বৈদিক ক্রিয়াকাণ্ডের বিরুদ্ধে রাঢ় ভাত্রশিশ্তি নগরে চতুর্যাম ধর্মবাদ প্রচারিত করিয়াছিলেন। মহাস্থানে প্রাপ্ত একটি শিলালেখে উৎকীর্ণ আছে যে, খঃ পৃঃ চতুর্থ শতকে পুঞ্বর্দ্ধন মৌধ্যসাম্রাজ্যভুক্ত ছিল। বুদ্ধের যুগে (খঃ পুঃ ষষ্ঠ শঙক) বক্ষবাসী বণিক্গণ ভাত্রালিপ্তি মহানগরীর বিপুল বন্দর হইতে বিরাট্ মাস্তল ও বিশাল পাল-সমন্বিত 'ময়ুরপম্বী' অর্ণবপোত ভাসাইয়া প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জে সসন্মানে বাণিজ্ঞা পরিচালনা করিতেন। সিংহলী ইতিবৃত্ত 'মহাবংশ'-গ্রন্থে (ধুঃ পূঃ ষষ্ঠ শতক) এবং স্থপ্রাচীন 'আচারাক্স সূত্র' ক্সেনসাহিত্যে রাচ্ভূমির উল্লেখ বর্ত্তমান। জৈন তীর্থকর বর্দ্ধমানস্বামী 'লাড়' (রাচ্) দেশে অবস্থান করিয়াছিলেন। খৃ: পূ: চতুর্থ শতকে গ্রীক রাজদূত মেগান্থিনিসও গলারাচ জনপদকে 'গগুরিডি' নামে উল্লেখ করিয়াছিলেন। পাণিনির 'গণপাঠ', কৌটিল্যরচিত 'অর্থশান্ত্র' ও বাৎস্ঠায়নের 'কামসূত্র' বজের নির্দেশ করিয়াছে। 'রঘুবংশ' বজমছিমা-বর্ণনায় উল্ফল। বরাহমিহির-প্রণীত 'বৃহৎসংহিতা'য় বঙ্গপরিচয় বর্তমান। ভারতের কলিক, ভৈলয়, য়ণাঁট, য়র্জন (শুজরাট) প্রভৃতি প্রদেশের সহিত, বহির্ভারতের চীন, বালয়, ববহীশ, মুশরীপ, শুখরীপ, মুবরীপ (বোর্ণিও), প্রান, সিংহল, নিবলন, পারয়, মিলয়, ইতালা ও গ্রীস প্রভৃতি রাজ্যের সহিত, অবাধ বাণিজ্য-পরিচালনার অগুত্তর প্রধান বন্দর-নগরী হিল—প্রাচীন বলের স্থান্তর রাজধানী স্থাসিক সপ্রধান-সংলয়, জিবেণীয় অগুরবর্তী, একদা বিশালকায়া অথুনা শুক্ত প্রান্ধা সরস্বতী নদীভীরে অবস্থিত। খুঃ পৃঃ প্রথম শতকে সপ্রগ্রাম বন্দর-নগরী হইতে চাউল, চিনি, গালা, মুক্তা, মস্লিন, রোণনী বন্ধ এবং তুলট কাগজ রপ্তানি করা হইত। শ্বন্টজন্মের পঞ্চলত বহলর পূর্বের সিংহলবিজয়ী 'সিংহবাহ' বিজয়সিংহ সপ্তপ্রামের সমীপবর্তী সিংহলতে জন্মগ্রহণ করেন, এইরূপ প্রবাদ আছে। একণে সিংহরতের অবশেষ সিমূর নামে পরিচিত।

সপ্তশন্ত অনুচরলহ বিজয়সিংহ মান্তল-পালযুক্ত যে সুর্হৎ অর্থপোতে আরোহণ করিয়া তাপ্রপর্ণী (সিংহল) বীপে গমন করেন তাহার প্রতিকৃতি অঞ্চলী গুহাতিরে পরিষ্ণুখনান (৯৫ চিত্র)। তাপ্রপর্ণী-বিজয়ান্তে তিনি স্থানীয় রাজকুমারী কুবেণীকে বিবাহ করিয়া বীপকে সিংহলে রূপান্তরিত তথা তত্রন্থ অধিবাসিগণের শিক্ষা, সমৃদ্ধি, সভ্যতা উন্নীত করেন। 'মহাবংশ' ও 'বীপবংশ'-প্রস্থহরে তাহার বিজয়বাহিনী বর্ণিত আছে। খুঃ পৃঃ ২৪৩ অকে রাজচক্রবর্তী অশোকের পুত্র মহেক্রে (মতান্তরে অপোকের প্রাভা) তাপ্রলিপ্তি (তমলুক্) নগরী-বন্দর হইতে সিংহলে অভিযান করেন। 'দলকুমারচরিত'-গ্রন্থে তাপ্রলিপ্তি মহানগরীর নির্দেশ আছে। 'পেরিপ্লস্পান্তর উলেদির মতে (খুঃ পুঃ বিতীয় শতক) গ্রীক ব্যবসায়িগণ দক্ষিণ চীন সমুল্রের উপকৃলে অবহিত করেকটি স্থানের রূভান্ত বাজালী বণিক্ ও নাবিক্রগণের সাহাব্যে জানিতে সক্ষম হইরাছিলেন। প্রাচীন ভারতের বিশিফ্ট শিল্প-সংস্কৃতিকেন্দ্র তাজালিপ্তির তরণী ও অর্থপোত পরিপূর্ণ বিশাল বাণিজ্যকেন্দ্র হইতে মহাচীন, জাগান, মালর, চম্পা, কর্বোজ, স্বর্ণবিপ, ব্রত্তীপ, ব্রহ্মপে, সিংহল প্রভৃতি রাজ্যে বাণিজ্যবাস্থাদেশে গমন করিবার ব্যবস্থা ছিল।

ভাত্রলিপ্ত মহাবিভালয়ের ভূতপূর্ব অধ্যাপক পরেশচন্দ্র দাসগুপ্ত ভাত্রলিপ্ত-অঞ্চলীয় কয়েক স্থানে বহুসংখ্যক দগ্ধস্থিকার মানব ও পশুর কুত্র কুত্র মূর্ত্তি এবং

চিত্রফলক ৭৯



३४ कि ज-िन्दर्ध, शिक्पित्क



৯৫ চিত্র-বিজয়সিংহের সিংগ্লয়াত্রা



৯৬ চিত্র—গুপ্ত ও শশাক মুদ্রা

অঞ্চবিধ শিল্পনিদর্শন সংগৃহীত করিয়াছেন। নিদর্শনসমূহ কলিকাডা বিশ্ববিদ্যালয়ের আশুডোর মিউজিয়মে হুরক্ষিত আছে। অনুমান হয়, তাহারা থঃ পুঃ তৃতীয় শতাকীয়, মৌর্য্য-হুজ যুগের, বজীয় সংশ্কৃতির অবদান। করেকটির সহিত গ্রীক-রোমক অথবা মিশরীয় মূর্ত্তির সাদৃশ্য অনুভূত হয়। সৌভাগ্যক্রমে ভারতীয় প্রত্নত্ত্ববিভাগ তাত্রলিপ্ত-খননের ব্যবদা করিতেছেন।

ত্রিপুরাঞ্চলে আড়িয়লথা নদীতীরে বহুসংখ্যক মোর্য্য রোপ্যমুদ্রা (কার্যাপণ) সংগৃহীত হইয়াছে। সম্প্রতি পঞ্চাবপ্রদেশে খননকালে হড়প্পার সহিত বন্ধের সাংস্কৃতিক যোগসূত্রের নিদর্শন আবিক্ষত হইয়াছে। মোর্য্য ও গুপ্তযুগীর বন্ধের দক্ষমৃত্তিকার স্থমস্থা, গাঢ় কৃষ্ণবর্গ, তৈজসসমূহ তন্মধ্যে প্রধান। প্রাচীন বন্ধরাজ্ঞধানী পোশু বর্জন (মহাস্থানগড়) হইতে মোর্য্য ও স্ক্রমুগের লিপিলেখ, বছবিধ পুত্তলিকা ও মূর্ত্তি পাওয়া গিয়াছে। উত্তর এবং উত্তর-পশ্চিম রাজস্থানে খননের কলে হড়প্পার সহিত আর্যাস্থানের (ব্রক্ষাবর্ত্ত ?) যোগসূত্র আবিক্ষত হইয়াছে।

অর্থনাত্রের অভিমতে বল্পদেশের খেত সিয় বাকল (তুকুল) প্রাচীন ভারতে গৌরবের বস্তু ছিল। পূর্ববলের সূক্মাভিস্ক্ম কার্পাসবন্ত্র 'মস্লিন' এশিয়া, রুরোপ এবং বৃহত্তর ভারতীয় দ্বীপপুঞ্জে রপ্তানি করা হইত; 'পেরিপ্লস্প'কার ভাহার উল্লেখ করিয়াছেন। প্লিনি বলেন যে, রোমের মহিলাগণ মস্লিনের অমুরাগিণী ছিলেন। সপ্তদশ শতকে মস্লিন য়ুরোপের সর্বত্র রপ্তানি করা হইত। ভাভার্নিয়ের বলেন যে, ইরাণের রাষ্ট্রদৃত মহম্মদ আলী-বেগ ভারত হইতে স্বদেশে ফিরিবার কালে, ইরাণের লাহ্ কে উপহার দিবার জন্ম ৬০ হস্ত দীর্ঘ, ২ হস্ত প্রস্থ ও ৮ ভোলা ওজনের একখানি মস্লিন অতি কুল্র একটি নারিকেলের খোলের ভিতর পুরিয়া লইয়া যান। মোগল-সম্রাক্তী নুরজাহান ঢাকাই মস্লিনের কদর করিতেন। ভারতের বাহিরে মস্লিন রপ্তানি বন্ধ করার জন্ম সম্রাট্ শাহ্ জাহান সরকারি আদেশ জারি করিয়াছিলেন। ঔরক্ষকেবও ভবিষয়ে সজাগ ছিলেন।

শুপ্তকালীন ভারতবর্ষ সমগ্র এশিয়ার সর্বব্রধান বাণিজ্য- ও সংস্কৃতি-কেন্দ্র ছিল।
শুপ্ত-ভারতের 'স্থবর্ণমুগ' (Golden Age) প্রবর্ত্তিত হইয়াছিল, গুপ্ত-স্থাপত্য-সংস্কৃতির
চরমোৎকর্ষ সাধিত হইয়াছিল এবং সমাট্ সমৃত্যগুপ্ত, কুমারগুপ্ত ও শশাঙ্কের অতুলনীয়
10—1872B.

অর্ণমূলাসমূহ সম্ভাবিত হইয়াছিল--গ্রীস, ইতালী, মিশর তথা বৃহত্তর ভারত হইতে অব্দিত, বাণিজ্যলক স্থৰ্ণরাশির ধারা (৯৬ চিত্র)। গুপুরুগেই, গুপ্ত রাজ্যুবর্গের সহবোগিতায়, অস্ট্র ক-অধ্যুষিত প্রশান্ত মহাসাগরীয় দীপপুঞ্জের শিল্প ও সংস্কৃতি বহুধা উরীভ হয়। গুপ্তরুগে শক, হুণ প্রভৃতি বিদেশীগণের সংঘর্ষে পশ্চিম এশিয়ার এবং পূর্বে যুরোপের সহিত ভারতীয় বাণিজ্য পরিচালনা ক্ষসাধ্য হইলে, বৃহত্তর ভারতের সহিত এদেশীয় ব্যবসাবাণিক্য প্রবলভাবে পরিচালিত হয়। ভাত্রলিখি হইতে ক্লোম, তুকুল, কোষের এবং কার্পাসবস্ত্র—'মেঘউত্বর, গঞ্চাসাপর, লক্ষীবিলাস' প্রভৃতি পট্টাম্বর শাড়ী—নারিকেল, ইক্ষুর চিনি, লবণ, বিবিধ ধাড়ু, মূল্যবান্ প্রস্তর এবং माक्रमय काक्रखवा, मृश्मित, शक्रमख, शशास्त्रत थएश, मध्यवनय, मनि, मुख्ना, शीतक, ম্বর্ণ, রোণ্য ও ভৈত্মস প্রভৃতি ভারভবর্ষের অস্থায় বন্দরে, পাশ্চান্তা ভূভাগে এবং পূৰ্ব্ব এশিয়ান্থিত ৰিভিন্ন রাজ্যে প্রেরিত হইত। পদরা পণ্যপূর্ণ বিশহাধী, আঠাইশা, পঁচিশা' পর্যায়ভুক্ত 'সিংহমুখী, ব্যাত্রমুখী, হক্তিমুখী, শঅচূড়' নামক সওদাগরী অর্ণবপোত ও বিচিত্র তরণীসমূহ 'তারাবিদ্, প্রনবেন্তা, সাগরবেন্তা' প্রভৃতি স্থাক নাবিকগণ চালনা করিতেন। চাঁদ সদাগরের স্থবৃহৎ 'মধুকর'-অর্ণবপোত বছ শত কেপণী (দাঁড়)-বিশিষ্ট ছিল, এইরূপ প্রবাদ বর্ত্তমান। মিলিন্দের বিবেচনামুসারে ধনধাত্যে, ফলফুলে, শত্মশিল্পে ও ব্যবসাবাণিজ্যে পরিপূর্ণ নদামাতৃক বন্ধদেশ তৎকালীন ভারতের শ্রেষ্ঠ উর্ববর, সমৃদ্ধিশালী, বাণিজ্ঞাপ্রধান ভূভাগরূপে দেশে বিদেশে পরিচিত ছিল।

থঃ পঞ্চম শতকের প্রারম্ভে ফা-ছিয়েন্ তাদ্রলিপ্তি মহানগরে ঘাবিংশসংখ্যক বিহার দেখিয়াছিলেন। অভাভ চীনা-পর্যটকগণও বঙ্গের নানাত্মানে বছসংখ্যক বৌদ্ধবিহার ও চৈত্যমন্দির নিরীক্ষণ করিয়াছিলেন। সম্প্রতি সাঁচির ভোরণসদৃশ তোরণচিহ্নিত ক্ষুদ্র একটি মৃৎফলক তমলুকে সংগৃহীত হইয়াছে। তৎকালে বন্ধদেশ মগধসাদ্রাব্যের অন্তর্ভুক্ত ছিল। যন্ত শতকের প্রারম্ভে, গুপ্তসাদ্রাজ্যাবসানের প্রাক্ষালে, পশ্চিমবঙ্গে একটি স্বাধীন রাজ্যত্মাপনের প্রয়াস হয়। অতঃপর আমুমানিক ৬০০ খুফীব্দে, শশাত্মদেব স্বাধীন নরপতিরূপে গৌড়ের সিংহাসনে আরোহণ করেন। তিনি দক্ষিণ-পূর্বে ভারতের গঞ্জাম হইতে উত্তরে বারাণসী পর্যন্ত বিস্তীর্ণ ভূভাগ স্বীয়

অধিকারভুক্ত করেন। ঐতিহাসিক যুগে শশান্তই প্রথম বলসাত্রাজ্যের প্রতিষ্ঠাতা।
তাঁহার মোহরখচিত বহুসংখ্যক অর্ণমূলা এবং কয়েকটি ভাত্রশাসন নালকার ও অক্তর্জ আবিষ্কৃত হইরাছে। তদীর রাজধানী কর্ণস্বর্ণ বর্তমান মূর্লিদাবাদের হয় জ্যোল

অফ্টম শতকের মধ্যভাগে উত্তরবন্ধে, পালরাজ্য প্রতিষ্ঠার প্রসচ্চে, 'মাৎস্ক্রায়'-উচ্ছেদকারী এক অভিনব গণতান্ত্রিক শাসন উত্তুত হয়। তাহার প্রভিষ্ঠাভা গোপালদেব সমগ্র বঙ্গের সর্ববসাধারণ কর্তৃক গৌড়-মগধ রাজ্যের অধিনায়ক ও অধিপতিরূপে নির্বাচিত হইয়াছিলেন (৯৭ চিত্র)। এডাদৃশ সর্বজনপ্রিয় নরপতি-নির্ব্বাচন ও সর্ব্বন্ধনীন রাষ্ট্রগঠন অতীত ভারতে অজ্ঞাত। ইতিহাসপ্রণেভা কেহ কেহ অসুমান করেন, গোপালদেবই গোড় মহানগরীর প্রতিষ্ঠাতা এবং তদীয় রাজ্বকাল (৭৬৫-৬৯) হইতেই গোড়ের ইতিহাসের আরম্ভ। খালিমপুর ভাত্র-শাসনে উৎকীর্ণ আছে ভদীয় পুত্র ইতিহাসপ্রসিদ্ধ ধর্মপালদেবের প্রভুষ সিন্ধু, কান্দাহার, পঞ্জাব ও কাংডার নরপতিগণ স্বীকার করিয়াছিলেন। ধর্ম্মপাল (৭৭০-৮১৫) পাহাড়পুরের সোমপুর মহাবিহার এবং ভাগলপুরের নিকটবর্ত্তী পাধরঘাটার বিক্রমশিলা মহাবিহারের প্রতিষ্ঠাতা। তারানাথের মতে তাঁহার পুত্র. দেবপালই সোমপুর বিহার এবং বর্ত্তমান কালে পরিচিড বিহার সরিফ সমীপে ওদন্তপুরী বিহার প্রতিষ্ঠিত করেন। কিন্তু পাহাড়পুরে প্রাপ্ত ভাত্রশাসনে উক্ত মহাবিহারের সহিত ধর্মপালের নাম সংশ্লিষ্ট আছে। দেবপাল (৮১৫-৫৪ খ্র:) পালসাম্রাজ্য আসাম ও উড়িয়া হইতে কম্বোক্ত ও তিবত পর্যান্ত প্রসারিত করিয়াছিলেন। তিনি গুর্চ্ছার-প্রতিহারবংশীয় মিহিরভোঞ্চ, রাষ্ট্রকূটবংশীয় অমোখবর্ষ এবং হূণগণকে পরাজিত করেন। মুক্তের ও নালন্দার তাম্রশাসনে উৎকীর্ণ আছে যে, তাঁহার আধিপতা হিমালয় হইতে সেতৃবন্ধ এবং পূর্ব সমুদ্র হইতে পশ্চিম সমুদ্র পর্যান্ত বিস্তৃত ছিল। যবদীপ, স্থমাত্রা ও মালয়ের অধিপতি শৈলেক্রবংশীয় বালপুত্রদেব পালবংশীয় দেবপালের রাজসভায় দৃত প্রেরণ করিয়া দৃতের মাধ্যমে নালন্দায় একটি চৈত্য-বিহার প্রতিষ্ঠাকল্লে পঞ্চসংখ্যক গ্রামদানের অমুরোধ করেন। বৌদ্ধর্মের পরম পৃষ্ঠপোষক উদারজদয় দেবপাল বালপুত্রদেবের অমুরোধ সসম্মানে

রকা ক্রিয়া বিহার প্রতিষ্ঠার অবশেষে বীরদেব নামধেয় বৌদ্দশাল্রে তুপণ্ডিত একজন ক্ষিত্ব আছে, ভেরী-তুরী-ঢাক-ঢোল-কাড়া-দাগড়ার রণবাছসহ যুদ্ধবাত্রাকালে সম্রাট্ দেবপাল পঞ্চালৎ সহস্র রণকুঞ্জর এবং রথী, পদাতি ও অখারোহী সৈম্ভসামন্তগণের বস্ত্র ধৌত করিবার নিমিত্ত পঞ্চদশ সহত্র রক্তক সঙ্গে লইতেন ৷ তৎকালে কুঞ্চিতকেশ ও মন্থণ কৃষ্ণবর্ণ ডোম ও বাগদীগণ শ্রেষ্ঠ যোদ্ধারূপে বিবেচিড ও সম্মানিত তাঁহাদের বীর্ঘাহাহিনী গ্রীকজাতির কর্ণগোচর হইয়াছিল। একাদিক্রমে চারিশত বৎসরকাল যাবৎ উত্তর ভারত শাসন করিতে কেবলমাত্র পালরাষ্ট্রই সক্ষম হইয়াছিল। অতীত ভারতে দাকিণাতো চালুকারাষ্ট্র ব্যতীত অপর কোনও রাষ্ট্রের এবম্বিধ স্থদীর্ঘকালব্যাপী রাজ্যপালনের দৃষ্টান্ত অজ্ঞাত। বঙ্গবীর 'গদাধর' দাক্ষিণাত্যে বেলারীপ্রদেশে একটি এবং বঙ্গীয় মেদিনীপুরের (ভাত্রলিপ্তি) মল্ল-সম্প্রদায় পঞ্চাবসীমান্তে একটি স্বাধীন রাজ্যের প্রতিষ্ঠা করেন। চৌহানপতি পৃথীরাজের সহিত মহম্মদ খোরীর যুক্ষকালে পৃথীরাজের সেনাপতিরূপে বচ্ছের 'উদয়রাজ' রণক্ষেত্রে প্রাণোৎসর্গ করিয়াছিলেন। 'বাংলায় ভ্রমণ'-প্রণেতা শ্রীঅমিয় বস্তু লিধিয়াছেন, "পাঞ্চাবের উত্তর ও পূর্ব্বন্থিত হিমালয়ের অন্তর্গত কাশ্মীর, পুঞ্চ, হুকেত, মণ্ডী ও জুজার পার্বেভ্যরাজ্যের বর্ত্তমান অধিপতিগণ বাংলার সেন রাজবংশ হইতে উদ্ভূত বলিয়া পরিচয়'দিয়া থাকেন। মণ্ডী ও স্থাকেত রাজবংশের কুলপঞ্জিকা হইতে জানা যায় যে, লক্ষণ সেনের বংশধর.....রপসেন পাঞ্চাবে গমন করিয়া রূপর নামক স্থানে একটি রাজ্য স্থাপন করেন এবং ক্রমে ক্রমে মণ্ডী, স্থকেড প্রভৃতি রাজ্য এই বংশের অধিকারে আসে।" উক্ত গ্রন্থে বক্লীয় ইতিহাস ও শিল্পসংস্কৃতির সংক্ষিপ্ত পরিচয় পাওয়া যায়।

আন্তর্জাতিক ধর্মপ্রবর্তনে বঙ্গের অবদান ; বৈশ্ববদর্শনের নববিকাশ ; চঞ্জীতন্তের উদ্ভব

ধর্ম্মপাল, দেবপাল ও বিগ্রহপালের রাজহকালে গুপ্ত ছাপত্যশিল্প ও সভ্যতা নবভাবে বিকশিত হইয়া গৌড়রাজ্যে উদার পালসংস্কৃতির প্রবর্ত্তন করিয়াছিল।

হুগভীর ভাগীরধীভীরে পাল রাজধানী গৌড় মহানগরী হুমহুণ কুফ প্রস্তরের সৌধমালা-পরিশোভিত বিভূত রাজপথ বেপ্লিড ছিল। রাজা রামপালদেবের মন্ত্রী ও সম্ভাক্ষি সন্ধাকর নন্দীর 'রামচরিত কাব্য' উল্লেখ করিয়াছে বে, গৌড়ের প্রভাৱে রাজা রামণাল-প্রভিত্তিত নব রাজধানী রমাবতী মহানগরী সুপ্রশস্ত রাজণব, সুবর্ণমণ্ডিত কলস্থচিত অভিকায় দেবায়তন, নয়নাভিরাম কিরীট এবং শৃঙ্গশোভিত বছদূরবিভূত (जीधावनी, कनक्टनत तमगीय उनवन धवः दृहर दृहर मीर्घिकानमचि हिन। রমাবতী নগরে বহুসংখ্যক ধনাত্য বণিক্ ও শ্রেষ্ঠীর বসতি ছিল। রমাবতী জ্ঞান-বিজ্ঞানের পীঠস্থানরূপে প্রাপিদ্ধ হইয়াছিল। ব্যবসা-বাণিজ্ঞাভিজ্ঞাভ্য-গরিষাময় পালযুগের বক্ষভাষায় সঙ্কলিত সহত্র-বংসর প্রাচীন, স্থবৃহৎ পুঁৰি 'চর্য্যাপদ' নেপালে সংগৃহীত হইয়াছে। অভীতকালে বছবিধ বাংলাগ্রন্থ চীনা ও তিববতী ভাষায় অনুদিত হইয়াছিল। গৌড় হিন্দু ও বৌদ্ধের অপূর্ব্ব মিলনতীর্থ। গৌড়ে হিন্দু- ও বৌদ্ধ-সংস্কৃতির সমন্বয়ে পালশিল্প অভূতপূর্বভাবে বিকশিত হইয়াছিল। পালযুগেই বন্ধীয় ভন্তশান্ত্রের স্থান্টি। বঙ্গের ভন্ত প্রাহ্মণা ও বৌদ্ধদর্শনের প্রকৃত ঐক্যসাধন করে। যদিও শ্রীমন্তাগবতের বিতীয় ক্ষমে বুদ্ধাবতারের উল্লেখ আছে, বাংলার ভন্তই ভাগবতের সহিত বৌদ্ধদর্শনের প্রকৃত মিলন সংঘটিত করিয়াছিল। ছাদশ শতকে গৌড়াধিপতি লক্ষণসেনের শ্রেষ্ঠ সভাসদ্ মহাকবি জয়দেব-বিরচিত 'গীতগোবিন্দে' বিষ্ণুর দশবিধ অবতারের নবম অবতাররূপে ভগবান্ বুদ্ধ কীর্ত্তিত। পালসংস্কৃতি প্রাচীন জৈনদর্শনের মূল তথ্যকৈও ত্রাক্ষণ্যদর্শনের অন্তর্ভুক্ত করে। পালযুগে রাজসাহী-সামিধ্য পাহাড়পুরে বৌদ্ধ, জৈন, শৈব ও বৈফাৰ অধ্যাত্মধারাসমূহের সক্ষম হইয়াছিল। হিন্দুধর্ম্মের তান্ত্রিক- (সৌর-শাক্ত-শৈব-বৈষ্ণব) এবং ইসলাম-সংস্কৃতির সহিত বৌদ্ধ- ও জৈন-দর্শনের মিলনজনিত মহামানবভাবাদের মহান্ আদর্শ উদ্দীপিত হয়। পাহাড়পুর স্থৃপমন্দিরের অদূরে সভ্যপীরের ভিটা আবিষ্কৃত হইয়াছে। বাদশ শতকে দাকিণাভ্যের শ্রীরামানুক্ত-প্রবর্ত্তিত বৈষ্ণব মতবাদ হিমালয়ন্থ শ্রেষ্ঠ শৈবতীর্থ কেদারনাথ খামের সামুদেশে অবস্থিত বিশিষ্ট বৈষ্ণবতীর্থ ত্রিযুগীনারারণ হইতে বদরীনারায়ণ পর্যাস্ত বিস্তৃত হইরাছিল এবং সাধু তুলসাদাসকে তদীয় অমর গ্রন্থ রামায়ণ-প্রণয়নে অনুপ্রাণিত করিয়াছিল। খ্রীরামানুক দক্ষিণ-পশ্চিম ভারতে বৈষ্ণবসংস্কৃতির অভিনব

বিকাশ সংসাধিত করেন। তিনিই লক্ষ্মীনারায়ণ ও রামসীতারূপী মুগল বিগ্রহপূজার প্রবর্তক। তদীয় বৈষ্ণবদর্শন চালুকাস্থাপত্যের নববিকাশের প্রথনির্দেশ করিয়াছিল।

রামাসুন্দের পরে, পঞ্চদশ শতকের শেষভাগে, ঐতিভত্ত মহাপ্রভু পশ্চিমবন্ধে বিষ্ণুতত্ত্বের নৃতন তথা উদ্বাহিত করিলেন। সমগ্র ভারতে তাঁহার অত্যুদার ধর্মবিশাস প্রচারিত হল। তিনি অর্কন্ধেত্রের পুরীধামকে পুরুষোন্তম বৈষ্ণবতীর্ধে রূপায়িত করিয়া, প্রথিতযশাঃ বৈদান্তিকাচার্য্য বাহ্ণদেব সার্ব্বভৌমের এবং মহাশ্ববির রামগিরির দার্শনিক মতবাদের পরিবর্ত্তন করিয়া, প্রবল পরাক্রান্ত উৎকল-নরপতি 'চুর্গাবরপুত্র', 'গঙ্গপতি', 'মহালৈব' প্রতাপরুক্রদেবকে স্বীয় বৈষ্ণবমন্ত্রে দীক্ষিত করিলেন (৯৮ তিত্র)। ঐতিভত্তের যুগে অধ্যাত্মচর্চার সহিত স্বন্থু সাহিত্যামুশীলনের মধুর সমন্বয় বলীয় সংস্কৃতির নব-অভ্যুদ্যের ভিত্তি স্থাপন করে। ঐতিগারাদ্যের প্রভাবে শক্তি-উপাসনাতেও ভক্তি ও প্রেমের সঞ্চার হয়। ঐতিরিনাম সংকীর্তন পরিবেশন করিয়া তিনি জাতিধর্মনির্বিশ্বদেষে আচণ্ডাল হিন্দু-মুসলমানকে কৃষ্ণপ্রেমে মাতোয়ারা করিলেন। কলিযুগধর্মপ্রসঙ্গের বৃহৎ নারদীয় পুরাণের "হরের্নাম হরের্নাম হরের্নাম্ব কেবলম্। কলো নাস্ত্যেব নাস্ত্যেব গতিরভ্যথা"—এই শ্লোকটি হইতে হরিনামের অপার মহিমা প্রতিপাদিত হইয়াছে।

সম্ভবতঃ খঃ পৃঃ চতুর্থ শতকে আর্যাবৈদিক সভ্যতার সহিত বদীয় প্রাচানতর বাত্যসংস্কৃতির মিশ্রণ সৃচিত হইয়াছিল। খঃ পৃঃ চতুর্থ-তৃতীয় শতকে উত্তরবদ্ধে ু আর্য্য উপনিবেশ বর্তমান ছিল, ইহা প্রমাণিত হইয়াছে। তাহার পঞ্চদশ শত বৎসর পরবর্তী বন্ধে, মগধ-গোড় সংস্কৃতির পুনর্গঠনে, বৈদিক প্রভাবের প্রাচ্গ্য অসুভূত হয়। তৎকালীন তাত্রশাসনেন মধ্য ভারত হইতে আনীত ঋক্বেদী, সামবেদী এবং যজ্মবিদী তথা ভরঘাজ-, কশ্যপ-, অগস্ত্য- ও বাহ্ন্স-গোত্রীয় বাহ্মণগণকে বাস করাইবার ক্ষয় ভূমিদান, মন্দিরপ্রতিষ্ঠা, দৈনন্দিন দেবদেবীপূক্ষা এবং যজ্ঞক্রিয়ার ব্যবহা উৎকীর্শ আছে। পার্বতা ত্রিপুরার খাপদসঙ্কুল অরণ্যেও মধ্য-ভারতীয় চতুর্বেদী বাহ্মণগণের বাসের ক্ষয় উপনিবেশ-ত্বাপনের ব্যবহা একটি তাত্রপট্ট প্রমাণিত করে। বন্ধাধিপতি আদিশ্র (৭৩২ খঃ) বেদজ, নিষ্ঠাপরায়ণ পঞ্চকন বাহ্মণকে কনৌক্ষের অধিপতি বন্ধোবর্ত্তার নিকট হইতে আনয়ন করিয়া বন্ধদেশে ছায়িভাবে বাস করাইবার বন্দোবন্ত




৯৭ চিখ-গোপালদেবের রাজ্যাভিষেক



৯৮ চিব্ৰ-এটিটেয় ও প্ৰভাপকদ

চিত্রফলক ৮২





৯৯ চিত্র— রাধাকৃষ, পাতাড়পুর

্ৰ – হেব্ড, উত্তরবঙ্গ



১০১ চিত্র---গঙ্গা, উত্রবঙ্গ

চিত্ৰফলক ৮৪



•২ চিত্র— শ্রীবামকুফাদেব

করিরাছিলেন। তাঁহাদের সহিত পঞ্চলন কায়ন্থও আসিয়াছিলেন। গুলা, পোলা, সেন ও শূর নরপতিগণ কেবলমাত্র বেদপ্রচারের অভিপ্রায়েই যে বৈদিক আন্দাগণকে মগুছে ও গোড়ে আনীত করেন তাহা নহে। তাঁহারা সনাতন ধর্মকে উপেকা করেন নাই। পুরাণোক্ত দেবদেবীর পূজার্চনার নিমিত্ত তাঁহারা বিধিমত বন্দোবক্তও করিতেন এবং তক্ষন্ত তাঁহারা নাগরশৈলীর বহুসংখ্যক দেবায়তন প্রতিষ্ঠিত করিয়াছিলেন।

থঃ অফন শতকের শেষভাগে পূর্বকথিত ধর্মপালদেব পাছাড়পুরে 'সর্বভোভত্র'-পর্যায়ী বে বিরাট্ ভূপমন্দির নির্মিত করেন তাহা বজীয় শিল্প ও সংস্কৃতির পরম গৌরবস্বরূপ। সমচতুর্ভুজ, সমচতুকোণ, ক্রমসূক্ষা, স্থ-উচ্চ দেবায়তন চতুস্পার্শন্থ চতুঃসংখ্যক গর্ভগৃহবিশিষ্ট এবং উপরিভাগত্ব অফকোণে বহুসংখ্যক ক্ষুদ্র ক্ষুদ্র শিখর এবং চূড়াসহ শোভমান ছিল। অগ্নিদগ্ধ ইষ্টকে ও স্থৃঢ় মৃত্তিকায় প্রথিত হইয়াছিল দেবায়তনের বিপুল কলেবর। এক্ষণে সেই বিশাল মন্দির মর্মান্ত্রন ধ্বংসভূপে পরিণত (৮৪ চিত্র)।

মন্দিরের পাদপীঠগাত্তে কৃষ্ণরাধা প্রমুধ পৌরাণিক দেবদেবী ও দক্ষ মৃত্তিকার পশুপক্ষি- ও সরীস্পা-সমন্বিত বহুসংখ্যক শিল্লফলক দৃশ্যমান। সম্ভবতঃ পাহাড়পুরেই কৃষ্ণরাধার যুগলমূর্ত্তি প্রথম ব্যবহৃত হইয়াছিল। ধর্মপাল-প্রতিষ্ঠিত সোমপুর মহাবিহার সমগ্র ভারতের সমৃদয় বিহারের ভগাবশেষ বিক্ষিপ্ত। সমচতুর্ভু জ বিহারের চতুর্দিকে স্থ-উচ্চ প্রাচীর ছিল। প্রাচীরের অভ্যন্তরভাগ-সংলগ্ন সমচতুর্ভু জ বিহার প্রাক্ষণের চারিদিকে প্রশস্ত বারান্দাবিশিক্ত সারিবদ্ধ কক্ষশ্রেণী নির্দ্ধিত হইয়াছিল। বারান্দার নিম্নে সমচতুর্ভোণ অলন। অলনের মধ্যভাগে অতিকায় হৈত্য-দেবার্থভন ও কারুকার্য্যমন্তিত স্তম্বশেভিত সভামগুপ। নালন্দার 'মহাবিহার', পুণ্ডু বর্জনের 'ভাস্থ' বিহার এবং কর্ণস্থবর্ণের 'রক্তমৃত্তি' বিহারের সারিবদ্ধ কক্ষসমূহ-সংলগ্ন চতুর্ত্ত আজনবেইনী বারান্দা, চৈত্যনন্দির ও সভামগুপ সোমপুর বিহারের অনুরূপভাবেই বিশ্বস্ত হইয়াছিল।

সেনযুগীয় বলে আহ্মণ্যসংস্কৃতির নব-অভ্যুদয়কালে গৌড়ীয় স্থাপত্য, ভার্ম্বর্য ও মুৎশিল্প এবং তৎপরে পটচিত্র, কন্থা, তক্ষণ ও আলিম্পনশিল্প উৎকর্ষলাভ করিয়াছিল।

কলিকাতার ইণ্ডিয়ান মিউজিয়ম ব্যতীত রাজসাহীর বরেন্দ্র অনুসন্ধান সমিতির এবং ঢাকা বিশ্ববিভালয়ের শিল্প-সংগ্রহশালায় পাল ও সেন্যুগের বছবিধ জ্রেষ্ঠ মৃত্তিসহ স্থ্নার শিল্পের রমণীয় নিদর্শনসমূহ সংরক্ষিত আছে। কলিকাতা বিশ্ববিভালয়ের আশুতোষ মিউজিয়মে পাল ও সেন্যুগের উৎকৃষ্ট ভাস্মর্য্য ও তক্ষণশিল্প ব্যতীত উড়িয়ার কারুকলা, বাসালার মৃৎশিল্প, পট, পুতলিকা, কন্থা ও তৈজ্ঞস প্রভৃতি এবং আধুনিক যুগের স্থকুমার শিল্প প্রদর্শিত হইয়াছে। স্বর্গীয় গুরুসদয় দন্তের সংগ্রহশালায় বঙ্গীয় চারু ও কারুশিল্পের কতিপয় শ্রেষ্ঠ সামগ্রী স্থরক্ষিত আছে। স্বর্গীয় বাহাত্মর সিং সিংঘীর প্রাসন্ধ শিল্পশালায় শ্রেষ্ঠ মৃত্তি, কারুকলা, বছবিধ তৈজ্ঞস ও রাজস্থানী চিত্র ব্যতীত গুপুর্গের স্থবর্ণমূলা, মধ্যযুগের অন্ত্রশন্ত্র, বছবিধ পদক ও ডাত্রপট্ট প্রভৃতি ভদীয় পুত্র শ্রীনরেন্দ্র সিং সিংঘী স্থন্দরভাবে সজ্জিত করিয়া রাধিয়াছেন।

কিন্তু য়ুরোপ ও আমেরিকার মিউজিয়মে পিরামিড ও গির্জ্জা প্রভৃতির 'মডেল'সমূহকে কেন্দ্র করিয়া ভাস্কর্যা, চিত্র, ধাতুময়- ও দারুময়-শিল্প যেরূপ অলালিভাবে স্থবিশুন্ত আছে ভারতবর্ষে তাহা তুর্লভ। স্থাপত্যের সহিত অশুবিধ সুকুমারশিল্প অবিচ্ছেন্তভাবে জড়িত। তাহারা স্থাপত্যরূপী মহীরুহের ফলফুলের সমতুল। বাংলার মিউজিয়মে পাহাড়পুর, গোড়, কান্তনগর, বিষ্ণুপুর, গুপ্তিপাড়া প্রভৃতি স্থানের শিল্পসমূদ্ধ মন্দিরের, প্রাসাদের এবং বিশিষ্ট বিশিষ্ট কুটীরের অনুকৃতি (মডেল)-সমূহকে কেন্দ্র করিয়া তৎসংশ্লিষ্ট বিবিধ সুকুমারশিল্প অলালিভাবে প্রদর্শিত হইলে বঙ্গের শিল্প ও সভ্যতার সর্ব্বান্থীণ ও সম্যুক পরিচ্ম এক্যোগে সহজেই প্রদত্ত হইত। সুকুমারশিল্পর ইতন্তভঃ বিক্তিপ্ত অসংলগ্ন সমাবেশ অলহীন ও অর্থহীন হয় না কি ?

খৃং ষষ্ঠ শতকের মধ্যভাগে গোড়দেশে কৃষ্ণরাধার লালামূলক বৈষ্ণবদর্শনের উৎপত্তি। মথুরা মহানগরীর কৃষ্ণবাস্থদেব-প্রবর্ত্তিত প্রাচীন ভাগবততন্ত্র এবং গুপুরুগে মগধে প্রচলিত ভাগবত (বৈষ্ণব)-তন্ত্র গোড়বঙ্গে উদ্ভূত বৈষ্ণব-মতবাদ হইতে বিভিন্ন ছিল। বেদ ও ব্রাহ্মণের বিষ্ণু ও নারায়ণ, ভাগবত ও পাঞ্চরাত্রের বাস্থদেবকৃষ্ণ এবং পুরাণোক্ত গোপারাধ্য গোপালকৃষ্ণের পারম্পরিক আরাধনাপদ্ধতির সমন্বয়ে গুপ্ত-

পাল-সেন্যুগে গোড়ীয় বৈষ্ণব (ভাগবত)-ধর্ম-উদ্ভুত। অবশেষে মীন, কূর্মা, বরাহ, নরসিংহ প্রভৃতি দশাবতার লীলার মহানায়ক বিষ্ণুসূর্য্য (নারায়ণ) বঙ্গদেশে সৌর-প্রকৃতির সঞ্জন- ও পালন-শক্তির প্রতীক্রপে বৈষ্ণবসমাজে পূজা পাইলেন।

মহাভারতে কৃষ্ণবাস্থানেব প্রবর্ত্তিত ভাগবতদর্শনে — ব্রহ্মগোপীর উল্লেখ নাই। বিষ্ণুপুরাণে গোপীগণ শান্ত ও পবিত্রভাবেই পরিচিতা। হরিবংশে তাঁহারা বিলাসিনী। অতঃপর ভাগবতপুরাণে গোপীপ্রসক্তে আদিরসের সূচনা। ব্রহ্মবৈর্ত্তির পুরাণে আদিরসের ক্ষুরণ। ব্রহ্মবৈর্ত্ত মধ্যযুগীয় বঙ্গীয় বৈষ্ণবতন্ত্রকে বিশেষভাবে প্রভাবিত করিয়াছিল। জয়াদেব, বিভাপতি, চণ্ডীদাস প্রভৃতি বৈষ্ণব মহাকবিগণ উক্ত পুরাণের প্রেরণায় তাঁহাদের কৃষ্ণ-গীতিকাব্যসমূহ রচিত করেন। শ্রীচৈতশ্যদেব তদীয় অভিনব বৈষ্ণবতন্ত্র আদিরস বিবর্জ্জিত তথা প্রেমপ্রধান শুদ্ধভক্তিবাদের প্রবর্তনকরতঃ সভ্যতার ইতিহাসে যুগান্তর ঘটাইলেন।

প্রাথমিক বৈষ্ণবধর্ম্ম বৈদান্তিক ঈশরবাদের উপর প্রতিষ্ঠিত। বিষ্ণু এবং তাঁহার অবতার কৃষ্ণবাস্থদেব বৈদান্তিক পরমেশ্বরের প্রতিভূ। ভাগবত তথা বিষ্ণুপুরাণ অবৈতবাদাত্মক। জগৎ এবং জীবগণ ঈশ্বরের অংশ। ঈশ্বর পরমাত্মা। জীবাত্মা তাঁহার অংশবিশেষ। ঐশ্বরিক মায়া হইতে জীবাত্মা উন্তৃত। সেই মায়া হইতে মুক্ত হইলে জীবাত্মা ঈশ্বরের সহিত একত্মলাভ করিবে। ইহাই অবৈতবাদের মর্ম্মকর্পা।

অবৈতবাদ ও বৈতবাদ বিবিধভাবের। শঙ্করাচার্য্য, রামাসুজাচার্য্য, নিম্বার্ক, মধ্বাচার্য্য এবং বল্লভাচার্য্য ব্রহ্মসূত্রের ভিন্ন ভিন্ন ভাবে ব্যাখ্যা করিয়া অবৈতবাদ বিশিফ্টাবৈতবাদ, বৈতাবৈতবাদ এবং বিশুদ্ধাবৈতবাদ—এই চারি প্রকার ধর্মমত প্রচার করিয়াছেন। কিন্তু তাঁহাদের আবির্ভাবের পূর্বের ঈশ্বর এবং ঈশ্বরন্থিত জ্বগতের প্রসঙ্গে তুই প্রকার ধর্মবিশাস প্রচলিত ছিল। প্রথম—ঈশ্বরই জ্বগৎ, তন্তিন্ন কোনও জাগতিক পদার্থ নাই; ঈশ্বর ব্যতীত অন্ত কিছুই নাই। বিতীয়—
ঈশ্বর জ্বগৎ বা জ্বগৎ ঈশ্বর নহেন; কিন্তু ঈশ্বরময় জ্বগৎ— সূত্রে 'মণিগণা ইব।' ঈশ্বর জ্বাতিক সর্ববিপদার্থে বিভ্রমান আছেন এবং তদতিরিক্ত তিনি। প্রাথমিক কৃষ্ণভাগবত (বৈষ্ণব)-ধর্ম্ম এই বিতীয় বিশ্বাদের উপর নির্ভর করিত।

বৈষ্ণবধর্মা দার্শনিক যুক্তিবিচারের সহিত অধ্যাত্মামূভূতির সমধ্য সাধন করিয়াছে। অবৈতবাদ অথবা অবতারবাদের সহিত বৈষ্ণবদর্শনের বিরোধ নাই। জ্যোতির্মায়-বাহ্ণদেব-বিচ্চুরিত অমিতশক্তি-তড়িৎপ্রবাহী তেজঃপুঞ্জ অনন্ত নভোমগুলকে প্রভায়িত, কম্পায়িত, স্পন্দায়িত করিয়া বিশ্বপ্রকৃতির চিরন্তন বিবর্ত্তনের গতিবিধি নিয়ন্ত্রিত করিয়াছে। আধ্যাত্মিক শক্তিকেক্সের (spiritual dynamism) পরিচালক পরমপুরুষ বিষ্ণু-নারায়ণ অপ্রমেয় তড়িৎশক্তি সঞ্চালিত করিয়া সূর্য্য-চক্স-গ্রহ-নক্ষত্রাদির গতি যোজনা করিতেছেন, অপিচ মহামানবের চিত্তাকাশ দিব্যালোকে উন্তাসিত করিয়া সচিচদানন্দ-রৃত্তি প্রকৃতিত করিতেছেন।

শীভগবানের অনন্ত শক্তির মধ্যে সর্ববপ্রধানা শক্তি 'হলাদিনী', তথা শ্রীকৃষ্ণসহ মধুরভাবে নিত্যমিলনরতা 'মোহিনী' যিনি—সেই শ্রীরাধার পরিকল্পনা গোড়ীয় সংস্কৃতির অমর অবদান। পদ্মপুরাণ, ব্রহ্মবৈবর্তপুরাণ, গর্গসংহিতা প্রভৃতি এতৎপ্রসম্পে আলোচনা করিয়াছে। "পরকীয়াভাবে শ্রীরাধাগোবিন্দের সহিত মিলন এবং সখীর অমুগা হইয়া শ্রীরাধাগোবিন্দের যুগলসেবা"—এই তত্তজ্ঞান তথা উপাসনাপদ্ধতি বাঙ্গালীর নিজস্ব। শ্রীরাধা শক্তি ও সত্যের মিলনাধার। শ্রীকৃষ্ণের অংশ তিনি। সাংখ্যে 'প্রকৃতি'র সহিত 'পুরুষের' মিলন দর্শনে, অপরোক্ষভাবে নহে, যথা 'স ঐক্ষত বহু স্থাং প্রকৃতি'র শহিত ' পুরুষের' মিলন দর্শনে, অপরোক্ষভাবে নহে, যথা 'স ঐক্ষত বহু স্থাং প্রকৃতিবান শক্তি। সাংখ্যদর্শনে পুরুষের অংশশক্তিরূপে প্রকৃতি পরিচিতা। রাধিকা—অংশস্বরূপা শক্তি; প্রকৃতি—অংশশক্তি-বহিরঙ্গা।

ইতিপূর্বের উল্লিখিত হইয়াছে যে, সম্ভবতঃ থঃ পূঃ চতুর্থ শতকে বৈদিক আর্য্যসভ্যতার সহিত অহ্বর-অস্ট্রিক বঙ্গসভ্যতার মিশ্রণ সূচিত হইয়াছিল। ক্রমশঃ পূর্বের ভারতে আর্য্যাধিকার স্থপ্রতিষ্ঠিত হইলে বঙ্গভূমির বিশিষ্ট, উন্নত, সভ্যতার উপর আর্য্যপ্রভাব প্রসারিত হয়। কিন্তু তাহা সত্ত্বেও বহু শত বৎসর পূর্বের, মধ্যযুগে এবং আধুনিক কালে—বঙ্গের পূজাপার্ব্বণে ও ধর্মাচরণে, বঙ্গের সাহিত্যে, স্থাপত্যে, ভাস্কর্য্যে, চিত্রে ও নৃত্যসঙ্গীতে, বঙ্গবাসিগণের পারিবারিক ও সামাজ্যিক চরিত্রে, ধ্যানধারণা, যোগসাধনা ও পরিকল্পনার ভাবপ্রকাশে—অভিনব বৈচিত্র্য ও স্বাতন্ত্র্য রক্ষিত হইয়াছে। বাঙ্গালার প্রতিমায় ও ভাস্কর্য্যে গুপ্তশিল্পের ঈষৎ প্রভাব থাকিলেও তাহারা বাঙ্গালীর নিজম্ব—আত্মন্থ ভাবকেন্দ্রিক—ধ্যানধারণা-

প্রদৃত রসোপলন্ধিতে সমৃদ্ধ। ভারতায় মূর্ত্তিশিল্পে তাহারা হয়ত অপ্রতিদন্দী। পাহাড়পুরের কৃষ্ণরাধার হুডোল দেহসোষ্ঠবে নিরুপম নিটোলতা, ভাবপ্রবণ প্রষ্ঠপুটে মর্ম্মপর্শী মৃত্ হাসি—শ্যামল-অন্ধ বন্ধন্ধননীর কমনীয় কোমলতার প্রতিবিদ্ধ (৯৯ চিত্র)। উত্তরবন্ধে প্রাপ্ত ধাতুময় পালভাস্বর্য 'সশক্তি হে বক্তু' নটরাজ্বের দোসর (১০০ চিত্র)। মিথুনমূর্ত্তির এতাদৃশ অনাবিল আনন্দপ্রসূত স্বচ্ছন্দ গতিশীলতা, স্থললিত ভঙ্গিমা ও লাবণ্যস্থ্যা—অতুলনীয় এবং অনব্যা। রাজসাহীতে প্রাপ্ত প্রস্তরের 'গল্পা'মূর্ত্তি—শক্তি-তেজে, সৌন্দর্য্য-গান্তীর্য্যে দিদারগঞ্জ যক্ষীর সহিত উপমেয় (১০১ ও ৪৩ চিত্র)।

বন্ধদেশের 'দোচালা, চৌচালা ও আটচালা' কুটারশৈলীর স্বভঃস্কুর্ত্ত কোমলভার সহিত উৎকল তথা উত্তর-ভারতীয় নাগর-রেথ স্থাপত্যের সজীব দৃঢ়ভার সমন্বয়ে তমলুকে (তাত্রলিপ্তি) বর্গভীমা (পার্ববতী), বিষ্ণুপুরে মদনমোহন, দিনাজপুরে কাস্তজী এবং গুপ্তিপাড়ায় রুন্দাবনচন্দ্রের যে-সকল দেবায়তন নির্দ্দিত হইয়াছিল তাহাদের শক্তিমন্ত হুললিত গঠন অনিন্দান্ত্রন্দর (৩২-৩৪ চিত্র)। ঐ সকল দেবায়তনের গাত্রদেশে উৎকীর্ণ বলদীপ্ত দেবদেবী ও মানবমানবীসহ সরস-সরলতা-সিঞ্চিত ভাবপ্রবণ পশু-পক্ষি-পুল্প-লভার কমনীয় মুহুকলক-গঠনে হয়ত ধীমান্ ও বীতপাল-প্রতিন্তিত পাল-শিল্পীসজ্জের সাধক কর্ম্মিগণ বংশাসুক্রমে নিয়োজিত হুইয়াছিলেন। মেদিনীপুরের বহু স্থানেই বন্ধীয় ও উৎকল-স্থাপত্যের মিশ্রণে 'বেকি, আমলক, থপুরি ও পীড়' সন্ধিবিষ্ট 'চারচালা' দেবালয় পরিদৃষ্ট হয়। কেশিয়াড়ীর হুঠাম স্থন্দর সর্বব্যক্ষলা-মন্দির (খুঃ যোড়শ শতক) তত্মধ্যে একটি। উৎকল-মন্দিরের অনুযায়ী সর্বব্যক্ষনান। কোমলভার সহিত দৃঢ়ভার মধুর সমন্বয় হইয়াছে সর্বব্যক্ষলার অনাড্ন্থর গঠনশিল্পে।

প্রাক্-বৈদিক, অস্থর-অস্ট্রিক শক্তি ও তেজ বঙ্গের বিশিষ্ট শিল্পসাধকপণ বর্জন করেন নাই। অথচ স্থামলা ধন-ধাগ্য-পুষ্পাভরা নদীমাতৃক বাংলার কোমল প্রকৃতির অতিপ্রাকৃত আধ্যাত্মিক প্রেরণায় অমুপ্রাণিত হইয়াছিলেন তাঁহারা। শক্তি-তেজ্ঞশীলা দশভুজা চুর্গা ব্যতীত শক্তি ও গতিশীল দশভুজ নটরাজ সমগ্র ভারতের মধ্যে কেবলমাত্র বাংলার সমতটেই আবিষ্কৃত হইয়াছে। মৎস্থপুরাণোক্ত আনন্দমুদ্রায় বিভোর দশভুজ-নৃপা-নটেশের দক্ষিণ পার্মষ্টিত পঞ্চ হস্ত থড়গা, শক্তি, দণ্ড, ত্রিশূল ও বরদানভলিমা এবং বামপার্মন্থিত পঞ্চসংখ্যক হস্ত খেটক, কপাল, নাগা, খটভঙ্গ ও জপমালা ধারণ করিয়াছে। অপূর্ব্ব এই নটরাজের সভায় কোমলতা ও কঠোরতা, ক্ষমা ও শক্তি, পালন ও শাসনের মধুর সমন্বয়! বাংলায় লোকেশ্বর এবং প্রজ্ঞাপার্মিতা যথাক্রমে সূর্য্য ও সরস্বতীরূপে পূজিত হইয়াছেন। যুগানদ্ধ শ্রীহেরুক এবং দশহস্ত-, ছত্রিশহস্ত- ও শতহস্ত-বিশিষ্ট বোধিসন্থও হিন্দুসাধারণের পূজা পাইয়াছেন। সহস্র বৎসর পূর্বের চাতুর্ব্বর্ণ্য হিন্দুসমাজ হিন্দু এবং বৌদ্ধ দেবদেবীর যুগাপৎ আরাধনা করিতেন। হিন্দু, বৌদ্ধ, জৈন ও ইসলামীয় সংস্কৃতির মহামিলন বঙ্গাদেশ যেরূপ পরিপূর্বভাবে সমাহিত হইয়াছিল অন্তত্ত তক্রপ হয় নাই। পাহাড়পুরে তাহা প্রতিগাদিত হইয়াছে।

বাংলার গ্রামে গ্রামে, বনে জন্মলে, নানাবিধ অপৌরাণিক লৌকিক দেবদেবীর পূজা প্রচলিত আছে। মোহেন্-জো-দড়োর সহিত সংশ্লিষ্ট ক্ষেত্রপাল, কালিয়াদানা, হেঁটাল চণ্ডী, নেকড়াই চণ্ডী, বনহুৰ্গা প্রভৃতি হিন্দুসমাজের নিম্নস্তরে অনাধ্য প্রথামত পৃক্তিত হয়েন। বাঁকুড়া-অঞ্জীয় পোখরনায় প্রাপ্ত যক্ষীমূর্ত্তি হয়ত প্রাচীন বঙ্গে অর্চিত হইত (১৬ চিত্র)। কিন্তু বৈদিক, পোরাণিক, আর্ঘা ও অনার্ঘ্য ধর্মাচরণ-পদ্ধতির অপূর্বব মিশ্রণ হইয়াছিল বঙ্গের আপন আরাধ্য ধর্ম্মঠাকুরের অর্চ্চনায়। আর্য্য ও অনার্য্য কয়টি দেবতার প্রতিনিধি ধর্ম্মঠাকুর। বৈদিক বরুণ ও রণার্ক্ত সূর্যা, অবৈদিক কুর্মাবতার, অখারোহা পাহ্নকা-পরিহিত ইরানীয় সিপাহা মিহির, ভবিশ্যপুরাণের কল্ফি অবতার এবং অনার্য্য কূর্মাদেবতার প্রতীক্ পাষাণখণ্ড, অথবা ধাতুময় কৃর্মবিগ্রহ, ধর্মঠাকুরের প্রতিভূরণে পূজিত হইত। কৃর্মবিগ্রহের পৃষ্ঠদেশে ধর্মাঠাকুরের পাছকাচিছ। প্রকৃতপক্ষে, উক্ত চিহ্নাই আগল ধর্মাঠাকুরের প্রতীক্। তৎকালীন স্বাধীন বঙ্গের আন্তরিক তেজ ও শক্তিসম্পন্ন, যুদ্ধবিশারদ, ডোম-সম্প্রদায় ধর্মপূজার প্রধান অধিকারিরূপে স্বীকৃত হইয়াছিল। ধর্মঠাকুর স্থানে স্থানে শিব অথবা বিষ্ণুরূপে আক্ষণ পুরোহিতহারাও পৃক্ষিত হইতেন। ধর্মপূকার উৎপত্তি, ক্রমবিকাশ এবং ঠাকুরের গাজনপ্রসঙ্গে কলিকাতা বিশ্ববিভালয়ের অধ্যাপক ডক্টর স্থকুমার সেন-প্রণীত গবেষণামূলক 'প্রাচীন বাংলা ও বাঙালী'-গ্রন্থে বিস্তৃত বিবরণ পাওয়া যায়। গাজনের প্রধান অন্ধ 'কালীকাচ' অর্থাৎ কালীবেশে নরম্গুহন্তে পূজারির উদ্দাম রণনৃত্য। ধর্মপূজার সমুষ্ঠানে জাঙ্গুলী (জাগুলী) অর্থাৎ জন্মলচারিণী সর্পদেবী মনসার পূজাও অপরিহার্যা (১৯ চিত্র)। একাদশ শতাব্দীর ও পরবর্তী বন্ধীয় স্থাপত্যে, স্থানবিশেষে, মনসামূর্ত্তি উৎকীর্ণ হইত।

বঙ্গের চণ্ডীতন্ত্রের শক্তিমন্ত্রেই হিন্দুদর্শনের সর্বাঙ্গীণ উৎকর্ষ। পালযুগে ব্রাহ্মণ্য এবং মহাযানী বৌদ্ধসংস্কৃতির সমন্বয়ে উন্তৃত স্থাপত্য, ভাস্কর্য্য, চিত্র ও সাহিত্য প্রকৃতপক্ষে উক্ত তন্ত্রের অবদান। বিংশ শতাব্দীর বস্তুতান্ত্রিক, যান্ত্রিক সভ্যতা ভারতের ধর্ম্ম, সংস্কৃতি ও মনীষাকে যখন উচ্ছেদ করিবার উপক্রম করিতেছিল, বাংলার পূর্ণবিকশিত চণ্ডীতন্ত্রই তথন ভারতীয় সভ্যতাকে ধ্বংসের কবল হইতে রক্ষা করিয়াছে। মাত্র তাহাই নহে; অথগুনীয় যুক্তি ও অপরাজেয় শক্তির মাধ্যমে বেদ-উপনিষদসভূত উদার হিন্দুধর্মকে দৃঢ়তর এবং উন্নততর করিয়াছে। যুক্তিমান্, শক্তিমান্ ঈদৃশ মহাশক্তি-তন্ত্রের প্রবর্ত্তক, পরম সাধক—অহরহঃ আধ্যাত্মিক ভাবোন্মত্ত—শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংস বেদবেদান্তের মহান্ আদর্শকে অক্ষুণ্ণ রাখিয়া, কোরান ও বাইবেল প্রভৃতির বিশিষ্ট বিশিক্ট ধর্ম্মবিশাসসমূহকে উপেক্ষা না করিয়া, স্বয়ং বিবিধ ধর্ম্মের অনুশীলন ও কঠোর কুছুসাধন করিয়া, অতীত-বর্ত্তমান সর্ববযুগের সর্ববদেশের সর্ববিধ ধর্মদর্শনের সার-ভাগের সমন্বয়ে— বিশ্বমানবের মর্দ্মস্পর্শী, সর্ববভূতের কল্যাণকরী, সাকার ও নিরাকার অর্চনা ও উপাসনার সামঞ্জন্ত সংঘটনকরী— অপূর্ব্ব আন্তর্জাতিক প্রেমমন্ত্রের অভয়বাণী ঘোষিত করিয়াতেন। সত্য-শাশত-সঙ্গীতমুখরা ভাগীরথীর পুণ্যপীযূষধারা-পরিপ্লাবিত দক্ষিণেশরের আত্রকুঞ্জন্থিত পঞ্চবটীবেদিকা এবং আছাশক্তি মহাকালী-মন্দিরের স্বর্ণচক্রচূড়া তাঁহার পরমঘোষণাকে অহরহঃ প্রতিধ্বনিত করিতেছে (১০২ চিত্র)।


গীতা ও চণ্ডী হিন্দুর শ্রেষ্ঠ ধর্মশান্ত্রসমূহের অন্তর্গত। উভয়ের মধ্যে এই প্রভেদ যে, গীতার ভক্তবৎসল কৃষ্ণ কুরুক্ষেত্রে অর্জ্জুনের রথপরিচালনা এবং অর্জ্জুনকে দ্রোণাচার্য্য ও ভীমকে জরাসন্ধবধের পরামর্শ প্রদান করা সত্ত্বেও, প্রত্যক্ষভাবে সংহারকার্য্যে স্বয়ং-নিজ্জিয়; কিন্তু চণ্ডীর শ্রীত্বর্গা সহস্তে অন্তরগণকে সংহার করিয়াছেন। কৃষ্ণ বেদ-উপনিষদোক্ত পরব্রশান্তরপ নির্বিকার ও নিজ্জিয়।

কিন্তু চণ্ডী (শ্রীহুর্গা) সেই পরত্রক্ষেরই 'শক্তি'রূপিণী। মহাশক্তিময়ী মহামায়া তিনি। আছাশক্তি 'প্রকৃতি'রূপে তিনি বিশের স্ক্রন-, পালন- ও সংহার-ক্রী। তাঁহার অনস্ত শক্তি 'পুরুষ'রপী শিবকে আচ্ছন্ন করিয়াছে। তিনি কাম, ক্রোধ ও লোভের প্রতীক্ শুস্ত, মহিষাস্থর ও মধুকৈটভের নিধনকর্ত্রী। অস্থরকুল যথন দেবকুলকে পরাজিত, লাঞ্ছিত করিয়া স্বর্গ হইতে বিতাড়িত করিল—দেবতাগণ বুঝিতে পারিলেন যে, তাঁহাদের প্রত্যেকের আপন আপন শক্তিকে সমবেত ও কেন্দ্রীভূত করিয়া অস্তরগণের বিরুদ্ধে সংগ্রাম পরিচালনা করিতে হইবে। অশুণা তাঁহাদের ধ্বংস অনিবার্য। তথন তাঁহারা নিজ নিজ শক্তির শ্রেষ্ঠ উপাদানসমূহ একত্রিত করিয়া অপূর্ব্ব, সর্বাঙ্গস্থলরী, মহাবলশালিনী তুর্গার স্থষ্টি করিলেন। বঙ্গদেশে শ্রী চুর্গা সঞ্জবদ্ধ-গণশক্তির প্রতীক্। দশ দিক্ হইতে গণদেবভাগণ নিজ নিজ শক্তি (আয়ুধ) লইয়া দেবীকে কেন্দ্র করিয়া সন্মিলিত হইলেন। তাঁহার নয়নত্রয় সূর্য্য, চক্র ও অগ্নির প্রতীক্। বিত্ত, বিছা, বীর্য্য ও বুদ্ধির প্রতীক্ লক্ষ্মী, সরস্বতী, কার্ত্তিক ও গণপতি দেবগণের সহিত একত্রিত হইলেন—অজ্ঞতা-ছুর্নীতি-অভ্যাচারের প্রতীক্ মহিষাম্বরকে নিধন করিতে। সিংহ সংযমের এবং ত্রিশূল সামাজিক অনুশাসনের প্রতীক্। সিংহবাহিনী শ্রীতুর্গা মহিষাস্থরকে নাগপাশে আবন্ধ করিয়া, ত্রিশূল (অনুশাসন)-ম্বারা তাহার ছুর্নীতিপরায়ণ তুর্গত জীবনের অবসানকরতঃ সমাজে শান্তি ও শৃখলার প্রতিষ্ঠা করিলেন (১০০ চিত্র)।

সত্যযুগে দেবতাগণের এবং মহর্ষি কাত্যায়নের আরাধনাতৃষ্টা দশপ্রহরণধারিণী দশভুক্ষা তুর্গা মহাষ্টমী তিথিতে, মহিষাস্থরকে সংহার করিয়া দেবলোকের দেবসমাজকে তুর্গতি হইতে রক্ষা করেন। ত্রেতায় র্যুপতি রামচন্দ্র মহানবমী দিবসে শ্রীতুর্গার অকালবোধন ও মহাপূজাসমাপনান্তে লক্ষেশ্বর দশাননকে নিধন করেন। ঘাপর ও কলিযুগের সন্ধিক্ষণে কৃষ্ণবাস্থদেবের নির্দ্দেশামুসারে অর্জ্জ্ন শ্রীতুর্গার স্তব ও আরাধনা করিয়া কুরুক্তেত্র মহাসমরে অবতীর্ণ হইয়াছিলেন। চণ্ডীতন্ত্রে ব্রক্ষাস্থরূপণী সেই আছাশক্তির স্তবস্তুতি ঘোষিত হইতেছে—

"যা দেবী সর্বভৃতেষু শক্তিরূপেণ সংস্থিতা। নমস্তব্যৈ নমস্তব্যৈ নমস্তব্যৈ নমো নম:॥"

দেবায়ত্র ও ভারত সভাতা



১০০ চিফ - হতিপত্তে খোলিত শ্রীতগাঁ, মধাবল

দেবায়তন ও ভারত সভ্যতা

চিত্ৰফলক ৮৬



বিশ্বশেষবিনী বিশ্বশ্বশালনকারিণী শ্রীহুর্গা স্নেহময়ী জননীয়পেও পূজনীয়া।
আভাশক্তি ব্রহ্ময়ীকে জগৎজননীয়পে পূজার্চনা ও আরাধনা চণ্ডীভ্রন্থসাধনার আদিপীঠভূমি বজের নিজস্ব। ' সেই মহীয়সী মাতৃশক্তিকে পুনরুদ্দীপিত করিতে এবং
নিম্পোষিত, সঞ্চশক্তিবিস্মৃত, হিন্দুজনগণকে জাতীয়ভার ঐক্যমন্ত্রে পুনর্দীক্ষিত করিতে
ঋষি বন্ধিসচন্দ্র 'বন্দেমাতরম্' মহাসঙ্গীত রচিত করিয়াছেন।

বেদ ও শ্রীমদ্ভগবৎ গীতার সারতম্বগুলি চণ্ডীতন্ত্র নিহিত। শ্রীরামকৃষ্ণদেবের কঠোর শক্তিসাধনাপ্রসূত্র শান্তিমন্ত্র—ত্রাহ্মণ্য গীতা, বৌদ্ধ ত্রিপিটক, কৈন ধর্মসূত্র এবং চণ্ডীতন্ত্রের সমন্বয়সভূত। 'শ্রীরামকৃষ্ণকথামৃত' আন্তর্জাতিক মহাসকীত। তাহা মহামানবের মোক্ষমন্দিরে সর্ববর্জীবে করুণাপরায়ণ, সভ্যকামী ও শান্তিকামী নরনারীদের সাদরে আবাহন করিতেহে। ভগবান্ রামকৃষ্ণ উপনিষ্কৃত্ত প্রমত্রাহ্মণের প্রতিভূ। সমাধির পূর্বেব ভাবের আবেশে তিনি পুরুষ ও প্রকৃতির মুগ্ম সন্তা প্রকৃতিত করিতেন।

্ভারত সভ্যতার জনক গৌরীশক্ষরশীর্ষ-হিমালয়

হিমালয়ে বৈদিক প্রাক্ষণ-বিরচিত ব্রক্ষাগুপ্রসারী দর্শনশান্ত—ভারতীয় মূর্ত্তি-বিজ্ঞানের উৎপত্তি ও ক্রমবিকাশের মূলশক্তি যোগাইয়াছিল (> 8 চিত্র)। দার্শনিক ধ্যান ও ধারণা, দেবদেবীর প্রতিমায় সাঙ্কেতিক ক্ষুরণ ও বিবিধ ভলিমার বোজনা করিয়াছিল। সেই ক্ষুরণের পরিণতি—জটামুকুটধারী গৌরীশঙ্করের প্রতীক্ নটরাজের স্থেলন ও সংহারমূর্ত্তি। নটরাজের চারিজুজ ডমরুধারণ, অভয়প্রদান, অগ্নিধারণ এবং গজহন্তমুজায় বিশুন্ত। ডমরু হইতে স্প্রি, অভয় হইতে শ্বিতি ও অগ্নি হইতে

>> বৃহৎসংহিতাকার শক্তিপ্রার উল্লেখ করিয়াছেন। সংহিতারচনার সহল বংসর পূর্বে শক্তি 'মাতৃকা'রূপে মোহেন্-জো-দড়োর গৃহে গৃহে পূরা পাইতেন (৬ চিত্র)। অবশেষে তিনি 'ব্রহ্মাণী, মহেশরী, কৌমারী, বৈঞ্চবী, বরাহী, ইন্দ্রাণী এবং চাম্ঞী'রূপে বরণীয়া হরেন। 'মহেশরী, মহাকালী, মহাকালী, মহাকালী, মহাকালী রূপিণী শাধাশক্তিগণ 'আভাশক্তির' নির্দেশমত বিশের পরিচালনা করিতেছেন;—ইহা ডন্ত হুইতে জানা যায়।

লাম্বের সাজত নির্দেশিত হইতেছে। নমিত গজহন্ত বামপদ দেখাইয়া মৃতির ইন্ধিত করিতেছে। নৃত্যভন্তিমায় উথিত বামপদ অনুগ্রাহের (মৃত্তি) সাজত করিতেছে। কিভি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম ভদীয় সঞ্জন- ও সংহার-নৃত্যের স্পান্দানে বিচ্ছুরিত ও বিকম্পিত হইতেছে।

হিমালয় দেবদেবীর লীলানিকেতন। হিমালয়ের প্রেরণায় ভারতের দেবায়তন পরিক্লিত। নগরাক্ষের গর্ভগুহা-আবেউন ও আচ্ছাদনকারী গৌরীশক্ষর ও কৈলাস-শৃক্ষের আদর্শে বিষ্ণুমন্দিরের ও শিবমন্দিরের গর্ভগুহাকে পরিবেষ্টিত এবং আচ্ছাদিত করিতে যথাক্রমে চতুরস্র-সূচল বিষ্ণুবিমান ও অপিকাশীর্ষ শিবশিখর পরিকল্লিত ও পরিগঠিত। মন্দিরস্থ গর্ভগৃহ—বিশাস্ক্রনকর্ত্তা প্রজাপতি পরমত্রহ্মস্বই আদিত্যমগুলের মধ্যবিন্দু হিরণাগর্ভের প্রতীক্। মন্দিরের অভ্যন্তরে ও বহির্ভাগে হিমালয়াধ্যুষিত পশুক্ষী, তরুলতা, পত্রপুষ্পা, দেবদেবী, যক্ষযক্ষী, মানবমানবীর মূর্ত্তি উৎকীর্ণ আছে। অধিকন্ত শরীরী-অশরীরী জীবজগতের বাস্তব ও কল্লিত জীবনের ঘটনাবলী তথা পুরাণের কাহিনী থোদিত ও চিত্রিত রহিয়াছে। দেবগৃহের কারমগুল এবং চিত্রকলা স্ক্রনশীলা প্রকৃতিদেবীর সৌন্দর্যারচনার ভাব, ভাবা ও হন্দের অনুসরণ করিয়াছে।

দেবায়তন ব্রহ্মাণ্ডপ্রফী ব্রহ্মাণ্ডদেবের প্রতিভূ। বিরাটপুরুষ ব্রহ্মাণ্ডদেবের 'সমভন্ধ' মুব্রার সঙ্কেতমত অবক্র (সমভন্ধ) দেবায়তনের অঙ্গপ্রতাঙ্গ স্থবিশুস্ত তথা স্থাপত্যশৈলী হন্দায়িত হইয়াছিল। ভূবনেশ্বরক্ষেত্রে বিরাট্ লিক্সরাজ্বের অবক্র মন্দির তাহার প্রকৃষ্ট উদাহরণ। প্রাণবস্ত-ভাস্কর্মাণ্ডত পূর্ণ-প্রস্কৃটিত মন্দির-স্থাপত্যের মাধ্যমে গৌরীশঙ্করের প্রতীক্ উন্নতশির-সমভন্ধ লিক্সরাজ সমভন্ধ ব্রহ্মাণ্ডদেবের মহিমা কীর্ত্তন করিতেছেন।

নদ-নদী-অরণ্য-সমাকুল 'হিমবান্দেব' হিমালয় ভারতীয় শিল্প এবং সভ্যতার নিয়ন্তা। হিমালয়ের ক্রোড়ে স্রোভিশ্বনীবিধোত বনানীবেন্তিত 'সপ্ত-সিন্ধব' ও 'ব্রহ্মাবর্ত' ভ্রতাণে শতপথব্রাহ্মণ ও আরণ্যকসহ বেদবেদান্ত বিরচিত হয়। ঋষি-মহর্ষিসেবিত হিমারণ্যের শালমেখলা-আশ্রমকুঞ্জে, গল্পা- ও গোমতী-তটে, 'ধর্মারণ্যের সভ্যমন্দিরে' এবং নৈমিষারণ্যের 'গুরুকুলে' ও 'ঋষিকুলে' উপনিষ্দের প্রণয়ন ও ভাষ্যের সক্রলন হইয়াছিল। আগম, সূত্র, রামায়ণ, মহাভারত, পুরাণ, জ্ঞাতক প্রভৃতি ধর্মগ্রেছসমূহ

এবং প্রাচীন লোকসাহিত্য অরণ্যসম্ভূত ভারতীয় সভ্যভার মহিমাবর্শনায় ভাষর। ইভিহাস-প্রণরনের পূর্বকাল হইতে ভারতীয় শিল্প ও সাহিত্য বনস্পতির মহিমা প্রচার করিতেছে। ভারতের অরণ্যে অরণ্যে বনস্পতির উপাসকর্গণ বনানীর মাছান্মা-কীর্ত্তনে পরিজ্ঞমণ করিতেন। অরণাসঙ্কুল সিন্ধু-উপত্যকার অধিবাসিগদ তথা আর্যাসূর্ব নাগজনগণ ভক্তিভৱে কৃতাঞ্চলিপুটে বৃক্ষপূজা করিতেন। মোহেন্-জো-দড়োভে একটি মুলা আবিষ্কৃত হইয়াছে; তাহাতে একটি বুক্ষের শাখাৰয়ের মধ্যে দণ্ডারমানা নয়দেহা वुक्रमियो त्यांनिक चार्हन। त्रयोत्र जमत्क चातांथनानित्रक छेशांनक अतः मानाशत्न গন্ধবিরাজ। সাঁচির মগুনশিল্প ফুন্দরভাবে উদ্বাটিত করিয়াছে—গ্রুন কানন্মাঝারে ক্রিপ ভক্তিবিহ্নল চিত্তে পশুরাজ সিংহ—মাতক, অখ ও মুগসহ—বনস্পতির পূজা করিতেছে। ভারত-ইতিহাসের যুগে যুগে আর্ঘা ও অনার্যাগণ অশ্বথের পূজা করিয়াছেন। সিন্ধু-সভ্যতামুপ্রাণিত স্থেরীয় জনগণও বৃক্পৃকা করিতেন। রামায়ণ, মহাভারত, জাতক, পল্পপুরাণ, অগ্নিপুরাণ ও মৎস্থপুরাণ ব্যতীত কালিদাস, ভারবি, মাব ও বাণভট্ট প্রভৃতি মহাক্বিগণ-সঙ্কলিত সংস্কৃত সাহিত্য ও নাট্যগ্রন্থ অরণ্যানীর স্ক্রনী ও সঞ্জীবনী শক্তির মাহাত্ম্যবর্ণনায় ভাষর। ঋষিগণ সঞ্জীব বৃক্ষপল্লবে চেডনা এবং অমুভূতির সন্ধান পাইয়াছিলেন। পুরাণে বৃক্ষরোপণ-মহোৎসবের ব্যবস্থা এবং क्लर्क-(इपनंकारी महाभागीरक ममुहिल प्रश्विधात्मर निर्द्धण वर्त्वमान। जाणांकल्या মগধ সামাজ্যের স্থপ্রশস্ত রাজপথসমূহের উভয় পার্ষে সারিবন্ধ বুক্ষরোপণের নির্দ্ধেশ উৎকীর্ণ আছে। বৃক্পপ্রতিষ্ঠার মাধ্যমে সমাজসেবা, চিত্তগুদ্ধি ও আধ্যাত্মিক সম্পদ্-লাভের মহান আদর্শ ভারতীয় ধর্মজীবনে দেদীপ্যমান ছিল।

প্রাচীন ভারতে বৃক্ষরোপণ, নীবার ধাহ্যবপন, আলবালে জলসেচন এবং গো-পালন অনাড়ম্বর বৈদিকব্রাহ্মণ-সংস্কৃতির বিশিষ্ট অঞ্চয়পে বিবেচিও হইড। ব্রহ্মবির আশ্রমকুঞ্জে, প্রসারিত বৃক্ষতলে, ব্রহ্মচারী বিভার্থিগণ গুরুর সকালে শিক্ষার্ক্তন করিছেন (১৭ চিত্র)। সেই শিক্ষা সভতস্ক্রমশীলা মৌনবতী প্রকৃতির গোপন রহস্তসঙ্গীতের সহিত বিভার্থিগণের মর্ম্মবীণার নীরব স্থুরঝক্ষারের নিরবচ্ছির সংযোগসাধন করিত। আরণ্যপ্রকৃতির অনন্তসৌন্দর্য্যনিঃস্ত আনন্দনির্বরের অকুরম্ভ অমৃতপ্রবাহ তরুণ শিক্ষার্থীর সরল চিত্ত ও নির্মান চরিত্র সভত সরস রাধিত।

তপোৰনসম্ভাত কলমূল, নীবার ধাত্য, পক বন, প্রব্য হত, গাজীহ্রও, শর্মবীজের পায়ন-পিউক কুমারগণের দেহে কান্তি, চিত্তে শান্তি সঞ্চারিত করিছে। জনাড়বর আঞ্চানকুটীরে ক্ষমি-মহর্ষিগণ বেদাধারন, জারিহোত্র, অভিবিপুজন প্রভৃতি পক্ষমধানক্ষের অসুষ্ঠান করিভেন (১৪ চিত্র)।

একদা ভারতবর্ষের অধিকাংশ ভূভাগ অরণাসমাকীর্ণ ছিল। রামায়ণবুগে দশুকারণ্য গলা হইতে সমুদ্রভট পর্যান্ত বিস্তীর্ণ ছিল। পূর্বে ভারতে ভাড়কারণ্য, পশ্চিম ভারতে পঞ্চবটী অরণ্য এবং উত্তর ভারতে খাওবারণ্য, নৈমিষারণ্য ও ধর্মারণ্যের পরিমর ছিল বছদূরবিস্তৃত। পঞ্চমহত্র বংসর পূর্বে সিল্লুভূভাগীয় श्विखीर्व व्यात्रगानितक्छत्न व्यत्रगानीत व्यनावित लोक्यां ७ माधूर्य मधूमस कतिसाहित ভাৰপ্ৰবণ সিন্ধুবাসিগণের সান্ধিক সমাজজীবন (৩ চিত্ৰ)। স্বকুমারশিলের পরিকল্পনা-প্রসক্ষে বৃক্ষপল্লব, পুষ্পগুচ্ছ ও ভরুলতা সাধকশিল্পীদের অনুপ্রাণিত করিয়াছিল। ভাষার প্রমাণ মোহেন্-জো-দড়োর শীলমোহর, হড়প্লায় আবিষ্কৃত মহাযোগীর গাত্রবজ্ঞ, অধিবাসিগণের শিরোভূষণ, পুষ্পাধচিত স্থর্ণালক্ষার এবং বিবিধ শাখাপল্লবের রমণীয় চিত্রশোভিত, স্বঞ্জিত, দক্ষমৃত্তিকায় পালিশ-করা তৈজসপত্র; তাহার প্রমাণ পম্পেই ধ্বংসাবশেষ-গর্ভে আবিষ্কৃত ভারতীয় প্রতিভাপ্রসূত হস্তিদস্তময় যক্ষীর কেশাভরণ (৮২ চিত্র)। প্রাচীন ভারতীয় সভ্যতার প্রতি পর্যায়ে অরণ্যের পাদপরাবি ভারত-বাসীর জীবন ও সমাজকে, শিল্প ও সংস্কৃতিকে পরিচালিত করিয়াছে। অশ্বথরুকতলে কৃষ্ণবাহুদেবের জীবনাবসান হয়। পুস্থিনীর রাজোছানে গৌডমবুদ্ধের জন্মগ্রহণ্কালে গর্ভধারিণী মায়াদেবী একটি শালরুকে স্বীয় দেহভার শুন্ত করিয়াছিলেন। জাতকে वृक्तकीवनीत व्यथारिय व्यथारिय এवः माँहि, छङ्गर, वृक्तभया, मधूत्रा, यश्रीति छ অমরাবতীর পাষাণে পাষাণে বৃক্ষলতা 'ও পত্রপুস্পথোদিত উদগত চিত্রের মধুর সমাবেশ। বিদ্যাগিরির লোহিত প্রস্তারে উদগত মৌর্যান্তারতের কল্পত্ব—যাহা একণে কলিকাতার যাত্র্যরে প্রবেশপথে সংরক্ষিত আছে—মানবের এছিক পারত্রিক সর্ক্ষবিধ সাধনাকামনা-পূরণের পরম উৎসরপেই পরিকল্লিভ হইয়াছিল। প্রাকৃতিক ক্রনী-শক্তির অফুরস্ত উৎসরগী উক্ত করাবৃক্ষ প্রাচীনতা ও নবীনতা, পার্থিব ও অপার্থিবের মোহন মিলন প্রতিযোগিত করিতেছে। বনফুলভূষণ, শ্যামমুরলীধর, পীতবসন বনমালী

বৃন্দাবদের কুঞ্জে কুঞ্জে বাল্যলীলা করিতেন। আরণ্যপ্রকৃতি বন্ধালীর লাভলীলার প্রেরণা বোগাইতেন। বৃন্দরোপণ-উৎসবরত বন্ধালীর তেকোদীপ্ত চিত্রাবলী রাজস্থানে, গুজরাটে এবং বোইনের (Boston) শিল্প-সংগ্রহশালায় স্থরকিত আছে।

'পঞ্চালেছিং বনং অক্সেৎ'—এই ধর্মনীতি পালনার্থ প্রাচীন ভারতে ধর্মপরায়ণ নরপতি, শ্রেষ্ঠী এবং গৃহী জনগণ তাঁহাদের জীবননাটকের চতুর্থ পর্যায়, মহাসভাস্কু-সন্ধিংহ্ কঠোর তপস্থায় মহারণ্যে অভিবাহিত করিতেন। কুরুপতি খুভরাষ্ট্র, রাজমহিবী গান্ধায়ী এবং পাশুবজননী কুন্তীদেবীও সেই অমুশাসন উপেন্ধা করেন নাই। এইরপ কিংবদন্তী প্রচলিত আহে বে, রামরাজ্যের আদর্শে চক্রগুপ্তের বিশাল মোর্য্যান্তারে প্রতিষ্ঠান্তে মহামন্ত্রী চাণক্য হিমালয়ে মহর্ষি নারদের আশ্রমে গমন করিয়া রামমন্ত্রে দালা গ্রহণ করেন; হিমারণ্যে, অবশেবে, রাম নাম জ্বপ করিতে করিতে ভিনি দেহরক্ষা করিয়াছিলেন। সংসারের শোক-ভাপ-বাদ-বিসংবাদের কবল হইতে মুক্তিকামী মানবর্গণ শান্তিপূর্ণ কাননকান্তাবে, শিব-সভ্য-স্ক্রমের আরাধনায়, জীবনের অবশিক্ট ভাগ যাপন করিতেন। বনবাসী রামসীতা স্থেশান্তিপূর্ণ আশ্রমজীবন অভিবাহিত করিয়াছিলেন—পুণ্যতোয়া গোদাবরীবিধেতি পঞ্চবটীর 'শালৈন্তালৈন্তমালৈন্চোপশোভিত' কাননমাঝারে কলর্ম্বনভারাবনত পর্ণকুটীরে। কাননের পশু-পক্ষ-পুতা-লতা হইয়াছিল জনকনন্দিনীর ক্রীড়াসহচরী। সেই 'পুন্সিতৈস্কভির্বতা পদ্মশোভিতা' পঞ্চবটী কর্ড-করভীর, মর্র-মর্রীর প্রেয় ক্রীড়া-ভূমি ছিল।

কভু 'মেবৈর্মের্মান্তরং' ঘন বর্ষার দামিনীচকিত অমাবস্থানিশীথে ভৈরবনর্ত্তনমন্ত, কভু বা ঋতুরাজ-বসস্ত-স্থাজ্জত-শ্যামল-কাননন্থ ঘনপল্লব-পুশাগুচ্ছশোভিত, 'মৃগমদসৌরভরভসবশ'-মলয়-সমীর-স্থরভিত, অপিচ 'মধুকর-নিকর-কর্ম্মিতকোকিল-কৃজিত' হিমালয়-প্রকৃতির বিবিধ বিচিত্র লাস্থলীলার রূপভলিমাবলোকনে
উচ্ছুসিত, ভাবপ্রবণ ভারতশিল্লিগণ তাঁহাদের আরাধ্য দেবদেবীর চিত্র, প্রতিমালকণ
ও ভাত্মর্ব্যের ধ্যানধারণা, পরিকল্পনা করিতেন; হিমালয়ের প্রিয় সন্তান পশুপক্ষিতর্মলতার অন্তর্নিহিত তেজ ও শক্তি এবং ডাহাদের আকার ও প্রকারগত সোঠব,
স্থায়া ও আবেশের ভারত্ম্যামুসারে পার্থিব ও অপার্থিব নরনারীর তথা দেবদেবীর

প্রতিষা ও প্রতিকৃতি আকারিত রূপারিত, ছন্দারিত, এবং অন্ধিত করিতেন (১০৫ চিত্র)। এবস্থিধ সাধক স্থপতিশিলীর ধ্যানলক সূক্ষ্ম তত্তভানের প্রকৃত পরিচয় অনুভবের অভাবে—আদুর্শনুলক উদান্ত স্থাপত্যের, ভাস্বর্ধার, চিত্রের ও সন্ধাত নৃত্যের মহতী প্রেরণানির্গয়ে অক্ষম—বস্তুতন্তপরায়ণ, দেশবাসী ও বিদেশীগণ ব্রক্ষক্তান-প্রতিপাদিকা প্রকৃতিসন্ধত, দর্শনমূলক হিন্দু-বৌদ্ধশিল্পের অতিপ্রাকৃত আধ্যান্থিক ভাষা, ছন্দ ও বাণী প্রণিধান করিতে অসমর্থ হইয়াছেন। পশুর কঠম্বর ও পন্দীর কৃত্যন হইতে হিন্দুসন্ধীতের স্বর্গ্রাম উদ্ভূত। প্রকৃতিদেবী হিন্দুসন্ধীতের প্রেরণা, রচনা ও ভোতনার নিয়ন্ত্রণ করিয়াছেন।

রামায়ণ-, পুরাণ- ও জাতক-বর্ণিত জীবসমাজে পশুপক্ষী, নরনারীর মন্ত বিশিষ্ট স্থান অধিকার করিয়াছিল। এরাবত হইতে মৃষিক তথা হংস হইতে পেচক দেবদেবীর বাহনরূপে আদরণীয় হইয়াছে। পশু ও পক্ষী অপহতা সীতার উদ্ধারকল্পে অপরিমিত সহায়তা করিয়াছিল। রাজা শুদ্ধোধনের ভনয়রূপে জন্মগ্রহণ করিবার পূর্বের বুদ্ধদেব १७, शकी ७ शामभक्रत्भ अन्यादेशाहित्मन। देवभाषी शृशिमात्रकनीत अथम अहरत, আসমুক্রহিমাচল আলোকিত করিয়া গোতম ধরাধামে অবতীর্ণ হইলে, তাঁহার জম্মোৎসব-পালনকরে, লুম্বিনীর কাননসভায় সভাপতির আসন অলম্ভ করিয়াছিলেন काननविद्यात्री दुष। त्मरे शत्रम अपूर्कात्न याँदात्रा त्यांशमान कतियाहित्मन-हिमालित यक-यकी, विद्याधत-विद्याधती, शक्षर्य-शक्षर्यी, किञ्चत-किञ्चती, अभ्यत-अभ्यती, वानत-वानती এवर जिःह, वााञ्च, हली, मृगं, ममक, हरम-हरती, मয়ৢत-मয়ৢती ও नांग-नांगिनी, ठांबार्षत्र मर्था উল্লেখযোগ্য। উরুবিশ্ব অরণ্যে মহাবােধিতলে, धान-मगन-स्त्रिमिष्ठ-त्लाहन महारवांगी निक्तिलां कतित्लन यथन- काम-त्काध-নোহের অবতার ঐক্রজালিক মারের আহুরিক শক্তিকে পরাভূত করিয়া— পশু-পক্ষি-বৃক্ষ-লভা শরীরী-অশরীরী বিশ্বচরাচর সভ্যাশ্রয়ীর ধর্মবিক্ষয়ে বিশ্বয়ে স্তব্ধ রহিল (১০৬ চিত্র)। রুজ, আদিত্য, বসু, সাধ্য, উপগ্রহ, শাস্ত নক্ষর, মরুৎ, পিতৃ, গন্ধর্ব, যক্ষ, অহুর, সিদ্ধ ও ঋভুগণ স্বর্গ ও মর্ত্ত্য হইতে সবিস্ময়ে বুদ্ধের মুখপানে চাহিয়া রহিলেন। সম্বোধিলাভের এক পক্ষকাল অস্তে প্রবল বারিবর্ধণের সময়ে নাগরাজ মুচলিজ স্বীয় দেহপাশের সপ্তপাকে বুদ্ধের

দেবায়তন ও ভারত সভ্যতা



১•৫ ভিজ্— লেখণনির ছা, ভূবণেশ্র

দেবায়তন ও ভারত সভাতা



১০৬ চিত্র -- সথোবিলাভ

দিব্য দেহ পরিবেষ্টিভ করিয়া তাঁহার মন্তকের উপর সপ্তফণার বিচিত্র ছত্র ধারণ করিলেন।

কটায়ু, সম্পাতি, স্থাীৰ ও প্ৰন্নন্দন রামচন্ত্রের মিত্ররূপে, নলনীল স্থপতিরূপে এবং জালুবান চিকিৎসকরপে বরণীয় হইয়াছিলেন। কলক প্রাক্তংস হইয়াছিল দমম্বন্তীর প্রিয় পত্রবাহক। মহীরুহের কোটরবাসী বৃদ্ধ শুক্পকী কাদম্বরী-কাব্যের কথক ছিল। কৌশিক (পেচক), সারিক (ময়না) এবং শুক (টিয়া) কাশীরাক ব্রহ্মদন্তকে রাক্তধর্মপালনে উপদেশ দিভেন: হিমালহবাসী রাক্তরুর নির্দ্দেশাসুসারে কাশীপতি স্বীয় পোষ্যপুত্ররূপে তাঁহাদের গ্রহণ করিয়াছিলেন। সীতা, দমরস্তী, শকুস্তলার খেলার সাধী ছিল পশু-পক্ষি-পূপ্প-লভা। মাতাপিতা কর্তৃক পরিভ্যক্তা শকুস্তলার প্রাণরকা করিয়াছিল শকুনপক্ষী। স্বামিগুছে যাইবার প্রাক্তালে শকুন্তলা তপোবনের পশু, পদী, তক্ল ও পুম্পকে বক্ষে ধরিয়া রোদন করিয়াছিলেন। ভাবপ্রবণ গুপুশিল্পী তাঁহার তৈলচিত্রে দেবদারু ও শালশে৷ভিত হিমালয়ের পাদমূলে মৃগী ও চমরীসহ চিত্রনায়িকা শকুন্তলাকে উজ্জ্বল বর্ণসম্পাতে অমর করিয়াছেন। গভীর অরণ্যে औছরির সন্ধানে শিশু ধ্রুব ঘুরিয়া বেড়াইতেন; বনদেবী স্বীয় ক্রোড়ে তাঁহাকে শায়িত করিয়া সুম পাড়াইতেন। অলসনেত্র ব্যাত্র আসিয়া চৌকি দিত। নীল আকাশে ভাসমান লঘু-শুল্র মেঘখগুসমূহ অনস্ত তুষারমৌলি হিমালয়শুলের ক্রোড়ে, কৈলাসের গুহাকন্সরে মিলাইয়া যাইত, ধ্রুবক্রোড়ে বনদেবী তাহা নিরীকণ করিছেন। স্থানিক্সন্দিনী জাহ্নবী মন্দাকিনী কেদার-হরিধার পরিপ্লাবিত করিয়া আত্মহারা ছুটিভেন মহাসাগরের উদ্দেশে। কভকাল পরে, পুনরায়, ওই লগু-শুভ্র মেখথগুৰারে ফিরিয়া আসিয়া, উত্ত জ হিমধানের ভূষারমৌলিতে বিলীন হইতেন। স্ফটিকস্বচ্ছ স্থনীল অলকানন্দা—বদরিকার তির্ঘ্যাকৃতি গিরিসকটের গভীর আবর্ত্তে আছাড়ি' পিছাড়ি', সফেন সর্পশীর্ষ তরক্ষ বিস্তারি' ছুটিভেন সমুন্নতশির সহত্রশৃক্ষের পদ প্রকালন कतिया। यक-ताक्रभानी व्यवकाशूतीत राक्रानिर्शण जैमानिनी निर्वतिनी-व्यवकानमात শীতল সলিলে ঝাঁপাইয়া পড়িতেন (১•৭ চিত্র)। রুক্তপ্রয়াগে অলকানন্দার উন্মাদ নর্ত্তনে নটরাব্দের প্রলয়নৃত্য প্রতিবিদ্বিত এবং প্রতিধ্বনিত হইত (১০৮ চিত্র)।

বিষ্ণুপ্রাগে—জলকানন্দা ও বিষ্ণুগন্ধার প্রথম লোভসন্থান, সভত-বৃদ্যিয়ান বিপুল জলোক্ছাসের সফেন সলিলে, অন্তাচলগামী আরক্ত তপন প্রতিফলিত হইরা রামক্ত্রর বিচিত্র বর্ণের সমাবেশ করিত (১০৯ চিত্র)। অলকানন্দার বিজন পুলিনে বিহুগকুজন-মুথরিত ব্রহ্মক্তন-শ্বরিভাত-স্থরভিত বর্ণাত্য 'মন্দন'কাননে,—দ্রাগভ গিরিপ্রস্রবণ যথায় ফেনায়মান, শব্দায়মান, জলপ্রণাতরূপে লোভস্থিনীর অপ্রাণ্ড করোলে মিলিতেছে—শীকরসম্পৃক্ত তরুতলে, পাষাণচত্বের কোলে, বনফুল-স্মাজ্জিত কেশসন্থার আলুলায়িত করিয়া বনলক্ষ্মী প্রকৃতিরাণী বনকুলের মালা গাঁবিতেন।

'কুমারসম্ভব' মহাকাব্যে কালিদাসর্নতিত 'গৌরীশিখর'-পর্বন্তের পাষাণ বক্ষোৎসারিত উষ্ণপ্রশ্রেষণ 'গৌরীকৃণ্ড' হইতে ত্রিযুগীনারায়ণ ও কেদারনাথের দূর্ব্বক্ষরক্রোশ মাত্র। মহেশকে পতিরূপে পাইবার সঙ্কল্ল করিয়া গিরিরাজক্তা 'অপর্ণা' (গৌরী) পৌরীকৃণ্ডে স্নানান্তে, গৌরীশিখরে কঠোরতম তপতা করিয়াছিলেন। অভঃপর ত্রিযুগীনারায়ণ-তীর্থে বিফুনারায়ণ স্বয়ং তাঁহাকে শিবমহেশ্বের শ্রীকরে সম্প্রদান করেন। প্রজাপতি ব্রহ্মা পরিণয়োৎসবে পৌরোহিত্য করেন (১১০-১১৩ চিত্র)। তদবিধি হিমালয়ের তুষারমুক্ট (চোমালুকুমান) গৌরীশঙ্করশৃত্ব নামে অভিহিত।

কেদারধামের কেদারশৃল (২২৫০০')—বিরাট্ বিশাল, বছকোটিবর্ষব্যাপিসমাধিময় নির্বিকারকর মহাযোগীর মত উদান্ত গন্ধীর (১১৪ চিত্র)। রহৎ বৃহৎ
গভীর কন্দরসমূহ শৃলের ইতন্তভ: লুকায়িত। অম্বরচুমী, ভরাবহ, ধুসর-শিধরনি:স্ত সহস্রধার বারিপ্রাপাত। ভৈরব কেদারনাথ—'কেদারা-চৌভাল' সদ্দীত রাগের
মত গুরুগন্তীর। কেদারা (মার্গ) সদ্দীত 'দেবভাদ্মা'-হিমালয়ের অন্তর্গ উপাসনার
গন্ধীর রহস্য উদ্ঘাটিত করিভেছে। মুরতানের তরলে তরলে বাদি-বিবাদি-সম্বাদিঅমুবাদি-চক্রের অবিরাম আবর্ত্তনপ্রসূত শত শত রাগরাগিণী স্ফৌ হইভেছে
দিবানিশার প্রহরে প্রহরে। সম, অতীত, অনাঘাত ও বিশমের চতুর্বগী আবর্ত্তে
আবর্ত্তে অগণিত ভাল-লয়-ছন্দের অনন্তপ্রসারী উর্দ্মিনালা হিল্লোলিত হইভেছে।
ধূর্জ্জটির ক্ষুক্তোৎসারিত 'কেদারা' সন্ধীতভরক্তের হিলোলে হিলোলে কলোলিনী
'মন্দাকিনী' ভৈরবীরাগিণীর স্বরলহরী মিলাইয়া মহাসন্ধীতের ঐক্যতান মক্রিত

দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ৮৯




১০৭ চিকে—অলকাপরী, হিমালয়




১০৮ চিজ্র -- রংদ্রপ্রয়াগ, হিমালয়

দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ৯০




১০৯ চিত্রে—বিক্পরাগ, হিমালয়



১১০ চিত্র— গোরীকুও, হিশালয়

দেবায়তন ও ভারত সভ্যতা



১১১ চিত্র - তিগণানারায়ণ মন্দির, হিমাল্য



३३२ हिल - स्तरणीती नुजा

দেবায়তন ও ভারত সভাতা




১১০ চিত্র- জীরী, উত্রভারত

দেবায়তন ও ভারত সভাতা



১১৪ চিত্র – কেদারনাথ মন্দির, হিমালয়

দেবায়তন ও ভারত সভ্যতা



১১৫ চিজ— গ**কা**বভরণ, হিমাল্য

করিভেছেন। শৈলখনিত তুবারত্ব (হিমানীসপ্রাপাত) মূলল বাজাইতেছেন। হারী, অন্তরা, স্থারী অভিক্রম করিয়া কেলারনাথ আজোগ ধরিলেন। পরাপ্রভৃতির অনস্ত স্থাতির অত্রস্ত রাগরাগিশী কেলারমন্দিরের উলার স্থাপত্যে পৃথীভূত, প্রস্তৃত, হইতেছে। কেলারার ছন্দঃ, স্বরের মূর্ছনা, অস্বুলাম ও বিলোম মন্দিরের বিমানে কিরীটে অহরহঃ অনুরণিত হইতেছে।

তুষারকিরীট কেদারনাথের স্বচ্ছ শুজবর্ণ সম্বশ্নর প্রজীক্। সমাধিষয় কেদারস্থানীর, অস্তাচলগানী দিনমণির কনক কিরণোজ্জল, নীলাভধূসর পাষাণ আয়তন নিরীক্ষণকালে তীর্থযাত্রী ভক্তজনগণের ভক্তিপ্লৃত হৃদয় ক্রতস্পান্দনে, গুরুকস্পানে, আলোড়িত হয়।

মহাযাত্রার পথে ধর্ম্মরাক্স যুখিন্ঠির কেদারধামে বিশ্রাম করেন। এনিদরগাত্তে পঞ্চপাগুবের মূর্ত্তি উৎকীর্ণ। শঙ্করাচার্যাই বদরী ও কেদারধামের প্রতিষ্ঠাতা। থঃ অন্তম শতকে কেদারতীর্থেই কেদারমন্দিরের সায়িধ্যে সমাধিকালে তিনি দেহত্যাগ করিয়াছিলেন।

'দেবতাত্মা'-হিমালয়েই আর্য্যব্রাক্ষণের সঞ্চীত, দর্শন ও মনোবিজ্ঞান বিরচিত হইয়াছিল। হিমালয়, প্রকৃতপক্ষে, ভারতের ধর্ম্মশান্ত ও সাহিত্য, শিল্প (স্থাপত্য, ভার্ম্ব্য, চিত্র, সঞ্চীত, নৃত্য) এবং প্রাচীনতম মহামানবীয় সম্ভাতার জনক।

তরকায়িত হিমগিরির উর্জন্তরে, খননাল নভোমগুলে, তুষারমণ্ডিত শৃক্ষযুগল 'ত্রিশূল' ও 'নন্দাদেবী' শিব ও শক্তি, পুরুষ ও প্রকৃতির প্রতীক্রণে দগুয়মান। উভয়ে স্প্রি, স্থিতি ও সংহারের নিয়ন্তা। পাতালগর্ভ হইতে উন্দিত 'ত্রিশূল' মর্ত্তাকে বিদ্বীপ করিয়া, স্বর্গকে বিদ্ধ করিয়া ত্রিভূবন প্রথিত করিয়াছে।

'নক্লাদেবী'র শীর্ষোপরি উজ্জ্বল ক্যোভির্মায় হেমনিভ প্রভাতোরণ। সেই ক্যোভিঃপুঞ্জমাঝারে কম্পমান তৃহিনের ধ্য়নিভ উর্ম্মিমালা ধূর্চ্জটির প্রসারিভ জ্বটারূপে প্রভীয়মান হয়। কুহেলিকামুক্ত তরুণ তপন সেই পিল্পল জ্বটাজ্বালের চন্দ্রাভপতলে দণ্ডায়মানা 'নন্দাদেবী'র উন্নভ শিরে তুষারকণা-হারার মুকুট আরোপিভ করেন।

'নন্দা'-কতা গলাদেবী শিবক্ষটা হইতে ধরাতলে অবতরণপূর্বক উত্তিদ্ ও জীবের শক্তন ও পোষণ করিয়া মহাসমুদ্রে মিলিত হইতে ছুটিয়াহেন (১১৫ চিত্র); প্রকৃতির চিরন্তন বিধানে মেঘ ও তুবারকণারতে চন্দ্রশেশরের জটাজুটে প্রজ্যাবর্তন ক্রিবেন।

গগনস্পাদী পর্বতশ্রেণীর শরীরাভাস্তরে হিমবারিকণা প্রবিষ্ট হইয়া শিশুরগাত্র বিদ্যার্থি করিতেছে। চ্যুতশিশর বজ্জনির্ধায়ে নিম্নে পতিত হইতেছে। বিদারিত পাষাণধণ্ড, উপলভ্বপ, তৃষারের প্রোতে, অতঃপর উপনদী ও নদীপ্রবাহে, উপত্যকা ও সমতল প্রদেশে বাহিত হইয়া মৃত্তিকার উর্বরা শক্তি বিবর্জিত করিয়া—পল্লী, নগর, জনপদের মধ্য দিয়া—চূর্গাকারে সাগরসলিলে নীত হইতেছে; মসুয়াচক্ষর অগোচরে সমুক্রগর্ভে নব নব বীপ উপবীপের স্থিতি করিতেছে। এইয়পে, যুগয়ুগান্তর ধরিয়া, পৌরীশহেরের স্ক্রন, পোষণ ও সংহারলীলা সমাহিত হইতেছে। ইত্তর-পূর্ববিজ্ঞানালা ভাগীরথীতীরে ধ্যানোপবিষ্ট বিজ্ঞানালার্য্য কগদীশচন্দ্র বস্থ প্রশাক্ষরিয়াছিলেন—"নদি, তুমি কোথা হইতে আসিতেছ ?"

উত্তর হইল—"মহাদেবের জটা হইতে।"

ভাগীরপীর উৎসদদ্ধানে আচার্য্যবর হিমালয়্যাত্রা করিলেন। বছ গ্রাম, গঞ্চগ্রাম, জনপদ, পর্বত, অরণ্য ও স্রোভোধারা অভিক্রমান্তে তিনি হিমগিরির উচ্চ শৃলে আরোহণ করিলেন। যত উদ্ধে উঠিতেছেন বায়ুস্তর ততই ক্ষাণতর হইতেছে। ক্রমে শাসপ্রশাস ক্ষসাধ্য হইল। শরীর অধসন্ন হইরা পড়িল।

অবশেষে হতচেতনপ্রায় তিনি নন্দাদেবীর পদতলে পতিত হটলেন। সহসা শত শত শত্থনাদ তাঁহার কর্ণরন্ধে প্রবেশ করিল।

ইহাই কি ভগীরথের শব্দনাদ ? অর্জােশীলিত নেত্রে তিনি প্রণিধান করিলেন :—
"সমগ্র পর্বত ও বনস্থলীতে পূজার আায়াজন হইয়াছে। জলপ্রপাতগুলি যেন
স্থাহৎ কমগুলুম্থ হইতে পতিত হইতিছে; সেই সজে পারিজাতর্কসকল স্বতঃ

>২ এলিফান্টা (বোছাই) দ্বীপের 'শিবপ্রা' গুহামন্দিরে বিরাজমান মহালিক ত্রিমৃত্তি তৎসংপ্রকা মহাদেবের ত্রিবিধ সম্ভার ত্রয়-প্রতীক্। মধ্যমৃত্তি 'মহেশর' গৌরীশব্দর, তাঁহার দক্ষিণ-পার্শব্দিত সংহারের প্রতীক্ 'ক্রম'-ভিরবের এবং বামপার্শ-সংলগ্ন পোবণের প্রতীক্ 'উমা'-শক্তির সমন্বব্দে 'ত্রিমৃত্তি'রূপে স্কলন, পোষণ ও সংহারের নিয়ন্ত্রণ করিতেছেন (৭৫ চিত্র)।

পূকা বৰ্ষণ করিতেছে; দূরে দিক্ আলোড়ন করিয়া শথাবনির ভার গঞ্জীর ধানি
উঠিতেছে। ইহা শথাবনি কি পভনশীল ত্যারপর্বতের বজ্ঞনিনার ক্ষীণ বার্
দেবধূপের সৌরভে পরিপূর্ব। ক্ষান্দেবীর শীর্ষোপরি এক অভি ভাস্থর জ্যোতিঃ ক্রেই
জ্যোতিঃপূঞ্জ হইতে নিগতি ধৃনরাশি দিগ্দিগন্ত ব্যাপিরা রহিয়াছে। তবে, ইহাই কি
মহাদেবের ক্রটা • "

বদরীনারারণ বাত্রিপথের তুই পার্থে, প্রধানতঃ 'গরুড়গঙ্গা' হইছে 'পাতালগন্ধা' পাছশালা পর্যন্ত, ধূপাত্র-সূচল-দোচ্ল্যমান-লীর্ঘপত্রবিশিক্ত দেবলারুর আফুভি দেবপুশ-রক্ষরাজি সারি সধারি দণ্ডায়মান। সমীরণের হিরোলপরশে তাহারা জলতরজ বজ্রসজীতের মত প্রুতিমধুর বিচিত্র অনন সঞ্চারিত করে। দক্ষিণ-পার্থবর্ত্তী গিরিসমুটে প্রবহমাণা জলকানন্দার আনন্দকলোলের সহিত আপন আপন কণ্ঠ মিলাইয়া হিল্লোলিত রক্ষরাজি পূজামগ্র বনস্থলীর পূত মহিমা প্রচারিত করে। ছুরিকাসহযোগে উক্ত দেবধুপরক্ষের তক্ বিচ্ছিন্ন করিয়া রসাছাণকালে ধূনার মত জন্মগ্র সৌরভে তার্থবাত্রীর মনপ্রাণ ভরিয়া বায়। দেবধুপরক্ষের স্থগন্ধি কার্ছে প্রত্যহ শ্রীবদরীনাধের হোমানল প্রজ্বিত হয়।

কৃষ্ণনীল মানস সরোবরে কমলকোরকাকৃতি চিরতুহিন কৈলাসশিধর প্রতিবিশ্বিত (১১৬ চিত্র)। কোরকবক্র কৈলাসশিধরই ভারতীয় দেবায়তনের শিখরবিমান পরিকল্পনার প্রেরণাকেন্দ্র। মানস সরোবরের প্রান্তদেশ হইতে বিবিধ সম্প্রদায়ী সাধুসন্মাসী ও তীর্থবাত্রিগণ দশ ক্রোশ দূরত্ব তুবারমন্তিত কৈলাসের শুল্ল সব্যুণাত্রিভ দিব্যরূপ দর্শন করেন। তাঁহারা কৈলাসনাথকে নিজ নিজ ইউদেবজ্ঞানে আরাধনা করেন। কৈলাসমাহাত্ম্য প্রতি ভক্তকেই অভিভূত ও অনুপ্রাণিত করে। মন্দির ও ভূপপরিক্রমার বিধানামুসারে বাত্রিগণ কৈলাস-প্রতিবিশ্বিত মানস সরোবর প্রদক্ষিণ করিয়া থাকেন। মানস সরোবরকে বেন্টন করিয়া অন্টসংখ্যক 'গুল্ফা' অর্থাৎ চিত্যবিহার অবন্থিত।

শুক্লা রক্ষনীর চতুর্থ প্রহরে সাগর-সমতুল মানস সরোবরের বিশাল কল্রাপি রক্ষতকিরণে ঝলসিড করিয়া নিশানাথ যথন আঁধার যবনিকার অন্তরালে প্রবেশ-মানসে কৈলাসশৃলে আরোহণ করেন, তাঁহার পার্ঘে বিরহবিধুরা রোহিণী নক্ষত্রের 13—1872B. বিষয় আনন উতাসিত হয়। রোহিণী—'লালতা' রাগিণীর দীপ্ত প্রতিমা। প্রতি
মন্পূর্ণিনায় তাঁহার জীবনসায়রে, ধৌবনজারারে, রোহিণীররত পূর্ণজ্য মিলনসজীত বোজনা করেন। মারামনীর প্রাণে শান্তি নাই। চন্দ্রনায় প্রাণেই কি শান্তি
আহে ? অন্তর্গু দু আয়েরগিরির ফুটন্ত নিংস্রেবে তাঁহার বন্ধ শতথা বিদীন। তথাপি,
শীতল পর্বরীয় নয়নের নিধি স্থাংশু তিনি জ্যোৎসাকিরণে ধরিত্রীকে রিশ্বা
করেন; সর্বরপের আধার তিনি স্থাসিকনে ধরিত্রীজাত সকল শক্তর, সকল
উত্তিদের, সকল ওববির পৃষ্টিসাধন করেন। তাঁহার জোহনাস্থরের কড়িমধ্যমে স্বীয়
কোনল-বৈবত মিলাইতে অসমর্থা প্রজাপতিতনয়া লক্ষায়, ক্লোভে, অম্বর্গান্তে
আলো-আধারের চিতানলে আলোভতিদানে ধাবদানা—কিন্তু নিশানাথের অমুরাগের
আকর্ষণে তাঁহারই মুখপানে সকাতরে চাহিয়া আছেন। রোহিণীর সন্তা ভলীয় ভর্তা
চক্রদেবের রূপাগ্রির ক্রলিল মাত্র। কৃষ্ণচক্রের কলা (অংশ)-রূপেই ব্রুক্রাবৈবর্তকার
রাধিকা-রোহিণীর বর্ণনা করিয়াছেন।

অমাবস্থা নিশাবসানে, দিবানিশার সন্ধিক্ষণে, কুহেলিকার কৃষ্ণ ববনিকা অপসারিত করিয়া বিমানচারিণী, রক্তকমলধারিণী উষাদেবীর সলাক্ষ প্রকাশ এবং তৎপরে তাঁহার পতিদেব বিবস্থতের সহাস উদয়ের উল্লেখ বেদমন্ত্রে পাওয়া যায়। দিবানিশার সন্ধিক্ষণে সত্যবানের প্রাণপ্রার্থিনী মহাসতী অম্পতিতনয়া ধর্মরাক্ষের বন্দনা করিয়াছিলেন—"বিবস্থতন্তনয়ন্তং প্রতাপবান্ ততাে হি বৈবস্থত উচ্যসে বুইধঃ।" উগ্রতপাঃ মহাযোগিনী সাবিত্রীর সাধনাসকীত বৈবস্থত যমরাক্ষের পাষাণক্ষদমকে ক্ষম করিতে সমর্থ হইয়াছিল। সত্যবান প্রক্রীবন লাভ করিয়াছিলেন। সংখ্যী সাবিত্রীর অপরাক্ষের বোগসাধনের অপূর্বব কাহিনী সভ্যতার ইতিহাসে অক্ষম রহিবে।

মেঘচুন্দী হিমগিরির ভরজায়িত পার্যাণশ্রেণী বৈদিক ঋষির কাল্লনিক প্রকৃতির ভবা পুরাণোক্ত দেবদেবীর লীলাভূমি ছিল। হিমালয়লিখরে— অসলধবল প্রানাদ-লোধ, পণ্যবীধিকা, রাজপথ ও গগনস্পর্লী তোরণশোভিত নগরাজের রাজধানী 'ওবধি প্রন্থ'। নগরাজকভা গৌরী তথায় বাল্যলীলা করিতেন। অতঃপর কৈলাস হইল হরগৌরীর ক্রীড়ালৈল (১১২ চিত্র)। কৈলাসের ক্রোড়ে যক্ষণভি কুবেরের রাজধানী অলকাপুরী।

দেবায়তন ও ভারত সভ্যতা




১১৬ চিত্র— নিকেলাস, হিমানয়

দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ৯৬



১১৭ চিত্র - গোপেশ্র মণ্দির, হিমালয়




১১৮ চিত্র—যোশামঠ, হিমালয়

দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ৯৭



১১৯ চিত্র—বদরীনাথ মন্দির, হিমালয়



১২০ চিত্র—বদরীনাথ মন্দিরের সিংহ্বার

দেবায়তন ও ভারত সভ্যতা



১২১ চিজ-- শারাসলালা, পশ্চিমবঙ্গ

ক্ষমিন্দ্রিকিন্দ্রিক্তি বিশালয়শৈলে বোগলাখনা করিকেন। বৈনিক্ষ, উপনিব্যক্তির, বৌদ্ধ, বৈশ্বন সাধুলয়ালিগণ হিমালহে মন্দ্রির, মঠ ও চৈডাবিহার আলিক্ষ করিয়া একজ্ঞ পান্তিপূর্ব ধর্মজ্ঞীরন নাগন করিতেন। কেলার-বলী বাজিপ্রপার্থন বিরাজনান প্রাইগডিহালিক ধর্মজ্ঞীঠ 'উপীমঠ' ও অগস্তা ধ্বির তপান্তাহলে নির্মিত তলীর মূর্ত্তিসম্বিত 'অগস্তামুনি মন্দির,' 'কমলেশর মন্দ্রির'—ধর্মার জ্ঞীরাম্বচন্ত্র নীলকমলের অর্থাগানে শিবের পূজা করিরাহিলেন, পাঞ্চবলনী কুন্তী দেবীর 'গোপেশর' মন্দির (১১৭ চিত্র), শ্রেশজ্বনার্থার 'বোশীমঠ' (১১৮ চিত্র), নেপালের 'গশুপজিনার' (৬৯ চিত্র) ও 'স্বর্জুনার্থ' প্রভৃতি পূণ্য তীর্থ তাঁহালের পূণ্য স্থৃতি বহন করিছেছে। পরমেশরের প্রতিভূজানে সভ্যনারায়ণ, চতুর্মুথ শিব ও শিববৃদ্ধকে তথার সর্বসাধারণ জন্মাবিধি পূজা করেন (৯৪ চিত্র)। খৃঃ জন্তম শতকে শঙ্করাচার্থ্য বদরিকাশ্রেমে কলরী বিশালজীর শ্রীমূর্ত্তি এবং বোশীমঠ প্রতিত্তিত করিয়াছিলেন (১৯-২০ চিত্র)। তাহারও সহত্র বৎসর পূর্বের বদরীতীর্থে ব্রাহ্মণ, বৌদ্ধ প্রভৃতি সাধুসন্থাসী, সিজপুরুষ ও সিন্ধাচার্য্যগণ সমবেত হইয়া পরম সন্তার আরাধনা করিতেন। অন্তাপি বদরীনাথ বিবিধ সম্প্রদায়ের তীর্থ্যাত্রিকর্ভৃক পৃক্ষিত হয়েল। বদরীনারারণ মন্দ্রিরের অনুরে মহামূনি ব্যাসদেবের গুহা দেখা যায়।

প্রতি প্রাবণ পূর্ণিমাতিথিতে, মাত্র একদিনের জন্ম, হিমাত্রির 'জমরনাথ শুহা'মাঝারে ভ্রারকান্তি শিবমহেশ্বর আত্মপ্রকাশ করেন। তাঁহাকে প্রণতি নিবেদন
করিবার জন্ম বিভিন্ন সমাজের নরনারীগণ কাশ্মীরপ্রান্তীর পঞ্চলশ সহত্র কুট উচ্চ
স্ফুর্গন শৃক্ষন্থিত জ্ঞ্মরনাথতীর্থে সমবেত হয়েন।

শ্রীকৃষ্ণস্গীলা-রহস্য

শীকৃষ্ণ হিন্দুধর্মের পুরোধা, হিন্দুসভাতার অধিনায়ক। তিনি ভারতের আছা। বিকানংহিতাপাঠে জানা যায় যে, অনন্ত বৈকুঠ ও অগণিত ব্রক্ষাণ্ড যে পরতবের আগ্রায়ে অর্থিত এবং অবলেবে যাহাতে লীন হয়, সেই পরতবেই কয়ং ব্রক্ষেত্রনন্দন শীকৃষ্ণ। জানিগণ বে ভবকে নিরাকার নির্বিশেষ সচিলানন্দ ব্রক্ষতানে আরাধন। করেন, উপনিষয়ক্ত সেই পরমন্তব্ধ শীকৃষ্ণেরই শীক্ষান্ধর জ্যোতিঃ। যোগিগণ বে

তথকে অন্তর্থানী আত্মা বলিয়া স্তব স্ততি করেন, যোগশাস্ত্রবর্ণিত সেই অন্তর্থানী আত্মা শ্রীকৃষ্ণের অংশবিভূতি নাত্র। ভক্তগণ যে নৎস্ত, কৃর্মা, বরাহ, নৃসিংহ, রামচন্দ্র প্রভৃতি অবতারের উপাসনা করেন, তাঁহারা ব্রক্তেরনন্দনের অংশকলা। ব্রক্তেরনন্দন স্বয়ং অবতার হইয়াও অবতারী। অবতার যুগ-প্রয়োজন, অবতারী সনাতন। শ্রীকৃষ্ণ-লীলায় সনাতন সত্যের ক্ষুরণ।

শান্ত ভক্তাধীন, ভাজারাম, আত্মক্রীড়, আত্মশীল ও নিত্যমুক্ত হইয়াও শ্রীভগবান্
সতত ভক্তাধীন, ভক্তবাঞ্চাকল্পতক এবং প্রেমবশ। 'যে যথা মাং প্রপাল্ডে',
'যেহপ্যন্যে দেবতা ভক্তা: যজন্তে শ্রদ্ধায়িতা:' প্রভৃতি শ্রীগীতার শ্লোক হইতে
জানা যায় যে,—অনস্তরূপ, অনস্তগুণ, অনস্তস্থরূপ শ্রীভগবান্কে যিনি যে ভাবে
পাইবার ইচ্ছা এবং তদমুরূপ সাধনা করেন, শ্রীভগবান্ তাঁহাকে সেই ভাবেই গ্রহণ
করেন। দাসভাবে ভক্ত তাঁহাকে প্রভুত্রপে, বাৎসল্যভাবে পুত্ররূপে, সথাভাবে
সথারূপে অথবা মধুরভাবে তাঁহাকে প্রাণকান্তরূপে পাইতে পারেন। শ্রীমতী রাধিকা,
ললিতা, চক্রাবলী প্রভৃতি গোপীগণ শ্রীকৃষ্ণের শক্তি (অংশ) হইয়া, তদীয় বৃন্দাবনলীলায় তাঁহাকে পরকীয়া ভাবে সেবা করিয়া, তাঁহাকে আনন্দদানের জন্ম সর্ববন্ধ
বিসর্জন দিয়াছিলেন। মহাপ্রেমবন্তী ব্রন্ধাগীগণের প্রেমাধীন হইয়া, তাঁহাদের
আনন্দ দান করিয়া, শ্রীকৃষ্ণ লীলাশ্রেষ্ঠ শ্রীরাসলীলার অবতারণা করেন এবং মড়্বিধ
ঐশ্ব্য ও যোগমায়াশক্তি প্রকৃতি করেন। স্ক্রনরহন্দ্য-উৎসারী বাঁশরীর তানে
আত্মহারা গোপীগণ প্রেমবিহলচিত্তে পরিপূর্ণ-স্কর গোপীবল্লতের আরাধনা করেন।
ঝুলন- ও রাস-লীলায় পুরুষ ও প্রকৃতির অতিপ্রাকৃত আধ্যাত্মিক মিলন সর্ববতোভাবে
সমাহিত হইয়াছে।

প্রাবণের ঝুলনপূর্ণিমানিশীথে, মেঘপুঞ্চবেষ্টিত চক্সকিরণোস্তাসিত বৃন্দাবনের দিগন্তপ্রসারিত যম্নাপুলিনে, কেলিকদন্বতরুমূলে, শিথিপুচ্ছশির নন্দলালের মোহন মুরলী স্থবাসকুস্থম-সৌরভভরা কেতকী-যুথিকা-মাধবীকৃঞ্জ, বকুলবীথিকা, বসস্তমল্লারে সম্মোহিত করে; মধুরহাসিনী, মধুরভাষিণী, গোপীপরিবেষ্টিতা ললিতলবক্ষলতা শ্রীরাধার আকুল হিয়া উদ্বেলিত করে। পশু-পক্ষী, পত্র-পুষ্পা, শরীরি-অশরীরী বিশ্বচরাচর অপলকনেত্রে মৃগমদতিলক, বনফুলভূষিত, শ্রীকাস্ত-শ্রীমতীর ঝুলন নিরীক্ষণ

করে। অদূরত্ব শাল-পিয়াল-পুরাগ-তমাল-কৃষ্ণ-অগুরু-হরিচন্দন-উপবন-নিঃস্ত ঝিল্লাকুলের ঝিঝিট থাম্বাজের স্থরলহরী দিগস্তপ্রবাহিত শীতল সমীরে হিল্লোলিত হয়।
ছন্দায়িত-গতিচঞ্চল কৃষ্ণরাধার রূপের ছটায়, মিলনসঙ্গীতে, পুষ্পপুঞ্জ অসীম পুলকে পূর্ণ
প্রস্কৃতিত হয়। ঝুলনে বহিঃপ্রকৃতির সহিত মানবের অন্তঃপ্রকৃতির শাশ্বত সম্বন্ধ তথা
স্প্রতিত্তরের মূল তথা ব্রহ্মসূত্রের সহিত বৈষ্ণবদর্শনের প্রেম ও ভক্তি, ভাব ও সমাধি,
উন্মেষ ও বিকাশ, বিরহ ও মিলনের মধুর সমন্বয় পরিপূর্ণভাবে সংসাধিত হইয়াছে।

শারদীয় পূর্ণিমার রক্তকিরণবিধোত, শান্তশীতল, যমুনাপুলিনে, কুরুবক-চম্পক-কুন্দ-কেশর-কুমুদ-কহলার-স্থরভিত কুস্থমিত উপবনে, শ্রীনন্দনন্দন শতকোটি ব্রজ্ঞগোপীর সহিত শতকোটি কুফরপে, মগুলাকারে, বিবিধ তালবদ্ধে, বিচিত্র গভিচ্ছন্দে, নৃত্যগীতের রাসলীলা করেন। প্রেমময়ের মোহনলীলা নিরীক্ষণতরে শত শত দেবদেবী আকাশ্যানে অন্তরীক্ষে সমবেত হইয়া রাসমগুলীর উপরে অঞ্চলি অঞ্চলি পুশুপ বরিষণ করেন। সন্মিলিত কিন্নরকঠের স্থললিত হিন্দোলরাগে স্বর্গমন্ত্য মুখরিত হয়। স্থরস্থিয়া পরমা প্রকা প্রকাশ্যত সৌন্দর্য্য, সৌগদ্ধ ও সৌকুমার্য্যে ভূবন ভরিয়া যায়। ব্রজ্ঞবালাগণের হিয়ার মাঝারে—যোগমায়া-নিয়ন্ত্রিত বাঁশরী-আবাহনে উদ্বেলিত বক্ষঃ- সায়রে – মিলনের ভাবতরক্ষ উৎক্ষিপ্ত বিক্ষিপ্ত হয়। রাসনৃত্যের তালে তালে ত্রিভ্বন নৃত্যচঞ্চল হয়।

প্রাচীন যুগে এবং আধুনিক কালে বিবিধ আচার্য্যগণ রাসরহস্য উদ্যাটনের জন্য নানাভাবে ধ্যান ও গবেষণা করিয়াছেন। কেহ কেহ সিদ্ধান্ত করিয়াছেন যে, শৃঙ্গাররসাত্মক রাসলীলায় উদ্ধান কামক্রীড়াই উছলিত এবং গোপীগণের কামলিপ্রাচরিতার্থ করার সহিত শ্রীকৃষ্ণের একটি বিশেষ সঙ্কল্লও স্থাসিদ্ধ হইয়াছিল। তিনি দর্পহারী। রাসলীলায় ব্রহ্মা, ইন্দ্র, অগ্নি, বরুণ প্রভৃতি দেবভাগণের কামদন্ত নাশ করিয়া কামদর্শী মদনেরও দর্পচূর্ণ করিয়াছিলেন এবং 'কন্দর্পদর্শহা' অভিধায় অশেষ স্থবস্তুতি পাইয়াছিলেন। তাঁহাদের বিবেচনায় ইন্দ্রিয়সন্তোগস্থলভ কামক্রীড়ায় শ্রীকৃষ্ণ অপরাজ্যে।

অপরপক্ষে বহু সাধকের মনে এই প্রশ্ন জাগিয়াছে—পূর্ণকাম পরব্রহ্ম তিনি, স্থতরাং কামনাময় কামলীলা করিবেন কেন ? মহাপুরুষের পরদার-সংসর্গ ই বা

কেন ? প্রজাপতি ব্রক্ষার তনয়, পূতচেতা মহামূনি, কৃষ্ণবৈপায়ন বেদব্যাস স্বয়ং ভাগবতের রচয়িতা। তদীয় কঠোরতপস্থালব্ধ পুত্র—আদর্শ ব্রহ্মচারী ও সভত-সমাধিমগ্ন — শ্রীশুকদেব পরমহংস ভাগীরথীতীরে হস্তিনার অধিপতি অভিম্মুার পুত্র মহারাজা পরীক্ষিতের অন্তিম দশায় শ্রীভাগবতের অন্তর্গত শ্রীভগবানের যাবতীয় লীলা এবং কাৰ্য্যকলাপের বৰ্ণনাসহ শ্রীরাসলীলার আধ্যাত্মিক মাহাত্ম্য বিরুত করিয়াছিলেন। প্রাকৃত জগতের চিন্তা-চেতনাবিবর্জ্জিত, গলাতীরে প্রায়োপবেশনরত প্রেট্ নরপতির মহাপ্রয়াণের প্রাক্ষালে শৃঙ্গাররসাত্মক পরদার-সংসর্গকাহিনী বর্ণিত हरेए भारत ना। প্রভুপাদ আচার্য্য औष প্রাণকিশোর গোমামী, এম.এ., বিভাভ্ষণের 'গল্পে ভাগবত' এবং 'ভাগবত প্রবেশ' গ্রন্থছয়ে এতদ্বিধয়ে বিশদভাবে আলোচিত হইয়াছে। তিনি বলেন, ভগবানের নাম, স্বরূপ ও লীলা চিন্ময় তত্ত্বের ষ্পন্তভুক্ত। যে ভক্ত যেরূপ ভাবে উহার মর্ম্ম বুঝিতে চেফ্টা করেন ও যেরূপ যোগ্যতা ধারণ করেন, ভগবানের নাম, স্বরূপ ও লীলা সেইরূপ ভাবেই সেই সাধক-ভক্তের মানসপটে প্রতিভাত হয়। বিভিন্ন ভাবের সাধকের মানসচক্ষে রাসলীলা বিভিন্ন রূপেই প্রকটিত হইতেছে। প্রাকৃত কামনাময় শুঙ্গাররসে যাঁহাদের চিত্ত নিমগ্র শ্রীভগবানের অধ্যাত্ম অতিপ্রাকৃত রাসলীলার নিগৃঢ় রহম্মপ্রণিধানে তাঁহারা অক্ষম; তাঁহার। রাসলীলাকে সাধারণ কামক্রীড়ারূপেই বিবেচনা করেন।

কোণার্কের নীলামুতীরে ধ্বংসাবশিষ্ট সূর্য্যান্দির-রথের বিরাট্ পাষাণচক্রে, ভুবনেশ্বরের রাজা-রাণী মন্দিরের বহির্গাত্তে এবং পুরীধামের শ্রীজ্ঞগন্ধাথ মন্দিরের অঙ্গে আঙ্গে, নরনারীর যে সকল মিথুনমূর্ত্তি খোদিত আছে তাহাদের রহস্থপ্রকটনেও এবংবিধ যুক্তি প্রযোজ্য। উক্ত মিথুনসমূহের তথা রাসলীলা উৎসবের অন্তর্গু প্রকৃত উদ্দেশ্য—প্রাকৃত কামনার নশ্বর প্রভাব হইতে চিত্তকে নির্ত্ত করাইয়া অপ্রাকৃত, অবিনশ্বর, ভগবৎপ্রেমে নিয়োজিত করা। আরণ্যক ও বৈরাগ্যশাল্যে নির্ত্তির উল্লেখ বর্তমান। রাস্তন্ত্র পরোক্ষভাবে প্রবৃত্তির কবল হইতে নির্তিয়ার্গে মানবচিত্তকে আকৃষ্ট করে।

শান্ত্রসিদ্ধ মহাযোগিগণ আধ্যাত্মিক আলোকসম্পাতে রাসলীলায় জীবাত্মা ও পরমাত্মার মিলনরহস্থ উদ্ঘাটিত করিয়াছেন। যোগতত্ত্বিচারে পরাপ্রকৃতির অধ্যাত্ম-জগৎস্থান্তির অবিনশ্বর বিধানে গোপীরূপ জীবাত্মা কৃষ্ণরূপ পরমাত্মার সহিত মিলিত। গ্রহত্ববিচারে মহাজ্যোতিক গোপেন্দ্রকে কেন্দ্র করিয়া নক্ষত্রমণ্ডলর পিণী গোপীরুক্ষ
মণ্ডলাকারে আবর্ত্তন-নৃত্যরত।। রাশিমগুলের মধ্যন্থিত বিশাখানক্ষত্রের অমুরূপ
রাসমণ্ডলের মধ্যবর্ত্তিনী শ্রীরাধা। স্বস্থিতব্বিচারে স্ক্রনকমলের অমৃতশক্তির আধাররূপী
বাজকোষ হইতে ক্ষুরিত স্ক্রনকর্তা কৃষ্ণ ব্যভাসুর কলাসহ স্ক্রনানন্দের রাসন্ত্যে
বিভোর। মানসদায়রে মানসকমলের কোটি দলের স্তবকে স্তবকে কোটি গোপবালাগণের ছই-ছই জন এক-এক জন গোপীবল্লভসহ বিবিধ তালে, বিবিধ ছন্দে,
নৃত্যগীত করিতেন (১২১ চিত্র)। সাংখ্যের বিচারে রাসলীলায় ব্রহ্মণ্যপুরুষ কৃষ্ণের
সহিত অংশশক্তি প্রকৃতির তথা রাধাপ্রমুখ সংখ্যাতীত গোপাক্ষনাগণের চিরন্থন
অধ্যাত্ম সক্ষম নিয়ন্ত্রিত হইয়াছে।

বাঁশরীর শক্তিমন্ত্রে শ্রীভগবান্ প্রকৃতির অঙ্গে স্প্রিসংরক্ষণী প্রাণবায়শক্তি সঞ্চারিত করিলেন। বাঁশরীর প্রণবনাদ (প্রাণশক্তি) চেতনপ্রকৃতির রক্তে রক্তে, পালে পালে, স্তারে স্তারে, কেন্দ্রে কেন্দ্রে সপ্তবর্ণ-রশ্মিচ্ছটা বিকীরিত ও বিচ্ছরিত করিয়া-ভাদশ হুরের উদারা, মুদারা, তারার ত্রিবিধ স্তরে 'আঘাত' করিয়া-সর্ব্ব-স্পৃত্তির আধাররূপিণী রাধাপ্রকৃতির যৌবনকোরক প্রস্কৃতিত করিল। প্রেমময় পুরুষের আবেগময় স্পর্শে প্রেমময়ী প্রকৃতির উৎপাদিকাশক্তি উৎসারিত হইল। প্রকৃতিদেহে মেরুদত্তের পার্মজাগে প্রবহমাণ ঈড়া ও পিঙ্গলা নাড়ীর মধ্যবর্তী স্ব্যুম্বা ধমনীর শূন্ত নালার অভ্যস্তরে কুগুলিনা-পলে শায়িতা চিন্ময়া রাধার অস্তরবীণার যোড়শতারে দেই শক্তিমন্ত্র ঝঙ্কারিত হইল। মুক্তির আলোকে রাধা (প্রকৃতি) চঞ্চলা হইলেন। কুগুলিনীমুক্তা, পূর্ণপ্রকৃটিতা, রাইকমলিনী বাঁশরীর আবাহনে কৃষ্ণের অধেষণে 'সহস্রার' (যোগশান্ত্রোক্ত হুবুদ্ধা শিরোমধ্যস্থ অধোমুথ সহস্রদল কমলের) কেন্দ্রাভি-মুথে ধাবমানা হইলেন। তাঁহার দেহরকিণী ষোড়শ শত ললনা, যোড়শ শত নাড়ীর কেন্দ্রীভূতা-শক্তিরূপিণী কুগুলিনী-সামুজালের (Plexus) মত, রুদ্দাবনচন্দ্রকে আবেষ্টন क्तित्लन। (त्र्वामनत्र कृष्ध वौशावामनत्र त्राधात्राशीमर जीवज्ञशं रक्तित्व वमस्त्राश সঞ্চারিত করিয়া পুরুষ ও প্রকৃতির যৌবনতন্ত্রী অনুরণিত করিলেন।

শিবসঙ্গিনীগণ পরিবৃত নটরাজের স্ঞ্জননৃত্যের সহিত গোপীগণ-পরিবৃত নটশেখর কৃষ্ণের রাসনৃত্য উপমেয়। উভয় নৃত্যই বিশ্বপ্রকৃতির তথা তেজঃক্ষুর্ত গ্রহমগুলের আবর্তন নিয়ন্তিত করিতেছে। নৌন্দর্যা ও শ্বনা, ভার ও উল্লেন, মনন ও কথন, শক্তি ও গভি, সামর্থা ও রতি, সভোগ ও নিয়ন্তির নধুর প্রকাশ হইরাছে—পচ্ছন্দীল-সলিলা মন্নাপুলিনে, কৃত্মিত ত্রভিত কৃপ্রকাননে, অক্রম্ভ আনন্দ-উৎসারী অবাদ্ধানসগোচর চিরত্বন্দর রাসলীলায়।

কুরুক্তের পার্থসারখি বিরাট্ বিশ্বরূপ ('বাস্থ্যেবঃ সর্বাম্') প্রকটিভ করিয়া-ছিলেন (১২২ চিত্র)। বুন্দাবনে ভূবনমোহন রাসলীলার বিরাট্ যোগমায়াচক্র প্রবর্তনেরও তিনিই অধিতীয় মহানায়ক।

পঞ্চসহত্র বৎসর পূর্বে সিন্ধু-ভূভাগের যোগিসমাকে প্রজননপক্তির প্রতীক্
লিল-যোনি-মিথুন পূকা প্রচলিত ছিল। প্রথম সভ্যতার আছিমকাল ছইতেই নরনারীর
যৌন্মিলনক্ষনিত প্রজননের রহক্ষনির্দ্ধারণে বিশ্বমানব সভত সচেই। পরপ্রক্ষের
ক্রমাণ্ডপ্রসারী রাসলীলায় করান্তকরকালিন অধ্যাত্ম-অভিপ্রাকৃত-যৌন-মিলনের অপূর্বে
রপায়ণ অভিনবভাবে অভিব্যক্ত হইয়াছে।

বসন্ত, বরবা এবং শারদপূর্ণিনার চক্রিমানিশীথে বিশ্বপ্রকৃতির যৌবনকমল প্রস্কৃতিত, সরসিত এবং পূর্ণবিকশিত হইলে যুবক্যুবতীর মিধুনপ্রবৃত্তি সতঃ-উদ্দীপিত, উবেলিত এবং উদ্ভান্ত হয়, পৃথিবীর সর্বত্ত । সর্বাদেশের সর্বমানবজীবনে প্রকৃতির একেন চিরন্তন বিধান প্রযোজিত হইয়াছে। হিন্দুসমাজে মদনরতির, হরগৌরীর ও কৃষ্ণরাধার মিধুনলীলার মত পাশ্চান্ত্য সমাজে Osiris, Persephone, Tammuz, Adonis প্রভৃতি কামবিলাসে প্রমন্ত । ভারতের হোলি-, ঝুলন- এবং রাস-উৎসবের সহিত্ত- পাশ্চান্ত্যের Bacchnalia, Carnival, Saturnalia উপমেয়। উভয়ের মধ্যে প্রভেদ এই বে, তত্ত্বস্কানী দার্শনিক ভারত প্রাকৃতিক স্ফ্রনীশক্তির পরম উৎসকে ঝুলন- ও রাস-উৎসবের মাধ্যান্ম ধর্ম্মের উদ্দেশে উৎস্কৃতিক করিয়াছে। মধ্যযুগীয় রাজস্থানে কৃষ্ণপ্রাণা মীরাদেবীর দৃষ্টান্তে প্রমাণিত হইয়াছে যে, দার্শনিক বৈষ্ণব মহাকবি শ্রীরাধারেক ইক্রিয়ান্তোগের আধাররূপে পরিক্রিত করেন নাই। রক্তমাংসের মীরা শ্রীরাধারই রূপান্তর।

পাগুরপতি পরীক্ষিতের জীবনাবসানের প্রাক্ষালে পরম্বার্শনিক পর্মহংস শুক্দেব, রাসলীলার মাধ্যমে, তাঁহাকে প্রাকৃত মানবজীবনের, পার্থিব সংসারসমাজের.

দেবায়তন ও ভারত সভ্যতা

চিত্রফলক ১১



,रः 5ा = - शार्यमात्राथ

চিত্ৰফলক ১০০



১২০ চিত্র-- গণোকের রাজসভা



১২৪ চিত্র-- শ্রামচন্দ্রসমাপে ওঞ্ক



দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ১০৩



১২৬ চিত্র–-গাজীপট, আসাম



১২৭ চিত্র—রক্ষা, পশ্চিমবঙ্গ

নশর সম্ভোগন্তরের, অধীক আলেখ্য দেখাইয়া অবশেষে বৈয়াগোর আখ্যান্ত্রিক আলোকে নিবৃত্তিন্তরের অবস্ত অমুভধান উত্তাসিত করিয়াছিলেন যে মোকলোকে সভ্য, শাস্তি ও অক্ষয় আনক্ষ চিরতরে বিকাশনান রহিয়াছে।

জৈবিক স্প্তিরহস্তের মৃশক্ষেক্ত পুরুষ ও প্রকৃতির সতা এবং শক্তির সহিত ভারতীয় ধর্মাদর্শনসমূহের নিগৃত সম্বন্ধ নিম্নলিখিত প্রবচন হইতে প্রতীয়মান হয় :

"সাংখ্যে 'পুরুষ', তত্ত্বে 'মহেশ', বেদে 'হিরণ্যগর্ভ'
শুতির 'ব্রহ্মা', পুরাণের 'প্রভূ', উপনিষদের 'সর্ব'।
দেহেতে 'আত্মা', ভোগেতে 'ভোক্তা', আগমেতে শুধু 'সভ্য'
ঈশর 'ক্যোডিঃ', 'অক্ষর' 'অক্ষ' কে বৃঝিবে তাঁর তথ্য।
জ্ঞাত ও জ্ঞেয়, ক্রফী ও দৃশ্য, গ্রাহক ও গ্রাহ্মভাবে
পুরুষ-প্রকৃতি, দোহায় ধর্ম্ম-জগতে দেখিতে পাবে।"

সাংখ্যকারের মতে এই জড়জগৎ বা জড়জগন্মায়ী শক্তি চেতন (আত্মা) হইতে সম্পূর্ণরূপে পৃথক্। আত্মা (পুরুষ) নিজ্ঞিয়। জগতের সহিত তাঁহার কোনও বাস্তব সম্বন্ধ নাই। 'প্রকৃতি'ই জড়জগৎ; জড়জগন্মায়ী মহাশক্তি। প্রকৃতিই সর্বস্পৃতিকারিণী সর্ববস্ঞারিণী, সর্ববস্ঞালিনী এবং সর্ববসংহারিণী। এহেন 'পুরুষ-প্রকৃতি'-তব্ হইতে তাল্লিক ধর্মের উৎপত্তি। তন্ত্র পুরুষ ও প্রকৃতির ঘনিষ্ঠতম সম্বন্ধ সম্পাদন করার জন্ম জনপ্রিয় হইয়াছিল। প্রাথমিক বৈষ্ণবদর্শনের অবৈতবাদে অসন্ত্রন্ম ব্যক্তিবর্গ তাল্লিক ধর্মের আত্ময় লইয়াছিলেন। প্রাচীন বৈষ্ণবধর্মে শক্তিভল্লের সারাংশ সংযোজিত করিয়া বৈষ্ণবদর্শনের নববিকাশের মানসেই, ক্রন্ধবৈর্ত্তকার তদীয় বৈষ্ণবদ্দনের মূল 'প্রকৃতি' ও চিংশক্তির সমন্বয়। বেদান্তের 'মায়াবাদ' সাংখ্যে হইয়াছিল 'প্রকৃতিবাদ'। সাংখ্যের 'প্রকৃতি'ই ভল্লে 'শক্তি'তে পরিণত হয়। প্রকৃতিবাদ হইতে শক্তিবাদ। অবৈতবাদের সহিত শক্তিবাদের মিলনের ফলেই বন্ধীয় বৈষ্ণবভল্লের স্পৃতি।

সাংখ্যের পুরুষ ও প্রকৃতি এবং বেদান্তের ব্রহ্ম ও মায়া—শৈব, বৈষ্ণব এবং বৌদ্ধতন্তে যথাক্রমে মহেশ্বর ও আত্মাশক্তি, শ্রীকৃষ্ণ ও শ্রীরাধা এবং আদিবৃদ্ধ ও প্রজ্ঞাপারমিতারূপে গৃহীত হইয়াছেন। আদিবুদ্ধের অভিলাষামুসারে তাঁহার সৃক্ষা শরীর হইতে বৈরোচন, অক্ষোভ্য, রত্নসম্ভব, অমোঘসিদ্ধি এবং অমিতাভরূপী পঞ্চসংখ্যক ধ্যানা বৃদ্ধ—লোচনা, মামকা, তারা, পাগুরা ও আর্য্যতারিকারূপিণী পঞ্চলক্তিসহ আবিভূতি হইয়াছিলেন; শক্তির আধার সৌর প্রকৃতির তেজ, গতি ও হিতি নিয়ন্ত্রিত করিয়াছিলেন। অতঃপর, তাঁহাদের অস্তরাত্মা হইতে সামস্ভক্তর, বক্তুপাণি (ইন্দ্র), রত্নপাণি, পদ্মপাণি (অবলোকিতেশ্বর) এবং বিশ্বপাণি নামধেয় পঞ্চজন বোধিসত্বের আবির্ভাব। বৈষ্ণবতন্ত্রে অবলোকিতেশ্বরই বিষ্ণু অর্থাৎ কৃষ্ণরূপে বরণীয় হইয়াছেন। তাঁহার শৈলোপম জ্ঞানমুকুটের পুরোভাগে অনস্ত দীপ্তি ও অপ্রমেয় শক্তির আধার অমিতাভ অর্থাৎ বিষ্ণু-সূর্য্যের মূর্ত্তি থচিত। মহেশ্বরের 'উর্ণা' এবং জৈন তার্পক্ষরের 'কেবলজ্ঞান' ও 'কেবলদর্শন' অমিতাভের দিব্যক্ষান ও দিব্যদর্শনের সহিত উপমেয়। তিব্বতে ধর্ম্মগ্রুক্ত দলাইলামা বোধিসন্ত অবলোকিতেশ্বের অবতার হিসাবে পৃক্তনায়।

রাজ্যপালনের আদর্শ , ভারতীয় সংস্কৃতির উদারতা

চিত্তকৈ ও ভক্তি, সংযম ও সাধনা, সত্যামুসরণ ও সত্যদর্শন, রসামুভূতি ও ব্রক্ষজ্ঞান, অধ্যাত্মামুশীলন ও অনাড়ম্বর ধর্মা- এবং অহিংস কর্মা-জাবনযাপন প্রাচীন ভারতীয় সংস্কৃতির লক্ষ্যাভূত হইয়াছিল। হিন্দু-বৌদ্ধ-জৈন-সংস্কৃতি-পরিপুষ্ট দেবায়তন-সমূহ ভূমানন্দে বিভোর বেদান্তপ্রাণ ভারতীয়গণের কর্মাজীবন ধর্মময় ও শান্তিময় রাখিত। তথাপি আধ্যাত্মিক ধ্যানধারণায়, পারমার্থিক মোক্ষচিন্তায় তাঁহারা মগ্ল থাকা সত্ত্বেও, ধনধান্তে, স্বান্ত্যসম্পদে, জ্ঞানবিজ্ঞানে, স্থাপত্যশিল্পে, ব্যবসাবাণিজ্যে পরিপূর্ণ ভারতবর্ষ পাশ্চান্ত্যের বিস্ময়াকর্ষণ করিয়াছিল।

গুপ্তসংস্কৃতির 'স্থ্বর্ণযুগে' ভারতভূমি সমগ্র এশিয়ার সংস্কৃতি- ও ব্যবসাবাণিজ্য-সংশ্লিষ্ট শ্রেষ্ঠ কেন্দ্র বলিয়া প্রসিদ্ধিলাভ করিয়াছিল। তৎকালে মহাচীন ও ভারতের মধ্যে ধর্মা-, শিল্প- ও সাহিত্য-বিষয়ে প্রভূত পরিমাণে আদানপ্রদান চলিত। ইন্দোচীন, মালয় এবং দ্বীপময় ভারতে ত্রাহ্মণ্য-, ও বৌদ্ধ-ধর্দ্মপ্রসারণের অনুক্রমে বছসংখ্যক ভারতীয় উপনিবেশ স্থাপিত এবং মঠ, মন্দির ও বিহার নির্দ্মিত হয়। তদ্কির চীন, রুশিয়া, পূর্বব এশিয়া, খোটান, মধ্য এশিয়া এবং পশ্চিম এশিয়ার সহিত স্থলপথে ও সমুদ্রপথে ভারতীয় ব্যবসাবাণিক্ষ্য স্থপরিচালিত হয়।

বাবিলন, গ্রীস, রোম এবং ইরানের ঐশ্ব্যসম্পদ্ একদা ভারতীয় ব্যবসাবাণিজ্যের উপর নির্ভর করিত। রোমের ধ্বংস হইলে বাগদাদ, ভিনিস ও জেনোয়া ভারতসম্পর্কীয় ব্যবসাবাণিজ্যের শাখাকেন্দ্রে পরিণত হয়। তুর্কীজাতি রোমসাদ্রাজ্য অধিকার করিয়া ইতালীর সহিত ভারতের বাণিজ্যপথ রুদ্ধ করিয়া দিলে, জেনোয়ার পুরুষসিংহ ক্রিস্টোফর কলম্বসের অতলান্তিক মহাসাগরের মধ্য দিয়া ঐশ্বর্য্যের অমরাবতী 'ভূম্বর্গ ভারতে' আসিবার নৃতন পথ বাহির করিবার প্রয়াসের ফলে হইল—কলম্বস্কর্ত্ক তথাকথিত আমেরিকার আবিজার। বেদবর্ণিত 'সিক্সু'ই—ইরানে 'হিন্দু', গ্রীসে 'ইন্দুস', অবশেষে পাশ্চান্ত্য জগতে 'ইণ্ডিয়া' নামে প্রসিদ্ধ হয়। আমেরিকা মহাদেশকে কলম্বস্ 'ইণ্ডিয়া'ই মনে করিয়াছিলেন। তদবধি আমেরিকার আদিম অধিবাসিগণ 'ইণ্ডিয়ান' নামে আখ্যাত।

অধিকাংশ প্রাচীন ভারতীয় নরপতিগণের সুশাসনে প্রজ্ঞাবর্গ সুথে কাল্যাপন করিতেন। রাজচক্রবর্তী 'ছিথিজয়' করিতেন মূলতঃ ধর্ম্মের প্রসারকল্পে, অর্থ ও প্রতিপত্তির রন্ধি ও প্রসারের জন্ম নহে; বিজিত নরপতিগণকে তাঁহাদের রাজ্যা-শাসনের অধিকার ফিরাইয়া দিতেন। ছান্দোগ্য উপনিষদ্ হইতে প্রাচীন-ভারতীয় সমাজ এবং রাষ্ট্রের প্রকৃত পরিচয় পাওয়া যায়—"নমেস্তেনো জনপদে ন কদর্য্যো ন মহাপঃ। নানা হিতামিণা বিদ্বান্ ন স্বৈরী স্বৈরিণী কুতঃ।" রঘুকুলের নরপতিগণের রাজ্যাশাসনের আদর্শ রঘুবংশে বর্ণিত হইয়াছে—"প্রজ্ঞানামেব ভূত্যর্থং স তাভোগ বলিমগ্রহীৎ। সহস্রগুণমূৎস্রষ্টুং আদত্তে হি রসং রবিঃ।" অর্থাৎ "প্রজ্ঞাগণের সমুন্নতির জন্মই তিনি কর লইতেন, সূর্য্য যেমন সহস্রগুণ বর্ষণের জন্ম জল শোষণ করিয়া থাকেন।" "প্রজ্ঞানাং বিনয়াধানাৎ রক্ষণাদ্ ভরণাদ্পি। স পিতা পিতরস্তাসাং কেবলং জন্মহেতবঃ।" অর্থাৎ "প্রজ্ঞাগণের শিক্ষাবিধান, রক্ষণ ও ভরণের ব্যবস্থা করিয়া প্রকৃতপক্ষে তিনিই পিতা ছিলেন, তাঁহাদের

জনকেরা জন্মহেতৃ মাত্র।" ক্ষত্রিয়ের রাজনীতি প্রতিষ্ঠিত হইয়াছিল ধর্ম্মনীতির উপরেই।

সমাট চক্সগুপ্তের এবং রাজর্ষি অশোকের রাজত্বকালে—পশ্চিমে আফগানি-স্তানের হিরাট হইতে পূর্নের বঙ্গদেশের বক্ষাপুত্র নদ পর্য্যস্ত বিস্তৃত এবং উত্তরে হিমালয় হইতে দক্ষিণে মহীশূর পর্যান্ত প্রসারিত মোর্য্যসাম্রাজ্য ধর্মনীতির উপরে প্রতিষ্ঠিত হইয়াছিল। তাঁহাদের বিশাল সামাজ্য-শাসনব্যবস্থা এবং পৌর শাসনপ্রণালী কিরূপ উন্নত এবং সর্বজনহিতকর ছিল, কিরূপ গণতান্ত্রিক ছিল—তাহা গ্রীক-রাজ্ঞদূত মেগান্তিনিসের বিরুতি, কোটিল্য (চাণক্য)-সঙ্কলিত 'অর্থশান্ত্র' এবং অশোকের অনুশাসন হইতে জানা যায়। চাণকোর নির্দ্দেশ ছিল যে, রাজাকে ধর্মশান্ত, দর্শন, অর্থনীতি ও রাজনীতিতে স্থপণ্ডিত হইতে হইবে। নরপতির কর্ত্তবাপালনপ্রসঙ্গে তাঁহার অর্থশান্তে লিখিত আছে —"প্রজার স্থাই রাজার স্থা; প্রজার মঙ্গলেই রাজার মঙ্গল; প্রজাদের পরিভূষ্ট করিয়াই রাজা স্বীয় আত্মাকে ভূষ্ট করিবেন।" অশোক তাঁহার শিলালিপির মাধ্যমে রাজার যে আদর্শ স্থাপন করিয়াছেন তাহা জগতে অতুলনীয়—"আমার প্রজা আমার সন্তান। আমার নিজ পুত্রকভাগণ স্থী হউক, ইহা যেমন কামনা করি, তেমনি আমার প্রজারা স্থা হউক, ইহাই আমার প্রাণের কামনা (১২০ চিত্র)। অশোকের কালে (খঃ পুঃ তৃতীয় শতক) গ্রীক্-বাজদৃত মেগান্থিনিস্ ভারতবর্ষে লক্ষ্য করিয়াছিলেন—"এদেশে ক্রীতদাস নাই: তক্ষর নাই; মিথ্যাবাদী নাই; পুরুষেরা সাহসী, জ্রীলোকেরা পতিপরায়ণা; শৌর্যবীর্ষ্যে ভারতবাসীরা এশিয়ার অন্ম অধিবাসীদের তুলনায় শ্রেষ্ঠ। সংযত, পরিশ্রমী, কলাকুশল, শ্রামসন্তব্ধ শিল্পী এবং কৃষকেরা দেশীয় রাজ্ঞাদের অধীনে শান্তিপূর্ণভাবে, স্তথে বাস করিতেছেন।"

'অ-প্রাণহিংসারুচি' দিখিজয়ী মগধসমাট্ সমুদ্রগুপ্ত বিজিত রাজ্যের নরপতি-গণকে নিজ নিজ রাজ্য প্রত্যর্পণ করিয়াছিলেন। আসমুদ্রহিমাচল ভারত তাঁহার ধর্মমূলক রাজনীতি এবং তাঁহার মহামুভবতায় আকৃষ্ট হইয়াছিল। এলাহাবাদের গরুড়স্তস্তে উৎকীর্ণ আছে যে, তিনি সর্ববিধ প্রজ্ঞাপালন, নিঃসহায় দরিদ্র ও নিপীড়িত জনগণের রক্ষণাবেকণ, বিজিত নরপতিদের বিষয়সম্পদ্-প্রত্যপণ, শিল্পের পোষণ, ধর্মানগু (গরুড়ধ্বজ্ঞ)-ছাপন এবং জাতিধর্ম্মনির্বিশেষে সর্ব্বমানবের সর্ব্ববিধ প্রতিষ্ঠান ও অনুষ্ঠানকে সমভাবে রক্ষা করিতেন। বিতায় চক্দ্রগুপ্ত বিক্রমাদিত্যের রাজ্যপালনের সার্থকতাসম্বন্ধে ফা-হিয়েন্ লিখিয়াছেন যে, তাঁহার প্রজাদের অবছা অত্যন্ত সমৃদ্ধ ছিল। শাসকগণ প্রজাসাধারণকে উৎপীড়ন করিতেন না। দেশের সর্বত্র শাস্তি ও শৃত্যলা বিরাজ্ঞ করিত; দহ্যতক্ষরের কোনও উপত্রব ছিল না। তিনি ভারতবাসিগণের নৈতিক চরিত্রেরও ভূয়সী প্রশংসা করিয়াছেন। মথুরাস্তম্ভে উৎকীর্ণ আছে যে, তিনি (বিক্রমাদিত্য) অথ্যমেধ্যক্ত স্থ্যস্পন্ধ এবং বহুলক্ষ ধেনু ও স্থবর্ণমুদ্রা বিতরণ করিয়াছিলেন। জুনাগড় (পুণা) গিরিগাত্রে খোদিত (৪৭৫ খঃ) লিপিমালা হইতে জ্ঞানা যায় যে, মহারাজাধিরাজ্ঞ ক্ষন্দগুপ্তের রাজ্ঞ্বকালে প্রতিপ্রজা ধর্মানুশাসন পালন করিতেন এবং তদীয় সাম্রাজ্যে কেহ দরিত্র, ছঃখকাতর অথবা অর্থলিপ্স ছিল না।

পাহাড়পুরে প্রাপ্ত তাম্রফলকে উৎকীর্ণ আছে যে, খ্বঃ পঞ্চম শৃতকের শেষভাগে আক্ষণ নাথশর্মা ও তাঁহার সহধর্মিণী রামী, বটগোহালী গ্রামের জৈনবিহারন্থিত অৰ্হৎগণের নিত্যপূজা নিৰ্ববাহের জন্ম দেড়-বিঘা জমি দান করিয়াছিলেন। হর্ষবৰ্দ্ধন শিলাদিত্যের (৬০৬-৪৬ খঃ) রাষ্ট্রনৈপুণ্য, সাহিত্যিক প্রতিভা এবং দানশীলতা সভাতার ইতিহাসে অতুলনীয়। তিনি শৈবধন্মী ছিলেন; কিন্তু সর্ববিধ ধর্মের প্রতি তাঁহার গভীর শ্রদ্ধা ছিল। বহুবিধ সর্ববঙ্কনহিতকর সমবায় প্রতিষ্ঠানের কর্ণধার ছিলেন তিনি। তদীয় উদার, নিরপেক্ষ প্রজাপালন-রীতির ভূয়সী প্রশংসা-করতঃ হুয়েন-সঙ্খঃ সপ্তম শতকের মধ্যভাগে লিখিয়াছেন, "প্রকার নিকট হইতে সামালুমাত্র কর লইয়া রাজা প্রজার হিতে বায় করেন। প্রজার অবস্থা স্বচক্ষে দেখিবার জন্ম রাজা দেশময় ঘূরিয়া বেড়ান। হিন্দু ও বৌদ্ধের মধ্যে কোনও বিরোধ নাই। হিন্দুমন্দিশের পার্শ্বে বৌদ্ধমঠ শোভা পায়।" একাদশ শতকে পরমসৌগত বৌদ্ধমহারাজ্ঞাধিরাজ মদনগোপালদেব চম্পাহিটি গ্রামবাসী পশুত ভট্টপুত্র বটেশ্বর স্বানীকে, তদীয় পট্টমহিষা চিত্ৰমতিকাকে বেদব্যাসপ্রোক্ত মহাভারত এবণ করাইবার দক্ষিণাস্বরূপ একটি প্রাম দান করিয়াছিলেন। ধর্মপরায়ণ হিন্দু-, জৈন- ও বৌদ্ধ-নরপতিগণের বিচক্ষণ রাজ্ঞনীতির বহুসংখ্যক উদাহরণ ভারতের সাংস্কৃতিক ইতিহাস উচ্ছল করিয়াছে। কাশ্মীরপতি ললিতাদিত্যের ধর্ম্ময় রাজনীতি ছিন্দু-বৌদ্ধ-সমাজ-তরের, হিন্দু-বৌদ্ধ-মন্দিরস্থাপত্যের, ক্ষুর্ত্ত বিকাশ সংসাধিত করিয়াছিল।

মুসলমান শাসনকালেও প্রাচ্যা-পরিপৃরিত ভারতের অর্থনৈতিক পরিশ্বিতি
অবনত এবং থাত্ব-, শশ্ত- ও শিল্প-উৎপাদনের ক্ষমতা হ্রাস হয় নাই। ভারতবাসিগণ
আদৌ অভাবপীড়িত ছিলেন না। বিদেশী পর্যাটক ও ইতিহাসকারগণ তৎকালীন
ভারতের প্রভৃত সমৃদ্ধির বৃত্তান্ত লিপিবদ্ধ করিয়াছেন। একশত বৎসর পূর্বেও
মণ্টগোমেরী মার্টিন, এডওয়ার্ড থর্নটন প্রভৃতি বিশিষ্ট ব্যক্তিবর্গ ভারতের পৌরশৃন্ধলা,
সামাজিক স্থুশান্তি, শশ্তসম্পদের প্রাচ্গ্র্য এবং বহুবিধ যন্ত্রজ্ব, ধাতব, দারুময় ও
বয়নজ্ঞাত শ্রমশিল্পের উচ্ছুসিত প্রশংসা করিয়া বলিয়াছেন যে, পাশ্চান্তা দেশসমূহের
তুলনায় ভারতবর্ধ অধিকতর সমৃদ্ধিশালী।

প্রাচীন বর্ণাশ্রমী হিন্দুরাষ্ট্রে তথা হিন্দুসমাজে মৈত্রী, আত্মচেতনা ও সমবেত-ভাবে কর্ম্ম করিবার স্পৃহা ও শক্তি প্রথর এবং সক্রিয় ছিল। তাহার প্রমাণ গুপ্ত ও মধ্যযুগে ভারতের সর্ব্বাস্থীণ পরিণতি। প্রাচীন সমাজে বর্ণ বৈষম্য ও সাম্প্রদায়িক অথবা অর্থ নৈতিক অশান্তি একেবারে বিরল না হইলেও কদাচ প্রবল ছিল না। কোনও বিশাস্যোগ্য গ্রন্থে তংকালীন সমাজে ব্যাপক অশান্তির উল্লেখ নাই।

শ্বি-মহর্ষির সাধনাভূমি দগুকারণ্যে রামচন্দ্র শ্বরী চণ্ডালিনীর উচ্ছিষ্ট ফল সমাদরে ভক্ষণ করিয়াছিলেন। আর্য্যপতি রামচন্দ্র অনার্য্যপতি গুহক চণ্ডালকে বন্ধুভাবে আলিঙ্গন করিয়াছিলেন (১২৪ চিত্র)। চণ্ডালিনী ফলবিক্রেত্রীর জননীস্থলভ স্নেহালিঙ্গনকে যশোদানন্দন উপেক্ষা করেন নাই। হিন্দুসমাজে রামী রজকিনী রাধার মর্য্যাদায় উন্নীত হইয়াছিলেন। ৬০ জন প্রসিদ্ধ জাবিভূদেশীয় শৈবসাধকের অভতম 'নন্দ' অস্পৃশ্য সমাজভুক্ত হওয়া সত্ত্বেও, পরমেশ্বের প্রতি তাঁহার অচলা ভক্তিহেতু, 'নয়নর' (ঋষি) পর্যায়ে উত্তোলিত হইয়াছিলেন। ক্রিয়বর 'চামুণ্ডা রায়', তদীয় কঠোর সাধনার বলে, দিগন্ধরী-জৈনাচার্য্যরূপে বরণীয় হইয়াছিলেন। তিনিই প্রোষ্ঠ জৈনতীর্থ শ্রবণবেলগোলার (মহীশূর) বিরাট্ প্রস্তরময় মূর্ত্তি গোমতেশ্বের প্রতিষ্ঠাতা। 'গ্বনদূত'-রচ্য়িতা প্রসিদ্ধ পণ্ডিত ধোয়ী, জাতিতে তন্ত্ববায় হইলেও, সম্রাট্ লক্ষণসেনের সভাকবি ছিলেন।

প্রাচীন ব্রাহ্মণ্যসমান্তে অসবর্ণবিবাহ প্রচলিত ছিল। আর্য্য, অনার্য্য ও তথাকথিত উচ্চ- ও নীচ-কুলজাত নরনারার বিবাহের ফলে ঐতরেয়, পরাশর, বেদব্যাস, শুকদেব, সত্যকাম, কণাদ প্রভৃতি মহামুনিগণের জন্ম। তাঁহারা শ্রেষ্ঠ ব্রাহ্মণগুরুর পর্যায়ভুক্ত ছিলেন। বর্ণসঙ্কর হওয়া সত্ত্বেও তাঁহাদের পাণ্ডিত্য ও প্রতিভাকে বর্ণাশ্রমসমাজ অবহেলা করে নাই। মহর্ষি অগস্ত্যের ধর্ম্মপত্নী লোপামুদ্রা, ঋষ্যশৃঙ্গের সহধর্মিণী শাস্তা এবং জমদ্যার ভার্য্যা রেণুকা— প্রত্যেকেই ক্ষত্রিয়ত্বহিতা ছিলেন। ব্রাহ্মণকত্যা দেববানী ক্ষত্রিয় নরপতি য্যাতির ধর্মপত্নী। মহর্ষি বিশ্বামিত্রের ঔরসে অপ্রনী মেনকার গর্ভে শকুন্তলার উন্তব; রাজা তুমন্তের মহিষা এবং ভরতরাজার জননী ছিলেন শকুন্তলা। ইহা হইতে প্রতিপন্ন হয় যে, তখন জাতিভেদ অলজ্যনীয় এবং অসবর্ণবিবাহ অসামাজিক ছিল না।

প্রতিহাসিক যুগে মোর্য্যসমাট্ চন্দ্রগুপ্তের সহিত গ্রীক-কল্যা হেলেনের বিবাহ, শকরাজ রুজ্রদামনের কল্যার সহিত ব্রাহ্মণ সাতবাহন রাজকুমারের বিবাহ, চেদীরাজ লক্ষ্মাকর্নের সহিত হুণ-রাজকুমারীর পরিণয় এবং তাঁহার এক ছহিতার সহিত বৈদ্ধরাজ তৃতীয় বিগ্রহপালের ও অল্য হহিতার সহিত বৈদ্ধররাজ জাতকর্মার উন্ধাহ প্রমাণিত করে যে, অতীত কালে হিন্দুসমাজ উদার ছিল। খঃ প্রথম শতকে কল্পুজ্বদেশে প্রথম হিন্দুরাজ্য-দ্বাপয়িতা ভারতীয় ব্রাহ্মণসন্তান কোন্ডিণ্য তৎস্থানীয় অনার্য্য নাগরাজকুমারী সোমার পাণিগ্রহণ করিয়াছিলেন। গুপ্তোত্তর যুগে সংস্কার ও জাতিগত ক্ষত্রিয়সমাজের স্থলে অভিনব এক কর্ম্মগত ক্ষত্রিয়শ্রোণী উন্তুত হয়। তাঁহারা রাজপুত্রপর্য্যায়ী, হিন্দুস্তরে রূপান্তরিত, বহিরাগত শকজাতি। শৌর্যারীয়ের তাঁহাদের মধ্যে যাঁহারা প্রতিষ্ঠা অর্জ্জন করিলেন তাঁহারা হিন্দুসমাজে ক্ষত্রিয়শ্রেণীর অন্তর্ভূত হইলেন। ক্রমশ: তাঁহারা হিন্দুর সহিত বৈবাহিক সম্বন্ধও স্থাপিত করিলেন। রাজপুত ব্যতীত ধ্বন, পারদ, পহলব, হৈহয়, তালজঙ্গ প্রভৃতি বহির্ভারতীয় জাতিসমূহ এবস্প্রকারে ক্ষত্রিয়পর্য্যায়ের অন্তর্গত হইয়াছিলেন।

রাজপুতগণ বলবার্য্যে যেরূপ অসাধারণ ছিলেন আত্মকলহে এবং গোষ্ঠীগত আভিজ্ঞাত্যের রেষারেষিতেও তক্রপ আত্মহারা ছিলেন। হিংসা, শ্বেষ ও ব্যক্তিগত স্বার্থপ্রণোদিত উন্মাদনার আবেশে রাঠোর, চৌহান, হরবংশী প্রভৃতি

ভিন্ন ভিন্ন বংশীয় রাজপুত পরিবারবর্গ প্রতিনিয়ত মুসলমান নরপতির আশ্রায় লইতেন।
সমবেতভাবে, একরাজধর্মী, গণতন্ত্রী ভারতীয় রাষ্ট্রগঠনে তাঁহারা প্রয়াস করেন নাই;
রাজপুত চরিত্রের এতাদৃশ দৌর্বল্যের উপর মুঘলসাফ্রাজ্যের ভিত্তি স্থাপিত হইয়াছিল।
তাঁহাদের কুদৃন্টান্ত ভারতের অত্যাত্য হিন্দুরাজ্যে প্রসারিত হয়। তাহার ফলে বহু শত
বৎসর ধরিয়া সমগ্র ভারতব্যাপী বৈষমা ও অশান্তি। বৈষম্যমূলক অশান্তি এবং
অনৈক্যের স্থযোগ লইয়া একতাবন্ধ মুসলমান শাসকগণ বিরাট্ বিজয়নগর সাফ্রাজ্যের
ধ্বংসসাধন করেন। বিরোধবিচ্ছির দেশীয় জনগণকে হস্তগত করিয়া বিদেশীগণ
ভারতে তাঁহাদের আধিপত্যস্থাপনে সক্ষম হয়েন।

মোর্য্য, গুপু, পাল, বিজয়নগর প্রভৃতি হিন্দু-বৌদ্ধ যুগের ধর্ম্মরাজ্যসমূহের অবসান হইলে থঃ সপ্তদশ শতকে মারাঠাবীর ছত্রপতি শিবাজী ন্যায়ধর্মের ভিত্তির উপরে নব-হিন্দুরাষ্ট্রগঠনে আত্মনিয়োগ করিয়াছিলেন; কিন্তু তাঁহার পরবর্ত্তী মারাঠা রাজবংশীয়গণের অবিশ্রাম আত্মকলহের ফলে এবং মহারাষ্ট্র শক্তির অবধা অত্যাচারপীড়িত ভারতের অন্যান্য প্রদেশীয় হিন্দুগণের সহযোগিতার অভাবে, অমিতপরাক্রম মহারাষ্ট্রের স্বাধীনতা-সূর্য্য একশত বৎসরের মধ্যে অস্তমিত হুইল।

সম্প্রতি পঞ্চাবের জনৈক সন্ত্রান্ত অধিবাসী, চৌধুরী কাবুল সিং, ভারতীয়, আরবী ও উর্দ্ধু ভাষায়-সঙ্কলিত বহুসংখ্যক পাণ্ডুলিপি আবিষ্কৃত করার সংবাদ প্রকাশিত করিয়া জানাইয়াছেন যে, খুঃ পূঃ চতুর্থ শতক হইতে খুঃ উনবিংশ শতাব্দীর মধ্যভাগ পর্যান্ত পঞ্চায়ৎশাসিত, শান্তিপূর্ণ, পাঞ্জাবী সমাজে অসবর্ণবিবাহের প্রচলন ছিল। পৌর সমাজপরিচালনে, স্থযোগ্য ব্যক্তি হইলে, রক্তক ও সম্মার্জ্জক প্রভৃতিও পঞ্চায়তের নেতারূপে নির্নাচিত ও নিযুক্ত হইতেন। স্থতরাং পঞ্চনদ প্রদেশে শ্রেণীসজ্ববদ্ধ গণতান্ত্রিক সমাজে পৌরশৃন্ধলা ও শান্তি অন্তত্তঃ তুই সহস্র বৎসরকাল অব্যাহত ছিল, উক্ত পাণ্ডুলিপিসমূহের মাধ্যমে ইহা বিবেচিত করা যায়।

ইতিহাসের সর্ববযুগে সর্বদেশে সকল জাতির এবং সকল সম্প্রদায়ের মধ্যে নানা বিষয়ে নানাবিধ বিভেদবৈষম্য বর্ত্তমান ছিল, এখনও আছে। ভারতেও যুগে যুগে বিভেদবৈষমাঞ্চনিত অশান্তি অজ্ঞাত নহে। কেহ কেহ এইরূপ অভিযোগ করিয়াছেন

(य, ভाরতবর্ষেই সাম্প্রদায়িক এবং সামাজিক অনৈক্য ও অশান্তি সর্বাশেকা অধিক ছিল এবং অভাপি বর্ত্তমান এবং তজ্জন্য সমাজগত আচারবিচারের নিয়ন্তা ত্রাহ্মণভোণীর অপরাধ অধিক। তাঁহাদের অভিযোগ ভিত্তিহীন। পৃথিবীর অগ্রাপ্ত জনসমাজের जूलनाय नतक थांठीन विन्यूनमारक धवः विन्यूतार्ष्ट्रे, वर्गविकांग मरबन्द, जमासि हिल অল্ল। পঞ্চ সহস্র বৎসর পূর্বের ভারতীয় সমাজে শান্তিপূর্ণ পরিবেশের সংক্রিপ্ত পরিচয়প্রদানের প্রচেষ্টা ইতিপূর্বে করা হইয়াছে। ইহাও বছকনবিদিত বে, মানবসমাজে সাম্য, মৈত্রী ও অভেদের বাণী সর্ববাঞা ঘোষিত করিয়াছেন 'জ্ঞানময়ী শিখা'- এবং 'জ্ঞানময় উপবীত'-ধারী ঋষি-মহর্ষিগণ। রাজ্যে তথা সমাজে আভ্যস্তরীণ শান্তিশৃখলা রক্ষার জন্ম বছক্ষেত্রে ব্রাক্ষণ নিযুক্ত হইতেন। রঘুকুলের রাজগুরু ও প্রধানমন্ত্রী ছিলেন প্রাক্ষণশ্রেষ্ঠ বশিষ্ঠ। ব্রক্ষর্ষি মনু অযোধ্যার এবং মহর্ষি মহাগোবিন্দ বিস্বিসারের রাজধানী 'রাজগৃহের' পরিকল্লয়িতা। ত্রাক্ষণ 'বর্ষকার' মগধাধিপতি অজ্ঞাতশক্রর অমাত্যরূপে তৎনির্শ্মিত নব-রাজগৃহের প্রভৃত উন্নতিসাধন করিয়াছিলেন। মহাত্যাগী চাণক্যের তীক্ষ বিচারবুদ্ধি বর্ণাশ্রমী ভারতের স্বাধীনতা ও শান্তিশৃথলা রক্ষা করিয়াছিল গ্রীকের কবল হইতে। গৌড়ীয় ব্রাহ্মণ 'শক্তিস্বামী' কাশ্মীর-রাজ ললিভাদিভ্যের মন্ত্রিরূপে 'ভূস্বর্গের' বিপুল ঐখর্য্য ও বিশাল সংস্কৃতি বিকশিত করিয়াছিলেন। কমোজাধিপতি দিতীয় সূর্য্যবর্মাণের ত্রাহ্মণগুরু দিবাকর পণ্ডিত আন্ধর ভাটের পরিকল্পনা করেন।

বৈজ্ঞদেশ্যবিলম্বী পালসমাট্গণ বংশামুক্রমে গর্গদেব, দর্ভপাণি, বোধিদেব, বৈজ্ঞদেব, কেদার মিশ্র, শ্রীগরব মিশ্র, সোমেশ্বর প্রভৃতি ত্রাহ্মণ মহামন্ত্রিগণের নির্দ্ধেশামুযায়ী রাজ্ঞাশাসনে পরিচালিত হইতেন। বহু শান্তে ব্যুৎপন্ন, বিচারবৃদ্ধিতে প্রবীণ ত্রাহ্মণগণই সাধারণতঃ মন্ত্রিপদে অধিষ্ঠিত হইতেন এবং সর্ববণা সামাজিক আচারবিচারের নিয়ন্ত্রণ করিতেন। বর্ণাশ্রমধর্ম্মে স্থনিয়ন্ত্রিভ, ত্রাহ্মণের মন্ত্রণাচালিত, গুপু- এবং পাল-রাষ্ট্রের শাসনপ্রণালী সামাজিক ও অর্থ নৈতিক ক্ষেত্রে অক্যায় প্রভাব বিস্তার করিত না। রাষ্ট্র-ও সমাজ-পালনে রাজ্ঞার প্রধান এবং একমাত্র দান্তিম ছিল স্থবিচার ও দেশরক্রা করা। সমাজের আভ্যন্তরীণ ব্যাপারে বশিষ্ঠ, চাণক্য এবং গর্গদেবের মত, সর্ববশান্তবিশারদ, নির্লোভ ও ত্যাগশীল ত্রাহ্মণের ব্যবস্থাই চরম বলিয়া 15—1872B.

বীক্লত হইও। - মহামহোপাধ্যায় হরপ্রসাদ শান্তি-সঞ্চলিত 'বেশের মেয়ে' নামক গবেষণামূলক প্রসিদ্ধ ঐতিহাসিক উপত্যাদে, সহস্রবর্ষ পূর্বকালীন পশ্চিমবজীয় সম্ভানের বর্ণাশ্রমী সমাজের উজ্জ্বল আলেথ্য প্রতিফলিত হইয়াছে।

পর্যারবংশসভূত মালবপতি অর্জনবর্ণ্মদেবের শুরু ও প্রধানমন্ত্রী ছিলেন বলীয় ব্রাহ্মণ 'বাল সরস্বতী' মদন। আচার, বিনয়, বিহ্যা, ত্যাগ, নিষ্ঠা, তপ ও দান 'সভানিষ্ঠ, স্বদার-সন্তোষী,' ব্রাহ্মণগণের অবশ্যপালনীয় কুললকণ ছিল। বলিষ্ঠ, চাণকা, রামানন্দ, রামদাস প্রভৃতি ব্রাহ্মণগণ ভারতরাষ্ট্র, ভারতসমান্ধ ও ভারতীয় জাবনকে স্বপথে স্কুললে পরিচালিত করিতেন। মাধবাচার্য্য ও সাম্বণাচার্য্য বিজয়নগর ধর্ম্মাষ্ট্রের বিশাল সংস্কৃতি, বিরাট্ শিল্প, বিশ্বয়প্রদ স্থাপত্য, বিপুল ঐশ্বর্যা, ব্যাণক বাণিজ্য এবং অতুল বৈভবের নিয়ন্ত্রণ করিয়াছিলেন। অন্ধর (জয়পুর) রাজ্যের প্রধানমন্ত্রী বিভাধর ভট্টাচার্য্যকর্ভ্ক পরিকল্লিত, মহারাজা জয়সিংহের নব-রাজধানী, জন্মপুর মহানগরীর বিজ্ঞানসম্বত আসনবিদ্যাস ও নয়নাভিরাম স্থাপত্য পাশ্চান্ত্য মহাদেশের আধুনিক নগরনির্ম্মাতা উচ্চশিক্ষিত স্থপতিগণকে বিশ্বিত ও অমুপ্রাণিত করিয়াছে।

সুশৃত্যল রাজ্যপরিচালনার ফলে অতীত ভারতে প্রবল কোনও ধর্ম্মত ও সংস্কৃতি তুর্বল ধর্মবিশাস ও সংস্কৃতিকে বিনাশ করে নাই। প্রবল ধর্মসম্প্রদায়কর্তৃক তুর্বল ধর্মসম্প্রদায়কে দলিত ও নির্মাল করার দৃষ্টান্ত পাশ্চান্ত্য ইতিবৃত্তসমূহে বিশেষতঃ আমেরিকার ইতিহাসে প্রচুর পাওয়া যায়। প্রতীচ্য হইতে আগত বিবিধ সংস্কৃতির সমন্বয়ে ভারতীয় ধর্মো উদার বিচারবৃদ্ধি ও সভানিষ্ঠা বিকশিত হইয়াছিল। প্রীক ও মধ্য-এশিয় সভ্যভার সারসংযোগে কুষাণমুগে ভাগবত সংস্কৃতির উদারতা ব্যাপকতর হয়। কণিক, ছবিক প্রভৃতি কুষাণ নরপতিগণ ভাগবত এবং বৌদ্ধতন্ত্রের অমৃতধারা আকণ্ঠ পান করিয়াছিলেন। তাঁহারা হিন্দুদর্মা অবলম্বন করেন। দক্ষিণ ভারতের হিন্দুরাজ্যণ সমাগত গৃষ্ট সাধকগণের অবস্থানের নিমিত্ত ভূদান করিতেন। গৃঃ সপ্তম শতকের মধ্যভাগে পারস্থাদেশ হইতে পলায়িত অগ্নিপূজক পারসিকগণ গুজরাটে আসিয়া, গুর্জ্জর-রাজ্যের আপ্রয়ে, তৎপ্রদত্ত ভূমিখণ্ডে, নিরাপদে বসবাস এবং ধর্মাচরণ করিতে সমর্থ হইয়াছিলেন। মুসলমানের ভারতবিজ্যের বহু পূর্কেই সমাগত

মুসলমান সাধকগণের বাসগৃহ নির্মাণের নিমিত্ত দেশীয় নরপজ্ঞিগণ এবং মহাবীর উপাসিকা, জৈন-সাধিকা দেবী অমুপমা বহুসংখ্যক ভূমিণণ্ড দান করিয়াছিলেন এবং ৮৪ সংখ্যক মসজিদ নির্মাণ করাইয়াছিলেন। ১৪৯৮ খঃ ভাল্ফো-দা-গামার নেতৃত্বে পর্তু গীজগণ জলপথে দক্ষিণ ভারতের কালিকট বন্দরে আসিয়া স্থানীয় হিন্দুরাজ 'সামুদ্রিনের' অমুগ্রহে স্বছলে ভারতে বসবাস ও অভঃপর কালিকটে একটি কুঠি স্থাপন করিয়া বাণিজ্য পরিচালনা করিছে সমর্থ হইয়াছিলেন। বিদেশী অভিনিও শারণার্থীকে সমাদরে গ্রহণ করিতে 'সর্ব্বভূতের আত্মবং'-জ্ঞানসম্পন্ধ ভারতীরগণ সোহত্বক থাকিতেন। তুর্ভাগ্যক্রমে ভারতের এহেন উদারতাকে পাশ্চান্ত্য-শিক্ষা-প্রণোদিত অধুনাতন ভারতবাসী বহু ব্যক্তি কাপুরুষস্থলভ দৌর্বল্য বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন।

ইতিপূর্বের উল্লিখিত হইয়াছে যে, সপ্তাসিদ্ধর ও ব্রহ্মার্যরে উদ্ভূত চাতুর্বর্ণ্য ব্রাহ্মণ্যসমাজ বহু পরবর্ত্তী কালের হিন্দুসমাজের মত অমুদার ছিল না। বৈদিক ব্রাহ্মণশ্রের কেহ কেই হলচালন, কৃষিকর্ম্ম ও ব্যবসাবাণিজ্ঞা করিতেন। তাঁহাদের শিক্ষা, দীক্ষা ও বৃত্তি ছিল অস্থান্য ব্রাহ্মণগণের মত। জন্মগত, পরিবারগত অথবা অধিকারগত সর্ত্তানুযায়ী ব্রাহ্মণ, কৃষক অথবা ব্যবসায়ীর বংশধর যে বংশপরম্পরাক্রমে একই পৈতৃক বৃত্তি অবলম্বন করিবেন এইরূপ কোনও বিধান প্রাচীন গ্রন্থে বির্ত্ত নাই। বৈদিক্যুগে শান্তিপূর্ণ সমাজের সর্ব্বাহ্মণ পৃষ্টিকল্লেই বর্ণ- ও শ্রেণী-বিভাগ ব্যবন্থিত হইয়াছিল। ক্রমণঃ গ্রাম ও নগরীর শ্রেণীগত তথা বৃত্তিগত পারস্পরিক সহযোগিতা প্রবল হইয়া, সমাজের শান্তিশৃন্থলা অটুট রাথিয়া, বৃহত্তর সমাজ- ও রাষ্ট্র-জীবনের স্থিতি করে। সমাজপতি রাজর্ষি 'রাজন'-প্রমুথ পৌরজনসজ্জের হ্রচিন্তিত নির্দ্দোম্বন্যরে প্রনাবিদ্ধা সাণতন্ত্রী সমাজের কর্ম্মণজ্ঞিকে সক্রিয় ও প্রথর রাখিতে সভত বৈশ্যক্রের প্রনিত্তন। উক্টর রমেশচন্দ্র মজুমদার-প্রণীত Corporate Life in Ancient India পঠিতব্য। 'চাতুর্বর্ণ্যং ময়া স্ফেই গুলকর্মবিভাগশঃ।'—গীডা।

উপনিষদ যুগের বহু পরে কুষাণ, শক, হূণ, যবন প্রভৃতির উপপ্লাবনজ্বনিত অহিতক্র অসামাজিক বৈব্যাস্থির ফলে অধোগামী সমাজরকার অভিপ্রায়ে আজিভেদ ও র্ত্তিভেদের উৎপত্তি হয়; হিন্দুসমাজে কঠোর বিধিনিবেধ নিয়ন্তিভ হয়। ১৩

ব্রাহ্মণ- ও ক্ষত্রিয়-শ্রেণীর হিন্দুগণ অস্থাস্থ বর্ণের যাঁহারা সমাজের বিধিনিষেধ অমান্থকরতঃ বিদেশীগণের সহিত ঘনিষ্ঠ সম্বন্ধ স্থাপন করিতেছিলেন তাঁহাদের নির্মুষ্ট বিশ্বা বিবেচনা করিলেন। কলতঃ সনাতন হিন্দুসমাজ ক্রমশঃ সন্দিশ্বচেতা, ত্র্বল ও পরস্পারবিরোধী হইল। যে উদার সমাজ একদা শক, কুষাণ প্রভৃতি বিদেশীদের নির্মিচারে সসম্মানে স্বীয় অসীভূত করিয়াছিল, কালক্রমে তাহাদের অত্যাচারে তাহা

১৩ কেহ কেহ অহমান করিয়াছেন যে, চতুঃসহত্র বৎসর পূর্বে মুরোপের পূর্বা-দক্ষিণ এবং এশিয়ার পশ্চিমপ্রান্তের সংযোগছলের সমীপবজী কাম্পিয়ান হ্রদের উপকৃষ হইতে আর্য্য মহাক্ষাতি বিৰিধ শাখায় বিভক্ত হইয়া পারত, মেসোপটেমিয়া, ভারতবর্ষ, ইতালি, গ্রীস, জার্মানী, স্থান্দিনেভিয়া, ব্রিটেন প্রকৃতি দেশসমূহে ছড়াইয়া পড়েন (পশ্চিম ও মধ্য এশিয়ার মানচিত্র দ্রইবা)। ভারতে তীহাদের প্রথম অবস্থিতি সপ্রসিম্বর ভূভাঙ্গে (প্রাচীন ভারতের মানচিত্র স্তইব্য)। আর্য্য মহাজাতির সমসাময়িক ইতন্তত: বিক্লিপ্ত বর্মার, যায়াবর ও শিকারপ্রিয় অন্ত একটি মানবজাতি বিভ্যমান ছিল। সেই জাতির একটি শাখা 'মোকল'। মোকল গোষ্ঠার প্রথম কর্মক্ষেত্র—বৈকাল হলের পশ্চিমপ্রাক্তম্ব সাইবিরিয়া। বছকাল পরে ইতিহাসপ্রসিদ্ধ জেলিস খাঁর নেতৃত্বে মোললগণ আলতাই পর্যতমালা অতিক্রম করিয়া তারিম নদীর সারিধ্যে তাতার গোষ্ঠার সহিত বন্ধুত্ব স্থাপন করিয়া চীন আক্রমণ করে। ১২১৪ থা পিকিং তাহাদের অধিকারভুক্ত হইলে ভাহারা পশ্চিমমূথে অগ্রসর হইয়া ভুকীপ্তান, আফগানিস্তান, পারত্র এবং কশিয়ার দক্ষিণভাগ আক্রমণ করে। অতঃপর তাহাদের ভারতাভিয়ান। মুঘলসমাট আকবর তাহাদের বংশধর ছিলেন। মধ্য এশিয়া হইতে বিনির্গত অন্ত একটি যাযাবর শাখা 'হুণ' যুরোপ, চীন, পারত্ম এবং ভারতবর্ষে অভিযান করে। মিহিরকুলের (৫২৫ খঃ) অধীনে थाहैबात शितिनद्रादेत यथा निशा जाहाता छात्रं जित्र छेखत-शिकाक्षणीय व्यथितानिशालत व्यर्थ, मण छ পশু প্রভৃতি দুঠন করে। কিন্তু মিহিরকুল পরিশেষে প্রাজিত হয়েন। ছুণের ভারতাভিযানের বহু পূর্বে শকগোষ্ঠা (খু: প্রথম শতক) এই দেশে আগমন করিয়াছিল। ভারতে হুণ-অভিযানের অনতিকাল পরে প্রবলপরাক্রান্ত কুষাণ-নরপতি কণিছ পঞ্চনদ প্রদেশে কুষাণরাজ্য স্থাপিত করিয়াছিলেন। এইরূপে উপর্যুপরি বিদেশীগণ ভারত আক্রমণ করায় বিধ্বন্ত হিন্দুগণ সমাক্রের ধর্মনীতিরক্ষণে কঠোর বিধিনিয়েধের নিয়ন্ত্রণ করিতে বাধ্য চইয়াছিলেন।

বিপর্যান্ত হইয়া, অপবিত্র সমাজশক্তকানে ভাহাদের দীকাদান বন্ধ করিল। গুপ্ত ও মধ্যযুগেও হিন্দুসমাজ বিধিনিবেধের কঠোরতা শিথিল করিতে দক্ষম হয় নাই। অফাদশ শতকের শেষভাগে নানা কারণে হিন্দুগণ যখন কুসংস্কারপূর্ণ চুনীতির চরম দীমায় উপনীত—শ্রেষ্ঠ ব্রাহ্মণসন্তান রামমোহন রায় প্রাচ্য ও পাশ্চান্ত্য ধর্মান ও দর্শন-শান্তসমূহকে জ্ঞানযোগসূত্রে গ্রথিত করিয়া, উপনিষদের নব-সংস্করণক্ষরূপ, একেশ্বরাদী ব্রহ্ম (ব্রাহ্ম) ধর্মের প্রবর্ত্তন করিলেন।

ইস্লামধর্মের উপর মহারাষ্ট্রবীর শিবাজীর ঘূণা অথবা বিষেষ ছিল না। শ্রেষ্ঠ ইতিহাস-বিশারদ আচার্য্য যতুনাথ সরকারের বিবেচনায় 'ছত্রপতি' সর্বধর্মের প্রতি সমজ্ঞানাপরায়ণ ছিলেন। উন্নতচরিত্র, উদারহদেয় ও সংযমী, প্রকৃত ধর্ম্মবীর শিবাজীর স্থান ছিল ঘূণানিষ্ঠ্রতার বাহিরে। নিরীহ হিন্দুধর্মের, সনাতন ব্রাক্ষণ্য সংস্কৃতির পরমশক্র ওরংজেব-প্রণোদিত নিষ্ঠ্র অত্যাচারের বিরুদ্ধেই ।তনি বিজ্ঞোহ করিয়াছিলেন। মুসলমানধর্ম ও মুস্লিম সংস্কৃতির প্রতি তাঁহার অকপট গভীর জ্ঞানা ছিল। কথনও কোনও মুসলমান ধর্ম্মহান অথবা মসজিদ অপবিত্র অথবা ধ্বংস করিবার প্রয়াস তিনি করেন নাই। একদা রাজপথের উপরে বিক্তিপ্ত একখানি কোরান তুলিয়া লইয়া তিনি একজন মুসলমানকে তাহা প্রদান করিয়াছিলেন।

যুরোপ ও আমেরিকার প্রবল ধর্মসম্প্রদায়গুলি দুর্বল সম্প্রদায়সমূহকে যুগে যুগে যেরূপ বিনফ করিয়াছিল, সর্ববধর্মবিশ্বাসের প্রতি সহামুভূতিপরায়ণ ভারতীয় ধর্ম্মে কথনও তাহা ঘটে নাই; বরঞ্চ বহিরাগত মহৎ মহৎ আদর্শসমূহের সার চয়ন করিয়া তৎসাহায্যে ইহা স্বীয় জ্ঞানভাণ্ডারস্থ দার্শনিক বৈচিত্রাসমূহ সবল ও সরস করিয়াছিল। ভারতের সর্বপ্রথম সৃফীসাধক, গঙ্গনীর অধিবাসী আলিবিন ও উসমান্ অলজুরারী হুজ্ঞতিয়িরী (একাদশ শতক), তৎপরে থাজা মৈমুদ্দীন চিশ্তী (হাদশ শতক), নিজামুদ্দিন আউলিয়া (ত্রয়োদশ শতক) এবং শাহ্জালাল প্রভৃতি মহাপুরুষগণ ভারতভূমিতে সাধনা করিয়া, উদার হিন্দুধর্ম্মে আকৃষ্ট হইয়া, হিন্দু-মুস্লিম সংস্কৃতিবিকাশের পথ ক্রম-প্রসারিত করিয়াছিলেন। হিন্দু ও মুসলমান উদ্ধ্যে এক পরমেশরেরই সন্তান, এই দিব্যজ্ঞানের প্রভাবে সাম্যমৈত্রীর অভেদদর্শন উ্যহাদের চিত্তাকাশে প্রবভারার মত স্মিধ্যাজ্ঞল ছিল।

্ভাষা, ধর্ম ও আচারগত বিচার করিলে বেদপদ্মী আর্যাগণের সহিত আবেস্তপদ্মী আহ্যক্ষাভির সাদৃশ্য বহুধা উপলক্ষিত হয়। সভ্যতার প্রথম ইভিহাসরচনার পূর্বে আর্য্য-ভারতের সহিত আর্য্য-ইরানের ('এরিয়ান') সংস্কৃতিগত (ভাৰা, ধর্মা ও সামাঞ্জিক রীডিনীভিমূলক) সংযোগ ছিল। বৈদিক উপাক্ত সূর্য্য, অগ্নি, বরুণ ও মরুৎ (प्रवर्णांगं देतांनीय धर्णा यथाकारम 'ऋतीयम्, वर्णाम, वर्ताम ७ मक्छ म'-करण शृक्तीय । ভারতীয় ঋষি-মহর্ষি প্রণোদিত ধর্ম্মদর্শনের সহিত জগদগুরু জরপুত্র-প্রবর্ত্তিত ধর্ম্মদর্শন একই প্রণালীতে প্রবাহিত। সাংখ্যের পুরুষ ও প্রকৃতি, বেদান্তের শিব ও শক্তি, বৈষ্ণৰ-দর্শনের কৃষ্ণ ও রাধা—একেশরবাদী জরপুত্রের 'অন্তর মজ্দ' অর্ধাৎ 'জীবনদেৰতা ও বিশ্বপ্রকৃতি প্রফী'র সহিত উপমেয়। ভেদাতীত, সার্বভৌম পরমেশরই ভারতীয় এবং ইরানীয় অধ্যাত্মদর্শন-স্প্রির মূল শক্তি। উপনিষদের জ্ঞানমার্গ, ভক্তিমার্গ এবং কর্ম (সেবা)-মার্গ 'অহর মজ্দ'-এ 'অশ, ভোত্মনো, কত্র'-পর্য্যায়ের প্রধান ত্রয়াংশে রূপান্তরিত হইয়াছে। অথব্ববেদোক্ত অথব্বণ সৃক্তে পরমদেবতা 'অল্লা'র স্বরূপবর্ণনে মিত্র, বরুণ, ইন্স, আহ্মণ, সূর্য্য, চন্দ্র, ঋষি, আকবর এবং মহম্মদ প্রভৃতি শব্দ একত্র গ্রাথিত আছে: "অলো ব্যেষ্ঠং শ্রেষ্ঠং পরমং পূর্ণং ব্রাক্ষণমল্লাং অলোবস্থর মহমদরকং বরতা অলো অলাং..." "ইলাকবর ইলাকবর ইলালেতি ইলালা: ইলা ইল্লা অনাদিস্বরূপা অধর্বনী শাখাং হুঁ হ্রীং ... কুরু কুরু ফট্ ...।"

তুর্ক-আফগান আমলে দাতু, কবীর, নানক, ঐতিচতত প্রভৃতি সাধকগণ হিন্দু- ও মুসলমান-সংস্কৃতির সমন্বয়সাধনে প্রয়াস করিয়া আংশিকভাবে সফলকাম হইয়াছিলেন। মুঘলয়ুগে শাহানশাহ আকবর তাহা পরিপুষ্ট করেন। ফতেপুর সিক্রিতে তৎপ্রতিন্তিত 'ইবাদংখানা' নামক ধর্মসভামগুপে তিনি বিভিন্ন সম্প্রদায়ের মুস্লিম আচার্য্যগণ এবং হিন্দু, জৈন, পার্সি, প্রফান প্রভৃতি ধর্মের শ্রেষ্ঠ আচার্য্যগণের সহিত ব্রহ্মাগুপ্রসারী প্রকৃত সন্ধর্মের মূলতত্তপ্রসক্তে আলোচনা করিতেন। শেষ জীবনে আকবর স্ব্য্য ও অগ্নির উপাসনা করিতেন, হিন্দুপূজারীর ভায় কোঁটাতিলক-ধারণ, ধ্যানাসন ও নিরামিষ আহার করিতেন। গো-বধ নিষিদ্ধ করার জন্ম তিনি মুসলমান-সম্প্রদায়ের অপ্রিয় হইয়াছিলেন। অধ্যাপক ডক্টর মাথনলাল রায়চৌধুরী শাল্পী-প্রশীত Dīn-i-Ilāhī হইতে মহামতি আকবরের, বিভিন্ন ধর্মমন্তের সমন্বয়ের প্রচেষ্টার

সঞ্চলিত, 'ঈশরে-বিশাস'মূলক "দীন-ই-ইলাহী" মতবাদের এবং শাহানশাহের অমারিক উদারভাসম্বন্ধে বহু তথ্য পাওয়া যায়। শান্ত্রী মহাশয় বহুকাল বাবৎ আরব, ইরান ও মিশরে অবস্থান করিয়া গবেষণাকার্য্যে ব্যাপৃত ছিলেন এবং ভগবদ্গীতা আর্থী ভাষায় অনুদিত করিয়াহেন। হিন্দু-মুসলমানের ঐকাসাধন করিতে নানক একেশরবাদী শিধসমাজের প্রবর্তন করিয়াছিলেন।

উপনিষদের একেশ্বরনাদ এবং ইস্লামের একেশ্বরাদ মূলতঃ একই অথগুনীয়া মহাসত্য হইতে উত্ত । ইহাই অমুধানন করিয়া ভারতবাসী মুসলমান-সম্প্রদায় হিন্দুধর্মের মূল নীতির প্রতি আকৃষ্ট হইলেন। মুসলমানের বিবিধ উৎসব ও অমুষ্ঠানের মধ্যে সন্তানের অন্যোৎসব হইতে তাহার মৃত্যুর পরবর্তী ধর্মাচরণসমূহ হিন্দুজাতির অমুরূপ অমুষ্ঠানের সহিত বছধা মিশ্রিত আছে। ভারতীয় বাদশাহুগণ দেওয়ালি-, হোলি-, নববর্ধ-উৎসব (নওরোজ) প্রভৃতি পালন করিতেন। হিন্দুর উপাসনাবিধির বছলাংশ মুসলমানী উপাসনা ও পর্নের উপলক্ষিত হয়। অপমালা (তসবী), নিঃখাসনিয়্রল ও যৌগিক প্রক্রিয়া, ধ্যানাসন, আমিষাহার, উপবাস প্রভৃতি পীর-মূর্শিদ ও মুসলমান সাধক-সম্প্রদায়ের বছ ব্যক্তি পালন করিয়া থাকেন। গৌড়াধিপতি জালালউন্দীন মহম্মদ শাহের বেগমসাহেবা আসমানভারা হিন্দুবিধবার মত কছেনুসাধন করিতেন। সৃফী মতবাদ বেদান্ত-দর্শনহারা প্রভাবিত। হিন্দুপ্রক্র বহুসংখ্যক মুসলমান শিখ্যগণকে দীক্ষা দান করিয়াছেন। পকান্তরে, মুসলমান সাধকের শিখ্যত গ্রহণ করিয়াছেন বছ হিন্দু। শ্রীচৈতভাদেবের বৈক্ষবজ্বের দীক্ষা গ্রহণ করিয়াছিলেন শত শত মুসলমান এবং কবীর প্রসিক্ষ হইয়াছিলেন বছ হিন্দুর দীক্ষাগুরুররূপে।

মুসলমান অভিজাতবর্গ হিন্দুধরণের পোষাক-পরিছেদ পরিধান করিতেন।
"ভারতীয় মুসলমানের উপর হিন্দুপ্রভাব"-প্রসজে প্রসিদ্ধ অধ্যাপক রেজাউল করীম
বহুবিধ যুক্তিপূর্ণ একটি অমূল্য প্রবন্ধ প্রকাশিত করিয়াহেন। তিনি বলেন,
"ভারতবর্ষ যদি ইউরোপীয় শক্তির বারা অধিকৃত না হইত, দেশের বিভিন্ন ধর্মান
সম্প্রদায়ের মধ্যে একটি পূর্ণ সমন্বর সাধিত হইয়া বাইত। তারতের (বর্ত্তমান)
মুসলমানের কয়জন আরব, ইরান, তুর্কী, তাতার হইতে আসিয়াহেন? নির্দিষ্ট

কৃতিশয় পরিবার, কিছুসংখ্যক সৈশ্রসামন্তদের বংশধর, আর কতক কঁতক শাসক-শ্রেদীর আত্মীয়স্বজনের অধস্তন পুরুষ ব্যতীত ভারতের কোটি কোটি মুসলমানের অধিকাংশই এদেশেরই সন্তান। অতীতকালে তাঁহারা ধর্মান্তর গ্রহণ করিলেও হিন্দু ভাবধারা ও হিন্দু সংস্কৃতি তাঁহারা একেবারেই বর্জন করিতে পারেন নাই। আজ ভারতীয় মুসলমানদের জীবন্যাত্রার মধ্যে হিন্দুপ্রভাবের বহু নিদর্শন বিভ্যমান রহিয়াছে। তাঁহাদের মধ্যে আরব, ইরান প্রভৃতি দেশের প্রভাবের অল্প চিক্রই অবশিক্ষ আছে। স্বল্জান মামুদ, মহম্মদ ঘোরী, মহম্মদ তোগলক প্রমুধ জাঁদরেল শাসকগণ, বাঁহারা কোন অতীতে মধ্য এশিয়া, আফগানিস্তান প্রভৃতি স্থান হইতে আসিয়াছিলেন, তাঁহাদের বংশ নিঃশেষ হইয়া গিয়াছে। এদেশের কোথাও তাঁহাদের চিক্রমাত্র নাই, মুস্লিম বিজ্ঞোগণ সম্পূর্ণভাবে ভারতের জনগণের সঙ্গে একাল হইয়া মিশিয়া গিয়াছেন। অমুসলমান যে সমাজব্যবন্থা রচনা করিয়াছিলেন, তাহা হিন্দুসমাজ-ব্যবন্থা হউতে বেশী পৃথক নহে।…তাঁহারা আর্বী ও ফার্সী ভাষা এদেশে চালাইতে পারেন নাই। তাঁহারা এদেশের ভাষাকেই গ্রহণ করিয়াছিলেন" (আনন্দবাজার পত্রিকা, বার্ষিক সংখ্যা, ১০৬০, ১৪০ পৃঃ)।

বস্তুত:, সংস্কৃত- ও হিন্দী-ভাষার সহিত ফার্সী- ও আর্বী-শব্দের সমন্বয়ে উত্ভাষার উৎপত্তি ও বিকাশ। প্রথম মুসলমান-শাসিত যুগের ভারতে মুসলমান শাসকগণ তুর্কিভাষায় কথা কহিতেন; কিন্তু শাসন্কার্য্য পরিচালিত হইত ফার্সীভাষার মাধ্যমে। পরবর্তী কালে তুর্কি- অথবা ফার্সী-ভাষা ভারতে অচল হইল। বর্তমান উত্ত্রভাষার পঞ্চার হাজার শব্দের মধ্যে বিয়াল্লিশ হাজার ভারতীয় ভাষাসমূহ হইতে গৃহীত।

মধ্যযুগের ভারতস্থাপত্য, চিত্র- ও সঙ্গীত-কলা হিন্দু- ও মুস্লিম-সংস্কৃতির সমন্বয় হইতে উদ্ধৃত। ক্ষেক্তলালেম, তুর্ক এবং ইরানী মুস্লিম স্থাপত্য হিন্দু-মুস্লিম ভারতীয় স্থাপত্য হইতে বছধা পৃথক। তাজমহল হিন্দু-মুস্লিম সংস্কৃতির চরমোৎকর্ষ। তাহার অনুক্রপ অনিন্দাস্থন্দর সমাধিসোধ বহির্ভারতীয় মুস্লিম জগতের কুত্রাপি পরিদৃষ্ট হয় না। পঞ্চরত্ব হিন্দুমন্দিরের আদর্শে তাজমহলের আসন ও স্থাপত্যশৈলী বিশ্বস্ত হইয়াছে এবং অজ্ঞান পল্লকোরকাকৃতি ভূপশিখরের অমুপ্রেরণায় তাজমহলের গস্কুজ

পরিকল্পিড। করেক বৎসর পূর্বেল লগুন রয়েল সোসাইটি অফ্ আর্টের অমুষ্ঠিভ একটি বিশিষ্ট আলোচনাসভায় সিদ্ধান্ত হইয়াছিল যে, ডাক্সমহল প্রধানতঃ হিন্দু-ছাপভ্যের এবং অংশতঃ মুস্লিম স্থাপত্যের আদর্শে রচিত, ডাহার গঠনে ইডালীয় অথবা অক্সবিধ স্থাপত্যের কোনও অবদান নাই।

মধাযুগের শেষভাগে পশ্চিমবঙ্গে দামোদর, সরস্বতী প্রভৃতি নদনদীর সমভটবর্ত্তী সপ্তপ্রাম, পাওুয়া, ত্রিবেশী, গুপ্তিপাড়া, মহানদ প্রভৃতি—স্থ-উচ্চ দেবালয়, মঠ, বিহার ও মসজিদ-পরিপূর্ণ-জনপদসমূহে ছানীয় সামন্তরাজগণের পৃষ্ঠপোষকভায় যে উদার সভ্যতা উদ্ভূত হইয়াছিল তাহাতে সাম্প্রদায়িক সঙ্কীর্ণতা প্রবল ছিল না। বৌদ্ধ ও তান্ত্রিক দেবদেবীর উপাসক, শৈব-উপাসক, সূর্য্য-উপাসক এবং বৈষ্ণব-সম্প্রদায় মুসলমান গোষ্ঠীসহ একত্রে স্থান-শান্তিতে বসবাস ও ধর্মাচরণ করিতেন। ঐশর্য্যের অধিকার ব্যপদেশে কিছুকাল যাবৎ অস্থায়ী বিরোধিতার অবসানে হিন্দু ও মুসলমানের মধ্যে সোজাত্র প্রতিষ্ঠিত ছুইয়াছিল। লালকুনওয়ারনাথ নামক জনৈক সম্ভ্রাস্ত হিন্দু (১৭৬০ খ্বঃ) পাণ্ডুয়ার একটি মসজিদগৃহের সংস্কার করেন। পাণ্ডুয়ার শাহ্সূফীর আন্তানায় হিন্দু-মুসলমান একত্র মানত করেন; উপাসনা করেন। পৌষ ও চৈত্র মাসে তথায় পীরের মেলা অনুষ্ঠিত হয়। বহু হিন্দু ও মুসলমান মেলায় যোগদান করেন। ভক্তিভরে হিন্দুগণ সত্যপীরের 'দরগায়' ধর্না দেন। ভক্তিভরে মুসলমানগণ লক্ষ্মীর পাঁচালি গান করেন এবং সত্যনারায়ণের শিন্ধি গ্রহণ করেন। হিন্দুগণও পীরের শিক্সি ভক্ষণ করেন। শত বৎসর পূর্বেব বাংলার মেলায় মেলায় 'গাঞ্জীর পট' (প্রাচীন বাংলার যমপটের মুসলমানী সংস্করণ) দেখাইয়া মৃত্যুর পরে মৃতব্যক্তিবর্গ ষমরাজ্যের বিচারে ভাহাদের ইহজন্মে সাধিত স্থকৃতি ও চুক্কৃতির কর্ম্মফলজনিত কিরূপ পুরস্কার অথবা দণ্ড পাইবে দর্শকদের তাহা বুঝান হইত (১২৫-২৬ চিত্র)। হিন্দু ও মুসলমান তথায় নীতিমূলক হিতোপদেশ গ্রহণ করিতেন। মাত্র পঞ্বিংশতি বৎসর পূর্বেও তুর্গাপূজার উৎসবে মুসলমান আবালবৃদ্ধবনিতা আনন্দসহকারে পূজাবাটিতে পান-ভোজন করিতেন ও পৌরাণিক লীলামূলক যাত্রা-থিয়েটার উপভোগ করিতেন। হিন্দুর সহিত বৌদ্ধের এবং মুসলমানের সহিত হিন্দুর সংখাত ভারতীয় রাষ্ট্র-ইতিহাসের কয়েকটি বিশেষ বিশেষ পর্যায় মাত্র। পরবর্ত্তী সমন্বয়ের ইতিহাসই ভারতের প্রাকৃত জাতীয় ও সাংস্কৃতিক ইতিহাস। একজন কুমারিল ভট্ট, একজন গুরংজীব এবং কয়জন ধর্মান্ধ মোলা স্বতঃকুর্ত্ত সমন্বয়ের গতিরোধ করিতে পারেন নাই।

ভেদাতীত পরম সত্যের প্রচারকল্পে মধ্যযুগে কবীর, ভক্ত দাতু, রক্ষব প্রভৃতি মুসলমান সাধকগণ আত্মোৎসূর্ করিয়াছিলেন। অন্তাদশ শতকে সেই সভ্যে দীক্ষিত হইয়াছিলেন মহীশুরের অধীশ্বর টিপু স্থলতান। কোন কোন ইভিহাসবেতার অভিমতে সাম্প্রদায়িক বৈষম্য তদীয় কার্য্যকলাপে প্রকৃটিত হইয়াছিল। ধর্মসংক্রান্ত मान्ध्रमायिक विरवय-कन्य প্রাচ্যে এবং পাশ্চাত্ত্যে চিরকাল বর্ত্তমান ছিল, অভাপি আছে। টিপুও হয়ত তাহার প্রভাব অতিক্রম করিতে পারেন নাই। কিন্তু সঙ্কীর্ণ মনোবৃত্তি তাঁহাকে স্পর্শ করে নাই। ইংরাজ-সৈত্য শ্রীরঙ্গপত্তন অধিকার করিলে, সার উইলিয়ম কার্কপাত্রিক টিপুর লিখিত চুই সহস্রাধিক দলিল ও চিঠিপত্রের অমুলিপি সংগৃহীত করিয়া অভঃপর ইংরাজি ভাষায় অনূদিত করাইয়াছিলেন। কলিকাতা National Libraryতে সেইগুলি সংরক্ষিত আছে। অমুবাদ হইতে টিপুর মহৎ চরিত্রের, বিশেষতঃ সামাজিক কর্ত্তব্যপরায়ণতার, বিবিধ তথ্য পাওয়া যায়। শ্রীমৎশঙ্করাচার্য্য-প্রতিষ্ঠিত শৃবেরী মঠের অনুশাসনে তাঁহার নিঃস্বার্থ দানের উল্লেখ বর্ত্তমান। তিনি হিন্দুমন্দিরে পূজার উপচার নিবেদন করিতেন। তিনি रांकिमी (यूनानि-व्यायूर्त्वन) हिकिৎनाय शात्रमर्नी हिल्लन; व्याजिधर्मानिर्वितरमर সাধারণ প্রজাগণের গৃহে গৃহে গমন করিয়া রোগিগণের চিকিৎসা করিতেন; রাজভাতার হইতে ঔষধপথ্য প্রেরণ করাইতেন। হিন্দুর বিবাহ-আসরে উপস্থিত পাকিতেন: উপঢ়ৌকন পাঠাইতেন। শ্রীরম্বপত্তন যুদ্ধের কালে রাজধানী-সংলগ্ন কাবেরী নদীর তীরে, হিন্দু-পুরোহিতবর্গের নির্দ্দেশে, তিনি যজ্ঞ সম্পন্ন করাইয়াছিলেন এবং বান্ধান, পুরোহিত ও শান্ত্রবিদ্গণকে গাভী ও শীয় রাজ্যে প্রস্তুত ব্যাহ্রচিহ্নিত স্থবর্ণমুক্রা স্বহস্তে বিতরণ করিয়াছিলেন।

প্রাচীন ভারতে বিজ্ঞানের অনুশীলন

প্রাচীন ও মধ্যযুগের ভারতে বৈজ্ঞানিক অনুশীলন অজ্ঞাত ছিল না। মুসলমান-অধিকৃত ভারতেই, রাদ্রীয় পৃষ্ঠপোষকতার অভাবে, প্রাচীন দেশীয় বিজ্ঞান পদার্থ- ও রসায়ন-বিজ্ঞান) এবং জোতিববিভার প্রবর্ধনান উন্নতি ভীষণভাবে প্রভিত্ত হয়। নোহেন্-জো-দড়ো প্রাথমিক খনি ও ধাতুবিভার এবং প্রাথমিক আয়ুর্বেদের ইন্সিত প্রদান করিয়াছে। তথায় কাচের উত্তব হয়। খনন হইতে বিবেচিত হইয়াছে যে, স্থানীয় অধিবাসিগণ কাচ ব্যবহার করিতেন। ষষ্ঠ সহত্র বৎসরের প্রাচীন ভারতীয় নগর ও বাস্তানির্মাণপ্রসঙ্গ ইতিপূর্বের আলোচিত হইয়াছে। গৃহুদূত্র, রামায়ণ, মহাভারত, জাতক এবং অর্থশান্তে উল্লিখিত দেশীয় নগরীসমূহ সংক্ষিপ্তভাবে আলোচিত হইয়াছে।

নালন্দার বৈজ্ঞানিক শিকা ও গবেষণা কি ভাবে পরিচালিত হইত ভাহার আভাদ প্রদন্ত হইয়াছে। নবম শতকে জৈনাচার্য্য কুমুদেন্দু-সঙ্কলিত তালপত্রের পুঁথিতে দেশীয় পদার্থবিছ্ঞা, প্রকৃতিবিজ্ঞান, রসায়ন, প্রাণিতত্ব, জ্যোতিষ, পশুচিকিৎসা, আয়ুর্নের্দ এবং জীববিছ্ঞার উৎকর্ষের উল্লেখ পাওয়া যায়। ভাষাতত্ব এবং সঙ্গীতশান্ত্র পৃথিবীর অহ্যত্র প্রচলিত হইবার বহু পূর্বের ভারতে, ত্রিসহস্র বৎমর পূর্বের, উদ্ভূত হইয়াছিল। ভারতের বিজ্ঞানবিষয়ক গবেষণা চীনা-, ইরানী- ও আরবী-ভাষায় অনুদিত হইয়াছিল। ম্যাক্সমূলার বলেন, বহু প্রাচীনকালে হিন্দু এবং গ্রীকগণ ব্যাক্রণশাস্ত্রে উৎকর্ষলাভ করেন; কিন্তু পাণিনির রচনাপদ্ধতি গ্রীক-বৈয়াকরণের রচনাপদ্ধতির তুলনায় উন্নত ছিল। অধ্যাপক হল বলেন, "গ্রীক- ও লাটিন-ভাষা অপেক্ষাও সংস্কৃত-ভাষা পূর্ণবিয়বসম্পন্ন, অধিকতর ভাবভোতক, সৌন্দর্য্যশালী ও শব্দপ্রাচুর্য্যময়।"

Statesman-এ ছয় বৎসর পূর্বের প্রকাশিত হইয়াছিল যে, মহীশূর আন্তর্জাতিক সংস্কৃতি গবেষণা পরিষৎ ভরদ্বাজ্ঞ-সঙ্কলিত, দেবনাগরী অক্ষরে লিখিত, 'বৈমানিক শাত্র' নামক প্রাচীন পুঁথির পাণ্ডুলিপি সংগ্রহ করিয়াছেন। উহাতে 'সুন্দর, শকুন ও রুল্ধ' নামক ত্রিবিধ ব্যোম্যানের অঙ্কনচিত্র ও নির্দ্ধাণপ্রণালীসহ তাহাদের চালনাপদ্ধতি বির্ত্ত আছে। এইরূপ 'পুষ্পক রথ' এই দেশে নির্দ্ধিত হইত যাহা কোনও প্রকারে ভগ্ন অথবা অগ্নিদগ্ধ হইবার আশঙ্কা ছিল না। বিবিধ 'যন্ত্র' ও কৃত্রিম হীরকনির্দ্মাণের এবং মেঘ হইতে কৃত্রিম উপায়ে বারিবর্ধণের বৈজ্ঞানিক ব্যবন্থার পাণ্ডুলিপিও পরিষদের হস্তগত হইয়াছে। মহর্ষি দত্তাত্রেয় তদীয় শিশ্য কার্ত্রবীর্ঘার্জ্জনকে অবিনাশী, অক্ষয় একটি স্থবর্ণথিচিত বিমানপোত উপহার প্রদানপূর্ব্যক বলিয়াছিলেন যে, উহা

আকাশমার্গে সর্বত্র পরিচালিত করা যাইবে (মহাজারত, বনপর্বে, ১১৫-১৭ অধ্যায়)। 'রামায়ণ' ও 'রঘুবংশ' 'পুষ্পক রথ'-বিমানের উল্লেখ করিয়াছে। 'কুমারসস্তব'-কাব্যের ঘাদশ সর্গের তৃতীয় শ্লোক হইতে জানা যায় যে, দেবরাজ ইন্দ্র 'মেঘাত্মক' বিমানপোতে আরোহণ করিয়া হরগোরীর দর্শনমানসে কৈলাসে অবতীর্ণ হইয়াছিলেন।

১৯৫৪ সালের ২৯শে জ্লাই কলিকাতায় 'বাণিজ্যসম্বন্ধীয় পূর্ত্তবিজ্ঞান'-প্রসত্তে অমুন্তিত একটি সভার অধিবেশনে সভাপতির অভিভাষণে UNESCO সজ্বের প্রাক্তন সভাপতি এবং ভারত গভর্গমেণ্টের ভূতপূর্ব্ব বাণিজ্যসচিব স্থার এ. রামস্বামী মুদলিয়র বলিয়াছিলেন, "অফাদশ ও উনবিংশ শতকে ভারতীয় বাণিজ্যপোত সমগ্র জগতের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল। ইন্ট ইণ্ডিয়া কোম্পানী ভারতেই তাঁহাদের অর্থবিপাত নির্দ্মাণ করাইতেন। ট্রাফলগর যুদ্ধবিজ্ঞয়ে ভারতে নির্দ্মিত রণতরীসমূহ ব্যবহৃত হইয়াছিল। ভারতের সহিত প্রতিযোগিতায় লগুন এবং লিভারপুলের জাহাজনির্দ্মাণের কারখানাগুলি বন্ধ হইবার আশক্ষায় ব্রিটিশ পার্লামেণ্ট একটি বিশেষ আইন জারি করিয়াছিলেন যন্দারা ইন্ট ইণ্ডিয়া কোম্পানী ভারতে জাহাজ নির্দ্মাণ বন্ধ করিতে বাধ্য হইয়াছিলেন।"

কণাদ, কপিল, আর্যাভট্ট, বরাহমিহির ও ব্রহ্মগুপ্তের সমতুল জ্যোতির্বিদ এবং চরক, স্থান্ড ও জীবকের মত চিকিৎসক, শল্যক ও পেশীবিদ্ সমসাময়িক পাশ্চান্ত্য জগতে চুর্লভ ছিল বলিয়া কথিত আছে। স্প্রিকর্ত্তা ব্রহ্মা জৈব শারীরতত্ত্বর উপর সৌর প্রকৃতির প্রভাব হৃদয়লম করিয়া আয়ুর্বেবদ প্রণয়ন করেন (১২৭ চিত্র)। মূল বেদরূপী মহীরুহের প্রশাধার স্থায় আয়ুর্বেবদ, ধমুর্বেবদ ও স্থাপত্যবেদ উপবেদের অন্তর্গত। বৃক্ষলতা, পত্রপুষ্প, গিরিনদী প্রভৃতি প্রকৃতিস্থ প্রাণময় পদার্থ হইতেই আয়ুর্বেবদীয় উপাদানসমূহ আহরিত। ভারতে প্রকৃতির অমুকূল উপাদানে আয়ুর্বেবদীয় উষধ, পথ্য ও সাধারণ আহার্য্য প্রস্তুত হইত বলিয়া ভারতবাসিগণ স্থন্থ, সবল ও দীর্ঘজীবী হইতেন। ১৯০৫ সালে King's Institute of Preventive Medicine প্রতিষ্ঠাকালীন বক্তৃতায় মাদ্রাজের গভর্গর লর্ড অম্পথিল বলিয়াছিলেন, "থ্যসুগ্রের প্রারম্ভে গ্রীস ও রোম প্রভৃতি রাজ্যসমূহে যে চিকিৎসা-বিজ্ঞান প্রচলিত ছিল তাহার কৃতিত্ব উক্ত বিজ্ঞানের জনক ছিসাবে ভারতবর্ষের

প্রাপ্য।" "য়ুরোপ বধন অজ্ঞানভার অন্ধকারে আচ্ছন্ন ছিল রোগপ্রতিষেধক ও রোগপ্রতিকারক ভেষক্ষবিজ্ঞানে ভারতবর্ষ তথন অভিজ্ঞ ছিল।"—কর্ণেল কিং যুক্তিসহকারে এই মন্তব্যের সমর্থন করিয়াছেন। ভৈষক্ষ্যবিজ্ঞার মত বিবিধ অস্ত্রোপচারে এবং শল্য, শালাক্য ও ধাত্রীবিজ্ঞাতেও হিন্দু-চিকিৎসক্রগণ প্রসিদ্ধি অর্জ্ঞন করিয়াছিলেন।

প্রীষ্টজন্মের সহস্র বৎসর পূর্বের আয়ুর্বেরদীয় অনুশীলন সঞ্চাগ ছিল। তখন এদেশে শরীর ও স্বাস্থাবিজ্ঞান এবং চিকিৎসাবিভার প্রাথমিক অবস্থা প্রত্যক্ষীভূত হয়। "আয়ুর্বেদের সমতুল প্রকৃষ্ট চিকিৎসাবিজ্ঞান তদানীন্তন পাশ্চান্ত্য জগতে অজ্ঞাত ছিল। আয়ুর্বেৰদ আরবের মাধ্যমে ঈঞ্জিণ্ট, ইতালী, গ্রীস প্রভৃতি রাজ্যে প্রচারিত হয়।" ক্রমশ: আয়ুর্কেদীয় চিকিৎসা, ভারতীয় প্রকৃতির কল্যাণে বহুধা উন্নত হইয়া, পাশ্চাত্ত্যে প্রবল প্রভাব বিস্তার করে। এডওয়ার্ড গিল্ড মাইস্টার, ক্রিডরিচ হফমাান্, আলবেরুনি প্রভৃতি প্রসিদ্ধ বৈজ্ঞানিকগণ হিন্দুর চিকিৎসা-বিজ্ঞানের প্রাধান্ত অকুষ্ঠিতভাবে স্বীকার করিয়াছেন। অশোক জগতে সর্ববপ্রথম আরোগ্যশালা (হাসপাতাল) প্রতিষ্ঠিত করিয়াছিলেন। আলগ্জাণ্ডার এদেশে অবস্থানকালে গ্রীক-চিকিৎসকবৃন্দ সঙ্গে রাখিতেন। কিন্তু তাঁহারা যেসকল রোগের উপশম করিতে অক্ষম হইতেন হিন্দুবৈগুগণ সেসকল আরোগ্য করিতেন। আয়ুর্কেদে প্রাণিতত্ত এবং বিবিধ পশুচিকিৎসার নির্দেশ আছে যাহা তৎকালীন য়ুরোপে সম্পূর্ণরূপে অজ্ঞাত ছিল। পালযুগে বন্ধদেশীয় মহর্ষি পালকাপ্য 'হস্ত্যায়ুর্বেদ'-নামক হস্তিচিকিৎসার অপূর্ব গ্রন্থ সূত্রিত করিয়াছিলেন। মৌর্যায়ুগে কৌটিল্যের অর্থ-শাস্ত্রেও 'হল্পিপ্রচার'-অধ্যায়ে হল্পিচিকিৎসার বাবন্থা নির্ণীত হইয়াছিল। বিজ্ঞানাচার্য্য প্রফুল্লচন্দ্র রায়ের 'হিন্দু রসায়নের ইতিহাস'-গ্রন্থে দেশীয় চিকিৎসা ও রসায়নবিজ্ঞান বিশদভাবে আলোচিত হইয়াছে। বরাহমিহির এবং উদয়ন উন্তিদবিভায় ও উন্তিদের রোগচিকিৎসায় পারদর্শী ছিলেন। দর্শনাচার্য্য ব্রক্তেম্রনাথ শীল লিখিয়াছেন যে, প্রাচীন গ্রীক-দার্শনিক প্লেটোর চিন্তাপ্রণালীর তুলনায় প্রাচীনতর যুগের ভারতের দার্শনিক চিন্তাধারা সুস্পট ও শ্রেষ্ঠ ছিল। হিন্দুই পাটীগণিতশাক্তে 'শৃশু' সংখ্যার এবং দশমিক গণনার উদ্ভাবন করিয়াছিলেন। পাশ্চান্ত্য জাতিসমূহ ভারত হইতেই

বীজগণিত ও জ্যামিতি শিক্ষা করেন। সম্প্রতি পুরীধামের গোবর্ধন মঠাচার্য্য জগদ্গুরু শ্রীশঙ্করাচার্য্য ভারতীক্ষতীর্থ, পি-এইচ.ডি. কলিকাতার প্রকাশ্য সভায় 'বৈদিক যুগে গণিতবিছা'-প্রসচ্বে গবেষণামূলক অমূল্য বক্তৃতা প্রদানকালে বলিয়াছেন, বৈদিক বোড়শস্ত্র-শাল্রধারা কলিত জ্যোতিষ, গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়নসম্বন্ধীয় বাবতীয় অমুসন্ধান ও সন্দেহগুলি মীমাংসিত হইতে পারে; তিথিয়ে তিনি একখানি প্রন্থ প্রকাশিত করিবেন। আর্যাভট্ট ভূমগুলের আহ্নিক- এবং বার্বিক-গতির তথ্য উদ্ধাবিত করেন। উল্ক্য মহর্ষি কণাদ সর্ব্বাত্রে আগবিক (Atom) শক্তির আভাস প্রদান করিয়াছিলেন। ঋবি-মহর্ষিগণ ধ্যানযোগে নক্ষত্রমণ্ডলে মানবের অবন্থিতি প্রণিধান করিতেন। পাশ্চান্ত্য বৈজ্ঞানিকসঙ্গ সম্প্রতি মঙ্গল-ও চন্দ্র-গ্রহে মানবের বসতিসম্বন্ধে নিঃসংশয় হইয়া তাহাদের সহিত সংযোগন্থাপনে প্রয়াস করিতেছেন। শুক্রগ্রন্থেও জ্বীবের অবস্থান অমুমান করিয়া বৈজ্ঞানিক অমুসন্ধান পরিচালিত হইতেছে। অর্থশান্তে উল্লিখিত আছে যে, খ্বঃ প্রঃ ভারতে, অপোকের রাজ্যশাসনকালে, ভাক-হরকরার মাধ্যমে পত্র পাঠাইবার ব্যবস্থা ছিল।

বস্তুতাত্ত্রিকতার কবলে বর্তুমান ভারত

বস্তুতান্ত্রিক-যান্ত্রিক সভ্যতা ভারতীয় সনাতন সংস্কৃতি ও সমাজকে ক্রমশং
দুর্নবল করিয়া নির্দুল করিবার প্রয়াস করিতেছে। প্রগতিপরায়ণ প্রতীচ্যের সহিত
ভারতবর্ষের আন্তর্জাতিক সন্তাব রক্ষা করিতে হইলে ভারতীয় কর্মজীবনের আধুনিক
বিজ্ঞানসমত বিকাশের প্রয়োজন সত্য। আচার- ও বিচার-ক্ষেত্রে বর্তমান ভারতের
চিন্তা- ও কর্ম্ম-ধারার পরিবর্ত্তন হইয়াছেও প্রচুর। কিন্তু জাতীয় সমাজ ও আদর্শে,
শিক্ষা ও শিল্পে, নিছক বস্তুতান্ত্রিকভার-একাধিপত্য ভারতের বৈদান্তিক সাধনাসভূত
ধর্ম্মর কর্মজীবনের স্বতঃস্কূর্ত্ত বিকাশের অমুকূল নহে। পরাধীনতা-শৃত্যলমুক্ত
ভারতবাসিগণ 'য়ুরো-আমেরিকান' জীবনযাত্রার সর্ব্রাজীণ অমুকরণ সর্ব্বতোভাবে
বর্জন করুন; নচেৎ অদূর ভবিয়তে জাপানের মত দুর্গতির অকুল পাধারে তাঁহাদের
নিমজ্জিত হইতে হইবে। দেশীয় প্রকৃতির অমুকূল পরিবেশে, জাতীয় সংস্কৃতিপ্রণোদিত স্বদেশী বাসভবনে, ভারতীয় জীবন বিক্লিত হওয়া বাঞ্চনীয়; তাহার অন্তর্গ


হইলে ভারতের পরিণাম হইবে অশুভ। দেশীয় প্রকৃতি ও জাতীয় সংস্কৃতিসম্মত বাসভূমি-, পল্লী- ও নগরী-বিস্থাসের উপরেই জাতীয় জীবনের মঙ্গল নির্ভর করে।

শ্রেষ্ঠিগণ প্রভূত অর্থবায়ে, অন্তুত অসমঞ্জস স্থাপত্যে, সৌধমন্দির ও উন্থান নির্মাণ করিতেছেন। তদারা জাতীয় আদর্শ তথা আভিজ্ঞাত্য কল্বিত হইডেছে। ভারতীয় ধরণের বিশিষ্ট উন্থান একদা বিশের প্রশংসা অর্জ্জন করিয়াছিল। মধ্যমুগীয় রাজস্থানে আভিজ্ঞাত্যগরিমাদীপ্ত নয়নাভিরাম উন্থানরচনার ধারাবাছিক পদ্ধতি বহুলপরিমাণে সংরক্ষিত হইয়াছিল। মুখল আসিয়া তৎসহ পারস্থ ও মধ্য এশিয়ার শ্রেষ্ঠ উপাদানসমূহ স্থসকতভাবে মিশ্রিত করিলেন। স্থসমঞ্জস মিশ্রণের ফলে মুখল-ভারতের অপূর্বশোভন বিলাসোভানের স্থায়। সেইরূপ উন্থানের মনোহর নিদর্শন মধ্যমুগীয় উত্তর ও মধ্যভারতীয় এবং রাজস্থানীয় কয়েকটি সহরে ও দাক্ষিণাত্যের স্থানে স্থানে অন্থাপি পরিদৃষ্ট হয়। উদয়পুরের 'সজ্জনবিলাস' কুঞ্জকানন, যোধপুরের রাইকাবাগের অন্তর্ববর্তী 'বশোবস্ত' উন্থান, বিকানীরের 'গজনির বাগ', পাতিয়ালার 'মতিবাগ' এবং বারাণসীর 'রামনগর' রাজোন্থান তাহাদের অন্তর্গত। তাজমহলের প্রসারিত উন্থান, কাশ্মীরের নূরজাহান-রচিত 'শালিমর বাগ' ও শাহ্জাহান-রচিত 'নিশাত বাগ' হিন্দু-মুঘল বিলাসকাননের শ্রেষ্ঠ উদাহরণ (১২৮ চিত্র)। অন্টাদশ শতকে ভরতপুরাধিপতি সূর্যমল-বিরচিত 'ডিগ' প্রাসাদোন্থান প্রকৃতির লীলানিকেতন। উহা প্রধানতঃ শুক্রনাচার্য্য-নির্দ্ধেণিত উন্থানরচনার অনুসরণ করিয়াছিল।


হিন্দুছানের উত্থানশোভন চারুশিলাগৃহ, যন্ত্রধারাগৃহ, প্রেক্ষাগার, নাট্য ও নৃত্যমগুপ, চক্রশালা, সাগরগৃহ, মণিশিলাপট্ট, ক্ষটিক-সোপানবেপ্তিত কৃত্রিম ক্ষটিক-সরোবর, মানমন্দির, তমালবীথিকা, বকুলবীথিকা, জ্বাবিতান, লতাকুঞ্জ, বেণুকুঞ্জ, মাধবীকুঞ্জ, বসস্তমঞ্চ, পারাবত-রব-মুখরিত উত্থান-বাটিকার বলভী, জ্বপিচ প্রাসাদহর্ম্মের শুক্কপণাত-সেবিত আলিসার তলে তুষারধবল বিটক্কগুলি—তাহাদের প্রাচীন অভিধার মোহমাধুরিমাসহ এক্ষণে সংক্ষৃত সাহিত্যেই অধিষ্ঠিত আছে। মধ্যযুগীয় 'মতিবাগিচা'র কমল-উৎস, 'মতিমহল', 'বারাদরী', 'আঙ্গুরী বাগ', 'যশমিন বাগ', 'আসমান চবুত্রা', 'রাওটি', 'সজ্জনবিলাস মগুপ', 'বারিযন্ত্র', 'ঘটিকাযন্ত্র', 'মর্ম্মরবেদী', 'দোলমঞ্চ', স্থ্রশস্ত রাজপথাচ্ছাদনকারী 'সূর্যতোরণ'—প্রাচীন প্রমোদকাননেরই

অন্তর্গত কেবলমাত্র ভিন্ন নামে, পরস্তু অভিন্ন আকারে, একণত বংসর পূর্বেও ভোতীর উপবনে বিরাজ করিত। ইতালীয় ও করাসী উভালের অপুকরণে ভারতের অধুনাতন ধনিক সম্প্রদার ভারতীয় প্রকৃতির প্রাণপ্রিয় উভালরচনার বিশিষ্ট বিশিষ্ট পদ্ধতিসমূহ ক্রমে ক্রমে পরিভাগে করিতেহেন। বর্তমান প্রমাদোভানে 'প্লান্টারের ভেনস্' প্রতিমা, জ্তাপায়ে-'ব্রেসলেট'-হাতে উভ্ডীয়মানা 'সিমেন্টের' পরী, 'লোহের রেলিং', 'লোহের বেঞ্চ', 'ল্যাম্প পোন্ট', লগুনের ভিক্টোরিয়া গার্ডেনের ফোয়ারার অকুকৃতি 'ঢালাই লোহার' কৃত্রিম 'ফোয়ারা' প্রভৃতি বিচিত্র বস্তুর বিসদৃশ সমাবেশ। অথচ উদয়পুর, লাহোর, বিকানীর, রামনগর ও বিজয়নগরের প্রসারিত রাজোভানে প্রাচীনপন্থী সিশ্বশীতল ভরুবীধিকা, পুম্পোজ্বল কৃঞ্জকানন, মরালমেবিত কমল সরোবর, মনোহারী ক্রীড়াশৈল অভাবিধি দৃশ্যমান।


অব্বৃদ (আরাবলী) শিখরে অবস্থিত উদয়পুর মহানগরীর সূর্য্যবংশীয় মেবারপতি মহারাণার 'কিরনিয়া' (মহারাণাবংশের আভিজাত্যের প্রতীক সূর্য্যকিরণচ্ছটা) বিকীর্য্যমাণ সূর্য্যদেবখচিত, কিরীট-কলস-ইন্দ্রকোষালক্কত, সূর্য্যরথসদৃশ প্রস্তরময় মহাপ্রাসাদে অপিচ প্রাসাদনিহিত অতুলনীয় চিত্রশালায় ভারতীয় স্থাপত্যের ও ভারতীয় চিত্রসম্ভারের বিরাট গাস্তীর্য্য, মহান্ সৌন্দর্য্য, শতাব্দীর পর শতাব্দী ধরিয়া আমান বহিয়াছে (১২৯ চিত্র)। ত্রিপুরাধিপতির 'উজ্জয়ন্ত' প্রাসাদের 'করিছিয়ন'-স্তম্বশৈভিত 'দরবার হলে', 'ইতালীয়ন' কাচের বর্ত্তিকাধারে, 'ভিনিসিয়ন মার্কেলের হেলেন' প্রতিমা ও ফরাসী তৈলচিত্রশোভিত 'ডুয়িং রুমে' মেবার প্রাসাদের অনুপম শিল্পত্রী আদে। অনুভূত হয় না। আরাবলা (আবু) গিরিশিরে বিরাজমান মর্ম্মর দিলবারার হঠাম মুখমগুপে, প্রক্ষুটিভ পল্লের অমুকৃতি খেত প্রস্তরের চক্রাতপনিম্নে, व्यथेवा शाहेत्कांबाएकत 'लक्कीविलांज' (वृत्तांषा)-श्रांजात्तव विभाग बाक्कज्ञाकत्क, পাষাণম্যী অস্বরাগণের হাক্ত-লাক্ত-ভলিমা-ভরা 'টোডি' (bracket)-সমূহ স্বর্গের স্ব্যুমা উৎসারিত করিতেছে (১৩০ চিত্র)। বিশুদ্ধ বৈদ্যাপত্যগঠিত পবিত্র দেবায়তন অপূর্বে স্থন্দর দিলবারার সহিত কলিকাতার বিকৃত-স্থাপত্য-চুষ্ট পরেশনাধ মন্দিরের তুলনামূলক বিচার করিলে সহস্র বৎসর পূর্বকালীন 'অমুন্নত' ভারতবাসীর এবং অধুনাতন 'অত্যুন্নত' ভারতায় জাতির অর্থ নৈতিক অবস্থা ও মনোবৃত্তির সম্যক পরিচর



১২৮ চিন্- শ্লেছল




২২১ চিত্র -- মহারাণ। প্রাসাদ, উদয়পুর



১৩০ চিত্র –পাধনাথ মন্দির-মণ্ডপ, আবৃপক্ত




১০১ চিত্র—মণিকণিকাগাট্, বারাণদা



১০২ চিত্র— জয়স্তম্ম, চিল্লের গড়

দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ১১০




১৩০ চিজ—জয়দগুদু, মেবার



্তঃ চিত্র—গশলীর নগরী, রাজ্**লান**

দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ১১১



১৩৫ চিত্র – কমজীর দুর্গ, রাজস্থান

ডিত্রফলক ১১১



195 कि. भारता भारता कराक्ता, वस्तान

পাওয়া যায়। তজ্ঞপ বেঞ্চল-নাগপুর রেল স্টেসন খড়গ্পুরের সাল্লিধ্যে হিজ্পলী উপনগরে অবস্থিত বিগত মহাসমরকালীন রাজনৈতিক বন্দিনিবাসের বর্ত্তমান যুগোপযোগী দেশীয় স্থাপত্যের সহিত Indian Institute of Technologyর অধুনাতন ultramodern স্থাপত্যকলার তুলনামূলক বিচারও বাঞ্চনীয়।

মধার্গে ও মুঘল-আমলে দেশীয় নগরীর সৌন্দর্যারাশি দেশী-বিদেশী সর্ববদর্শকের সোৎস্থক দৃষ্টি সমভাবে আরুফ করিত। বারাণসা, রমাবতা (গোড়), মাছরা, ত্রিচিহ্নপল্লা, পালিটানা, গিরনার, ফতেপুরসিক্রা, উদয়পুর, চিতোর, অম্বর, পুদ্ধর (অজমীর), বীকানীর, যশল্মীর, কমল্মীর (কুস্তলগড়), ভাটগাঁও (নেপাল) প্রভৃতি তৎকালীন নগরীর নিদর্শন (১৩১-৩৬, ৬৩ ও ৫২ চিত্র)। সেই সকল নগরের আধুনিক মহল্লায় অথবা কলিকাতা, বোদ্বাই, কানপুর, জামশেদপুর প্রভৃতি শহরের শাসরোধা পরিবেশে ঐশ্ব্য-শিল্প-সমৃদ্ধ অতীত ভারতের স্থ্যাস্থিদ্ধ সৌন্দর্যাগরিমা অনুভৃত হয় না। মধ্যমুগের এবং বিংশ শতান্দার উজ্জ্বিনীর নগরীয় স্থাপত্য পরীক্ষা করিলে বর্তমান বিবৃতির সত্যাসত্য নির্ণীত হইবে।

প্রশাস্ত পরিখা, বিশাল 'নিতম্ব'-প্রাকার ও উন্নত তোরণ-পরিবেষ্টিতা স্থন্দরী উজ্জ্বিনীর—নির্বাপিত তৈলপ্রদীপের কৃষ্ণকালিমালিপ্ত 'কুম্বপঞ্জর' কুলম্বিসমন্বিত, সিন্দ্র-রঞ্জিত, সিংহ্বারের পশ্চাবর্তী প্রস্তরময় সৌধ্মালাশোভিত শ্রেষ্ঠিমহল্লায় রেশমী উষ্ণীয়ধারী তামূল ও গন্ধতৈল বিক্রেতাগণের সারি সারি মনোহারী বিপণীশ্রেণী এবং কল্পনামূলক 'মৃচ্ছ্কটিকের' কাল্লনিক নায়কনায়িকা 'চারুদত্ত ও বসন্তর্সেনা'-ব্যবহৃত, স্থধাংশু-কিরণধৌত, প্রাসাদকিরাটিনী পল্লীসংলগ্ন, সর্পিলসন্ধীর্ণ পাষাণপথে আলোহায়ার লুকোচুরি-খেলা এবং উদাস অপরাত্তে 'মহাকাল'-মন্দির প্রাক্ত্মণে দীপস্তম্ভ-সন্নিহিত, অর্দ্ধশায়িত, অলক্ষারভ্যতি, উন্দাচিত্রিত ব্যবরের শ্রমবিমুথ অলসনেত্রে উন্মন রোমন্থন বিনি কল্পনা করিতে পারেন—ভারতীয় নগরের, ভারত স্থাপত্যের ভারত সভ্যতার ও হিন্দু-আভিন্ধাত্যের সত্তা ও আত্মা কোথায় নিহিত আছে তাহা অনুমান করা তাঁহার সাধ্যাতীত নহে।

বর্ত্তমান ভারতবাসিগণের অনেকেই ধর্ম্ম, কর্ম্ম ও জাতীয় আদর্শমূলক প্রায় সর্ববিষয়েই সর্ববতোভাবে পাশ্চান্ত্যের অনুরাগী। পাশ্চান্ত্য সাহিত্য, পাশ্চান্ত্য

সমাজনীতি ও পাশ্চাত্তা স্থাপত্যকলা হইতে হিতকর বছ অংশ বর্জন করিয়া অহিতকর উপাদানসমূহ গ্রহণ এবং প্রতীচ্য আচারামুষ্ঠানের সর্ব্বাঙ্গীণ অমুসরণ করিভেছেন তাঁহারা নির্বিচারে। তাহার ফলে ভারতের আপন আদর্শ, আপন জীবন, ভারতীয় প্রকৃতির বিরুদ্ধ পথে চলিয়াছে। এতাদৃশ অন্ধানুসরণের পরিণাম হইবে ভয়ক্ষর। পোর্ত্তুগীজ-কবলিত প্রাচীন আমেরিকার 'রেড ইণ্ডিয়ান' সংস্কৃতির স্থায় প্রতীচ্য-প্রভাবিত ভারত সভ্যতার ঐতিহ্য চিরতরে অবলুপ্ত হইবে। জাপানের শোচনীয় দৃষ্টান্ত হইতে ভারতবর্ষ শিক্ষালাভ করিতে পারিবে। রবীন্দ্রনাথ জাপান হইতে স্বদেশে আসিয়া প্রতীচ্যের যান্ত্রিক সভ্যতা ও শোষণশীল সাম্রাজ্ঞ্যবাদ-নীতির অনুকরণমত্ত জাপানীগণের ভয়াবহ ভবিশ্বৎপ্রসঙ্গে যে বিবৃতি প্রকাশিত করিয়াছিলেন তাহা অভাস্ত বলিয়া প্রতিপন্ন হইয়াছে। যান্ত্রিক, বস্তুতান্ত্রিক সভ্যতার করাল কবল হইতে আধ্যাত্মিক-আন্তর্জাতিক অবদানকৈ রক্ষা করিবার কামনায় মহামতি বিচারপতি আশুতোষ মুখোপাধ্যায় কলিকাতা বিশ্ববিভালয়ে 'পোস্ট-গ্রাজুয়েট' শিক্ষার প্রবর্ত্তন করেন। প্রাচ্য ও প্রতীচ্যের অধ্যাত্মদর্শন এবং ব্যবহারিক বিজ্ঞানের সমন্বয়ে ভারতবর্ষে কার্য্যকরী (অর্থকরী) শিক্ষাসহ স্বদেশী সংস্কৃতির ঘণোপযোগী অনুশীলন তথা যুগোপযোগী বিকাশ করা তাঁহার কাম্য ছিল। ভারতের কয়েকটি বিশ্ববিভালয় তাঁহার সাধু দৃষ্টান্তের অনুসরণ করিলেন। কিন্তু তৎসত্ত্বেও ব্রিটিশ-প্রবর্ত্তিত, দেশীয় সংস্কৃতির প্রতিকৃল শিক্ষাকেন্দ্রগুলি জাতীয় সভ্যতাকে ধ্বংসের পথে আনয়ন করিয়াছে। সভ্যন্ত্রফী মহাত্মা গান্ধী যান্ত্রিক ও বস্তুতান্ত্রিক সভ্যতামূলক পাশ্চান্ত্য শিক্ষার সর্ব্যথা অনুসরণ কদাপি অনুমোদন করেন নাই। ভারত স্বাধীন হইলে 'রাধাকৃষ্ণণ কমিশন'-এর সেক্রেটারি, কলিকাতা বিশ্ববিত্যালয়ের বর্তমান উপাচার্য্য ঐনিশ্বলকুমার সিদ্ধাস্ত ভারতের অমুকূল শিক্ষাগঠনে ভারতীয় শিক্ষাবিভাগের কর্ত্তব্য জ্ঞাপন করিয়াছিলেন। কিন্তু তাহা নিজল হইল।

বহু প্রাচীনকাল হইতেই ভারতীয় নগরবিত্যাস এবং স্থাপত্যরতনা রাজ্বনীতি ও অর্থনীতির মাধ্যমে নিয়ন্ত্রিত হইতেছে। রাজনীতি-বিশারদ কোটিল্য-প্রণীত 'অর্থশান্ত্র' অনুসরণ করিয়া প্রাচীন নগরনির্মাণ, বাস্তবিত্যা এবং শিল্পশান্ত্র রচিত হইয়াছিল। বৃহস্পতি, অগস্ত্যা, শুক্রে, বিশালাক্য প্রভৃতি পূর্ববতন বাস্তবিত্যার ধর্মপ্রাণ গ্রন্থকারগণ

অর্থনীতিশাস্ত্রেও স্থপণ্ডিত ছিলেন। শেষনাগ, হয়নাগ, নগাজিৎ প্রভৃতি রাজনীতিপরায়ণ রাজ্যাধিপতিগণ স্থাপত্য-পরিকল্পনায় তথা প্রাসাদসৌধ-নির্ম্মাণে নির্দেশ প্রদান
করিতেন। রাজনৈতিক পরিস্থিতির অমুক্রমে স্থাপত্যশিল্প ও নগর-রচনা পদ্ধতি
উন্নত ও বিকশিত অথবা অবনত হইত। প্রিয়দশী অশোক, বিক্রমাদিতা চন্দ্রগুপ্ত,
হর্ষবর্দ্ধন শিলাদিত্য, মহামতি শের শাহ, উদারচেতা আকবর এবং ধর্ম্মান্ধ ওরস্কজেবের
শাসনকালে দেশীয় স্থাপত্য, সংস্কৃতি, সমাজনীতি ও নগরনির্ম্মাণরীতি তত্তৎকালীন
রাষ্ট্রনীতি ও অর্থনীতির অমুকূল অথবা প্রতিকৃল পরিস্থিতির অমুক্রমে প্রভাবিত
হইয়াছিল। ব্রিটিশ-শাসনকালে দেশীয় স্থাপত্য, সংস্কৃতি এবং আর্থিক অবস্থা ধ্বংসপথে
পরিচালিত হইয়াছিল।


হিন্দু ও মুসলমান নরপতিগণের কেহ কেহ কোনও রাজ্য অধিকার করিবার পরে বিজিত রাজধানীর অদুরে তাঁহাদের অধিকতর আড়ম্বরপূর্ণ নূতন নূতন রাজধানী স্থাপন করিতেন। শিল্পশিস্ত্রের নির্দেশমত—সামাজ্ঞিক ও অর্থনৈতিক চাহিদাসক্ত—রাজধানীগুলি বিরচিত হইত। তদ্ধারা বাস্ত্রবিস্তাস ও স্থাপত্যশৈলীর নব নব বিকাশ ঘটিত। শিল্পসজ্ঞের স্বতঃস্কৃত্ত পরিপুষ্টি সাধিত হইত। পাটলিপুত্র, ইন্দ্রপ্রস্থ, তক্ষশিলা, উজ্জয়িনী, গোঁড় এবং মধ্যমুগীয় রাজস্থানে ও দাক্ষিণাত্যে বহুসংখ্যক নব নব রাজধানী প্রতিষ্ঠিত হইয়াছিল এবং শিল্পকলার অভিনব সংস্করণ হইয়াছিল, রাজ্যের শাসনভার হস্তান্তরের পরে। বিশ্ববিশ্রুত বিষ্ণুসূর্য্য মন্দির (আক্করভাট) সান্ধিধা কম্বোজের প্রাচীন রাজধানী আক্করথম (নগরধাম) প্রাচীন ভারতীয় হিন্দুরাজধানীর সহিত উপনেয়। শাস্ত্রসন্মত হিন্দুরাজধানী-বিস্তাসের বিধানামুসারে নরপতি ইন্দ্রবর্মণ উহা পরিকল্লিত এবং নির্ম্মিত করাইয়াছিলেন। বিশ্ববিস্তালয়কর্তৃক এত্রিষয়ে বিধিমত গ্রেষণা বাঞ্জনীয়।

মেবারপতি উদয়সিংহ আরাবল্লী (অর্ব্যুদ্) শিখরে নববিকশিত রাজপুত-শ্বাপত্যশোভিত রাজধানী উদয়পুর প্রতিষ্ঠিত করেন তৎকালীন রাষ্ট্রিক, সামাজিক ও অর্থ নৈতিক পরিস্থিতির অন্মুকুল। কৃষ্ণপ্রাণা মেবারমহিষী মীরার প্রেমনিষ্ঠার অমৃত-সিঞ্চন তৎপ্রতিষ্ঠিত দেবায়তনসমূহের স্থাপত্যশৈলী অপরূপ ছন্দোলাবণ্যে রূপায়িত, মহিমান্থিত করিয়াছিল। মুস্লিমযুগে উত্তরভারতীয় হিন্দু-পাঠান এবং হিন্দু-মুঘল স্থাপত্যকলা মুসলমান ধর্মামুশাসনের বিরোধী মূর্ত্তি ও জীবজন্তর ভাস্কর্য্য ও 'জালি' শিল্পকে পরিবর্জ্জন করিতে বাধ্য হয়। কিন্তু তৎসত্ত্বেও, ভারতের ধর্ম ও মনীযা, পরম্পরীণ নগরনির্মাণ ও সমাজ্ঞবিজ্ঞানের প্রেরণা, ভারতের গ্রামীয় এবং নগরীয় স্থাপত্যে অব্যাহত রহিল। হিন্দু- ও মুসলমান-সংস্কৃতির শ্রেষ্ঠ অবদানসমূহের সমন্বয়ে মুখল-সম্রাট্ আকবর ভারতীয় স্থাপত্যবিকাশের বিশিষ্ট ধারা উদ্ভাবিত করেন। তাঁহার নব-রাজ্ঞধানী ফতেপুরসিক্রীর হিন্দু-মুঘল স্থাপত্যশৈলী তাঁহারই স্বষ্ট। আগ্রা তুর্গের যোধাবাঈ মহল এবং ফতেপুরসিক্রীর মরিয়ম বিবির ও তুর্কী-স্থলতানার মহল তুইটি, তাঁহার নির্দেশমত, হিন্দুরীতির অনুযায়ী— মুসলমান ধর্মানুশাসনের বিরোধী—পশুপক্ষী ও মানবমানবীর ভাস্কর্য্যে এবং আরণ্য প্রকৃতির চিত্রে বিভূষিত করা হইয়াছিল।

হিন্দুখাপত্যের সহিত বাঈজান্তাইন স্থাপত্যকলামুপ্রাণিত আরবীয় স্থাপত্যের এবং পারস্থের স্থাপত্যের মিশ্রণে হিন্দু-মুঘল স্থাপত্যের উদ্ভব। সম্রাট্ শাহ্জাহান আকবর-উদ্ভাবিত মুঘল-ভারতীয় স্থাপত্যকে অধিকতর অলক্ষত ও স্থাপন্ট করিয়া দিল্লীর প্রাসাদ এবং আগ্রার তাজমহল রচিত করেন। সম্রাট্ শেরশাহ্, আকবরের পূর্বের, ভারতীয় স্থাপত্যের স্থান্দর সংস্করণ করিয়াছিলেন। দিল্লীতে এবং সাসারামে, হিন্দু-পাঠান স্থাপত্যে গঠিত তাঁহার একটি রমণীয় মস্তিদ এবং নয়নশোভন একটি সমাধিভবন বিভ্যমান আছে (১৩৭ চিত্র)।

প্রাচ্য ও পাশ্চান্তা দর্শনের মুলগত একা

বহুধা উন্নত প্রতীচ্যের অধুনাতন ব্যবহারিক বিজ্ঞান আধুনিক জীবন্যাত্রার পক্ষে কার্য্যকরী হইয়া বিবিধ প্রকারে মানবের সমাজসংগঠনী ও জীবনসংরক্ষণী শক্তি বর্দ্ধিত করিতেছে সত্য। বৈজ্ঞানিক গবেষণার ইদানীস্তন প্রতিষ্ঠানসমূহ পরাপ্রকৃতির ও সৌরজগতের পরস্পর সম্বন্ধ ও তাহাদের শক্তির অনাবিষ্কৃত রহস্থ ও তথ্যগুলি উদ্যাটিত করিতেছেন। প্রকৃতির ভাগুার হইতে অণু, প্রমাণু ও তেজ বিকীরিত ও বিশ্লেষিত করিয়া এবং বায়বীয়, বাষ্পীয়, কিতিজ, খনিজ, জলজ ও উদ্ভিজ্জ উপাদানগুলি সংগৃহীত করিয়া, তাহাদের সাহায্যে অথবা মিশ্রণে, অশেষ প্রকার ব্যবহারিক



১২৭ চিত্র-শোলনারের সমাধি-মস্কারণ, বিশ্বর

দেবায়তন ও ভারত সভ্যত চিত্রফলক ১১৪



১০৮ চিজে— বাজা রামমোইন রায়

রসায়ন উৎপাদিত করিতেছেন। বিশ্বের হিতে তাঁহাদের অবদান অসামান্য। কিন্তু তথাকথিত অত্যানত পাশ্চান্ত্য সভ্যতা, জাতিবর্ণনির্বিশেষে সর্বমানবের পক্ষপাতহীন কল্যাণের জন্ম, বৈজ্ঞানিক বিপুল শক্তির সর্বতোভাবে সন্ত্যবহার করিবার অমুকূল মনোরতি অর্জ্জনের উদ্দেশে সার্বজনীন শিক্ষার ব্যবস্থা করিয়াছেন কি ? সংহার-রাক্ষপীর সেবায় তাহার অপপ্রয়োগেই বরঞ্চ আধুনিক বিজ্ঞান বহুধা নিয়োজিত নয় কি ? UNESCO সেইরূপ উদার শিক্ষাদানের এবং শিক্ষাগ্রহণের অমুকূল মনোর্তিলাভের জন্ম দেশে দেশে আনুর্জাতিক মহা-ধর্ম্মশিক্ষা প্রতিষ্ঠানের আয়োজন করিবার বিবেচনা করুন। তজ্জ্ম বশিষ্ঠ, যাজ্ঞবন্ধা, লাওৎজে, জৈনস্থরি হেমচন্দ্র, রামমোহন, বিবেকানন্দ, রবীন্দ্রনাথ, গান্ধা, শ্রীঅরবিন্দ, আশুতোষ, ইকবাল, ওয়াল্ট্ হুইটম্যান এবং বার্নার্ড শ'র মতন দীক্ষাগুরুর স্থি করিতে হইবে (১০৮ চিত্র)।

অধ্যাত্মদর্শানুশীলনরত অতীত ভারতের গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গী বিংশ শতান্দীর বস্তুতান্ত্রিক বৈজ্ঞানিক- ও অর্থনীতিনিদ্-কর্তৃক উপেক্ষিত ও নিন্দিত হইয়াছে। অপচ প্রাচীন ভারতের সমদর্শী সায়নীতি, উদার ধর্মাদর্শন ও অতীন্ত্রিয় যোগসাধনই যে বর্তুমান যুধ্যমান রাষ্ট্রনীতির আমূল সংকার সাধন করিয়া বিশ্বব্যাপী অহিংস সমাজের প্রবর্তুন, নিয়ন্ত্রণ ও পোষণ করিতে পারিবে, উইনটারনীজ, সোপেনহাওর, ম্যাক্সমূলার, পার্ল বাক, শ্রীমতী এলিনর ক্রজভেত্ট প্রভৃতি মনীযিগণ এইরূপ অভিমত প্রকাশ করিয়াছেন। আণ্নিক বোমার নির্দ্মম এই যুগে প্রাচ্য ও পাশ্চান্তোর শ্রেষ্ঠ দর্শন, মনোবিজ্ঞান, লোকসাহিত্য ও স্কুক্মার শিল্পশান্ত্র শিক্ষার ব্যাপক ব্যবস্থা প্রয়োজনীয়। গীতার অভয়বাণী ও গীতাঞ্জলার স্থনীতিলহরা বিক্ল্বর, বিভাক্ত, বিচ্ছিন্ন মানবগোষ্ঠীকে আশান্থিত ও সভ্যবদ্ধ করিবে। বিশ্বে স্কৃতির শান্তি এবং সর্বজনহিত্তকর সার্বজনীন মহাসমাজের প্রতিষ্ঠা সম্ভব হইবে তথন—যথন বিশ্বমানবের প্রতি ধর্ম্ম ও প্রতি রাষ্ট্র-সম্প্রদায়ের প্রতি আদর্শ, জ্ঞান ও কর্ম্ম, সত্য-সাম্য-করুণা-মৈত্রীর অনুসরণ করিবে। ধর্মেশ্বত তর্ম নিহিতং গুহায়াম্ মহাজনো যেন গতঃ স পন্থাঃ।"

প্রাচ্য ও প্রতাচ্যের প্রতি ধর্মপীঠে, প্রত্যেক সংস্কৃতিকেন্দ্রে, বেদের পরম বাণী ঘোষিত হউক যে, "একই পরমেশ্বরের মন্দিরসোধে সর্ববসম্প্রদায়ের জভ সহস্র-দ্বার উন্মুক্ত আছে।" সর্ববসম্প্রদায়ের ঐক্যবিধায়ক মহামানবতার মন্দিরসোধে— মানবের আরাধ্য অন্যবিধ দেবদেবীসহ 'রেড ইণ্ডিয়ান'-উপাক্ত Tezcatlipoca (ব্রহ্মা), Tlaloc (বিফু), Huitzlipochtli (শিব), Cibuacoatl (শক্তি), Qultzalcoatl (পবন), Kulkulkan (বরুণ), Chicomecohuatl (লক্ষ্মা) এবং Tonacaichva (সরস্বতী) প্রভৃতি সকলেই একই পরমেশরের বিশেষ বিশেষ শক্তিরূপে পূজা পাইতে থাকুন। সেই সর্বপ্রিয় দেবদেউলে গ্রীক ও রোমান Apollo (সূর্য), Hestia (অগ্র), Hercules (ইন্দ্র), Venus (উষা)-সহ আসিরীয় ত্রিমূর্তি—Shamsh (সূর্য), Sin (চন্দ্র) ও Ishtar (ব্রক্ষা) এবং আসিরীয় ত্রিগুণাত্মা Baal (কিতি), Ea (অপ্) ও Anu (স্বর্গ, ব্যোম) প্রভৃতি নিজ নিজ পদ্মাসনে একত্র বিরাজ করুন। ভারতীয় দেবদেবীর মত প্রাকৃতিক মহাশক্তিনিচয়ের পৃথক্ প্রতীকরূপে বরণীয় ও বরণীয়া তাঁহারা। মধ্য আমেরিকা, গ্রীস, ইতালী এবং মেসোপটেমিয়ার স্কুমার প্রতিমা, চিত্র ও কারুশিল্পলোভিত স্কুদর স্কুদর দেবসুহসমূহে তাঁহারা অধিষ্ঠিত ও অধিষ্ঠিতা আছেন।

পৌতলিকভার বিরুদ্ধবাদিগণ হিন্দুর বিগ্রাহ (প্রতিমা) পূজার নিন্দা করেন। তাঁহারা অমুধাবন করিবেন যে, প্রাগৈতিহাসিক এবং ঐতিহাসিক যুগে যুগে প্রায় সকল ধর্ম্মেই মূর্ত্তি, চিত্র অথবা প্রতাকের মাধ্যমে একই প্রমেশ্বরের পূজা অথবা উপাসনা সমাহিত হইয়াছে। ইস্লামী ধর্মাচরণেও তদ্রপ অমুষ্ঠান বর্ত্তমান আছে। সম্রাট্ আকবর সকাল-সন্ধায় সূর্য্যোপাসনা করিতেন। শ্রোষ্ঠ ইতিহাসকার অল্ বোদায়ন তিরিষেয় উল্লেখ করিয়াছেন।

প্রতীচ্য এবং প্রাচ্য ধর্মতন্ত্রের বিবিধ চিন্তাধারা মনোদর্শনের বিবিধ প্রণালীতে প্রবাহিত হইয়াছে, নানা যুগে, নানা ভাবে। কিন্তু একই মহাসত্যকে ভিন্ন ভিন্ন দিগ্দেশ হইতে প্রণিধান করিয়াছেন ভিন্ন ভিন্ন মূনিঋষি ও ধর্মযাজকগণ, যদিও তাঁহাদের রচিত গ্রন্থসমূহে তাঁহাদের বিভিন্নমূখী দৃষ্টিভঙ্গা প্রকৃতিত হইয়াছে। সর্ক্রবিধ দার্শনিক মতবাদের মূলসূত্ররূপী সেই মহাসত্যের পরমতত্ত্বিকে পরিপূর্ণভাবে অমুধাবন এবং হৃদয়ক্ষম করিতে পারিলে প্রাচ্য তথা পাশ্চাত্য দর্শনসম্ভূত বিভিন্ন মতবাদগুলির জটিল সমস্থা বিলীন হইয়া যায় অথও অব্যয় স্থিতিত্বের শাশ্বত মহিমায়। এই সত্যই ঘোষিত হইয়াছিল—কঠোর তপস্থাপরায়ণ বৈদিক ঋষির শান্ত-শীতল আশ্রমকাননে,

"একং সদ্ বিপ্রা বছধা বদন্তি"-মহাবাকো। পরবর্তী যুগের মহাযোগী এই পরম সত্যেরই ঘোষণা করিয়াছিলেন :—

> "যং শৈবাঃ সম্পাসতে শিব ইতি ব্রন্ধেতি বেদান্তিনো বৌদ্ধা বৃদ্ধ ইতি প্রমাণপটবঃ কর্ত্তেতি নৈয়ায়িকাঃ। অর্হমিত্যথ জৈনশাসনরতাঃ কর্ম্মেতি মীমাংসকাঃ সোহয়ং বো বিদ ধাতু বাঞ্ছিতফলং তৈলোকানাথো হরিঃ।"

আধ্যাত্মিক জাবনের ঐক্যমূলক আদর্শ হইতে ভারতীয় চিন্তাধারার এবংবিধ ঐক্যভাব দৃঢ়ভাবে প্রতিপাদিত হয়। খ্রী: একাদশ শতকে জৈনাচার্য্য হেমচন্দ্র উল্লেখ করিয়াছিলেন:—

> "যত্র তত্র সময়ে যথা তথা যোহসি সোহস্থাভিধয়া যয়া তয়া। বীতরাগকলুমঃ স চেদ ভবানেক এব ভগবন্নমোহস্ত তে॥"

ক্রোধ ও বেষকে যিনি জয় করিতে সমর্থ হইয়াছেন তাঁহাকেই আদর্শচরিত্র বলিয়া স্বাকার করিয়াছেন ভারতের দার্শনিকগণ। চরিত্রের দৃঢ়তা-দারা নৈয়ায়িক মনীনিগণের বিচার ও মুক্তির সাতন্ত্র নিরূপিত হইয়াছে। ভারতের প্রতি ধর্ম্মতত্ত্বর সমাক্রপে বিচার করিবার প্রাকালে বিচারককে উপলব্ধি করিতে হইবে যে, প্রতি সৎ ধর্মের ধ্রুব লক্ষ্য—সকল মানবকে মহামিলনের মহাতার্থে একপ্রাণ, একমন, একাল্যা করা বিশ্ববাসী সর্বক্রীবের চিরন্থায়ী ইউকামনায়।

বাক্ষাণ্য ভারতে বশিষ্ঠের বিছা ও বুদ্ধি, বিশ্বামিত্রের বাছবল ও রাজনীতি এবং বাল্মীকির কোমল অন্তরের সফুরস্ত অমুকম্পা একত্র নিয়োজিত হইয়ছিল, বিশ্বের কল্যাণকামনায়, বিরোধবিক্ষুক্ধ নরসমাজে সাম্য-মৈত্রী-প্রেমতন্ত্র প্রবর্তন করিবার জ্বন্ত । তাহার পরিচয় 'রামায়ণ'-মহাকাব্যের কাণ্ডে কাণ্ডে দেদীপ্যমান—আদর্শ নগরপল্লী, আদর্শ মানবমানবী, আদর্শ জীবসমাজ ও শাসনপ্রণালী, আদর্শ বৈরী এবং আদর্শ গণতন্ত্র। অযোধ্যার ব্রাক্ষণ, ক্ষত্রিয়, বৈশ্ব, শৃদ্র, নিষাদ, চণ্ডাল, রাক্ষ্স ও বানরগণ সর্যুতীরে শ্রীরামচক্রের পৌরসভামগুপে সমবেত হইয়াছিলেন—করুণার সাগর বাল্মীকির আদর্শ শিশুদ্বয় কুশ-লবের বীণাবাদনসহ রামায়ণগান শ্রবণ করিতে।

নভোমগুলের বহু উদ্ধন্তরে অবস্থিত সপ্তর্ধিলোক হইতে দেবর্ধি অন্ধিরা, মরীচি, বিশিষ্ঠ প্রভৃতি জ্যোতির্মায় সপ্তর্ধিগণ এবং বিশাবত্ব প্রমুখ বীণাবাদক গন্ধর্বগণ রামায়ণ শ্রবণ করিতে সর্যৃতীরে উপনীত হইলেন। সবিত্মগুলম্থ দিব্যলোক হইতে বিনির্গত ঋভুগণ সমস্বরে সমভানে রামায়ণ কীর্ত্তন করিতে করিতে অযোধ্যায় অবতীর্ণ হইলেন। নরনারায়ণ শ্রীরামচন্দ্র তদীয় প্রজাপুঞ্জ, বিশিষ্ঠ ও বিশ্বামিত্র প্রভৃতিসহ সেই মহান্ নৃত্যসন্ধাতে যোগদান করিলেন। আকাশ-বাতাস-ভূলোক-ত্যুলোক রামায়ণ-গানে পরিপূর্ণ হইল।

অতঃপর—নভোমগুলে "সবিত্মগুলমধ্যবন্তী সরসিজাসনসনিবিট কেয়ুরবান্ কনককুগুলধারী কিরীটীহারী হিরগায় বপুঃ…শখাচক্রধারী মুরারি এবিরাট মূর্ত্তি ধারণ করিলেন। শেশিসূর্য্যনেত্র, দাপুত্তাশবক্ত্র-শরীরপ্রভায় দিগস্তপ্রকাশী নারায়ণ পৃথিবী ও আকাশের সমস্ত মধ্যক্ষল পূর্ণ করিয়া রহিলেন। দেব-যক্ষ-রক্ষাদি সকলে, মানব ও জীবজন্তু সকলেই সেই বিরাটের মুখে প্রবেশ করিতেছে। উহার প্রতি লোমকূপে কোটি কোটি ব্রক্ষাগু নিলীন রহিয়াছে। শেদেখিয়া বাল্যীকি স্তব করিতে লাগিলেন—

> "নমঃ পুরস্তাদথ পৃষ্ঠতন্তে নমোহস্ত তে সর্বত এব সর্বাঃ। অনস্থবীর্য্যামিতবিক্রমস্তং সর্বাঃ সমাপ্নোষি ততোহসি সর্বাঃ॥"

তথন ব্রহ্মা বলিলেন, "বাল্মীকে! তুমি দেখ সকল মানুষ সমান, সব ভাই ভাই, আর সবাই এক। যাও, পৃথিবীময় এই সাম্য, ভ্রাতৃভাব ও একতা গাইয়া বেড়াও, তুমি অমর হইলে।" > 8

গুপ্ত-পালযুগে সত্যমন্দিরকেন্দ্রী হিন্দুস্থানের সাম্যমৈত্রীর মিলনতীর্থ নালন্দ্রশ সত্যনিষ্ঠ সর্বমানবকে সাদরে আবাহন করিত। ত্রাহ্মণ্য, বৌদ্ধ ও জৈন দেবায়তনের

১৪ মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী-প্রণীত 'বাল্মীকির জয়'-গ্রন্থ হইতে উদ্ধৃত। তাঁহার মহতী কল্পনায় কুলকোতে বাহাদেবের বিশ্বরূপ প্রদর্শন প্রতিফলিত হইলাছিল।

শান্তিনিক্তন এলোরা ('ইলাপুরী') সর্বক্সীবের কল্যাণকল্পে মঙ্গলময় প্রমেশ্বরের স্বস্তিবাচন প্রতিঘোষিত করিত। মালয়, কন্মুঞ্জ, চম্পা ও প্রাম্বাণমের শৈব, বৈশ্বব ও বৌদ্ধ মন্দিরের মর্ম্মবীণায় সেই শক্তিমন্ত্র প্রতিনিয়ত অমুরণিত হইত।

উদীয়মান নবাভারতের ভবিষ্যত্ত

মিসর, মেসোপটেমিয়া, বাবিলন, গ্রীস, রোম, কার্থেজ ও বাঈজান্তাইন নিজ নিজ সভ্যতাসমৃদ্ধির দীপ্তিবারা একদা সমগ্র জগৎকে আলোকিত, অভিভূত ও অনুপ্রাণিত করিয়া একে একে বিশ্বৃতির তিমিরগর্ভে বিলীন হইয়াছে। ধ্বংস, অবলুপ্ত হইয়াছে তাহাদের সাম্রাজ্যবাদিতার অন্তিহ—যেহেতু জড় বস্তুতান্ত্রিক তার প্রবল ঐশর্যের পার্থিব ভোগবিলাসের মোহমাদকতার ভঙ্গুর ভিত্তির উপরে তাহাদের তমোগুণান্বিত সভ্যতাসপ্রাত অত্যুত্জ্বল আড়ম্বরপূর্ণ বিরাট্ বস্তুতান্ত্রিক সাম্রাজ্য অধিষ্ঠিত হইয়াছিল। অথচ, তাহাদের সমসাময়িক আধ্যাত্মিক আত্মন্তনানীপ্ত, বিশাল ঐশ্বর্য্যসমৃদ্ধ ভারতবর্ষ—সত্য, সাম্য, মৈত্রী ও প্রেমের আধার দেবায়তনের ক্রোড়ে, অধ্যাত্ম ষড়দর্শনের বজ্রবেদিকার উপরে বিভাস্ত হওয়ায় অভাবধি অটুট অয়ান রহিয়াছে।

কিন্তু বেদব্যাসের হোমানল আজ নির্ব্বাণোমুখ। তাহাকে শিথায়িত, বৈদিক বিবস্থান্কে রাহুমুক্ত, বৈদান্তিক বিশ্বধর্মকে পুনর্জাগ্রত, গীতাস্রফী বাস্থদেবকে পুনঃপ্রকটিত, বুদ্ধের ধর্মচক্রকে পুনর্নিয়ন্ত্রিত এবং বিক্রমাদিত্যের গরুড়ধ্বজ্বকে পুনঃপ্রতিষ্ঠিত করিতে হইবে।

একদা ভারত প্রকৃতির প্রাণপ্রিয়, প্রাচ্গ্য-পরিপ্রিত 'সর্বতোভন্ত, স্থমকল, সন্তিক ও পদ্মিক' পর্য্যায়ের স্থসমঞ্জস-স্থান্দর-স্বতঃক্ষৃত্ত গ্রাম, নগর ও জনপদের কল্যাণময় পরিবেশের প্রশান্তিময় পারিপার্শ্বিকের শিল্পসম্ভারী আনন্দমাঝারে সভ্যাশ্রয়ী গণতন্তের অভিব্যক্তি এবং সম্প্রসারণ স্থসাধ্য হইয়াছিল। গ্রামনগরীর অন্তরন্থিত দেবায়তনে অধিষ্ঠিত মঙ্গলময় ব্রহ্মণ্যদেব অধিবাসিগণের ধর্ম্ম- ও কর্ম্ম-জীবন নিয়ন্ত্রিত করিতেন। শ্রেষ্ঠিশ্রেষ্ঠ অনাথপিণ্ডিকা, বিমলশা প্রভৃতি তত্তৎকালীন অধিবাসিগণের অন্তর্ভুক্ত ছিলেন।

বিংশ শতাব্দীর বহুধা-উন্নত ব্যবহারিক বিজ্ঞানসম্মত, পাশ্চান্ত্য-প্রবর্ত্তিত, নগর-বিত্যাদের প্রেরণায় দেশীয় সংস্কৃতিসঙ্গত স্থকুমার স্থাপতাশৈলার স্থয়নাসোন্দর্যাসিক্ত, স্থক্চিসঙ্গত, স্বদেশী প্রাম, নগর ও জনপদের সমাবেশ করিয়া উদীয়মান নব্যভারতের অত্যুন্নত কর্মজীবন ধর্ম্মপথে পরিচালিত করিতে হইবে। গ্রামে গ্রামে, নগরে নগরে মহামানবের মহান্-দেবদেউল-নিয়ন্ত্রিত বিশ্বজ্ঞনীন মহাসমাজ্যের প্রবর্ত্তন করিতে হইবে। অটল ধৈর্যাসহকারে ইহা সমাহিত করিতে পারিলে—উদীয়মান নব্যভারতে, নব-অভ্যুদ্যের অরুণকিরণোন্তাসিত, সর্বজনপ্রিয় সমাজতন্ত্রের স্কুরণ হইয়া, যুধ্যমান রাষ্ট্রশক্তিসমূহকে সাম্য-মৈত্রা-করুণামন্ত্রে অভিষিক্ত করিয়া, বেদান্তপ্রাণ হিন্দুস্থান, 'পঞ্চশীল' নীতির মাধ্যমে, বিশ্ববাপী স্থখণান্তি প্রতিষ্ঠিত করিবার প্রয়াস করিবে।

শ্রেষ্ঠ দার্শনিক বুদ্ধ, খ্রীষ্ট ও মহম্মদ তাঁহাদের মহাশক্তিসম্পন্ন ধর্ম্মসঞ্চলসমূহের উভোগে প্রেম-মৈত্রী-করুণার বীজমন্ত্রসিঞ্চনে বিশ্বমাঝে স্থ-শান্তি-শৃদ্ধলা ও নিয়মানু-বর্ত্তিতা প্রতিষ্ঠার বাসনা করিয়াছিলেন। কিন্তু তাঁহারা বিক্লুব্ধ জনগণের বিভেদ-বিরোধ বিদূরিত করিয়া নরসমাজে ব্যাপকভাবে শান্তি- ও সাম্য-নিয়ন্ত্রণে ব্যর্থকাম হইলেন।

বিগত ছুইটি মহাসমরের প্রসঞ্জে বিজ্ঞানের মাধ্যমে তুর্নীতির কবল হইতে স্থপ্তি ও সভাতাকে রক্ষা করিবার প্রয়াস বিফল হইল; নিরাহ হিরোশিমা ধ্বংস হইল এবং তুর্নীতির প্রকোপ রুদ্ধি পাইল।

বিগত তুই সহস্র বৎসর ধরিয়া বছবিধ চেফা সত্ত্বেও দর্শন ও বিজ্ঞান মানবগোষ্ঠী-সমূহের বিভেদ-বৈষম্যের উচ্ছেদ সাধন করিয়া স্থচির শান্তি, সৌহার্দ্ধ্য ও নিয়মানুবর্ত্তিতা স্থাপন করিতে অসমর্থ হইয়াছে।

তাহার প্রধান কারণ— একযোগে লক্ষ লক্ষ জনগণের পার্থিব ও অপার্থিব অভাবসমূহ দূরীকরণের বন্দোবস্ত সাধনে অবহিত না হইয়া কেবলমাত্র ধর্ম্ম-দর্শনের ও ব্যবহারিক বিজ্ঞানের প্রয়োগে জনসাধারণের নৈতিক গ্লানি অব্যোচিত এবং স্ব সম্প্রাদায়গত বিজয়াভিযানের পথে, অথবা রাষ্ট্রসংশ্লিষ্ট আধিপত্যের প্রসারের পথে, বাধাবিদ্ন অপসারিত করিতে অগ্রসর ইইয়াছিলেন বুদ্ধ ও খ্রীষ্ট, নেপোলিয়ন ও লেনিন, স্টালিন ও হিটলার প্রভৃতি ধর্মা ও কর্ম্মবীরগণ তাঁহাদের সহকর্ম্মিগণসহ। উন্নয়নের পরিবর্ত্তে বাধাবিদ্ব-উচ্ছেদনের হীনকার্যে।ই আরোপিত করিতে হইয়াছিল নেপোলিয়ন ও হিটলারের অধিকাংশ শক্তিসামর্থ্য; শান্তিস্থাপনে তাঁহাদের কূটকোশল সক্ষম হইল না এবং ছঃখদারিদ্রোর পীড়ন বৃদ্ধি পাইল। প্রাণধারণের উদরনীতি-ব্যবস্থা অটুট থাকিলে তবেই নরনারীগণ ধর্মাদর্শন ও জ্ঞানবিজ্ঞানের অমুশীলনকরতঃ আধ্যাত্মিক ও বৈষ্য়িক সম্ভোগমূলক সমীক্ষণ ও কর্মাবৃত্তির বিকাশ-সাধনে তৎপর হইতে পারেন। তাহা করিতে হইলে ধামান্ ও ধর্মপ্রাণ, শাস্ত্রবিদ্ ও বিজ্ঞান-পরায়ণ, একনিষ্ঠ ও কর্ম্মপ্রবণ, অভিনব মানব-সমাজগঠনের প্রয়োজন।

এতাদৃশ জ্ঞানবিজ্ঞানদীপ্ত, স্থনীতিপরায়ণ, গণতন্ত্রী সমাজের সংগঠন করিতে হয়ত অর্দ্ধশত বংসর অতিবাহিত হইতে পারে। আশৈশব গাঁহারা বিশিষ্ট আচার্য্যগণের সকাশে স্থনীতিপূর্ণ হায়শিক্ষাধারা নিজ নিজ পরিকল্পনাশক্তি উর্বর তথা কর্মশক্তি প্রথর এবং মনোর্ত্তি উদার করিয়াছেন, তাঁহারাই সক্তবদ্ধভাবে নব্যভারতের নবীন কর্মাক্ষেত্রে সামামৈত্রীর বীজ বপন করিতে সক্ষম হইবেন। অমুদার, আত্মগত অথবা দলগত, সার্থান্থেরী চিন্তা তাঁহাদের সংযত চিত্তে, উন্নত চরিত্রে স্থান পাইবেনা। প্রতিনিয়ত হায় ও ধর্মনীতির পরিবেন্টনে প্রবর্দ্ধমান তাঁহাদের অপেক্ষাও শক্তিমান—তাঁহাদের বংশধরগণ, সদেশে স্থ-শান্তি-সম্পদ্-সমূদ্ধ ধর্মারাজ্য প্রবর্ত্তিত করিয়া, 'অন্টশীল'-পঞ্চশীল'-প্রণোদিত অহিংসমন্ত্রের প্রভাবে প্রাচ্য-পাশ্চান্ত্যের বিবিধ চিন্তাধারাপ্রট ভিন্ন ভিন্ন আদর্শপরায়ণ, আধান্ত্রিক ও বস্তুতান্ত্রিক নীতিপ্রবন, ছিন্নবিচ্ছিন্ন সম্প্রদায়সমূহকে শিবসত্যের প্রতীক হায়দণ্ডের প্রেমসঞ্চারী প্রতাকামূলে প্রাত্তভাবে সমবেত হইতে অনুপ্রাণিত করিবেন। বৈদিক ঋষির ব্রক্ষাগুপ্রসারা ভূমার পরিকল্পনা তথনই মূর্ত্তিমন্ত হইবে; অহিংসক্রচি মহাত্মাগণের কাম্য শান্তিসমাজ তথনই প্রতিতিত হইবে (১০২ চিত্র)।

প্রাচ্থ্যপরিপূরিত গ্রামনগরের আনন্দময়া প্রকৃতিসঞ্জাত শান্তিময় পরিবেশে, মহাসতেরে দেবায়তনে অধিষ্ঠিত পরমপিতা পরমেশরের নিয়ন্তনে, ধর্ময়য় জনসভ্যের মজলময় নির্দ্ধেশে, সাম্যমৈত্রার অভেদ দর্শন ও বিশ্বপ্রেমা সমাজতন্ত্র প্রবর্তিত হওয়াই সম্ভব—মহাপ্রাণ বুদ্দ ও গ্রীষ্ট, লেনিন ও বার্ণার্ড শ, বিবেকানন্দ ও রবীক্রনাথ এবং গান্ধা ও অরবিন্দ যাহার কামনা করিতেন। সমাজের কর্ম্মনিষ্ঠ, শ্রমপরায়ণ প্রত্যেক

মানব 'অফ্টশীল'- অথবা 'পঞ্চশীল'-প্রণোদিত অহিংসমন্ত্রে দীক্ষাগ্রহণ করিয়া জ্ঞানী ও কন্মী, শান্তবিদ্ ও বিজ্ঞানবিদ্ আচার্য্যগণের সকাশে বিশ্বপ্রেমের উদারনীতি শিক্ষা করিবেন এবং তৎসহ ঐহিক স্থুখসন্তোগের পন্থাগুলির বিকাশনকল্পে প্রয়োজনমত সহযোগিতাদানে সাধারণতন্ত্রী শক্তিশীল সমাজের শান্তি ও শৃষ্থলা অটুট রাখিবেন। তাহা করিতে পারিলে দর্শন ও বিজ্ঞানের, নিবৃত্তি ও প্রবৃত্তির, সংস্কৃতি ও শিল্পের, জ্ঞান ও কর্ম্মের, মন্তিক ও বাহুর সমন্বয় সাধিত হইবে। তাহা করিলে ভবিশ্যভারতে প্রকৃত গণভন্ত্রী 'রামরাজ্য' প্রতিষ্ঠিত হইয়া সর্বাদেশের সর্বজ্ঞীবের পার্থিব অপার্থিব কল্যাণসাধন অমুপ্রাণিত করিবে। এতন্তাতীত হয়ত বিশ্বশান্তি প্রবর্তনের দিতীয় পন্থা নাই।

পঞ্চাশৎ বংসর পূর্বেও ভারতবাসিগণ জীবনধারণোপযোগী আহার্য্য- তথা শ্রমনিল্ল-উৎপাদনে স্বাবলম্বা ছিলেন। তথন ভারতবর্ষ হইতে ভারতজ্ঞাত শস্তপূর্ণ অর্থপোতসমূহ পৃথিবীর বহু বন্দরে প্রেরিত হইত। বিংশতি বৎসর পূর্বেও দেশীয় কৃষিক্ষেত্রের উৎপাদিকা-শক্তি বর্দ্ধিত করিবার জন্ম বিদেশ হইতে সার, যন্ত্রপাতি, সাজসরপ্রাম এবং কৃষিকর্ম্মে বিশেষজ্ঞ ব্যক্তিদের আমদানী করার প্রয়োজন হইত না। ভারতীয়গণ পাশ্চাত্ত্য কুহকের প্রভাবে, প্রতীচ্যের ব্যবসাস্থল্ভ প্ররোচনায়, বিদেশের যতই মুখাপেক্ষী হইতেছেন তাঁহাদের দুঃখদারিদ্রা ততাই বিবর্দ্ধিত হইতেছে।

আহার, বস্ত্র, বাসগৃহ, স্বাস্থ্যরক্ষা ও সুশিক্ষার জটিল সমস্থাগুলির সমাধান করিয়া ধীরে ধীরে প্রভুত ব্যয়সাপেক্ষ চাহিদাগুলির মীমাংসা করিবার প্রয়াস বাঞ্ছনীয়। তজ্জন্য প্রয়োজনীয় অর্থ স্বদেশেই সংগৃহীত হইতে পারে। হিসাব করিয়া চলিলে আশুপ্রয়োজনায় উদরসেবা ও শরীর-রক্ষার উপকরণগুলির স্থববেদ্ধা করিয়া অদূর-ভবিশ্যতে, বিবিধ ব্যবসাবাণিজ্যের সাহাযে, প্রচুর অর্থার্চ্জনের বহু পদ্মা উদ্থাবিত হইতে পারে—গুপ্ত ও মধ্যযুগের এবং নবাবী শাসনকালে ভারতে যাহা সম্ভাবিত হইয়াছিল। ক্রমশঃ সতুপায়ে অর্ভিত অর্থরাশি পরিপুষ্ট বৈজ্ঞানিক প্রতিষ্ঠানের উত্থাবে ভারতের ক্ষিতিজ, খনিজ, উদ্ভিজ্জ ও জলজ উপাদানসমূহ আহরিত করিয়া রসায়নাগারের এবং কলকারখানার মাধ্যমে বহুবিধ ব্যবহারিক রসায়নের ও প্রমাশস্ক্রের উৎপাদন সহজ্পাধ্য হইতে পারে। লেখকপ্রণীত এবং কলিকাতা

বিশ্ববিভালয় কর্তৃক প্রকাশিত India and New Order গ্রন্থে এতবিষয় বিশদভাবে আলোচিত হইয়াছে।

বর্ত্তমান ভারতের প্রধান সমস্থা—হিন্দু, বৌদ্ধ, জৈন, শিখ ও ব্রাহ্ম প্রভৃতি ধর্ম্মসম্প্রদায়গুলির পরোক্ষভাবে পরস্পারের প্রতি বিরোধিতা। একই সার্ব্বভৌম বৈদান্তিক ভাবধারা হইতেই যে তাঁহাদের উৎপত্তি ও অভিব্যক্তি তাঁহারা তাহা বিশ্বত হইয়াছেন। গৃহসংসার বর্জ্জনান্তর কপিলবাস্তর শাক্যসিংহ রাজগৃতে, আলার কালাম ও উদ্দকরামপুত্র নামক ত্রাক্ষাগুরুদ্বয়ের সমীপে, ধর্মাণান্ত্র শিক্ষা ও যোগাভ্যাস করিয়াছিলেন। অতঃপর বুদ্ধগয়ায় সম্বোধিলাভ করিয়া তিনি শান্তবিদ্ ত্রাহ্মণগণের মধ্য হইতেই তাঁহার প্রধান প্রধান সহকর্মী ও শিশুসমূহের প্রায় সকলকে নির্বাচিত করিয়াছিলেন। ত্রাহ্মণ শারীপুত্র তাঁহাদের মধ্যে প্রথম ও প্রধান। উরুবেলাকশ্যপ, গয়াকশ্যপ প্রভৃতি সহস্র সহস্র জটিল (বাণপ্রস্থী) ব্রাক্ষণের একনিষ্ঠ সহযোগিতার উপর বৌদ্ধসম্প্রদায় প্রতিষ্ঠিত হইয়াছিল। গার্হস্থাশ্রানাবলম্বী ব্রাহ্মণগণও তৎকালে ভগবান্ বুদ্ধপ্রবর্ত্তিত সদ্ধর্ম পালন করিতেন। তদ্ধারা উদার ব্রাহ্মণাধর্ম্মের সহিত কোনও বিরোধ হইও না। বুদ্ধদেবের অর্চনা এবং অফ্টশীল পালন করিয়া ব্রাহ্মণ অধর্মচ্যুত হইতেন না। 'ভক্তিশতক'-প্রণেতা রামচন্দ্র কবিভারতী, বৌদ্ধাগমচক্রবর্ত্তী (খঃ পঞ্চদশ শতক), নিজেকে বঙ্গদেশীয় ব্রাহ্মণ বলিয়া সিংহলে উল্লেখ করিতেন। জৈনধর্মের প্রবর্ত্ক ভগবান্ পার্মনাথ এবং শেষতীর্থক্কর বর্দ্ধমান্ মহাবীরও ব্রাহ্মণগণের সক্রিয় সহযোগিতা লাভ করিয়াছিলেন।

ব্রহ্মণাদেব বিষ্ণুসূত্য এবং বুদ্ধঅমিতাভ উভয়েই ধর্মচক্রদারা স্থান্তির নিয়ন্ত্রণ করিতেছেন। উপনিষদের ধর্মদর্শন হইতেই জৈন ও বৌদ্ধ দর্শনের উৎপত্তি। হিন্দুর জন্মান্তরবাদ ও কর্মফলকে জৈন ও বৌদ্ধ বিশাস ও স্বীকার করেন। জৈন- ও বৌদ্ধ-ধর্ম প্রবর্ত্তনের প্রথম পর্বের যদিও জৈন ও বৌদ্ধগণ যাগযজ্ঞের বিরোধিতা করিতেন এবং বৃদ্ধ যদিও বেদের অপৌক্ষেয়হ এবং বিশ্বনিয়ন্তা ব্রহ্মণ্যদেবের অন্তিহ স্বীকার করেন নাই, কালক্রমে তাঁহারা কিন্তু হিন্দুদেবদেবীর অর্চনা করিতেন; ধর্মকর্ম্মে পুরোহিত নিযুক্ত করিতেন। তাঁহারা ব্রাহ্মণ্য কর্মকাণ্ডের সারভাগ গ্রহণ করিয়াছিলেন। তার্থক্ষর এবং বৃদ্ধমূর্ত্তিকে তাঁহারা, হিন্দুর মত, দেবতাজ্ঞানে আরাধনা করিতেন।

তিনটি ধর্ম্মেরই প্রধান লক্ষ্য—অহিংসা, সংযম, ত্যাগ, জ্ঞানার্চ্জন ও আত্মোন্নতি। পক্ষান্তরে, বৌদ্ধ দর্শনের কয়েকটি সূত্রের সহিত ব্রাহ্মণ শক্ষরাচার্য্যের দার্শনিক বিচার-প্রণালীর এরূপ ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল যে, অনেকে শঙ্করকে 'প্রচন্থর বৌদ্ধ' বলিয়া বিবেচনা করিয়াছেন। চিয়েংমাই (শ্যাম) রাজ্যে থাইবৌদ্ধ নরপতি (ধর্ম্মরাজ) হিন্দু ও বৌদ্ধের সাম্য ও মৈত্রীভাব জাগ্রত রাখিতে স্থানীয় বৌদ্ধর্ম্মগীঠে শিব ও বিষ্ণুর বিগ্রহ প্রতিষ্ঠিত করিয়াছিলেন। বাঙ্ককের প্রসিদ্ধ মহাচক্রীপ্রাসাদসংলগ্ন বুদ্ধমন্দির-গাত্রে, বৌদ্ধতন্ত্রাক্ত প্রকৃতিবিজ্ঞানমূলক চিত্রের সামুদেশে, রামলীলা অঙ্কিত আছে। বৌদ্ধসমাট্ ধর্মপালদেবের শাসনকালে (অন্টম শতক) বুদ্ধগয়ামন্দিরে শিবপ্রক্ষার প্রতীক, চতুর্মুখ শিবলিজ স্থাপিত হইয়াছিল। উহা অভাপি পৃজিত হইতেছে। বেলুড় (মহীশূর) মন্দিরে বৌদ্ধগণ হিন্দুর দেবতা কেশবদেবকে বুদ্ধজ্ঞানে অর্চ্চনা করিতেন: প্রভালিপি তাহার সাক্ষ্যদান করিতেছে। প্রাম্বানমের (যবদ্বীপ) বস্ত মন্দিরেই শৈব, বৌদ্ধ ও জৈন দেবমূর্ত্তি একত্র প্রতিষ্ঠিত হইয়াছিল। তাহাদের অন্তিত্ব বর্ত্তমান। শ্যামের প্রাচীন রাজধানী আয়ুথিয়ার (অযোধ্যা) প্রতিষ্ঠাতা বৌদ্ধনরপতি 'রামাধিপতি' স্বীয় রাজ্যে শিব ও বাস্থদেবের চুইটি মূর্ত্তি স্থাপিত করিয়াছিলেন। কম্বোজ প্রাসাদে বাকুবংশীয় ব্রাহ্মণগণ বৌদ্ধরাজবংশীয়গণের সর্বন-প্রকার ধর্মানুষ্ঠানে, বৌদ্ধ ধর্ম্মযাজকগণসহ একযোগে পৌরোহিত্য করেন। সিংহলের পোলোনারয়া মন্দির হিন্দুবৌদ্ধের মিলন ঘোষিত করিতেছে। তৎস্থানে নটরাজ, বিষ্ণু ও অই ভুজা হুর্গা প্রভৃতির মূর্ত্তি আবিষ্কৃত হইয়াছে। দিলবারা দেবায়তনে জৈন-তীর্থক্ষরগণের ধর্মলীলাসহ শ্রীকৃষ্ণপ্রমুখ ব্রাহ্মণ্য দেবভাসমূহের চিত্র খোদিত আছে।

অহিংসাবাদ এবং অহিংসার মহিমা বুদ্ধজন্মের বন্তপূর্বেই উপনিষদ ও পরবর্তী ব্রাহ্মণাশান্ত্র, মনুসংহিতা ও মহাভারত প্রচার করিয়াছিল। 'অহিংসা সত্যমস্তেয়ং শোচমি। ক্রয়নিগ্রহঃ। এতং সামাসিকং ধর্মং চাতুর্বর্ণোহব্রবাদ্মনুঃ।"—(মনুসংহিতা, একাদশ অধ্যায়)। "ধারণাদ্ধমিমিত্যান্তর্ধমো ধারয়তে প্রজাঃ। যৎ স্থাদহিংসাসংযুক্তং স ধর্ম ইতি নিশ্চয়ঃ॥"—(মহাভারত, কর্ণপর্ব, ৬৯ অধ্যায়)।

জৈনধর্মের মূল—অহিংসা। অহিংসাই ধর্ম্মপ্রাণ জৈনসাধুর প্রধান লক্ষ্য। এক হিসাবে ব্রাহ্মণ্য মতবাদেরই চরম বিকাশ হইয়াছিল মহান জৈন ও বৌদ্ধ দর্শনের মৈত্রী ও করণার সার্নভোম উদারতায়। ব্রাহ্মণ্য দর্শনশান্ত্র, শিল্প ও সংস্কৃতিকে প্রধানতঃ অবলম্বন করিয়াই বৌদ্ধ- ও জৈন-সংস্কৃতি (ধর্ম্মণান্ত্র, দর্শন, সাহিত্য ও শিল্প) বিবিধভাবে বিকশিত হইয়াছিল। বৃদ্ধপূর্বব বৈদিক সমাধিভূপের আদর্শেই প্রথম বৌদ্ধভূপে পরিকল্লিত হইয়াছিল। স্তৃপ- ও চৈত্য-স্থাপনে বৌদ্ধগণ সর্বতোভাবে ব্রাহ্মণ্য আচারামুষ্ঠানের অমুসরণ করিয়াছিলেন। ধর্ম্মের স্থায় স্থাপত্য ও শিল্প-কলাতেও বস্তুত্ব ও পরতত্ত্বের অমুশীলন ও বিচারের দ্বারা অমুভূতির উদ্দাপন হয়। ইন্দ্রিয়ামুভূতির দ্বারা বস্তুত্বকে এবং অতীন্দ্রিয়ামুভূতির দ্বারা পরতত্ত্বকে ধ্বরণা করা যায়। বস্তুতত্বের সহিত পরতত্বের মিলন হইতেই ভারতীয় দেবায়তন এবং ভারত সভ্যতা উদ্ভূত ও বিকশিত হইয়াছে। এতৎকল্পে উপনিষদ্, জৈনদর্শন ও বৌদ্ধদর্শনের অবদান অপরিসীম।

অগস্তোর আশ্রমকানন-মুখরিত সামগান-স্বরতরক্ত তদীয় শিক্সপ্রশিক্ষ স্থপতি শিল্লিগণের হুদিতন্ত্রী ঝক্ষারিত করিয়া ভূমার পরিকল্পনায় প্রবুদ্ধ করিত। ধ্যানযোগে অত্যান্তিরান্তভূতির মাধ্যমে তাঁহারা সচিদানন্দ পরব্রহ্মের অনুসন্ধান করিতেন। উপনিষদ-সঞ্জাত জ্ঞানবর্ত্তিকা শিল্লিগণের মানসপটে ব্রহ্মণ্যদেবের দিবাকান্তি উন্তাসিত করিত। বস্তুতত্ত্বসহ পরতত্ব তাঁহাদের অনুপ্রাণিত করিত মহান্ দেবায়তন-স্ক্রমে। সচিচদানন্দের শাশত সৌন্দর্য্য অনুরক্ষিত হইত শিল্লিস্ট দেবদেউলে, প্রতিমাবিগ্রহে, চিত্রে, ভাস্কর্য্যে এবং স্থঠাম স্কুচারু সৌধাবাস পরিশোভিত ও স্থচিতিতভাবে স্থবিশ্রস্ত গ্রামনগরের প্রফুল্লতাময় পরিবেশে। সমগ্র জাতির পার্থিব অপার্থিব সাধনাকামনা অভিব্যক্ত হইয়াছিল দেবায়তনকেন্দ্রী হিন্দুস্থানের শিল্পোজ্জল আনন্দলোকের মন্ধলালোকে।

প্রাকৃতিক সৌন্দর্যা ও শক্তিনিচয়ের ধ্যানধারণার মাধ্যমে অগস্থা, নগ্নজিৎ, শেষনাগ, ময়, বিশ্বকর্দ্মা প্রভৃতি স্থপতিগণ স্থাপত্যের বিশিষ্ট বিশিন্ট রূপ প্রণিধান করিতেন। তাঁহাদের শিশ্বপ্রশিশ্যগণ, তুই সহস্র বৎসর ধরিয়া, তাঁহাদের ধর্ম্ম ও কর্ম্ম-প্রণালীর ঐতিহ্যদারা অনুপ্রাণিত হইয়া, নব নব স্থাপত্যশৈলীর বিকাশ করিয়াছিলেন। সতঃস্কৃত্তি স্থাপত্য-ভাস্কর্য্যের এবং অপার্থিব অতিপ্রাকৃত অন্ধনচিত্রের প্রতিটি শিরা-উপশিরায় স্পন্দিত হইত ধর্মপ্রাণ শাস্ত্রপ্রাণ মহাজ্ঞাতির অবিনশ্বর অন্তরাত্মা।

ধ্যানলব্বরসোপলব্ধি-স্মুদ্ধ দর্শনমূলক স্থাপত্যের অধুনাতন সংক্ষরণের মূল নিহিত হউক সনাতন শিল্পসংস্কৃতির হৃদৃঢ় ভিত্তির উপরে। দেবস্থান ও বাসস্থান বিনির্ম্মিত হউক দেশব্রাত উপাদানে, দেশীয় জলবায়ুর অমুকূল পরিবেশে, বহুযুগ-ব্যাপী পরীক্ষার ফলে দেশীয় অর্থনীতি ও প্রকৃতিসঙ্গত যে সকল বাস্তবিধান ব্যবস্থিত ও শিল্লশাল্ল সঙ্কলিত হইয়াছিল তাহাদের বর্ত্তমানকালোপযোগী বিকশিত করিয়া। তৎকরণে পাশ্চান্ত্য বাস্তগঠন- এবং স্থাপতারচনা-প্রণালীর হিতকর অংশসমূহ গ্রহণ করিতেই হইবে। ধ্যানলব্ধ সঞ্জনী প্রতিভার সহিত আধুনিক বিজ্ঞানসমত নির্মাণ-কৌশল এবং অর্থনীতির সমূচিত সমন্বয় করিতে হইবে। জ্ঞাতীয় নব-অভ্যুদয়ের মাহেন্দ্রকণে জাতীয় স্থপতিশিল্পীর চিত্তে যথার্থ উদ্ধাবনীশক্তি সঞ্চারিত করিতে হইবে। দক্ষিণভারত, সৌরাষ্ট্র, রাজস্থান, উৎকল ও বন্ধ প্রভৃতি প্রদেশসমূহে যে সকল সদেশী ম্বপতি ও শিল্পী জীবিত এবং শিল্পগঠনে বংশপরম্পরায় সক্রিয় রহিয়াছেন তাঁহাদের ধারাবাহিক কর্ম্মপদ্ধতি যথাসম্ভব অক্ষুণ্ণ ও অটুট রাখিয়া—পাশ্চাত্তা শিল্পবিজ্ঞানের সহযোগে ভাহাকে বিকশিত করিয়া—ভাঁহাদের নববলে বলীয়ান এবং স্বাধীন ভারত-রাষ্ট্রের পৃষ্ঠপোষকতায় তাঁহাদের নবোৎসাহে অনুপ্রাণিত করা বাঞ্চনীয়। কিন্তু তাঁহাদের স্বাধীনতা থর্বব করা তথা দেশী ও বিদেশী স্থাপতোর অসমীটীন মিশ্রাণে অন্তুত স্থাপত্যের স্থাষ্টি করা ভারত শিল্পের পক্ষে বিপজ্জনক। তঙ্জা্য একটি স্বতন্ত্র, সর্বভারতীয়, জাতীয় স্থাপত্য শিক্ষায়তনের বিধিমত প্রতিষ্ঠার প্রয়োজন। প্রস্তাবিত শিক্ষায়তনে দেশের বিভিন্ন প্রদেশীয় শিল্পাচার্য্যগণ মধ্যে মধ্যে একত্রিত হইয়া পরস্পার ভাবের আদান-প্রদান করিয়া ভারতীয় স্থাপত্যের বিভিন্ন প্রদেশজাত বিবিধ শৈলী-সমূহের শ্রেষ্ঠ বিকাশ সংসাধিত করিতে পারিবেন। ক্রমশঃ আন্তর্জাতীয় সংস্কৃতির প্রভাবে সর্বজনীন জাতীয় স্থাপত্যের উন্তব সহজ্ঞসাধ্য হইবে।

ভাস্কর্য্য ও চিত্রকলাকে স্থাপত্যজননীর ক্রোড় হইতে বিচ্যুত করা অসম্পত। দরিদ্রের কুটীরেও মহতী ভাবোদীপক অন্ততঃ ছই-একটি শিল্পফলক সন্নিবেশিত করিয়া সমগ্র গ্রামনগরের প্রামাদ, সৌধ ও বাসভবনের সমবেত সৌন্দর্য্য-সন্ধ্যীতের সহিত সরল কুটীরশৈলীর সবল স্থারলয়ের ঐক্যতান মন্দ্রিত করিতে হইবে। পৌরস্থাপত্যের দেবভাষা প্রাণবন্ত ও অবিকৃত রাখিতে হইবে (১৪০-১৫২ চিত্র)। গুপু,

দেবায়ত্র ও ভারত সভাতা


চিত্রকলক ১১৫




্তম (ত্রু-জারত রাষ্ট্রের বাওমান প্রনামসং ক্রান্তর্ভাত তেতা



দেবায়ত্র ও ভারত সভাতা




১৪. कि.य. - व्यायश्चरतरमञ्जल १ तान र गादेश




১৪২ চিত্র — গ্রামীণ জাতীয় ভবন


দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ১১৯




১৪७ 6िब्र - शिवंभ मध्युहिरिकक्त



১৪৪ টির - ইচ্চ পাথনিক বিভাগেষ




:৪৫ চিত্ৰ-প্ৰমোদশালা




184 16五一字四多 四年六

চিত্রফলক ১২৩




183 Fam. (2) PR



১৪৮ চিত্ৰ—গৃহস্থাবাস


দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ১২৫

১৪ > চিত্ৰ — শিক্ষামন্দির






১৫১ চিত্র—কৃত্রিম উৎস (শিবগঙ্গা)



১৫১ক চিত্র—নৃত্যরত গণেশ




১৫২ চিত্র—ভক্ষণ-, মুনায়- ও সিমেণ্ট-শিল্প



२०० हिञ्च - लक्षीनाताग्रथ भनित्र, नग्रामिली


দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ১৩১



১৫৪ চিত্র—শিবমন্দির, রতনগড় (রাজস্থান)

দেবায়তন ও ভারত সভ্যতা

চিত্ৰফলক ১৩২



১৫৫ চিজ-– নবা ভারতীয় রাজপ্রাদান, যোধপুর

দেবায়তন ও ভারত সভ্যতা চিত্রফলক ১৩৩



১৫৬ চিত্র—নবা ভারতীয় প্রপোতান, সিংগী পাব (কলিকাতা)



১৫৬ক চিত্র—কৃত্রিম কেন্ডক-প্রস্থবণ

দেবায়তন ও ভারত সভাতা

চিত্রফলক ১৩৪



২৫৭ চিত্র— 'নয়নভারা' উ**ল্লান**বাটিকা, মনুপুর

দেবায়তন ও ভারত সভাত


চিত্রফলক ১৩৫



১০০ চিত্র—উত্যানবার্টকার প্রবেশতোরণ

দেবায়তন ও ভারত সভাতা

চিত্রফলক ১৩৬



১৫৯ চিত্র — গোরীশ্রহণীয় ভারত্বয

পাল এবং বিজয়নগরীর স্থাসনকালে ভারতের পরীতে পরীতে, নগরে নগরে, ভাষা সভাবিত হইরাছিল। দেশের প্রাচীন এবং মধ্যযুগীয় স্থাপজ্যের সহিত ভাকর্য্য, ভব্দে, কাক্ষান্ত ভিত্রশিল্প তথা বেলান্তপ্রাণ মহাজাতির সাংস্কৃতিক আদর্শ অবিক্রেভভাবে কড়িত ছিল। মধ্যযুগে মুরোপ মহাদেশেরও গির্জ্জা, রাজভবন ও বিভায়তন প্রভৃতির স্থাপভাবৈশীসমূহ সুকুমার কারুশিল্পমন্তিত হইত।

আধুনিক গ্রামনগরে নবাভারতীয় জাতীয় স্থাপত্যের অনধিক অর্থবায়ী অনাড়ম্বর বিকাশ তথা শাথাশিল্পনিচয়ের সমনেত সংরক্ষণসহ সর্ব্বাজীণ পরিপৃষ্টি অসম্ভব নহে। বিগত কয়বৎসর যাবৎ আধুনিক গৃহনিন্দাণের উপাদানে, অধুনাতন নির্দ্ধিতিকৌশলে, যে কয়টী ভারতীয় ধরণের মন্দির, উপ্লান, সৌধ ও সাধারণ বাসগৃহ পরিগঠিত হইয়াছে, পরীক্ষামূলকভাবে তাহাদের বিচার করিলে দেশীয় স্থাপত্যের এবং উল্লানের যথাযথ, যুগোপযোগী, বিকাশে ভাহাদের অবদান উপেক্ষণীয় নহে (১৫৩-১৫৮ চিত্র)।

স্বার্থপরতা, সন্ধাণিচিত্ততা, সৎকার্য্যে সক্রিয় সহযোগিতার পরিবর্ত্তে সঞ্জবদ্ধ বিরোধিতা এবং জাতীয় আভিজাত্যের ও ঐতিহ্যের মহিমানির্দ্ধারণে অক্ষমতা—আধুনিক্ ভারতের প্রকৃত উন্নতিপথে প্রচণ্ড বাধার স্বস্থি করিয়াছে। "বর্ণে বর্ণে, জাতিতে জাতিতে অপবিত্র ভেদবৃদ্ধির নিষ্ঠুর মৃঢ়তা ধর্ম্মের নামে আজ পদ্ধিল ক'রে তুলেছে এই ধরাতল; পরস্পার হিংসা ও ঘূণায় মানুষ এখানে পদে পদে অপমানিত।"—(রবীক্রনাথ)।

'সর্বভৃতের আত্মবং', 'বহুধৈব কুটুন্ধকন', 'নহি বেরেন বেরানি সম্মন্তীধ কুলাচনং। অবেরেন চ সম্মন্তি এসো ধন্মো সনস্তনো।'—প্রভৃতি মহাঘোষণা, উদীয়মান নব্যভারতের মাধ্যমে, যুধ্যমান মানবশক্তিসমূহকে সত্য-, করুণা- ও মৈত্রী-মন্তে দীক্ষিত ক্রিবে। রক্তে পঙ্কিল ধরাভলের পাপপঙ্ক প্রক্ষালিত করতঃ প্রেমভন্তী অহিংসসমাজ এবং সার্বভোম 'পঞ্চশীল' ধর্মধ্যক্ত স্থাপিত করিয়া জ্ঞানদীপ্ত ভবিশ্ব ভারত দেশে দেশে চিরন্থায়ী তুখ, শান্তি, সৌন্দর্য্য ও শৃত্মলা প্রতিষ্ঠার প্রেরণা প্রদান করিবে।

উদীয়মান নব্যভারতে, ভাষপরায়ণ গণতদ্বের স্থারিচালনায়, মহামানবতার অগ্রন্থকরণী ভাতীয় স্থাপতা পুন: প্রচলিত হইলে এবং প্রাচ্গ্রপরিপ্রিত, স্বয়ং-সম্পূর্ণ, ব্যবহারিক বিজ্ঞানসম্মত, শান্তিশৃত্যলাপূর্ণ, সভায়িদ্দিরকেন্দ্রী গ্রামনগর পুন: 19-18783:

প্রতিষ্ঠিত ও ধরাতলে পুন: প্রদর্শিত হইলে প্রতীচ্যের স্বপ্নসান্তাক্ত্য 'সিক্কু'- 'হিন্দু'-স্থান, 'ভূম্বর্গ'রূপে পুন: প্রদীপ্ত হইয়া, মোহমদে দিশেহারা নরসমাজসমূহকে বস্তাতান্তিক বিষয়বৈভবের বক্ষ্মলভ পুঁকীবাদের, অর্থনৈতিক ঈর্ধাবিধেবের উন্মাদনা পরিহার করিতে উষ্ক করিবে।

স্প্তিসংরক্ষণী শান্তিয়ঞ্জের পোরোহিত্য করিবে—গৌরীশব্দরশীর্শ ভারতবর্ষ আত্মানম্ অমৃত্যম্ কৃধি ॥ ওঁ শান্তি ॥ ১৫৯ চিত্র দ্বান্তব্য ।

চিত্রবিবরণী

১ চিজ্র- নব্য-প্রস্তরযুগের কুঠারফলক (পঞ্চদশ সহস্র বৎসর প্রাচীন)

[আওতোষ মিউজিয়ম]

२ हिज-- (मार्टन्-का-मर्फा (विशान-विजारम)

রাজধানীর প্রধান পথ- ও গলিপথ-সংলগ্ধ কয়েকটি বাসগৃহ ও গৃহগুলির সীমানা।

৩ চিত্র—বহু প্রাচীন সিদ্ধু উপত্যকাবাসীর পল্লীজীবন

[পাঠাগার-প্রাচীরচিত্র, কলিকাতা বিশ্ববিদ্যালয়; ভারতীয় প্রত্নতব্বিভাগের সৌজন্তে মুদ্রিত]
বৃক্ষলতা-ফলফূল-পশুপক্ষী-পরিপূর্ণ, মোহেন্-জো-দড়ো-অঞ্চলীয় একটি পল্লীগ্রামের একাংশ।
বৃক্ষকোটারে দৃশুমান শৃঙ্গধারী দেবতাসমীপে উপবিষ্ট ধ্যানমগ্র সাধক, কুপপার্শে রজ্জুহন্তে দণ্ডায়মানা
স্থবেশা সালস্কৃতা পল্লীবধু এবং স্থচিত্রিত মুম্ময়কুজগুলি দুইব্য। বামকোণে বল্লমধারী শিকারী বনচারী
মুগের প্রতি লক্ষ্য রাখিয়া সন্তর্পণে অগ্রসর হইতেছে।

৪ চিত্র-বাসগৃহ, মোহেন্-জো-দড়ো

৮ ফুট বিস্তুত পথের পার্ষে ইইকনির্মিত বাসগৃহের অন্ত্রচ প্রাচীরগুলির স্থুলতা ৪ ফুট। গৃহের আয়তন ৮৫′×৯৭′। ৮৫′ দীর্ঘ সমুখভাগের বাম প্রান্তে সারবান্ কাঠের প্রবেশধার ৬′ উচ্চ। চিহ্নিত উঠানের উপর দিয়া অন্দরমহলের 18½ চিহ্নিত প্রাঙ্গণে গমনাগমন হইত। প্রাঙ্গণের দক্ষিণপার্ম্বর শৌচাগার 6 ও সানকক্ষ ? হইতে নাণীর মাধ্যমে, জল নির্গত হইয়া পথের স্থুদ্দ পয়ঃপ্রণালীতে পড়িত। দ্বিতলে উঠিবার সোপানপথ হুইটি ৪ এবং 14 চিহ্নিত। অন্যরের উঠানের উর্জভাগে অবস্থিত অপ্রাণম্ভ বারান্দা অবলম্বনে দ্বিতলের কক্ষণ্ডলিতে যাওয়া যাইত। 17 চিহ্নিত কক্ষটি অতিথির জন্ত। নিয়তলের কক্ষণ্ডলির ছাদ মেঝে হইতে ৭′ উপরে। 17 চিহ্নিত কক্ষে শাল অথবা দেবদার্ক কাঠের কড়ি ও বরগার উপরে ইইকাচ্ছাদন নির্মিত হইয়াছিল। তাহার চিহ্ন কন্ত্রমান আছে। 12½ চিহ্নিত মূল্মর চুলীর ('পাইপ') মাধ্যমে দ্বিতলের অপরিকার জল ইউকারত উঠানের কুপুমধ্যে নীত হইত। তথা হইতে ইইকাচ্ছাদিত জলনিকাশের মধ্য দিয়া সেই জল পথিমধ্যে নাধান্নণ পয়ঃপ্রণালীতে চলিয়া যাইত।

क जिल्ला-नीनसाहत, स्पाट्न-त्वा-प्रत्का

- 8 চিহ্নিত মোহরে শৃক্ষণারিণী দেবা অবথরকে দণ্ডায়মানা। নতজার দেবতাটি তাঁহাকে আরাধনা করিতেছেন। দেবতার পশ্চাৎ হইতে নরম্ও অজরাজ দেবীকে দর্শন করিতেছেন। দেবীর সন্মুখে সারিবদ্ধ দণ্ডায়মান সপ্রসংখ্যক শিধাধারী গণদেবতা।
 - 12 চিহ্নিত মোহরে করিক্তও মেষদেব উৎকীর্ণ।
- 3 চিহ্নিত মোহরে অধথরক্ষের কাণ্ড হইতে বিনির্গত বুগল শাথাসদৃশ গুইটি করিশুও মেষ-দেবতা। এইরূপ মোহর সিদ্ধু উপত্যকার বহু স্থানে সংগৃহীত হইরাছে।

ও চিত্র-মাতৃকা, মোহেন্-জো-দড়ো

সিদ্ধু উপত্যকা খননকালে দগ্ধ মৃত্তিকার মাতৃকামূর্ত্তি আবিষ্কৃত হইয়াছে। মাতৃকাদেবী নগরীপল্লীর পৌরসমাজ্ঞকে এবং অধিবাসীদের রক্ষা করিতেন; শিশুদের পালন করিতেন। বৃদ্ধদেশের ষষ্ঠীমাতা তাঁহার রূপান্তর।

৭ চিত্র-সম্ভরণবাপী, মোহেন-জো-দড়ো

অনি শ্ব ইপ্টকে নির্মিত স্থপরিসর অট্টালিকার বাম পার্থে ছেইটি সোপান। সোপানের প্রতি ধাপ প্রায় এক সুট উচ্চ ও দশ ইঞ্চি প্রস্থ। অট্টালিকার মধ্যভাগে প্রায় ৪০ দীর্ঘ ও ২০ প্রস্থ সন্তরণবাপী। বাপীর চারিদিকে প্রশন্ত চত্তর। চত্তরকে বেষ্টন করিয়া চারি পার্থে অলিক্ষণ্ডলিতে বাইবার জ্ঞা ২৬টি থিলানপথ ছিল। পুরোহিতবর্গের ব্যবহারের জ্ঞা চত্তরসংলগ্ন ৮টি লানাগার দ্রপ্টব্য। একটিতে কৃপ ছিল। সেই কৃপ হইতে বাপীতে জ্ঞল সরবরাহ হইত। লানকক্ষণ্ডলি হইতে নি.স্তে জ্ঞলরালি স্থপরিক্রিত জ্লনিকাশের মাধ্যমে স্থ্রশন্ত পথসংলগ্ন স্থিতিত্ত পন্নপ্রণালীর মধ্যে নীত হইত। কক্ষণ্ডলির সারিধ্যে উর্জ্বামী সোপানপথের অবশেষ হইতে অমুমিত হয় যে, অট্টালিকাটি ছিতল ছিল।

৮ हिळ-- नशःथानी, त्याद्वन्-एका-नए।

রাজধানীর প্রতি গৃহ পার্থবর্তী পথসংলগ্ন পর:প্রণালীর সহিত, স্বাস্থ্য ও অর্থনীতিসকত উন্নত নিমিতিকৌশলে, স্থলরভাবে সংবৃক্ত ছিল। স্থল্য ইউকনিমিত, স্থকটিন বন্ধনেপলিপ্ত, স্থকটার পরপোলীর দীর্বভাগ দয়স্থিকার স্থাস্থ টালি অবলা প্রস্তবারা আহালিভক্ষাকিত। পথলারী অসতার এক ভারবাহী শকটের গমনাগরন-কালে আহাদেন গুল হুইত না। ঘন বর্ষার প্রায়ণ বারিরাশি বর্ষন নগরীপ্রান্তীয় বিপ্ত পরপোলীতে সবেলে প্রবেশ করিত, জনন সমগ্র যোহেল্-জোদড়োর অবাধে জলনির্মানের বাধা হুইত না; প্রশাধা ও লাধারলী কুল ও রূহৎ জননিকালওলিতে জল উপচাইরা পড়িত না। উল্গত ইইকনির্মিত, চুণবালির 'পলভারা'-লিগু বিলানের প্রেশীসমূহ তাহাদের আছাদিত করিয়াছিল। স্থানবিশেষে প্রশন্ত পরপ্রশালী এরপ গভার হুইত বে, দীর্ঘদেহ সম্মার্ককগৰ তন্মধ্যে দণ্ডারমান হুইরা অনায়ানে কার্য্য করিতে পারিত।

৯ চিত্র-মুৎশির, মোহেন্-জো-দড়ে।

অধিদেশ্ব মৃৎপাত্ত, মৃংভাগু, চুলী, ছাঁকনী, জনশোধনে ব্যবহৃত বছচ্ছিদ্ৰ মৃৎকৃত্ত প্ৰভৃতি গৃহস্থানী সামগ্ৰী। ঘনকৃত্ব, গাঢ়লোহিত অথবা খেতবৰ্ণে স্থবন্ধিত, স্থমন্থন, স্থাচিকণ ও স্থাচিত্ৰিত পাত্ৰ ও ভাগুগুলির শিরনৈপুণ্য বিশ্বয়ের সঞ্চার করে।

১০ চিত্র-মূর্ত্তি ও কবচ, মোহেন-জো-দড়ো

1 চিহ্নিত শৃত্তধারী মূর্ত্তি এবং 2 চিহ্নিত বানর দৈবশক্তির অধিকারী রূপে পূজা পাইত। ও চিহ্নিত ধাতুমর রক্ষাক্বচ পুরবাসিগণ বক্ষোদেশে ধারণ করিতেন।

১১ চিত্র-অলকার, মোহেন্-জো-দড়ো

সিদ্ধর গ্রাম ও নগরের গৃহে গৃহে স্বর্গ, রৌপ্য, তাত্র ও ব্রোঞ্জর স্ক্রিথ অলঙার রৌপ্য, তাত্র অথবা ব্রোঞ্চনির্দ্ধিত পাত্রাধারের মধ্যে রক্ষিত করিয়া গৃহতলে প্রোধিত রাধার নিয়াপদ প্রধা প্রচলিত ছিল। 6 চিহ্নিত কণ্ঠহারের সব্জনিভ পীতবর্ণের বকুলফলের অলুকৃতি সচ্ছিত্র-মরকতমণিসমূহ কল্প স্বর্ণস্ত্রে প্রথিত। হই-ছইটি মণির মধ্যে পাচ-পাচটি বকুল ফুলের সমতুল স্বর্ণচক্র সংযুক্ত । ঘননীল বলস্ব প্রভারের (নীলকান্তমণি) সাতটি কুগুল কণ্ঠহারে দ্রষ্টব্য। মোহেন্-জো-দড়ো ধননকালে একটি গৃহের ভিত্তির মধ্যে রৌপ্যাধারে রক্ষিত এই কণ্ঠহার আবিষ্কৃত হইয়াছিল। আধুনিক মৃক্তামালার মত 7 চিহ্নিত কণ্ঠমালাটি সচ্চিদ্র-স্বর্ণগোলক এবং ক্ষান্ত্রাবেলখনে গ্রথিত।

ক্ষক ক্ষণ, কণাভরণ (ছল), 'সন্তাগ্রস্টী' (Safety Pin), 'ক্ষরী-সন্তক্রী' সোনার কাটা (Hair Pin) এবং নীলকান্তমণিথচিত রৌপ্যাঙ্গুরী প্রভৃতিও চিত্রে দুখ্যান।

১২ চিত্র—বৈদিক यक्करवरी (খেনচিতি)

সোমবাগের অন্তর্গত পশুষাগে উত্তর বেদীর উপরে একটি ছঙিল (যজার্থ পরিষ্কৃত ভূমি)
নিশাণ এবং তত্বপরি আহ্বনীর (হোম করিবার উপযোগী) কুও স্থাপনপূর্বক উহাতে হোম অনুষ্ঠিত

হয়। ত্তিশের নির্দাণপদ্ধতি 'চয়ন' এবং নির্দাত হাতিল 'চিতি' অভিধার অভিহিত। চিতি ছই প্রকার: 'কুল চিতি' এবং 'মহাগ্নি চিতি'। কুল কুল প্রভার খণ্ডে নির্দাত চিতিয় নাম কুল চিতি এবং সহস্রসংখ্যক বৃহৎ ইউকে নির্দাত চিতির নাম মহাগ্নি চিতি। উত্তরবেদীর উপরে মহাগ্নি চিতি নির্দাণ অক্সবিধালনক। সেইজন্ত সাধারণত: ভূপ্ঠেই উহা গঠিত হয়। বৈদিক এছে বছবিধ চিতি বর্ণিত আছে। তাহাছের মধ্যে 'জ্কণ' (সূর্বা), 'কুপণ' (গ্রুড়) এবং 'শ্রেনচিতি' ক্সবিদিত।

শ্রেনচিতি-যজ্ঞবেদী—মহাব্যোমে প্রসায়িত-পক্ষ উড্টায়মান শ্রেন (বাজ) পক্ষীর প্রতীক।
তহপরি হোমবাগের সংক্ষিপ্ত পদ্ধতি এইরপ: 'অধ্বর্যু' নামক ঋদ্ধিক্ সোমবাগের আহবনীর কৃণ্ড
হইতে প্রজালিত আনি উদ্ধৃত করিয়া বালুকাময় পাত্রে রক্ষা করিয়া চিতির পৃদ্ধসমীপে গমনপূর্বক
'প্রতিপ্রস্থাতা' নামক ঋদ্বিকের করপুটে পাত্রটি স্থাপন করিবেন এবং স্বরং চিতির পার্থনেশে
আরোহাপূর্বক প্রতিপ্রস্থাতার করপুট হইতে পুনঃ সেই আনিপাত্রটি লইয়া চিতিমধ্যে অল্যাধান
(বেদমন্ত্র পঠনান্তর অনিহোত্রমাগ) করিবেন। তৎপরে তিনি চিতির উপরস্থ আহবনীয় কুওে
সপ্তমক্ষৎ দেবতার উদ্দেশে হোম করিবেন এবং 'বৈখানের যজ্ঞ' সমাপনান্তে কুণ্ডানলে 'বন্ধবারা'স্থাত্রান্তি প্রদান করিবেন।

শ্রেনপক্ষী অন্তরীক্ষণোকের প্রতীক। গ্রেনচিতির উপরে অগ্ন্যাধান করার ভাৎপর্য্য এই বে,

অন্তরীক্ষণোকের প্রতীক শ্রেনপক্ষীর প্রতিভূ নচিতি বৈশ্বানর (অগ্নি) দ্বারা পরিব্যাপ্ত হউক।

এই অগ্নিই মানবদেহে আত্মানণে বিরাজমান, গ্লালোকে স্থ্যরপে গ্লাতিমান এবং অন্তরীক্ষণোকে
শ্রেনগতি অপনিরূপে ঝলকমান।

অগ্নিমর বন্ধণ্যদেব—সৌরমগুলের তপা বিশ্ববন্ধাণ্ডের সমগ্র তেজ, শক্তি, স্কল, পালন ও সংহারের নিয়ন্ত্রণ করিতেছেন। শরীরী-অশরীরী-পাথিব-অপাথিব সমগ্র জীবজ্ঞগংসহ অনস্তবন্ধাণ্ড তাঁহারই স্টে। তদীয় মহিমাপ্রকাশের তথা তৃষ্টিসাধনের উদ্দেশেই বেদের মন্ত্র বিরচিত হইরাছে, অপিচ স্কনের প্রতীক অরুণ (ব্রহ্মস্থ্য) চিতি, পালনের প্রতীক স্থপ্ণ (বিষ্ণু) চিতি এবং সংহারের প্রতীক গ্রেনচিতি প্রভৃতি বিবিধ চিতির মাধ্যমে অনুঠের বিবিধ যজ্ঞক্রিয়া ব্যবহিত হইয়াছে।

(চিত্রখানি পণ্ডিত এ. চিরস্থামী শান্ত্রী-প্রণীত 'যক্ততত্ত্বপ্রকাশ' গ্রন্থ হইতে প্রমুদ্রিত। ক্লিকাতা বিশ্ববিভালয়ের অধ্যাপক অযোধ্যানাথ সাভাল, ব্যাবরণাচার্য্য, যক্ততত্ত্বপ্রসঙ্গে অফুশীলন ক্রিতেছেন।)

১৩ চিত্র—বৈদিক প্রাম

[লেখক কর্ত্তক পরিকল্পিত]

চিত্ৰ পরিচয় ১১ হইতে ১২ এবং ১৭ হইতে ১৯ পৃষ্ঠায় প্রদন্ত হইয়াছে।

18 फिल-रेवनिक बाक्याबान

[প্রাচীন বাস্ক্রণান্ত্রের বির্তি অমুসারে গ্রেথক কর্জুক পরিক্রিভ] 🐇

প্রাচীন ব্রাহ্মণের ইপ্রক ও কার্চনির্দ্ধিত আবাস (১৩ চিত্রে । চিক্কিত কুটার এইবা)।
কুটারের উত্তরভাগে—ছাদের উপর ধ্রনির্গমনের ব্যবহাসহ—সমচতুর্ভ সমকোণী 'অগ্নিধালা'।
এই 'চতৃঃশালা' বাটিকার বিস্তাসপ্রধালী বৃগে বৃগে বিকশিত হইয়া বিশাল ছিল্লু দেবারতনে এবং
বৌদ্ধ চৈত্যবিহারে ও চৈত্যমন্দিরে পরিণত হইয়াছিল বলিয়া অনুমিত হয়। অগ্নিশালাটি সর্ভমন্দিরে,
কৃক্ষকান্তের অভসম্বিত মধাবর্ত্তী বৃহৎ কক্ষটি মন্দিরের সভামগুপে, দক্ষিণভাগের শয়নকক্ষটি মন্দিরের
মুখ্যগুপে এবং চারিদিকের বারান্দাগুলি মন্দির-পরিক্রমার অলিন্দপথে পরিণত হইয়াছিল। ত্রই
সছল্র বংসর পূর্বে কার্লি চৈত্যমন্দিরের এবং সহল্র বংসর প্রাচীন কৈলাস (এলোরা) মন্দিরের
আসনবিস্তাসে—প্রাচীন ব্রাহ্মণাবাসের আদর্শ হয়ত অফুস্ত হইয়াছিল। কলিকাতার সারিধ্যে
নির্দ্ধিত বেস্ড (রামক্রক্ষদেব) মন্দির বৈদিক ব্রাহ্মণের অনাড্বর কূটারেরই অধুনাতন বৃগের
উপবাসী অভিব্যক্তি বলিলে হয়ত ভূল হয় না।

১৫ চিত্র—গাঁচিফলকে গ্রামীয় স্থাপত্যা, খুঃ পুঃ বিভীয় শতক

জেতবনের আত্র ও চম্পকর্ঞে অবস্থিত, অনাড়ধর স্থাপ্তাশিরে অবন্ধত—গরুকুটা, কোলাধকুটা এবং করোরিকুটা-নামক বুদ্দেবের সভ্যের কার্য্যে উৎসর্গীকৃত কুটারত্রর। চিত্রের উপরিভাগে দক্ষিণ পার্যে কৃতাঞ্জলিপ্টে দণ্ডারমান প্রসিদ্ধ শ্রেষ্ঠী অনাথপিণ্ডিকা বাম পার্যে বোড়করে দণ্ডারমান, জেতবনের ভূতপূর্ব্য অধিকারী, জেতের নিকট হইতে জেতবন ক্রয় করিয়া ধর্ম ও সজ্যের কার্য্যে কুটারগুলি উৎসর্গ করিয়াছিলেন। তাঁহাদের পরিজনবর্গ নিমে দৃশুমান। নিমভাগে দক্ষিণ পার্যে দৃশুমান চালা-কুটারের সমত্ল বহুসংখ্যক কুটার বন্ধদেশের এবং মালাবার প্রদেশের নানা স্থানে পরিলৃষ্ট হয়। মহাবলীপ্রের একটি রথমন্দির উক্ত কুটারের আদর্শে নির্মিত হইরাছে। প্রাচীন ভারতে অম্বন্টিক কিরপ উন্নত ইইরাছিণ কুটারের পারিপ্রেক্ষিক দৃশ্য হইতে তাহা প্রতীরমান হয়।

১৬ চিত্র- रकी, भोधा- ७ मधुन, थुः शृः जृजीय भजक

[আগুতোব মিউজিরম]

বাকুড়া (পশ্চিমবঙ্গ) অঞ্চলীয় পোথড়নায় প্রাপ্ত পাষাণমৃতি।

১৭ চিত্ৰ—বৈদিক আশ্ৰম

[পাঠাগার-প্রাচীয়চিত্র, কলিকাত। বিশ্ববিগালয়; ভারতীয় প্রান্ধতদ্বিভাগের লৌকভে মৃদ্রিভ।] মহাপাদপমূদে বেদীচন্ত্রে উপবেশন করিয়া মহর্ষি শ্রুতি ব্যাখ্যা করিতেছেন। আই বুরীকারি উপিছি শিশুমণ্ডলী একাঞ্চিত্তে তাহা শ্রুবণ করিতেছেন। বাম পার্থে আশ্রুম বালিকাগণ বুক্তরোপণে নিবুকা। পশ্চাতে মহর্ষির আশ্রুমকুটার। দক্ষিণে শ্রোতিশ্বনী।

১৮ চিত্র-সাঁচিফলকে রাজগৃহ

রথারত রাজগৃহাধিপতি অজাতশক্ত অমাত্য, পরিজন ও যদ্ভিগণসহ উৎসবম্প্রপে গমন করিতেছেন। কনক দর্পণ-করে রাজমহিষী, সথীগণসহ, বাতারনের সন্মুখবর্তী দারুময় 'ইক্সকোষ' (বারান্দা) হইতে শোভাষাত্রা অবলোকন করিতেছেন।

রাজগৃহের দারুনির্শিত বারান্দা অবশেষে রাজ্জানে 'ঝরোকা ও থাবার' গঠনশিক্ষে বিকশিত হইয়াছে। রাজগৃহের থিশান-ছাদ নালন্দা, ভূবনেখর ও গোয়ালিয়রে অফুস্ত হইয়াছে।

রাজগৃহের প্রস্তরথগুরত পথগুলি মোহেন্-জো-দড়ো এবং বারাণসীর তোরণদার-সমন্বিত্
অপরিসর পথগুলির সদৃশ ছিল। বেণুবাদনরত নাগরিকর্মের শিরোক্টেনী বস্তুগুছে (পাগড়ী)
বৈদিক ভারতের ক্ষত্রিয় ও বৈশ্বজনগণের পাগড়ীর অফুরুপ ছিল (১৩ চিত্র)। মগধের মহিষী ও
স্থীগণের ব্যবহৃত অল্কারগুলির অধিকাংশ রাজস্থানে অছাপি অফুক্ত হইতেছে।

১৯ চিত্র- মনসা, থু: একাদশ শতক

আভতোষ মিউজিয়ম]

উত্তর বাংলার দিনাজপুর অঞ্চলে আবিষ্ণত প্রস্তরমূর্তি মনসা!

২০ চিত্র—অশোক তম্ভ, গাঁচি, খৃঃ পুঃ তৃতীয় শতক

[সাঁচি-ভূপের বেদিকাগাত্রে খোদিত পাষাণফলকোৎকীর্ণ অশোক স্বন্ধের প্রতিকৃতি]

মেঘদ্ত মহাকাব্যে বর্ণিত—বেত্রবতী নদীতীরস্থ পূর্ব্ধ-মালবের রাজধানী—বিদিশার (বেশনগর) উপকঠিছিত অনুচ্চ শৈলোপরি (বর্ত্তমান সাঁচি, প্রাচীন 'কাকনার') মহাসম্রাট্ অংশাক তুপ এবং তুপের দক্ষিণ তোরণের পূর্ব্বপার্থে বৃদ্ধপ্রবর্ত্তিত 'ধর্মচক্র'শীর্ষ সিংহত্তম্ভ (অংশাকস্তম্ভ) প্রতিষ্ঠিত করিয়াছিলেন। সাঁচিক্ষেত্রে একটি মহাবিহারও তিনি হাপিত করিয়াছিলেন। কেহ কেহ বলেন যে, বৃদ্ধপূর্বারণে গাঁচি শৈলদেশে বৈদিক আর্থ্যগণ মন্ত্রক্রিয়া সমাহিত তথা কুলপতি মহর্ষিগণের সমাধিত্বপ প্রতিষ্ঠিত করিতেন। উক্ত সমাধিত্বপের আদর্শে সাঁচিত্বপ পরিক্রিত হইরাছিল।

খৃঃ পৃঃ তৃতীয় শতাকীর শেষ ভাগ ইইতে খৃঃ একাদশ শতাকী অবধি বৌদ্ধ-সংস্কৃতির অস্ততম শ্রেষ্ঠ শিক্ষাকেন্দ্ররণে প্রাসিদ্ধ কইয়া সাঁচি ভারতীয় স্থাপত্য কলার উত্তরোত্তর বিকাশ সংসাধিত করিয়াছিল। শশেক তত্ত-নদ্দার ব্রহ্মকরণের প্রতীক। মানসারোবরের ক্ষর্ভপূই ব্রহ্মকরণের মৃণালপ্রতিম অশোক তত্তের কর হইতে অর্গন্ধে উথিত অক্ট কমল-কোরকরর এবং মপ্তাসুথে অবনত অবকদলের কারুমগুন সঙ্কেত করিতেছে যে, হিমালরসঞ্জাত, অর্গ-মর্ত্য-সংযোজক, ব্রহ্মকমলের আদর্শে অশোক তত্ত স্ট হইরাছিল। পূর্ণপ্রকৃতিত ব্রহ্মকমলের অরপই প্রকৃতিত করিতেছে পদ্মপ্রতিম ধর্মকক্রা। পশুপতির প্রতিভূ পশুরাজের শিরে ধর্মপতির মঙ্গলচক্র। পাশবিক-শক্তি-দলিত বাধ্যতান্দাক দমন ও শাসনের পরিবর্তে প্রেমধর্শের মধুমর চক্রসঞ্চালনে ক্ষন ও পোষ্ঠের নিয়ন্ত্রণ করিরাছিল অশোকীয় রাজনীতির অহিংস ধর্মদণ্ড।

শর্মচক্রের পরিচয় বৃদ্ধের উপদেশপূর্ণ 'ধর্মচক্র-প্রবর্তন-হত্ত' নামক পালি গ্রাছে পাঞ্চয়া বায়। আগ্রা-বোষাই রেলপথের সাঁচি ষ্টেসন ভূপাল জংসনের দশ ক্রোশ পূর্ববর্তী।

- ২১ চিত্র- জরাসদ্ধকা বৈঠক, রাজগৃহ, খু: পু: ৮০০
- ২২ চিত্র-দক্ষিণ তোরণের অবশেষ, রাজগৃহ, थुः পৃ: ৮০০
- ২৩ চিজ-মনিরার মঠ, রাজগৃহ
- ২৪ চিত্র-সোণার ভাণ্ডার গুহা, রাজগৃহ
- ২৫ চিত্র—উলাত ভার্য্য, মনিয়ার মঠ, রাজগৃহ
- ২৬ চিত্র—গাঁচিত্রপ ও উত্তর তোরণ, থৃ: পৃ: বিতীয়-প্রথম শতক
- ২৭ চিজ্ৰ-বৃদ্ধগন্তা মন্দিরের অনুকৃতি, থৃঃ পুঃ বিতীয় শতক

উরুবিশ্ব অরণ্যে মহাবোধিপাদপমূলে যে হানে বৃদ্ধদেব সম্বোধিলাভ করিয়াছিলেন মহাসম্রাট্ অশোক তরুপরি যে ক্সাসিংহাসন ও মন্দির প্রতিষ্ঠিত করিয়াছিলেন তাহার চিত্র ভরুৎস্থূপে থোদিত হইয়াছিল। বর্জমান চিত্রথানি ভরুৎস্থূপে থোদিত অশোকনির্মিত বৃদ্ধসায়া মন্দিরের অহুক্কৃতি।

- ২৮ চিত্র- ত্বিছনির্মিত হার্ম্মিকাশীর্ম মন্দির, বুদ্ধগয়া, খৃঃ পৃঃ প্রথম শতক
- ২৯ চিত্র—খ্র: পঞ্চদশ শতকে পুনর্নির্শ্বিত বৃদ্ধগয়া মন্দির
- ৩০ চিত্র—তেশিকা মন্দির, গোয়ালিয়র, মধ্যভারত, খৃ. একাদশ শতক

৯৫ • হইতে ১০৫ • খৃষ্টান্দের মধ্যে থাজ্রাহে। রাজ্যের চন্দেল নরপতিগণ প্রায় একবর্গ মাইল-পরিমিত ভূথপ্তের উপর শৈব-, বৈফব- ও জৈন-পর্য্যায়ী কতিপয় স্কল্পর মন্দির নির্দ্ধিত করাইরাছিলেন; গোয়ালিয়া তুর্গে বিভ্যমান ডেলিকা মন্দির ভাহাদের মধ্যে একটি।

৬০'×৪৬'×৮০' উচ্চ মন্দিরের নাগরশৈলী, অঙ্গবিদ্যাস ও মনোরম আকৃতি সম্পূর্ণ অভিনব।
সমগ্র ভারতে কেবলমাত্র ভূবনেশ্বর কেত্রের 'বৈতাল দেউল' (৯০০ খঃ) শিবমন্দির ইহার অন্ধ্রপ।
৩০'×১৫' আরভ গর্ভস্ত্রের চতুআচীর সরল অবক্রভাবে ৬০' উপরে 'ছর্ল' দেশ পর্যন্ত উঠিরাছে।
20-18728

তহপরি চৈত্য-খিলাবাকার আক্ষাদম। আক্ষাদনের উত্তর পার্ছে বিসংখ্যক চৈত্য-যাতারন। মন্দিরের পুরোভাগসংশয়, মন্দিরেরই অনুকৃতি, মুখমগুপের প্রবেশপধাবদ্ধনে গর্ভগৃহে বাওয়া বাম।

৩১ **চিত্র**—বেগুনিরা মন্দির, বীরভূম, পশ্চিমবঙ্গ, খৃঃ ষঠদশ শতক উৎকল প্রদেশীয় গুপ্ত-স্থাপত্যশৈশীর বন্দোপবোগী অভিব্যক্তি।

৩২ চিত্র-মদনমোহন মন্দির, বিষ্ণুপুর, পশ্চিমবঙ্গ, খ্যঃ সপ্তদশ শতক

প্রাচীন মরভূম রাজ্যের রাজধানী বিষ্ণুপ্রের মররাজগণ বহু শতাকী বাবং বজের পশ্চিম সীমান্তে রাজত্ব করিয়াছিলেন। বিষ্ণুপ্রের মদনগোপাল, মদনমোহন, জোড়বাংলা প্রভৃতি মন্দিরগুলি বঙ্গীর হাপত্যের অপূর্ব্ব নিদর্শন। বিষ্ণুপুর প্রাচীনবঙ্গীয় শিল্প ও সংস্কৃতির অক্সতম শ্রেষ্ঠ কেন্দ্র ছিল।

৩৩ চিত্র—কাম্বমন্দির, দিনাব্রপুর, উত্তরবন্ধ, থ্য অষ্টাদশ শতক

কান্ত নগরে একটি বছ প্রাচীন ছর্ণের ধ্বংসাবশেষ দৃষ্ট হয়। প্রবাদ, একদা ইহা মহাভারতোক্ত মংশুরাজ বিরাটের ছর্গ ছিল। বিবিধ কারুকার্য্য এবং রামায়ণ ও মহাভারতের বিশিষ্ট বিশিষ্ট ঘটনাবলী উৎকীর্ণ, অগ্নিদগ্ধ মৃত্তিকার অনৃঢ় ফলকমণ্ডিত 'নবরত্ব' বিষ্ণুমন্দিরটি অতীব অন্দর ছিল। অর্দ্ধ-শত বংসর পূর্বে, প্রবল ভূমিকম্পের ফলে, মন্দিরের শিথর ভূমিসাং হয়। তৎপরে মন্দিরের সংশ্বার হয়। বর্তুমান চিত্রখানি প্রাচীন মন্দিরের।

৩৪ চিত্র-বুন্দাবনচক্র মন্দির, গুপ্তিপাড়া, পশ্চিমবন্ধ, থৃঃ অষ্টাদশ শতক

ত্রিবেণী ও নবদীপের মধ্যবর্তী স্থানীয় গুপ্তিপাড়ার একদা বছসংখ্যক দেবায়তন বিরাজ করিত। তাহাদের মধ্যে বুলাবনচন্দ্র, রুক্ষচন্দ্র, রামচন্দ্র ও চৈতগুদেবের মন্দিরগুলি দণ্ডায়মান আছে। বুলাবনচন্দ্রের মন্দির সর্ব্বাপেক্ষা স্থান্দর ও শ্রেষ্ঠ কার্ক্ষকলাভূষিত। রক্তবর্ণ ইপ্টকে নির্দ্ধিত দেখালয়গাত্রে দেবদেবীর প্রাণবস্ত মূর্ত্তি, রামায়ণ ও মহাভারতের ঘটনাবলী ও প্রসিদ্ধ বৈক্ষবাচার্য্যগণের আখ্যায়িক। উৎকীর্ণ আছে।

- ৩৫ চিত্র ব্যাধরমণী, মহীশুর, থ্: বাদশ শতক চিত্র পরিচয় ২৮ পৃষ্ঠায় প্রদন্ত হইরাছে।
- ৩৬ **চিত্র**—মহাযোগী, হড়প্প।

 চিত্র পরিচর ২৯ পৃষ্ঠার প্রদন্ত হ**ই**রাছে।
- ৩৭ চিত্র—গঞ্চগন্দী, ভরুৎ, থৃ: পৃ: বিতীয় শতক চিত্র পদিচয় ৩০ পৃষ্ঠায় প্রাক্ত হইয়াছে।

🍅৮ ভিজ্ঞ-নারারণের অনস্তশরন, দেবগড় (মধ্যভারত), ৫০০ খৃঃ

শুর্থ মন্দির প্রবর্তনের প্রথম পর্বে কৃত্র চতুরতা গর্ভগৃহোপরি শিথর বিহীন সমতল আচ্ছাদন এবং প্রবেশবারের সন্মুথে একটি অনাড়ম্বর অনিন্দ (মুথমগুণ) নির্দ্ধিত হইত। ক্রমশঃ সেই প্রথা বর্জন করিরা গর্ভগৃহের শীর্বভাগে আমলক-ও কলস-শোভিত বিমান এবং মন্দিরের চতুপার্শে সমতল আচ্ছাদনবিশিষ্ট চতু:সংখ্যক অনিন্দ গঠিত হইরাছিল।

দেবগড়ের বিশ্বমন্দির তজপ বিমানবিশিষ্ঠ, আমলক ও কলসনীর, গুপ্ত-দেবায়তনের উদাহরণ।
প্রাক্তরমর দেবদেউলের সর্ব্ধ অঙ্গ, প্রবেশধার এবং স্তম্ভসমূহ অমূপম দেবমূর্তিশোভিত তথা কীর্তিমূখ
ও লতাপ্তেশর শ্রেষ্ঠ কারুমণ্ডিত। চিত্রে দৃগুমান নারায়ণের অনন্তশায়নের উদ্গত-ফলক অপূর্ব্ব স্থানার ও মহিমামুয়।

🍅 চিজ- নৃভ্যোৎসব, অজণীর ১নং বিহারের প্রাচীরচিজ, ৬০০ খৃঃ

দারুমর স্থাপত্যের বিচিত্র রাজপ্রাসাদ-সংলগ্ধ প্রস্তরমর প্রাক্তণে উৎসব-উৎফুল্ল প্রনারীগণের হাস্ত-লাস্ত-ভরা আনন্দ নৃত্যের বহুবর্ণ চিত্র মহাযানীয় বৌদ্ধ সংস্কৃতির অপূর্ব্ধ অবদান। চিত্র হইতে প্রাচীন ভারতের পুরললনার বেশভূষা, আভরণ ও বাত্তযন্ত্রের অভিজ্ঞান আহরিত হয়।

8. जिल-शानामकीयन, अकणीत >नः विशासत श्रीवितिष्ठा, ७०० थुः

অঞ্জনীর ১নং গুছা-প্রাচীরগাত্তে উজ্জল বর্ণে চিত্রিত, মহাজনক জাতকে বর্ণিত, প্রাসাদ-জীবনের পরিচয় প্রদত্ত হইয়াছে। দারুময় শুস্তবিশিষ্ট বিচিত্র মণ্ডপমধ্যে সপ্তফণানাগচিছিত পথ্যক্তে উপবিষ্ট রাজা ও রাণিকে আবেষ্টন করিয়া চামরধারিণী ও করঙ্কবাহিনীসহ সধীরন্দের হর্ষোলাস এবং চিত্রের বাম প্রান্তে দণ্ডায়মান কঞ্কীর উৎফুল আনন দ্রষ্টব্য। অজ্ঞান ধ্যানসিদ্ধ সাধকশিরী অভিপ্রাক্তত অমুভূতিসম্পাতে তদীয় বহুবর্ণোজ্জল চিত্রের মাধ্যমে ধর্মপ্রাণ প্রাসাদজীবনের মহিমা প্রকৃতিত করিয়াছেন।

85 চিত্র-প্রাচীরচিত্র, কৈলবারা (রাজস্থান), খৃঃ উনবিংশ শতক

মেবার রাজধানী উদয়পুর হইতে আরাবল্লীর গিরিসক্ষটপথে উত্তর-পশ্চিমে কুন্তুলগড় (কমলমীর) হুর্গ অভিমূপে গমনকালে, প্রায় ২০ ক্রোল দূরে, প্রসিদ্ধ কৈলবারা হুর্গনগরী অতিক্রম করিতে হয় ৷ চিত্রে কৈলবারার একাংলে অবহিত একটি ক্লয়কের মৃন্ময় কুটীরগাত্রে অভিত গভিশীল অথ ও হস্তীকে প্রাচীন ভারতীয় চিত্রান্ধনপদ্ধতির পরম্পরাগত অভিব্যক্তিরপে বিবেচিত করা বার ৷

আলাউদীনের কবল হইতে চিতোর-ছর্ণরক্ষাকরে কৈলবারার রাজপুতলন্ধার স্বীয় প্রাণোৎসর্গ করিছাছিলেন। ছর্ণের পাবাণ-প্রাকারপ্রান্তে বথার তাঁহার পতন হইরাছিল তথার একটি প্রস্তরময় ছত্রী জাঁহার স্বতিচিত্ত বহন করিয়া দুখার্মান।

8২ চিত্র-প্রাচীরচিত্র, রতনগড় (বীকানার), খু: উনবিংশ শ তক

রাজহানীয় রতনগড় নগরীর শ্রেষ্ঠী মহলার অবস্থিত একট সৌধভবনের অক্ষরমহণের প্রাচীরগাত্তে চিরাচরিত প্রথামত বিবিধ বর্ণে চিত্রিত রাজপুতজ্ঞাবন-কাহিনার বিশেষ পর্বা।

৪৩ চিত্র-ষকী, দিদারগঞ্জ, পাটলিপুত্র, খৃঃ পুঃ ভৃতীয় শতক

পাষাণমন্ত্রী চামরধারিণী যক্ষীর বশদৃপ্তা প্রতিম। মৌর্য্য ভারতের শ্রেষ্ঠ ভারণ্যসমূহের অস্ততম ।

88 চিত্রে—বৃদ্ধ, সারনাথ, খৃঃ পৃঃ ভৃতীয় শতক

বৃদ্ধগয়ায় উকৰিব অরণ্যের মহাবোধিপাদপম্লে সবোধিলাভের পরে সন্ধর্ম প্রচারের উদ্দেশে বৃদ্ধ বারাণদীতে গমন করেন। চিত্রে বারাণদীর প্রত্যম্ভাঞ্চলীয় সারনাধের মৃগদাব অরণ্যে বর্দ্ধপ্রচাররত তথাগতসমীপে তদীয় শিহারুল ও শ্রোভূমগুলী দৃষ্ট হইতেছে।

৪৫ চিত্র-লিকরাজ মন্দির, ভুবনেশ্বর (উড়িয়া), ১০০০ খৃঃ

কেশরীবংশীর প্রবেশ পরাক্রান্ত নরপতি যথাতি কেশরী ভূবনেশ্বর তীর্থে শ্রীমন্দিরের 'বিমান' (মূল গর্ভমন্দির) নির্মাণ স্থচিত করাইরাছিলেন। ললাটেন্দুকেশরীর রাজস্বকালে সেই 'বিমান'-সংলগ্ধ জগমোহনমগুণ স্থাপিত করা হয়। জ্বতংপর গঙ্গাবংশীয় নূপতি নৃসিংহদেব মন্দিরসংশ্লিষ্ট নৃত্যমগুণ এবং ভোগমগুণ নির্মিত করাইয়া দেন।

প্রথমের দৃঢ় প্রাকারবেষ্টিত ২২-' দীর্ঘ ও ৪৬৫' প্রস্থ প্রাক্ষণমধ্যে ইতন্ততঃ বিশ্বমান দেবদেউলসহ ১৮-' উচ্চ 'রথপাগ' বিমান শোভিত—আমলক, কল্স ও ত্রিশ্লবিশিষ্ট—'শ্বরজু' মহালিক্ষসমন্বিত বিপুল বিরাট্ পাষাণ দেবারতন লিকরাজ সৌল্ব্যগান্তীর্ব্যে অভূতপূর্ব্ব ৷ অভূলনীয় তাহার লতামগুনশির তথা পার্বতী ও কার্ত্তিকেয় প্রভৃতির উল্গত ভাহর্য ৷ গুপ্ত-স্থাপত্যশৈশীর পরম উৎকর্ষ হইয়াছিল ভূবনেশ্বের লিক্ষরাজ এবং কোণার্কের স্থ্যমন্দিরে ৷

পরভরামেশর (१৫० খঃ), বৈতাল দেউল (৯০০ খঃ), মুক্তেশর (৯৭৫ খঃ), অনস্ত বাস্পেব (১১০০ খঃ) ও রাজারাণী (১২০০ খঃ) প্রভৃতি অনিন্দ্যক্ষমর দেবায়তনলমূহ ভূবনেশরের আফ্রকাননেই প্রাকৃতিত হইরাছিল।

৪৬ চিত্র-কল্পা মহাদেব মন্দির, খাজুরাহো (মধ্যভারত), ১০০০ খৃঃ

প্রাচীন ভারতীয় বছ মন্দিরের মগুপসমূহ মূল মন্দির হইতে বিচ্যুত এবং মূল মন্দিরের সমুধ্য

উন্ত আগবে মন্তিরসালিখ্যে গঠিত করা হইত। খৃঃ সপ্তম-অন্তম শতকে নির্মিত নহাবলীপ্রের মধমন্দির (৫৭ চিত্র) এবং ১০২৫ খৃটান্দে প্রতিষ্ঠিত মুধেরার স্ব্যমন্দির (৫৬ চিত্র) প্রভৃতি ভাষার উদাহরণ। অতংপর মৃণ মন্দিরের সহিত মগুপকে 'মন্তরাল' দারা সংযুক্ত করার প্রথা প্রচলিত হয়। কম্মণ্ডিদেকের মৃণ গর্ভমন্দিরের সহিত স্বতন্ত্র স্বতন্ত্র নিধর কিরীটবিলিট স্থানর স্থানর মঞ্জন মগুপ, আর্থনি, আলালি একর প্রথান ক্রের্মান, আলিক্ষ একং পঞ্চসংখ্যক স্থারিসর ইক্রকোর (বারান্দা) আলালিস্ভাবে একর প্রথিত হইয়াছে।

দেবারতনের অভ্যন্তরভাগে আলোক আনরনের নিমিত্ত পারি সারি বাতারনের বাবন্থা এবং রিষ্টিপ্রবেশ কর্দ্ধ করিবার জন্ম প্রদারিত 'ছাজা'র (cornice) প্রয়োগ কলর্ঘ্য মন্দিরের গঠনে সম্পূর্ণ অভিনব। পরবর্ত্তী রূগে বুগে হিন্দু-মূবল তথা রাজহানা সৌধমন্দির-নির্মাণে উক্ত প্রকার বাতারন এবং 'ছাজা'র প্রয়োগ ব্যাপকভাবে অনুস্ত হইয়াছিল।

১৪' উক্ত স্থাভন পাদপীঠের উপরে দঞ্জায়মান ১২০' উক্ত শিধরসমন্বিত, ৬৫০ সংখ্যক স্থাম স্থানর প্রতিমাভূষিত নয়নাভিরাম দেবায়তনের গুপুপর্যায়ী স্থাপত্যশৈলী মধ্যবুগের রাজহানী মন্দিরস্থাপত্যকে বিশেষভাবে প্রভাবিত করিয়াছিল।

89 চিত্র—উদরেশর মন্দির, গোরালিয়র (মধ্যভারত), খৃ: একাদশ শতক

সৌন্দর্যাস্থ্য উদরেখর দেবদেউল ভারতের শ্রেষ্ঠ দেবায়তনসমূহের অন্ততম। তাহার সৌষ্ঠব, অন্সবিভাস এবং অনিন্দাস্থলর রূপায়ণ স্থাপত্যের ইতিহাসে বিশিষ্ট স্থান অধিকার করিয়াছে।

মন্দিরের চন্দেল-শুপ্ত স্থাপত্যভলিম। পূর্ব্বোক্ত কলব্য মন্দিরশৈলীর অভিনব অভিব্যক্তি। পাদভাগের 'ব্রপ্র্য' হইতে বিমানের 'য়ন্ধ' পর্যান্ত বিলম্বিত চতুংসংখ্যক স্থাবি, স্থাক শিল্পাচিত, নিলাফলক (বরাত্তি) এবং পাদমূল হইতে শীর্বদেশের আমলক পণ্যন্ত লঘুবক্র, ঈবংস্ফল, স্থভৌল গঠন ভারতীয় মন্দিরসম্পুক্ত বছবিধ বিমানসমূহের মধ্যে বিচিত্র ও বৈশিষ্ট্যপূর্ণ।

কমোজীয় আছরভাট (ছাদশ শতক) বিষ্ণুমন্দিরের গগনস্পর্শী বিমানের গঠন (৭২খ চিত্র) প্রাচীনতর উদরেশ্বর বিষ্ণুমন্দিরের বিমানের গঠনের প্রায় অনুরূপ।

৪৮ চিত্র-উদরেশ্বর মন্দিরের কাঞ্চকলা, পু: একাদশ শতক

মন্দিরের বিমান হইতে উদগত, লতাপূপমণ্ডিত, চৈত্যবাতারনের শীর্ষভাগে মন্দিরের রক্ষক 'কীন্তিমুখ', মধ্যভাগে শিবলীলা এবং নিমদেশে নারায়ণের সমভন্ন সৌম্যসূর্ত্তি উৎকীর্ণ।

৪৯ চিজ-বুহদীবর (শিব) মন্দির, তাঞ্জোর (মাদ্রাজ), ১০০০ খু:

দর্শনপরারণ চোল নরপতি রাজরাজদেব কর্ত্ব প্রতিষ্ঠিত বৃহদীখন দেখায়তন শক্তিমান্ চোল হাপত্যের প্রকৃষ্ট নিদর্শন। ১৮০'× ১৮০' চতুরত্র আসনের (পাদপীঠ) উপরে ২০০' উচ্চ স্তরবদ্ধ ক্রমসন্ম, বৃষ্ণভাষ্যক, বিমানোপরি বিরাট্ স্থপত্ন্য মন্দিরশিখর গগনস্পর্শী বোগিরাজ মহাদেবের উদাত্ত গাঙীর্ব্য প্রকটিভ করিছেছে।

সাড়দর শোভাষাত্রাসহ শিবক্ষেত্রে সমাগত ধর্মপ্রাণ রাজর্ষির মন্দ্রিপ্রভিষ্ঠা-সম্পূক্ত মহোৎসবের প্রাচীন চিত্রপট সাধনাসিদ্ধ শৈবশিরীর শ্রেষ্ঠ স্ক্রনী-প্রতিভার পরিচারক।

৫০ চিত্র-বিরূপাক মন্দির, পট্টদকল (বোশাই), ৭৪০ খু:

খৃ: পঞ্চম-বঠ শতকে বোদাই প্রদেশীর ধারওয়ার বিভাগে প্রথম পর্যারী গুরুহাপত্য প্রচলিত ছিল। বিমানবিহীন দেবালয়সমূহের আচ্ছাদন হইত সমসাময়িক মধ্যভারতীয় গুরু দেবারতনের সমতল ছাদের সমতুল্য।

ষষ্ঠ শতকে বাদামি নগরের সপ্তক্রোশ পূর্ববর্তী চালুক্য রাজধানী আইছোল মহানগরে, গুপ্ত-চালুক্য স্থাপত্যের আদর্শে, কলস-আমলকণীর্য অমুচ্চ বিমানসহ স্কুষ্ঠ হুর্গামন্দিরের প্রথম স্কৃষ্টি।

সপ্তম শতকে স্থানীয় চালুক্য স্থাপত্যশৈলীয় পরবর্ত্তী বিকাশকালে উচ্চবিমান বিষ্ণুমন্দির পাপনাথ গঠিত হয়।

খৃঃ অইম শতকে চালুক্যপতি বিতীয় বিক্রমাদিত্য বাদামির পঞ্চক্রোশ উত্তর-পূর্ববর্ত্তী পট্টদকলে ত্রিশূল, কলস ও অমুচ্চ ভূপপ্রতিম অনতি-উচ্চ শিধরবিশিষ্ট—হিমালয় পর্বতের কৈলাসশৃন্ধের অমুক্ততি—যে নয়নাভিরাম বিরূপাক্ষ (শিব)-মিদর প্রতিষ্ঠিত কয়েন তাহাকে গুপ্তসংস্কৃতি-প্রভাবিত চালুক্য স্থাপত্যের পরম পরিণতি বলা যায়! স্ক্রাম বিরূপাক্ষ দেবায়তনের আদর্শেই ইলাপুরী (এলোরা) ধামে সর্বপ্রেষ্ঠ কৈলাসমন্দির স্বন্ধ হইরাছিল এবং হিমালয়ের কৈলাসশৃন্ধই কৈলাসমন্দিরের শিথর-পরিকল্পনার প্রেরণা প্রদান করিয়াছিল, এইরূপ জনক্রান্তি বিশ্বমান আছে।

৫১ চিত্র-হরশালেশর মন্দির, হালবিদ (মহীশুর), থঃ বাদশ শতক

খৃঃ ষষ্ঠ হইতে বাদশ শতক পর্যান্ত প্রবল পরাক্রান্ত চালুক্যরাষ্ট্র বন্ধিণ ভারত শাসন করিয়াছিল। ষষ্ঠ শতকের প্রারম্ভেই কিন্ত ধারওঁয়ারে চালুক্যমাপত্যের উল্মেষ হইয়াছিল। সপ্তমআইম শতকে উত্তরভারতীয় গুপ্ত এবং দক্ষিণভারতীয় পজ্লবস্থাপত্যের বিশিষ্ট বিশিষ্ট অবদানপুট
চালুক্যমাপত্যের স্থাশাভন বিকাশ এবং দশম শতকাবিধ দাক্ষিণাত্যে তাহার প্রবর্জমান প্রসার।
তৎপরে হয়শালা রাষ্ট্রের জৈন নরণতিগণ চালুক্যশক্তিকে ক্রমশঃ নিজেজ করিয়া, একাদশ হইতে
ক্রমোদশ শতকের মধ্যে, স্থানীয় পরস্পরাগত মহীশ্রী (জৈন) শিল্পিক্তার উন্তোগে চালুক্যসংস্কৃতিপ্রভাবিত নববিকশিত হয়শালা-স্থাপত্যে বন্ধ্যাগ্রক স্বেবায়তন প্রতিষ্ঠিত করেন।

হরশালা মন্দিরের আসনবিন্তাস ভারতের অভান্ত মন্দিরের আসন হইতে বভর ছিল।
কুল বন্দিরের পাদপীঠ (আসন) হইত নক্ষত্রের অফুক্তি; লিগরও নক্ষত্রাকার হইত। স্থ-উচ্চ বেদীপীঠে দভারমান দেবারতনের অভান্তরে প্রদক্ষিণ-পথ থাকিত না। দেবারতনের বহির্ভাগে,
চতুপার্বেই, বিবিধ দেবদেবীর প্রতিমা সন্নিবেশিত হইত। লতামগুল-বিভূবিত বিচিত্র তোরণসমূশ উলগত-ইস্ককোবের অর্থাৎ কুলুলীর মধ্যে স্ক্রাম স্কুজিম প্রতিমাসমূহ—রনগ্রাহী দর্শকরন্দের চিত্তমূক্রে মহীশ্রের চন্দনকার্চ অথবা ত্রিবান্থ্রের হন্তিদন্ত-খোদিত, অতি ক্ষুর, স্কুমার মৃর্তিশিল্প তথা শ্রেষ্ঠ মণিকারের স্থিনপুণ হন্তসম্ভূত স্কুচাক অলভারের শ্রেষ্ঠ সৌন্দর্ব্য প্রতিবিধিত কলে (৩৫ ও ৬৪ চিত্র)।

চিত্রে মন্দিরের প্রধান প্রবেশহারসহ প্রোভাগের নিয়াংশ (মণ্ডোবর) পরিলক্ষিত হইতেছে।
নক্ষান্ত্রণ আমলকশিলা-শোভিত, স্বর্ণকলসনীর্ব, চতুরপ্র, উন্নত বিমান ভূমিসাং ইইরাছে।
তৎসত্ত্বেও সমগ্র মন্দিরের হরশালা (কৈন)-হাপত্য কিরুপ আকর্ষণীয় ছিল বর্তমান অলহীন
দেবারতনের অতুলনীর 'মণ্ডোবর' হইতেই তাহা অনুমান করা যায়।

হয়শালা নরপতির হয়শালেশর-দেবদেউল-কেন্দ্রী বিশাল রাজধানী ছারসমুদ্রের ভগাবশেষ
মহীশুর হইতে পঞ্চবিংশতি ক্রোশ উত্তর-পশ্চিমে ইতস্ততঃ বিক্ষিপ্ত। মৌনমহিম প্রকৃতিরাণীর
মনোরম আবেষ্টনে বিরাজমান—একদা প্রভৃত ঐর্ধ্যসম্পদ্সমৃদ্ধ দারসমুদ্রের বর্তমান শোচনীর
পরিণাম এবং দারসমৃদ্র নামধের অধুনাতন নগণ্য গ্রামপল্লীর প্রীহীন কলেবর অতীব মর্শুস্কদ।

৫২ চিত্র-রাধারুক ও ভবানী মন্দির, ভাটগাঁও (নেপাল), খুঃ ষ্ঠদশ শতক

অভিরাম হাপত্যশিরের আভিজাত্যগরিমাদীপ্ত বিশাল মহানগরীপ্রান্তে শান্তিময় সৌন্দর্যময় পরিবেশে বিরাজমান—চিত্রের দক্ষিণ পার্শ্বে দৃগুমান—রাধারুক্ত মন্দির উত্তরভারতীর গুপ্তহাপত্যের নাগর-শিশ্বর-শৈলীর আদর্শে গঠিত। মধ্যভাগে বিচিত্র ভবানী মন্দির; তাহার রূপারণে চীনদেশীর প্রাগোভা-মন্দিরের শুকু (অবক্র) গঠন প্রতিভাত হইরাছে।

মেবারের পতন হইলে মহারাজকুমার কর্ণসিংহ বছসংখ্যক মেবারী পরিজন, জমাত্য, সৈলসামন্ত ও শিল্পিছ নেপালে জডিয়ান করিয়া একটি নৃতন রাষ্ট্রের তথা প্রাথ্যাত 'নেবার' শিল্পের প্রবর্তন করেন। রাজোরাড়া সংস্কৃতিসভূত নরনশোভন স্থাপত্যের সহিত গুপ্ত-পাল শিল্পসংস্কৃতি প্রবং ব্রন্ধ-চীন-প্রভাবিত-নেপাল-জাত তক্ষণশিলের অসমঞ্জন সমন্বরে যে শ্রেষ্ঠ 'নেবার' হাপত্য ও স্কাকর্ম্ম উত্ত হইয়াছিল মধ্যবুগের জলভারবহুল নেপালী স্থাপত্য ও তক্ষণশিল্প, চিত্রকলা ও ধাতৃমর ভার্ব্য তাহার উদাহরণ।

উত্তর-পূর্ব হিমানরস্ঞাত নেপানী হাপত্যের গঠনে দক্ষিণ-পশ্চিম-ভারতীয় ভরণাানীসভ্ত কালাড়ী[এবং মালাবারী দারুমর হাপত্যের বিশ্বরশ্রেদ সান্ত পরিলক্ষিত হয়।

৫৩ চিজ্ঞ- শহরাচার্য্য মন্দির, জ্রীনগর (কান্ধীর), বুঃ ক্রম শতক

গুণুরাট্রের অবসানকালে কাশ্মীরণতি দলিতাদিত্যের উন্নোচন, কাশ্মীর রাজ্যে, উন্ধরভারতীর গুণুহার্ণাত্য বিশিষ্ট রূপ ধারণ করিয়াছিল। স্থ-উচ্চ শৈলশিথরে তথপ্রতিষ্ঠিত শব্দরাচার্ব্য বিশিষ্ট বেদান্ত-ভাগ্যকারের আত্মকেন্দ্রিক সমাধিস্থভাব প্রকটিত করিতেছে।

ব্যক্তর শিবসন্দিরের স্থাপপ্রতিম কলেবর নিয়ভূমি শ্রীনগর উপত্যকার বছদ্র হইতে দৃষ্ট হয়।

৫৪ চিত্র—চতুভূজ মুন্দির, ওর্চা (মধ্যভারত), ১৬০০ খ্বঃ

ঝুনলখণ্ডের চন্দেল রাজধানী থর্জা নগরীর, নরপতি বীরসিংহ দেও-নির্মিত, অভিকার প্রাসাদসৌধ—অচ্চসলিলা সর্পিল উপননী বেত্রবতীর পূর্ব তীরে অবস্থিত। ধরলোতার পশ্চিম তীরে, রাজপ্রাসাদের সমূধ সারিধ্যে, বিপুলায়তন চতুর্ভু মন্দিরের চন্দের-শুপ্ত স্থাপত্যশৈলী তথা গঠন-প্রণালী বিশারজনক ও বৈশিষ্ট্যমূলক।

বাঁদী মহানগরীর দক্ষিণপ্রাস্তম্ব, প্রাতঃশ্বরণীয়া 'বাঁদীর রাণী' লক্ষীবাজী-ব্যবহৃত, প্রাসিদ্ধ বিরিদ্ধর্গ হইতে পঞ্জোশ দ্বে সমতল বিদ্ধ্য উপত্যকায় ওঠা অবস্থিত।

ee **किळ**—र्रश्मित, त्वांगार्क (छेड़िशा), ১२०० थ्:

গলাবংশীয় উৎকলন্পতি প্রথম নৃসিংহদেব-প্রতিষ্ঠিত, ফ্রার্থের প্রতীক, মৃলমন্দিরের উপরিভাগ ভূমিসাৎ হইরাছে। চিত্রে মূল ফ্র্যমন্দির-সংলগ্ন ১০০'×১০০' সৃখ্যমন্ত্রপ (জগমোহন) দৃশ্রমান।

৮৭৫'×৫৪॰' প্রাঙ্গণমধ্যে প্রস্তরময় প্রাক্ষার এবং ত্রিসংখ্যক তোরণমার পরিবেটিড, চভূর্বিংশতি-সংখ্যক প্রস্তর-খোদিত ৩০' পরিধিবিশিষ্ট রপচক্র-সমন্বিত, সপ্তসংখ্যক শক্তিমন্ত জ্বান্দরের রথাক্বতিগঠন ও অপূর্ব্ব শিল্পায়ন অভূগনীয় ছিল, এইরপ জনপ্রতি প্রচলিত আছে। বিমানবিহীন শ্রীমন্দিরের বর্তমান রূগে বিভ্যমান বলিষ্ঠ-কারুসমূদ্ধ নিয়াংশ অর্থাৎ পাদভাগ ব্যতীত জগমোহনমগুণ, বিরাট্ রথচক্র এবং ভগ প্রস্তরাশ কিংবদন্তীর সভ্যতার সমর্থন করে। অভ্যা পাদপীঠ ও জন্মার উচ্চতার অন্থপাতের হিসাবে হিরীক্বত হইয়ছে যে, কোপার্কের উচ্চতা ছিল ২২৭'। এত্রছিয়্রে স্থগীয় মনমোহন গান্ধ্বী-সঞ্চনিত্র মৌলিক গ্রন্থ

Grissa and Her Remains বহুসংখ্যক চিত্রসহ বছবিষ তথ্য ও বৃক্তি প্রদান করিয়ছে। জ্ব্যাপক
নির্মান্তর্ক্রীত Canons of Orissan Architecture ও পঠিতব্য।

পুরীধামের দশ ক্রোশ ঈশানকোণে, ভারত মহাসমুদ্রের প্রসারিত খেলাভূমির উপরে, বিরাট্ কর্মাননিয়ের বিশাল ভরতুপ বিভিশ্ন রহিরাছে। ♦७ किंव — प्रश्निमित्र, मृत्यता (छेस्त ७णवाहे), ३०३० क्षा

১০২৫ খুটাৰে প্ৰদীয় ছণ্ডান মায়ুদ প্ৰভাসণতনহিত প্ৰসিদ্ধ শোৰদাৰ বজিত সুঠ্ব ও विभारत कवियात हरे वरतत गरत केंद्रत कव्यत्वत त्यामाविताक व्यथन कीमरतन ब्र्यहाद सूर्यानिक প্ৰতিষ্ঠিত করেন। ১২৯৮ খুটামে দিলীর জ্বতান আগাউনীন খলনী আৰ্ডৰ অধিকাৰ কৰিবাৰ পূৰ্বে সংবিক্ষিত জৈমহাপড়ো লোমনাথ প্নৰিশিত হইৱাছিল। জংকালে লোলাভি রাজধানী অন্হিশবর শন্তদ (পাটদ) বহিভারতের সহিত ভারতের ব্যবসা-বাশিলাদ্লোভ বিশিষ্ট কেন্দ্রসমূহকুর পঞ্চতম ছিল।

अखरनत नत्र क्लाम भूर्स-एक्टिन, वर्खमान चाहरमहाबाह यहामगतीत्र जिम क्लाम छेखरत्न, र्योमिन्दित छ्यांनर्भव विश्वमान। मनिद्वत छेनविछान विनहे इहेशाह। नर्छग्रहत विश्वहमूछ, ভন্ন, বেদীগাত্রে সপ্তাৰ উৎকীর্ণ। শিধরহীন দেবারতনের আসন (ভিডি) ৮০'×৫০'। ভাহার পূর্ব পার্ব (পুরোভাগ) হইতে, অভি সুন্দর স্বস্তুশোভিত অনিন্দ অভিক্রম করিয়া, ১৫'×২৫' 'গুঢ়মওপ' এবং তৎপরে 'গর্ভগৃহে' বাওয়া বার। চতুরত্র গর্ভগৃহের চতুশার্থ-সংলগ্ন প্রদক্ষিণপথ বর্তমান।

অমুপম ভার্ব্যমণ্ডিত স্বমামর স্ব্যমন্দিরের স্কাম আকৃতি ছিল ত্রিবা বিভক্ত-পীঠ (আসনভিত্তি), মণ্ডোবর (শিল্লফলক-খচিত প্রাচীরাবরণ) এবংগ্রন্থ কল্সশীর্ব উন্নত বিমান ।

শীমন্দিরের সমুধ সালিধ্যে, মাত্র ছই গব্দ ব্যবধানে, বিংশতিসংখ্যক স্থুপুত্র গুরু এবং চতুঃসংখ্যক শ্বরম্য তোরণবিশিষ্ট বিচিত্র সভামগুপ। মন্দিরবিচ্যুত সেই সম্ভামগুপের শ্বপর পাৰ্যস্থিত, অমূল্য কাৰুকলাসমূদ্ধ কীৰ্ত্তিভোৱণের মধ্যপথাবলঘনে প্ৰস্তৱমন্ধ সোপানশ্ৰেণী লক্ষ্যান্তে ১৭৬' × ১২ •' 'সূর্যাকৃণ্ড' সরোবরে অবতরণ করিতে হয়।

কুণ্ডের চতুপার্যন্থিত কভিপর সোণানচত্বরে করটি কুদ্র কুদ্র দেবগৃহ বিগ্রহসহ বিগুমা**ন আছে।** বিষ্ণু এবং পীতলা মন্দিরছয়ের গঠন অপূর্বশোভন। সেই জলকুওমধ্যে সোমদেব চল্লের একটি স্থান বিগ্রহ আবিষ্ণত হইরাছে। ভারতবর্ষের অগ্রত্র এতাদুশ চন্ত্রমূর্তি দৃষ্ট হর না।

নিস্তর্জ সাগরসৈকতে সন্ধ্যারাণীর অবতরণের পূর্বে ভর্জরের দিগরপ্রসারিত সমতল ভূভার স্বৰ্ণাঞ্জ কিব্ৰৰে অন্তব্ধন্তিত করিয়া মনীচিমালী বখন অভাচলে গমৰ করিতেন-প্রালাহিত সভামওপের গাষাগঙ্কীৰে পদাসনে উপবিষ্ট অহিংসকৃচি জৈনাচাৰ্য হেৰচক্ৰছারি শিশুপ্রশিখনত ডখন ধর্মমুল শাস্ত্রালোচনার ব্যাপৃত থাকিতেন। কছু বা মঞ্জণে কুথাসনে উপবিষ্ট সভ্যাবেনী শিখসণ বহাৰতি (আচাৰ্য) কঠনিংস্ত আৰীক্ষিকী অৰ্থাৎ আয়তত্ব একাঞ্চিত্তে প্ৰবশত্তে আ স্ব অজীক্ষিয়াস্ত্তিক ষাধ্যমে মননজ্ঞান-সম্পূ ক ভারদর্শনের ধ্যানধারণ। করিতেন। পূর্ণপ্রাকৃষ্টিত হাপত্যক্ষণে করিবেশিত পেলৰ প্ৰতিমার ভাষৰ্ব্যনিচয়—অপরা প্রকৃতির আনন্দমর আবেষ্টনে—ধর্মক্তের স্বাধ্যার মন্ত্রের আধ্যার স্বাধ্যার করিত। শাস্ত্রির প্রতিমান করিত। শাস্ত্রির মৃত্রিরর মৃত্রিরারক।

চিত্রের মধ্যভাগে সভামগুপ এবং বাম পার্বে ম্বমন্দিরের প্রোভাগের কিরদংশ দৃশুমান।
দক্ষিণ পার্বে দগুরমান তোরণভন্তব্যের দক্ষিণ-নিয়ে স্থাক্ও অবস্থিত; চিত্রে দৃষ্ট হয় না।

৫৭ চিত্র-রথমন্দির, মহাবলীপুর (মাল্রাজ), १०० थुः

পহলব (খ্ব: ৬০০-৯০০), চোল (৯০০-১০৫০), পাণ্ডা (১১০০-১০৫০), বিজ্বনগর (১৩৫০-১৫৬৫) এবং মাছ্রার নারক (১৬০০-১৭০০) রাজ্যুবর্গের পোষকতার দ্রাবিড়ন্থাপতা, সহল্র বংসরকাল নব নব ভাবে বিকশিত হইয়াছিল। পহলবরাজ প্রথম মহেদ্রবর্মণ (৬১০-৬৪০) তদীর কাঞ্চীরাজ্যের অন্তর্গত একটি অন্তর্চ শৈলগাত্রে অনাড়ন্বর তত্ত্ব ও মণ্ডণবিশিষ্ট সর্বপ্রথম গুহাটেতা খোদিত করাইয়াছিলেন সন্তঃ-উন্নেষিত পহলবহাপতা। তৎপরে নরপতি রাজসিংহের শাসনকালে মহাবলীপুরে, অনুচ্চ শৈলখোদিত—পহলব রাজসন্ত্রমের প্রতীক সিংহচিছিত—পহলবীর রথমন্দিরের উত্তব। সেই রথমন্দিরে গুপ্ত হাপত্যশৈলীর প্রভাব অনুভূত হইয়াছে।

চিত্রে রাজসিংহ-প্রবর্ত্তিত 'রাজসিংহ'-পর্য্যায়ী সেই গুপ্ত-পঙ্লবীয় রথমন্দির এবং মন্দিরের প্রাকারচুৰী ভারতমহাসাগর দৃশুমান।

প্রস্তরময় প্রাকার ও সিংহতোরণ-পরিবেষ্টিত প্রসারিত অঙ্গনমধ্যে সপ্তস্তরী—চতুরত্র ও ক্রমফল্ল—বিমানোপরি তৃপসদৃশ-কলসশীর্ষ শক্তি মান্ শিবায়তন। মন্দিরের পশ্চান্তাগে—মন্দির হইতে বিচ্যুত—তাহারই অনুকৃতি সভামগুপ। মগুপের আচ্ছাদন ধারণ করিতে মগুপের প্রাচীরমধ্যে করেকসংখ্যক সিংহক্তম্ভ বিভান্ত হইরাছে।

মহাবলীপুর তৎকালে দক্ষিণ ভারতের সমৃদ্ধিপূর্ণ বন্দর-নগরীসমূহের অক্ততম ছিল !

१५ फिल->>नः खराटिएला, ज्यक्ती, थुः वर्ष मध्यक

খ্: পৃ: তৃতীর শতক হইতে খ্: পৃ: প্রথম শতক পর্যন্ত পূর্ব ও মধ্যভারতে যথন গরা, সারনাধ, নাঁচি ও জরুতের গুহাচৈত্য, তৃপ ও জন্ত নির্মিত হইতেছিল ভারতের অগ্রন্ত, বিশেষতঃ পশ্চিমধাট পর্বজ্ঞগাত্রে, তথন বহুসংখ্যক হীন্যানীয় চৈত্যমন্দির ও বিহার খোদিত হয়। খ্: পৃ: তৃতীর শতকে, বিহার প্রদেশীর বরাবর শৈলগাত্রে 'লোমশ ঋবি' ও 'স্থান্যা' গুহাচৈত্যধ্বের নির্মাণে, হীন্যানীয় চৈত্যমন্দিরের স্কান। খ: বিতীর শতকাব্যি তাহার ক্রমবিকাশ। ভূবনেশ্বর অঞ্চনীর উদর্গিরি ও

শশুনিরির 'বাদশুকা' এবং 'রাণীগুকা' খুঃ পুঃ বিতীয় শতকে শোদিত। নেই সময়েই বর্তনান পুণার নিকটবর্তী পশ্চিমঘাট শৈলে কালিগুহার প্রাসিত হৈত্যমন্দির খোদিত হয়। কালি মন্দিরের খাপত্যেই হীন্যানীর শিরসংস্কৃতির চরম অভিব্যক্তি। মন্দিরের অভ্যন্তরভাগে আলোক আনহনের জন্ত তাহার প্রবেশপথের উপরে একটি স্থবৃহৎ চৈত্যবাতায়ন খোদিত হইরাছিল। পূর্তবিজ্ঞানের বিকাশনে বিশিষ্ট অবদান কালির ওই চৈত্যবাতায়ন।

কালি, ভাজা, কোণ্ডেন, জুনার ও কাহেরী গুহার এবং অল্টার ১০বং গুহার বিবিধ বৌদ্ধান্দিরসমূহ থোদিত হইরাছিল। তাইর বাদামি, নাসিক, অল্টা, এলোরা এবং এলিফান্টা—বিষ্ণু, নটরাজ, ধর্মরাজ, ইন্দ্রসভা, জগরাথ সভা, রামেখর, দশ-অবতার ও ত্রিমূর্ত্তি প্রভৃতি হিন্দু ও বৈন-বিগ্রহ ও প্রতিমাসমন্বিত—বিবিধ গুহামন্দিরের প্রবর্তন করে। ৪৫০ খৃষ্টাজ হইতে ১৪২ খুইাজ পর্যন্ত অল্টা, এলোরা (ইলাপ্রী) ও ওরকাবাদে (ইলাপ্রী অঞ্চলীর) মহাবানীর চৈত্যখাপত্য ক্রমশঃ বিকশিত হইরাছিল।

নাগপুর-বোষাই রেলপথের জলগাও ষ্টেসনের দক্ষিণ-পূর্বে ৩৬ মাইল দ্রে জলগার গুহাগুলি অবহিত। সর্লিল অলণ্টা শৈলমালার স্থ-বক্ত ক্রোড়ে যেখানে বাঘোরা নদী অর্দ্ধরভাকারে প্রবহমাণা তথাকার দীর্ঘবক্ত নদীতটের দক্ষিণ, পূর্বে ও পশ্চিম প্রাক্তরত, প্রোয় অর্দ্ধক্রোশ দীর্ঘ, ধহুরাক্বতি পর্বতগাত্রে প্রায় অষ্ট্রশত বংসরকাল ব্যাপিয়া ৪ সংখ্যক চৈত্যমন্দির এবং ২৪ সংখ্যক বিহার খোদিত হইরাছিল। খৃঃ পৃঃ বিতীয় শতক হইতে বিতীয় খুটান্দের মধ্যে ২ ও সংখ্যক হীনবানীর চৈত্য ও বিহার এবং ৪৫০ হইতে ৬৪২ খুটান্দের মধ্যে ২ ও ২১ সংখ্যক মহাবানীয় চৈত্য ও বিহার গঠিত হয়। ৬৪২ খুটান্দে কাঞ্চীরাজ্যের পহলবপতি নরসিংহবর্মণ চাসুক্যরাজ বিতীয় প্রকেশীকে পরাজিত করিয়া অঞ্চলীর হুপতি ও শিল্পিগাকে কাঞ্চীরাজ্যের মহাবনীপুরে এবং অন্তর্জ লইয়া যান। ভাহার ফলে অজ্যনীর চৈত্য ও বিহার নির্মাণ চিরতরে বন্ধ হইয়া যার।

অজন্টার ২৮ সংখ্যক শির্নশালার মধ্যে সর্বপ্রেধান স্থাপত্যভাপ্তার ১৯নং গুহাসংশিষ্ট চৈত্যমন্দিরেই মহাযানীয় স্থাপত্যশৈলীর শ্রেষ্ঠ বিকাশ। চিত্রে উক্ত গুহার প্রোভাগস্থ বৃহৎ চৈত্যবাভায়ননিমে স্থাশাভন অনিন্দের সমতল আজাদন এবং আজাদনধারী স্থাম স্থানর অভবয় দর্শকের দৃষ্টি আকর্ষণ করে। বর্তমান বিংশ শতালীর প্রাসাদসৌধ-গঠনে উক্ত অনিন্দ 'গাড়ি বারান্দা'র রূপান্তরিত হইয়াছে। বিপ্ল চৈত্যবাভায়নের মাধ্যমে মন্দিরমধ্যে স্থালোক প্রবেশ করে। গুহার সম্পুর্ভাগ ৩২' দীর্ষ ও ৩৮' উচ্চ। ৪৬'×২৪' গুহাকক্ষের পশ্চাৎপ্রান্তে সমভন্দ গুরুম্নি-উৎকীর্ন, ত্রর-ছত্র-শীর্ষ, একটি মনোহর স্থূপিকা। কক্ষের উত্তর পার্মসংলগ্ধ পরিক্রম-পথের ও কক্ষমধ্যস্থ উপাসনা-কৃট্টিমের মধ্যে শ্রেণীক্ষ স্তম্ভসমূহ। প্রভ্যেক গুল ১১' উচ্চ। উহাদের উপরিভাগে উল্লেভ শির্নশোভিত ৫' উচ্চ প্রস্তর্বকর্যকর সারি। কক্ষের উর্জনেশে

আইকডাকার, প্রভারমর, বিলাসনিচরের উপরে আইচজ্রসদৃশ শিলাছানন। পরাপুশ এবং গছর্ম-কিয়ন-পরিয়ত, বিলাসচারী সাধ্য-শেষিত, বৃদ্ধ ও বোধিসভাগনের সীলাচিত্র কক্ষসাত্তে এবং ভহার প্রোভাগে উৎকীর্ণ রহিয়াছে। বাভারমপ্রক্রিপ্ত তরল আলোকতয়ক যদিরাভারময় শিরচজে, কুম-কুম্বি-উর্লাভ তৃশিকালাত্তে, প্রশান্ত: পুলকের পেলব প্রালেশ অনুশিপ্ত করিয়া দেয়।

শ্বকটার ১, ২, ১০, ১৬ ও ১৭নং গুহার শৃভ্যন্তরে বিবিধ উল্লেশ বর্গে জাতক-কাহিনী চিত্রিত (৩৯ ও ৪০ চিত্র)। ২৬নং গুহার পূলিকা এবং বুরজীবনীর ভাত্ব্য-কলকশীর্ব ভভ্তশ্রেণী স্থচার স্থাপঞ্জিত।

৫৯ চিত্র-- কৈলাস মন্দিরের বিজ্ঞাসচিত্র, ইলাপুরী (এলোরা), খৃঃ ভাইম-নবম শভ ক

আছনচিত্রের মধ্যভাগে ছুইটি সেতুষারা সংযুক্ত মৃশমন্দির, নন্দীমগুপ ও প্রবেশ-প্রকোর্চ ;
মন্দিরের তিন পার্শে উত্তর প্রশন্ত অঙ্গন অর্থাৎ পথ। সেই পথসংলয় পর্বতগাত্রে খোদিত ভাহামন্দির
ব্যক্তীত সারিবদ্ধ স্তম্ভবিশিষ্ট, স্থানীর্থ একতল ও বিতল বারানা।

নাপপুর-বোধাই রেলপথের মানমাদ টেসন হইতে ৪০ মাইল দুরে কৈলাসমন্দির অবস্থিত।

শাহ্রম শতকের বিভীয়ার্ছে রাইক্টপতি প্রথম ক্লফদেব দাক্লিশাতো একটি চাল্ উপত্যকা থনিত করিয়া কৈলান মন্দিরের নির্মাণ আরম্ভ করেন। 'গ্রানাইট' প্রান্তরময় চাল্ উপত্যকার উত্তর হইছে দন্দিবে প্রায় ৩০০' এবং পূর্ব্ব হইতে পশ্চিমে প্রায় ১৭৫' থানের উত্তর, পূর্ব্ব ও পশ্চিম নীয়ার অন্তঃভাগ-লংলর প্রায় ৩২' প্রায় ও ১০০' গভীর খাত খননান্তে, মধ্যবর্তী-অথভিত অংশের উত্তর ভাগে ১৬৫' দীর্ঘ, ১১০' প্রায় ও ৯৬' উচ্চ বিতল শিবায়তন খোদিত হয়। সেই অথভিত অংশের দন্দিপ ভাগেও একটি ৪০' × ৪০' চতুরস্র বিতল নন্দীমগুপ, একটি ৮০' × ৪০' একতল প্রবেশ-প্রকাঠ এবং নন্দীমগুপের পূর্ব্ব ও পশ্চিম পার্থে ক্রইটি ত্রিশ্লব্র্যান্তর গোদিত হয় (৫৯ চিত্র)।

ৰ্ব্যন্তির, নন্দীয়গুণ, প্রবেশ-প্রকোঠ এবং থাকজভ্বর পরম্পর-বিচ্যুত; ছইটি ২০' দীর্ঘ ও ১৬' প্রের প্রভারমর সেতৃ বধাক্রমে প্রবেশ-প্রকোঠের ছাদ ও নন্দীমগুণের বিতল ভাগ এবং বন্দীয়গুণের বিতল ভাগ ও মূল মন্দিরের বিতল অংশ লংগুক্ত করিরাছে। মন্দিরের সমূধ (বন্দিশ) ভাগের উভার প্রান্তে, নিয়ন্ত্রি ছইতে বিভলন্ত মূধ্যগুণে ভারোত্য করিবার জন্ত, ছই প্রন্থ সোপার পথ ভাছে।

৫৯ক ভিত্তের বাম হইতে দক্ষিণে—বথাক্রমে একজন প্রবেশ-প্রকোঠের উত্তর-পূর্ব কোণাংশ, প্রথম সেতু, বিভল নশীমগুণ, বিভীয় সেতু এবং তৎপরে ভূপসদৃশ-শিশরণীর্ব বিভল শিব মনিবের পূর্ব পার্য দৃশ্রমান। মন্দিরের ২০' উচ্চ পাদশীঠকে (ভিডি) প্রাথম তল মপেই প্রম হয়।
নবীমগুণের পূর্ব পার্যে, প্রাণয় সমতল অকনমধ্যে, ৫১' উচ্চ অবভ্যমান। চিত্রের উর্বদেশে
অসমতল 'প্রাথাইট' উপভ্যকা এবং দক্ষিৰ পার্যে বননের উত্তর সীমানার, প্রায় লক্ষাকে দ্রায়মান
পর্বভাবে খোদিত গুহামন্দিরের অলিন্দ্রংলগ্ন সারিবদ্ধ ভান্তসমূহ দুই হইতেছে।

শ্রেণীবন্ধ-প্রমাণাকার-হন্তী-উৎকীর্ণ, ২৫' উচ্চ, পাদপীঠের উপরে দেবারতলের আসন বিভন্ত। সেই আসনে গর্ভগৃহ, বোড়শসংখ্যক স্থান্থ 'বন্ধকান্ত'-কন্তসময়িত ৭০' × ৬২' সভামগুণ এবং পার্কতী ও গণপতি প্রভৃতির ক্ষন্ত সপ্রসংখ্যক দেবগৃহ অবহিত (৫> চিত্র)। চতুরশ্র সর্বগৃহ বেইন করিয়া পরিক্রম-অনিক!

গভীর থাতথননাত্তে উত্তর, পূর্ব ও পশ্চিম নীমানার প্রাক্তভাগে বে ত্রিসংখ্যক পর্বাতাংশ প্রায় লবভাবে মণ্ডারনার ছিল ভাহাদের গাত্রদেশে গলাপ্রমুখ দেবদেবীর জন্ত করেক সংখ্যক গুহামজির ও আলিক খোদিত হইরাছিল। থননকালে থাতত্ত্বের অন্তর্বাতী বে ২৭০'×১১০'×১০০' সংশ অব্যাহত রাখা হইরাছিল ভাহাকে অভি সন্তর্পণে, ভাবরস্থলভ বত্বসহকারে, ধীরে ধীরে খোদিভ করিয়া কৈলাস মন্দির, নন্দীমগুপ, প্রবেশ-প্রকাঠ, সেতৃত্বর এক কাকতভ্বর গঠিত হয়। গঠকের আলপ্রত্যক্ষের পরিক্রনা—মন্দির, মণ্ডুপ, প্রকোঠ ও গুভব্বের কাককার্য্য ও ভারব্যের বাবতীয় নক্ষাসমূহ—বিরাট্ প্রস্তর্থত্বের চতুপার্থে, পর্য্যায়ক্রমে, প্রমাণাকারে অভিত করা হয়।

মধ্যকীর বিষ্ণুরে (বাকুড়া) প্রাপ্ত থ্য সপ্তদশ শভকের বছবর্ণ চিত্র; প্রবল পরাক্রান্ত উৎকল নরপতি প্রতাপক্রদেব এবং তদীর মহিবী ভক্তিভরে শ্রীচৈড্য মহাপ্রভুর সেবা করিভেছেন।

>> ভিজ্ঞ-রাবাক্তক, পাহাড়পুর (উত্তরক), থ্য অষ্টম শতক

সোমপুর মহাবিহারের ধ্বংসারশেষমধ্যে প্রাপ্ত, অগ্নিদগ্ধ মৃৎকলকে উৎকীর্ণ রাধান্ধকের ব্রুলমূর্ত্তি পালভার্থ্যের শ্রেষ্ঠ নিদর্শনসমূহের অগ্রতম।

১০০ চিত্র-সশস্তি-হেবজ্ঞ, থৃঃ দশম শতক

(৺বাহাছরসিং সিংধীর শিশ্ধ-সংগ্রহশালা, কলিকাডা; তদীর পুত্র জ্মীনরেক্সসিং সিংধী, এম.এস-সি., এল.এল-বি., এম.এল.সি. মহোদরের সৌজন্তে মুদ্রিত)

উত্তরবঙ্গে প্রাপ্ত পালযুগীয় 'ব্রোঞ্জ'-ভাষর্য্যের অতুলনীয় নিদর্শন।

১০১ চিত্র-গলা, রাজসাহী (উত্তরবন্ধ), থৃঃ একাদশ শতক

(আওতোষ মিউজিয়ম)

বরেন্দ্রী বলের রাজসাহী সারিখ্যে আবিষ্কৃত প্রস্তরমর গলামুর্তি।

১०२ हित्त-श्रीदांमकुक्टरन्य

(পাঠাগার প্রাচীর চিত্র, কলিকাতা বিশ্ববিদ্যালর)

বিবেকানন্দ, কেশবচন্দ্র সেন, মহেন্দ্রলাল সরকার প্রভৃতি মনীযিগণ কলিকাভার উপকণ্ঠে ভাগীর্থীতীরত্ব দক্ষিণেখরের পঞ্চবটামূলে উপবিষ্ট শ্রীরামক্বক পরমহংস দেবের শ্রীমুধনিংস্ত কথামূত উপভোগ করিতেছেন।

১০৩ চিত্ৰ-জীহুৰ্গা, মুৰ্শিদাবাদ (উত্তরবন্ধ)

একহন্ত উচ্চ হন্তিদন্তে খোদিত হুর্গাপ্রতিমা আধুনিক বঙ্গের স্কুমার শিরসমূহের অন্ততম।
>-৪ চিত্র—গোরীশন্তর

[চিত্রশিল্পী শ্রীমতী বিজয়লন্দ্রী ভালমিয়া, বি.এ. (জনার্স, স্থবর্ণপদকপ্রাপ্ত), মহোদরার নৌজন্তে মৃত্রিত]

লৈব, বৈক্ষৰ, বৌদ্ধ সাধুসন্ন্যাসী ও তীর্থযাত্রী নরনারীগণ গোরীশনবের আরাধনা ও আরতি করিতেছেন। দেৰ-দেবী ও ধবি-মহবিগণের লীলা ও নাধনাক্ষেত্র গৌরীশঙ্কনীর্থ-ছিমালর আর্ব্যবৈদিক আক্ষণগণের বেদ-, বেদাজ- ও মনোদর্শন-প্রণয়নে প্রেরণা প্রদান করিয়াছিল। ত্রিগ্রণাস্থা গৌরীশঙ্ক ভারতীয় সম্ভাতা, সাহিত্য, জ্ঞান, বিজ্ঞান, প্রজ্ঞান, সঙ্গীত, নৃত্য ও শিল্পকগার নিয়ন্তা।

১০৫ চিত্র-লেখননিব্নতা, ভুবনেখর, খৃঃ একাদশ শতক

উড়িয়ার অন্তর্গত ভূবনেশ্বর ধর্মক্ষেত্রে বিরাজমান প্রস্তরময় রাজরাণী মন্দিরের বহিশীতে উদগত অমুপম ভাহর্য।

১০৬ চিত্ৰ-সম্বোধিলাভ

(সারনাথে নবনিন্মিত মহাকোথি বিহারের স্বস্তর্ভাগে চিত্রিত ; মহাবোধি সোসাইটির প্রধান-কর্মসচিব শ্রীদেবপ্রিয় বলিসিংহ, বি.এ. মহোদয়ের সৌজন্তে মুদ্রিত)

উক্লবিৰ মহারণ্যের বোধিক্রম বনস্পতিমূলে ঐক্রজালিক মারের দানবীয় শক্তি এবং তদীয়
অপূর্ব্বস্থানী, হাজলাজ-নৃত্যরতা, স্বত্দী কলার তীব্র প্রলোভনকে অবলীলাক্রমে পরাভূত করিয়া
সত্যাশ্রী মহাবুদ্ধের সম্বোধিলাভকালে ছ্যালোক-ভূলোক-বিশ্বচরাচর দিব্যালোকে উদ্ভাসিত হইরাছিল।

মহাবিহারের অভ্যন্তরন্থ প্রাচীরগাত্তে অন্ধিত বছকা চিত্রে বৃদ্ধনীশার শ্রেষ্ঠ আখ্যারিকাসমূহ—
অন্ধন্টা এবং আধুনিক জাপানী চিত্রাঙ্কনপদ্ধতি-সংশ্লিষ্ট ছন্দালন্বার ও বর্গবিস্থানের স্থানকত মিশ্রণ—
খ্যানরসিক জাপানী শিল্পী প্রীকোসেংস্থ নোস্থ কর্ত্ত্বক বিরচিত হইরাছে। সংঘাধিলাভের উজ্জল চিত্র
তল্মধ্যে একটি।

১০৭ চিত্র-অলকাপুরী, হিমালর

(কেদার-বদরী-অমরনাথ পর্যাটক জীম্বশীলচক্র চট্টোপাধ্যারের সৌজ্জে মুদ্রিত)

ৰদ্ৰীনাথ তীৰ্থপথে তিব্বতপ্ৰান্তীয় একটি মনোরম দৃখ্যের আলোকচিত্র। হিমানারের উত্ত্ব শিখরে বিরাজিত অলকাপুরীর ক্রোড়াছ প্রকালিত করিয়া করোলিনী অলকানন্দা উদাম নৃত্যভক্তে ভারতের সমতল প্রদেশের তথা মহাসাগরের অভিমুখে যাত্রা করিয়াছেন।

১০৮ চিজ্ঞ-কল্পরাগ, হিমালয়

(কেদার-বদরী-অমরনাথ পর্যাটক শ্রীফ্শীলচন্দ্র চট্টোপাধ্যায়ের সৌজ্জে মৃদ্রিত)

কেদার যাইবার যাত্রিপথে মন্দাকিনী এবং অলকানন্দার সঙ্গমসারিধ্যে রুত্রপ্ররাগ অবস্থিত। সভত খুর্ণারমান তরঙ্গসঙ্গুল ভরাবহ প্রোতঃসঙ্গমের রুদ্র উন্মাদনা চিত্রে প্রতীয়মান হর না।

ক্ষদ্রপ্রাগ হইতে পূর্বমূখী খতত্র পথে কর্ণপ্রাগ্র হইয়া, অলকানন্দার চড়াই ও উৎরাই তীরভূমি অবলঘনে, বদ্রীনাথধামে যাওরা যায়। ক্ষ্মপ্রাগে ক্ষ্মেশ্বর শিবমন্দির, অল্লসংখ্যক চটি, ধর্মশালা, সদাব্রত, বাজার, ডাকবাংলো ও ডাকবর আছে।

১০৯ हिला-विक्थानान, हिमानन

- ্র (কেবার-বদরী-অমরনাথ পর্বাটক শ্রীফ্শীলচক্র চট্টোপাধ্যাহের সৌক্ষন্তে মুদ্রিত)

বদরী পথে বিষ্ণুগলা ও অলকাননার সক্ষক্তেতে বিষ্ণুপ্রয়াগ বিরাজমান । তথার বাতিগণের অবহানের জন্ত করটি চটি অর্থাং বাতিনিবাস আছে। প্রত্যেক চটির অধিকারী মুদীর দোকান হইছে চাউল, ডাউল, ছাড়, ঋড়, আটা, শ্বত, তৈল, লবণ, মশলা, আলু, কুমড়া প্রভৃতি বাতিগণ করে করিয়া থাকেন। দোকানী চাটু, হাঁড়ি, হাতা প্রভৃতি রন্ধনের তৈজস তাঁহাদের ব্যবহারার্থ প্রদান করেন। দক্ষমৃতিকার টালি-আচ্ছাদিত মুন্মর কুটার (চটি) সংলগ্ধ দোকান্থর। কুটার-লারিছিত শাধানদী অথবা প্রস্তব্য হইতে জল সংগ্রহ করা হয়।

চিত্তে नक्रांशित लोइरम् एतथा गोहरण्ड ।

১১० डिख-लोबीक्थ, हिमानव

(কেদার-বদরী-প্রত্যাগতা শ্রীমতী বাসন্তী বন্দ্যোপাধ্যারের সৌজতে মুদ্রিত)

চিত্রের দক্ষিণ পার্য স্থিত তপ্তকুণ্ডে স্থানান্তে চিত্রের মধ্যভাগে দৃশ্রমান গৌরীমন্দিরে রাত্রিগণ পূজা সমাহিত করেন। প্রবাদ এই বে, হিমালয়নন্দিনী গৌরী শিবকে পতিরূপে পাইবার সম্বর করিয়া তপ্ত গৌরীকুণ্ডে স্থানান্তে যে স্থলে বসিয়া গভীর তপস্তা এবং কঠোর ক্লফুসাধন করিয়াছিলেন তাহারই উপরে গৌরীমন্দির প্রতিষ্ঠিত। কুগুসারিখ্যে শঙ্কারাচার্য্যপূর্ব্ধ বুগের একটি শিবলিক দেখা যায়।

গৌরীকুও সমুদ্রতীর হইতে ৬০০০ উচ্চ পার্বত্য ভূভাগে অবস্থিত। তথা হইতে ০ ক্রোপ দীর্ঘ স্পিল পথে ৫৫০০ উচ্চ ভরাবহ চড়াই উল্লেখন করিয়া কেদারধামে উঠিতে হয়।

১১১ চিত্র-তিবুগীনারায়ণ মন্দির, হিমালয়

(কেদার-বদরী প্রত্যাগতা শ্রীমতী বাসন্তী বন্দ্যোপাধ্যারের সৌজন্তে মুদ্রিত)

গৌরীকৃত ও কেদারনাথ যাইবার চড়াই পথের বাম অর্থাৎ পশ্চিম দিকে প্রসিদ্ধ বৈশ্ববজীর্থ ত্রিবৃগীনারায়ণ অবস্থিত। গৌরীকৃত্তের ৪ ক্রোশ দক্ষিণে ত্রিগুগীনারায়ণ। তথা হইতে একটি স্বতম্ব পথ উত্তর-পশ্চিম দিকে গঙ্গোত্রী ও যমুনোত্রী অভিমুখে এবং অস্ত একটি পথ উত্তর মুখে সৌরীকৃত্ত হইয়া কেদারধামে গিয়াছে।

জনশ্রুতি এইরূপ যে, ত্রিযুগীনারায়ণ ক্ষেত্রেই বিক্লারায়ণ শিব্নরেখরের প্রীকরে গিরিরাজ কুমারী গৌরীকে সম্প্রদান করিয়াছিলেন।

উত্তরভারতীর নাগরশিধর মন্দিরশৈণীর হিমালয় প্রকৃতির অনুকৃশ অভিব্যক্তি হইরাছে বিবৃগীনারারণ মন্দিরস্থাপত্যে। শিধরের স্থালু আচ্ছাদন হিমধামের চিরাচরিত সৌধমন্দিরাচ্ছাদনের অনুরূপ।

· Alva

১১२ हिन्द- इत्रांगी नृजा

(চিত্রশিলী শ্রীমতী বিজয়লন্দ্রী ভালমিয়া, বি.এ. (জনার্স, স্থর্শপদক্ষার) মহোদয়ার সৌজন্তে মুক্তিত)

কাণিদাসের 'কুমারসম্ভব' মহাকাব্যে কৈলাসের ক্রোড়ে নগরাজের বিশাল রাজধানী 'ও্যবিশ্রহ' উল্লিখিত। 'ও্যবিশ্রহ' বিচিত্র প্রাসাদসৌধ, পণ্যবীধি, রাজপথ ও গগনচুদী ভোরশসম্বিত। গিরিরাজ-ছহিতা গৌরী তথার লালিতা-পালিতা হইয়াছেন। হরগৌরীর নিলনাতে কৈলাসের ক্রোড়াঙ্কেই উভরের নৃত্যলীলা সমাহিত হয়। মানস সরোবরের সালিধ্যে গণপতি গণেশ জন্মগ্রহণ করেন। তদীর জন্মভূমি 'গোরি উদিয়র' নামে আখ্যাত।

কৈলাসের প্রত্যন্ত ভাগে বক্ষপতি কুবেরের রাজধানী অলকাপুরী (১০৭ চিত্র)।

শ্বরংসিদ্ধা শ্রীমতী বিজ্ঞরশন্ধী বছবর্ণ-চিত্রের স্থনিপুণ রেখাসম্পাতে এবং ভাবপ্রবর্ণ ছন্দৌবিস্তানে হরগোরীর আরত আননে তিব্বতীয় প্রকৃতির ভাব ও ভাষা, আরুতি ও সভা মধুরভাবে ফুটাইরাছেন ঃ

১১৩ চিত্র—্গারীমূর্ভি, বেরিণী (উত্তর ভারত), খৃঃ পঞ্চম শতক

বেরিণী প্রদেশীয় অহিছত্র অঞ্চলে আবিষ্কৃত—গুপ্তশিরের শ্রেষ্ঠ নিদর্শন—অগ্নিদম মুমার প্রতিমা ত্রিনহনা পার্বভীর স্থাচিকণ শিরোভাগ।

১১৪ फिज-(क्लाबनाथ मिन्स्स, ख्लिख (हिमानद्र)

তরজারিত তৃহিনাদ্রির উত্ ল শৃলশিধরত্ব কর্তমার তৃষারসরণি অনুসরণে, ধীরে ধীরে, অভি
সন্তর্পণে, ভরাবহ চড়াই উল্লেখনান্তে, কেদারধামে অগ্রসরকালে নারি নারি ওল্রহচন হিমশৃলের
অবিরাম নৃত্য দর্শন করিতে করিতে, গভীর গিরিসছট-গাত্রত্ব ঝুলস্ত—তিহত্ত-প্রস্থ দেরালগিরির
মত—মক্ষণ পথাতিক্রমণে বহু নিয়ে সর্পিল জলনালি অবলোকনকালে সভরে কাঁপিতে কাঁপিতে,
কোধান্ত বিপদসভ্ল হিমানীপ্রবাহের জমার্ট ত্তরপৃষ্ঠে যটির সাহাব্যে লক্ষনকালে শিহুলাইতে
পিছলাইতে, কোধান্ত গিরিগহরের উপবিষ্ট ধ্যানমন্ত্র সৌম্য সাধুর প্রশান্ত আনন দেখিতে দেখিতে,
হাবে হাবে উপত্যকার থাতে থাতে প্রবহ্মাণ হিমবারা লক্ষিতে লক্ষিতে, অনুমান হুই ক্রোশ দীর্ঘ
এবং অর্ক-ক্রোশ প্রস্থ সানতি নৌকার তলভাগের গঠনবিশিষ্ট—উচ্চপ্রান্ত কেদার উপত্যকার ১৯৫০০
উচ্চ কেদারধানে উপনীত হওয়া যায়, স্বরধুনী মন্দাকিনীর উপরস্থ ক্রেকায় পারাণসেড্ অতিক্রম
করিয়া! তৎপূর্বের বহু দূর হইতেই বরকাজ্বর, গগনস্পার্শী, লখ্যান কেদারশৃলের পাদস্লে বিরাজ্যান
কেদার মন্দিরের নীলাভকান্তি উপলক্ষিত হয়।

নৌকাতৃণ্য উচ্চপ্রান্ত কেদারধামের উত্তর সীমাম্পর্শী ২২,৫০০' উচ্চ কেদারপুল। উত্তার ক্রোড়দেশে থানরত, আত্মকেক্রিক ভাষদীপ্ত, পাষাণ দেবারতন মৌন মহিমার ভাত্মর। কেদারধামের পূর্ব ও পশ্চিম পার্বে, অর্থাৎ উত্তরমূখী সালতি নৌকার উভয়প্রান্ত-সংলগ্ধ, শতসংখ্যক উনানের ঝিঁকের মত, ঘনসন্নিবদ্ধ তৃষারপূল; যেন তৃষারকিরীটধারী শিবাস্থ্যচরগণ কেদারনাথের উভয় পার্বে সারিবদ্ধভাবে সমাসীন। উভর সারির মধ্যবর্ত্তী, অস্থ্যান আর্দ্ধ-ক্রোশবিস্থৃত, অসমতল উপত্যকার বিবিধ দেবালয়, লোকালয়, ধর্মালালা, পাহশালা, সদাত্রত ও বিপণী ব্যতীত শহুভাগ্ডার, পাঠশালা, প্রাশ্পীঠ ও ডাক্ষর প্রভৃতি।

গণিত তুষার ও কল্পরময় মৃত্তিকামিশ্রিত শলুপ্রশেপণিপ্ত রুক্ষ পথের উত্তর ভাগে কেদার দেবারতন এবং বিরাট্ কেদারশৃন্ধই চিত্রে দৃগুমান। পথের পূর্ব্ধ ও পশ্চিম পার্থবর্ত্তী ক্ষুদ্র ও ব্যানিকার এবং বিরাট্ কেদারশৃন্ধই চিত্রে দৃগুমান। পথের পূর্ব্ধ ও পশ্চিম পার্থবর্ত্তী ক্ষুদ্র ও ব্যানিকার গৃহগুলির প্লেটপাথরের ঢাপু ছাদসমূহ শীর্ণ লরদশুবৎ একপ্রকার স্থানীর্থ তুণার্ত। উহারা সম্বংসর তুষারমণ্ডিত থাকে। কেদার্থাম বেষ্টন করিয়া রাশি রাশি স্থান্ধিপ্রশোজ্জন প্রিয়ন্ত্রতা, সোনালি বুটিদার্থচিত গাঢ়হরিৎ গালিচাসদৃশ, শোভ্যান থাকে গ্রীয় হইতে হেমন্ত ঋতু অবধি। হেমন্তান্তে উক্ত দৃঢ় লতা প্লেটের ছাদের আচ্ছাদনীরূপে ব্যবহৃত হয়।

কেদারনন্দিনী মন্দাকিনী ২২,৫০০' উচ্চ কেদারশৃঙ্গ হইতে, জলপ্রপাতরূপে, ১১,৫০০' উচ্চ কেদারধামে অবতরণপূর্বক ধ্যানমগ্র শ্রীমন্দিরের পাদ প্রকালন করিয়া, লোকালয়-প্রবেশের নিমিত্ত পদ্মীপ্রান্তে বে ক্ষুদ্র সেতুবন্ধ আছে তাহার নিম দিয়া, ধরবেগে, বিসর্পগতিতে, দক্ষিণ দিকে ছুটিয়াছেন।

মেখসঙ্গ হিমাচলের অনুকৃল পূর্ত্তনির্মাণ বিধানাস্সারে, মধ্যযুগের নাগরশিখর-মন্দিরের অনুক্রেরণায়, কেদারমন্দিরের অবক্র গঠন পরিক্রিত হইয়াছিল। গর্ভগৃহে মহালিগ প্রতিষ্ঠিত। মুখমগুপের পায়াণগাত্রে পঞ্চপাগুবের প্রতিমৃত্তি সমাসীন। দেবায়তনের পুরোভাগে এবং প্রধান প্রবেশবারের উভয়পার্যন্থ কুলুলীসমূহের অভ্যন্তরে কয়টি দেবমৃত্তি উৎকীর্ণ। চতুরস্র গর্ভমন্দিরশীর্ষন্থ স্চ্যপ্র আচ্ছাদনের ভারবাহী অনুচ্চ স্তম্ভগুলির অন্তরালাবলঘনে পূজাকালীন যক্তপুমের নির্গমনের ব্যবহা হইয়াছিল। ধুয়নির্গমনের এতাদৃশ ব্যবহা হিমালয়-অঞ্গীয় বছ মন্দির ও গৃহ-নির্দ্ধাণে বছ প্রাচীনকাল হইতে প্রচলিত আছে (১৪ চিত্র)।

হরিষার হইতে কেদারধামের দূরত্ব প্রায় १৫ জোশ।

১১৫ চিত্ত-গলা-जनकाननाव्यवन, हिमानव

বদরীনারায়ণ মন্দিরের ২ ক্রোশদ্রত্ব উত্তুল শৃল হইতে অলকানন্দা (গদা) সক্ষেন জল-প্রপাতরূপে নিম্ন দেশে ঝল্পপ্রদানপূর্বক গলোতী হইতে নির্গতা ভাগীর্থীর সহিত দেবপ্রয়গ-সন্দমে মিলিত হইরা গলারূপে হরিবারের অভিমূথে চুটিরাছেন।

১১७ हिता-देवनानशय, हिमानत


শ্বাহায়ির্বর্ত প্রতিক্রানের রক্তরিভ উরত মুক্ট ভারত সমৃদ্র হইতে ২২,০২৮ ফুট উচ্চ। রাজক অথবা থবন (বলদ)-পৃঠে উপবেশন করিরা ভীবণ চড়াই-উৎরাই পথে তথার গমনকালে প্রথমে ছিমালরের কুমার্ন তরে আন্ত্র, করলী ও কমলালের্র উন্তান, অতঃপর তিক্ততের নিরাক্ষীর শিপাল, ওক, ঝাউ ও দেবদারুর অরণ্যমধ্যত্ব 'গৌরীগলা', 'কালিগলা' প্রভৃতি পার্কত্য নদী, জলপ্রপাত, হিমপ্রবাহ এবং করেকসংখ্যক ঝুলস্ত সেতু অতিক্রম করিতে হয়, মর্চদশ-ক্রাদশ সহমে ফুট উচ্চ 'লিপ্লেখ', 'গুরলামান্ধাতা' প্রভৃতি গিরিসন্ধট লক্তন করিতে হয়। পথিমধ্যে 'আসকোট', 'গার্কিয়য়ং', 'তাকলাকোট' নামক নগরসমূহ এবং 'শিন্ধিলিং', 'খোচরনাথ' প্রভৃতি প্রসিদ্ধ শক্ষা (মন্দির, মঠ ও ধর্মপালা একত্র) বিভ্যমান আছে। কুদ্র কুদ্র নগরগুলি ১০০-১৫০ সংখ্যক, পশুক্রমান্ধাদিত, তাঁবুসমূদ্ধ প্রশন্ত বাজার (মন্তি) এবং রৌদ্রন্তক স্বন্তু ইইকের ২০০-২৫০ সংখ্যক বাসগৃহবিশিষ্ট। লোকালরের 'প্রধান' মহাশরের বাসভ্যন এবং সরকারি কার্য্যালয়গুলি দারুময় কার্যকলা শোভিত। উহাদের তক্ষণস্থাপত্যে ও ধাতুময় ভান্ধর্যে নেপালী তথা বলীর প্রভাব অমৃতৃত হয়। উহাদের চিত্রকলা প্রধানতঃ চৈন শির্মীতিসন্মত।

কৈলাসের ১৬ ক্রোশ দীর্ঘ পরিক্রমপথ বেষ্টন করিয়া পঞ্চসংখ্যক শুকা বিশ্বমান! কৈলাসের ৮ ক্রোশ দক্ষিণে পৃথিবীর প্রাচীনতম, অনুপম প্রাকৃতিক সৌন্দর্য্যপূর্ণ, সাগর-সমতুল স্থনীল জলথি—
মানস সরোবর। মানস সরোবরের ৩ ক্রোশ পশ্চিমে, একটি ৩ ক্রোশ প্রস্কৃত শৈলমালার ব্যবধানে, বহুশ্রত রাক্ষসতাল (রাক্ষ হ্রদ)। বহু লক্ষ বংসর পূর্বেষ উভর জলরাশি সংবৃক্তভাবে একটি বৃহত্তর হ্রদর্মণে প্রসারিত ছিল। প্রবল ভূকম্পানের ফলে উক্ত অনুচ্চ পাষাণপ্রেণী সশক্ষে উশ্বিত ইইয়া উহাদের বিচ্ছির করিয়াছে। কৈলাসের ৫৬ এবং ৬৮ ক্রোশ দক্ষিণ-পশ্চিমে বথাক্রমে ব্রদীনাথ ও কেলারনাথ মন্দির দুখায়ুমান।

সহস্র সহস্র মলিকাধবল মরালসেবিত, ব্যাত্যাবিক্ষ্ম তরক্ষস্থ্য, সফেন সম্দ্র-সমত্রুল, ক্ষনীল জলরাশির আরতন প্রায় ৫০ বর্গক্রোশ, পরিধি ২৮ ক্রোশ এবং গভীরতা ৩০০ ফুট। মানস সরোবর সম্দ্রতীর হইতে ১৪,১৫০ ফুট উচ্চ উপত্যকায় অবস্থিত।

দিবদের প্রাহরে প্রহরে পর্বান্ত-তরঙ্গবেষ্টিত, দিগস্তবিস্থৃত, বীচিমালার সভত পরিবর্ত্তনশীল বিবিধ বিচিত্র বর্ণসমাবেশ যেরূপ চিত্তাকর্ষক ভজ্রপ বিশ্বশ্বপ্রদ। শীতঞ্জতুর কয়মাস মানস সরোবর বরফারত থাকে।

মানদ দরোবর ও রাক্ষসতালের অন্তর্মন্তী ৩ ক্রোশ প্রেন্থ অঞ্চ শৈলমূলে এবং উহাদের উত্তরত্ব, 'বর্থা' ভূডাগের দক্ষিণবর্তী, পার্বত্য প্রদেশে একটি স্বর্ণধনি নিহিত আছে। প্রাচীনকাল



হইতে ভিন্সতবাসিগণ ধনিমধ্যত্ব পশি আহরণ করতঃ ওক্ষাসংক্রান্ত বোধিসন্থ ও দেবদেশীর বিপ্রহ, রক্ষবেদী, কর্ণকমণ ও দীপতত প্রভৃতি ব্যতীত নিজ নিজ ব্যবহার্য ওক্ষভার আগভার নির্মাণ করিতেছেন।

মানস সরোবর ৩০ ক্রোশ দীর্ঘ পরিক্রমপথ এবং 'থুগোছেলা' প্রমুখ জ্ঞান্তরাক গুল্ফাবেটিত। বিশাল জলরাশির উত্তরে কৈলাস; পুর্বো তুষার-কিরীটিনী শৈলশ্রেণী, দক্ষিণে ২৫,৩৫০' উচ্চ শুরলামান্ধাতা ও পশ্চিমে, ৩ ক্রোশ ব্যবধানে, রাবণ ব্রদ বিভ্যমান।

কৈলাসধামে কৈলাসকেন্দ্রী—বুজাকার পঞ্চসারি—পঞ্চশত হিমপুল পরিদৃষ্ট হয়। হিন্দু ও বৌদ্ধগণ উক্ত, পঞ্চসারিভুক্ত, পঞ্চশত পৃঙ্গপরিবৃত কৈলাসনাথকে বথাক্রমে দৈবগণ ও 'দাবা' (লামা)-গণ পরিবৃত শিবমহেশর ও আদিবৃদ্ধজানে আরাধনা করেন। এভারেষ্টবিজয়ী তেলজিং নোরগে গৌরীশঙ্করের (এভারেষ্ট) শীর্ষদেশে অভিযানকালে এভারেষ্টবেষ্টনী সারিবদ্ধ পৃত্তসমূহকে তক্ষণ দেব (দাবা)-রূপে নিরীক্ষণ কার্যাছিলেন; সংবাদপত্তে প্রকাশিত তাঁহার বিবৃতি হইতে ইহা জানা বার।

চার্গন এ. শেরিং প্রণীত Western Tibet এবং প্রাসিদ্ধ পর্যাটক স্বামী প্রণবানন্দ প্রণীত Exploration in Tibet নামক সচিত্র গ্রন্থন্ন কৈলাসপ্রসঙ্গে বছবিধ তথ্য প্রদান করে। বর্তমান চিত্রখানি স্বামীন্দীর গ্রন্থ হইতে পুনমুদ্রিত হইরাছে। তিনি 'থুগোল্লো' শুন্দার সারিধ্যে একটি বজ্ঞবেদী প্রতিষ্ঠিত করিয়াছেন; জ্নাষ্টমী দিবসে তথার বজ্ঞ সমাহিত হয়। খোচরনাথ শুন্দার গর্ভমন্দিরে মহাকালীর প্রতিমা সমাসীনা। স্বমাবস্থা তিথিতে দেবীর সমক্ষে পশুবলি সন্মৃষ্ঠিত হয়। তিব্বতের বছ শুন্দায় বৃদ্ধদেব, শিব ও শক্তি একত্র স্বধিষ্ঠিত স্বাছেন।

চিত্রে কৈলাস উপত্যকার উত্তর প্রত্যন্ত হইতে দক্ষিণ দিকত্ব শৃক্তব্যের অন্তরালে কৈলাস দৃশ্রমান। মানস সরোবর কৈলাসেরও দক্ষিণে; তৎকারণে চিত্রে দৃষ্ট হয় না।

১৫৯ চিত্রের মধ্যভাগের বাম পার্শ্বে কৈলাসলিথর এবং উহার ২০ ক্রোল দক্ষিণছ গুরুলামাদ্ধাতা পর্ব্যতমালা প্রদর্শিত হইরাছে। উভয়ের মধ্যবন্ত্রী মানস সরোবর এবং রাক্ষসতাল চিত্রে দৃষ্ট হয় না।

মানস সরোবরের তটভাগে উপনীত হইবার বছ পূর্বের, গুরণামান্ধাতার ক্রোড়ার হইতে, ঘননীল জলবি এবং উহার উত্তরে দীপ্তিমান—মেঘমুক্ত দিবসের বিতীয় ও তৃতীয় প্রহরে জহরহঃ ঝলকমান—বেত ও ক্লফ স্তরবন্ধ, কমল কোরকোপম, মেঘচুবী কৈলাসের রজতমুকুট অদূরে অবস্থিত বিশ্বা শ্রম হয়। শৃঙ্গে শৃঙ্গে প্রত্যাহত ব্যথিত প্রভাগনের বিচিত্র বিক্ষুদ্ধ খনন দ্রাগত সাগরতরক্ষের লক্ষ্-গন্তীর গর্জনবং প্রকাগোচর হয়। হিমালয়ের উচ্চ স্তরে অবস্থিত অমরনাধ, গলোতী, কেদার, বদরী ও কৈলাস ভূভাগে দুরহন্বের অনুমান করা যার না এবং তথাকার হিমময় পরিবেশে তৃষার

অথবা বরক স্পর্শকালে অস্বস্তিকর শৈত্য অনুভূত হয় না ; কিন্ত অধিত্যকাবাসীর পক্ষে ভর্তবহানীর অনজ্যন্ত পরিবেশে অধিকক্ষণ অবস্থান অশান্তিপ্রদ। কৈলাস ও অমরনাথ পথের উচ্চ গিরিস্কট অতিক্রমকালে বায়ুমণ্ডলে অমুজানের অমুতাবশতঃ নিখাস লইতে কষ্ট হয়, ঘন ঘন বিপ্রাম লইতে হয়।

১১৭ চিত্র-গোপেশ্বর মন্দির, হিমালর

প্রভারনির্মিত চৈত্যমন্দির মধ্যে চতুর্ম বন্ধার প্রতিভূ চতুরানন শিব-গোপেশ্বরকে বেষ্টন করিয়া শব্দরাচার্য্যের পূর্বকালীন চতুরস্ত্র, অষ্টকোণী এবং তর্জনীর আফুডিবিশিষ্ট কডিপর শিবলিক প্রতিষ্ঠিত আছে। ভগিনী নিবেদিতা বলেন, শিববৃদ্ধ-গোপেশ্বর তান্ত্রিক বৌদ্ধের আরাধ্য।

১১৮ চিজ- लानीमर्ठ, हिमानव

ওক, আথরোট, বাদাম, হরীতকী, শাল, সেগুন, মেহগিনি, তিন্তিড়ী, পলাশ, পিরাল, তেজপত্র, প্রগ্রোধ, জারফল, উত্থর প্রভৃতি পাদপরাজির গহন কাননমধ্যে ঘনসির্নিষ্ট বেডসীলভার নিবিড় জালে দোহলামান ভূমিচম্পক ও দোলনচম্পকসমূহের অন্তরালে অন্তরালে আলোহারার লুকাচুরি থেলা দর্শনান্তে, বিবিধবর্ণরঞ্জিত কোমল কিশলার ও পেলব পল্লবন্তবকের আড়ালে আড়ালে লুকারিত বহু বিচিত্র বনবিহঙ্কের অপ্রান্ত ক্জন, বনম্পতির মর্মর্থ সজল শৈবালমণ্ডিত উপল-সমূহের অন্তর্পত্তী গিরিনিঝ রিণীর ঝর্মর্মর্কাহিনী প্রবণান্তে, নিবিড়ারণাের সঙ্কীর্ণ সর্পিল বীথিকাবলম্বনে জনবিরল কান্তারাতিক্রমান্তে এবং পরিশেষে প্রন্তর্পত্ত-কঙ্কর-মৃত্তিকামর স্বল্য আল-বিজ্জ প্রামল, সমতল, রবিকরোজ্জল শহ্তক্কেরসমূহের অন্তর্নিহিত স্থামির্ক-সরল পথান্থসরণে সীসা, শ্লেট, মার্কেল ও রজতন্ত্র অন্তর বিবিধ আন্তরণার্ত তথা নির্বাপিত বৃদ্ধ আন্থারগিরির অলার-জ্মাজ্ঞাদিত—ক্লফবর্ণ, কর্কশ-মন্তন, ধুসর-ক্ষ্টিকমর, ঝলকপ্রবণ অন্তময়—বিভিন্ন উপত্যকার প্রসারিত তরজমালা একে একে লঙ্কন করিয়া, 'গরুড় গলা'র ভয়সঙ্কুল চড়াইপথে প্রাচীন বুগের বিশিষ্ট ধর্মক্ষেত্র যোশীমঠে আরোহণ করিতে হয়।

একটি ৬,১০৭' উচ্চ রমণীয় উপত্যকায় শ্রীশঙ্করাচার্য্য তদীয় প্রাণপ্রিয় 'জ্যাতির্দ্ধ'—যোশীমঠ (মতাস্তরে বশোমঠ) হাপিত করিয়াছিলেন সহস্রাধিক বৎসর পূর্বে। অধুনা উহা ব্যবসা-বাণিজ্ঞা-সমূদ্ধ জনবছল নগরে পরিণত হইয়াছে। প্রস্তরের প্রাচীর, অরণ্যজ্ঞাত শাল ও সেগুননির্দ্ধিত অলিন্দ (বারান্দা), দৃঢ় মৃত্তিকার মত্থ গৃহতল (মেঝে)—এবং প্রদেশজাত শ্লেট ও ধ্সরবর্ণ মার্কেল অথবা অগ্নিপক, রক্তবর্ণ, মৃন্ময় টালির ঢালু আচ্ছাদন (ছাদ)-বিশিষ্ট অনুমান পঞ্চ-বন্ধ শত একতল ও বিতল, ক্ষুদ্র ও অনতিবৃহৎ বাসভবন, ধর্মাশালা, পণ্যশালা, সদাব্রত, তপুল ডাউল গম স্থত ছাতু গড় লবণ লক্ষা মরিচ মসলা প্রভৃতি থাজোপকরণ ব্যতীত নানাবিধ শাকস্থাী, মৃলা-কুষ্ডা, ফলমূল এবং অলনবসন ও প্রসাধনসংক্রান্ত স্থদেশী ও বিদেশী পণ্যপূর্ণ প্রশন্ত চকমিলানো বাজার, প্রপা

(জগসত্র), প্রমোদগৃহ, সরকারী কার্যালয়, চিকিৎসালয়, দাভব্য ঔষধালয়, আরোগ্যভবন, গীতাভবন, শাল্পীঠ, অবৈতনিক বিভালয়, মূলুণশালা, ডাক ও তার্বর এবং ডাকবাংলোস্ছ শান্তিপূর্ণ পৌরশুতিষ্ঠানের কর্মমুখ্য ধর্মজীবন সক্রিয় রহিয়াছে।

বোশীমঠ তিবৰত ও ভারতসম্পর্কীর বাণিজ্ঞা-কেন্দ্রসমূহের অন্ততম। তথার তিববতোংশর শীতবর, পশম, চামর, গুৰুচর্ম, মৃগনাভি, শিলাজতু, স্বর্ণালয়ার, স্ফটকের কণ্ঠাভরণ, গুৰু মাধন ও মধু প্রভৃতি বিক্রীত হয়।

তক্ষণ-সম্ভারী-চৈত্যবাতারনশীর্ষ বিচিত্র সিংহ্ছার-সমন্থিত অন্ত্রুচ্চ পাষাণ-প্রাকারবেষ্টিত প্রাচীন ধর্মপীঠের প্রশান্ত পরিবেশ মোহমর। উহার প্রশন্ত প্রাক্তণে, চকমিলানো, বিতল অলিক্ষসবলিত কুরর্হৎ প্রকোষ্ঠসমূহ দারুমর আচ্ছাদনবিশিষ্ট এবং প্রায় পরস্পর-সংলয়। মঠাধ্যক্ষের আবাসভবন, সভামগুপ ও কার্য্যালয় নিত্যনৈমিত্তিক ক্রিয়া-কলাপপ্রসকে ব্যবহৃত হয়। কিন্তু পৌর মাসে বদরীনারায়ণ মন্দিরদার রুদ্ধ হইলে বদরীর মোহন্তমহারাক্ষ 'মহারাওরল' যোশীমঠে ওভাগমন করতঃ বদরীনাথের পূজা, যক্ত এবং মঠ পরিচালনা করেন। প্রাক্তণমধ্যে কাষ্টের আচ্ছাদনতলে স্থপের সলিলোৎসারী একটি চিরন্থায়ী প্রস্রবণ বর্ত্তমান আছে। যোশীমঠের মন্দির ও গৃহ প্রভৃতির বিস্থান প্রতিহাসিক বৃগের প্রারম্ভকালীন বৈদান্তিক ধর্ম্মসংঘ-প্রতিষ্ঠানের বিধিনির্দেশ অনুসরণ করিরাছিল, ইহা অন্থমিত হয়।

মঠক্ষেত্রের অগুভাগে, বৃহৎ অন্ধনমধ্যে, কয়েকসংখ্যক দেবায়তন বিগুমান; নদীসহ শিবমন্দির এবং একটি প্রশন্ত বেদীসংলগ্ন চৈত্যায়তি মাতৃকামন্দির-সায়িধ্যে সপ্তসংখ্যক ক্ষুদ্র দেবদেউল ব্যতীত নরসিংহ, হরপার্বাতী ও 'বিয়নাশন গণপতি'র মন্দির। মন্দিরসংলগ্ন গ্রন্থাগারে শক্ষরমূগীর ধর্মাশান্ত্রের সংস্কৃত পাণ্ড্লিপি, পরবর্তী ধর্মগ্রন্থ, শিলালেথ এবং তাম্রশাসন প্রভৃতি স্থরক্ষিত আছে। যোশীমন্দিরে তথা যোশীনগরে শৈব ও বৈক্তব-সম্প্রদায়ের সমান অধিকার। তামিলী, তেলগু, পঞ্জাবী, গাড়োয়ালী এবং উত্তরভারতীয় হিন্দুজনগণ একত্র সম্ভাবে শান্তিপূর্ণ কর্ম্মজীবন যাপন করিতেছেন।

নগরপ্রান্তে বাঁধাকপি, মূলা, গাজর, ওলকপি, আঙ্গুর, কমলালের, আপেল, আথরোট, গীচফল, পোঁপে, কলাইণ্ড'টি প্রভৃতির প্রসারিত উদ্ধানমধ্যে বৃহৎ বৃহৎ বক্ত গোলাপের সৌরভমর ক্ঞাসারিধ্যে ভারত-ধর্মমহামগুলের স্থাশোভন প্রতিষ্ঠান—মঠ, শিকামন্দির, সেবাশ্রম প্রভৃতি—স্থাভ্যলে পরিচালিত হইতেছে।

গ্রীয়ের প্রারম্ভে যোশীমঠ হইতে বিপদসমূল চড়াইপথে 'নীতি'-গিরিকর্ম লক্ষন করিয়া মানস সরোবর ও কৈলাসে যাওয়া যায়। উভয় তীর্থের ব্যবধান প্রায় ৬০ ক্রোশ।

১১৯ किल-वनतीनाथ मिनत, हिमानत

যোশীষঠ হইতে ভীবণ উৎরাইপথে এক জ্রোশ অবতরণে, অনতিবৃহৎ গৌহসেতুর সাহাব্যে বিষ্ণুপ্রয়াগ-সংলগ্ন অলকানন্দাগলা ও বিষ্ণুগলার সঙ্গম অতিক্রমান্তে, প্রায় ১০ জ্রোশ বদরিকায় গমন করিতে হয়।

নীলাভধূসর পর্বতমালার ক্রোড়াঙ্কে প্রবহমাণা নীলবরণা অলকানন্দার প্রসারিত পুলিনে ঘনসারিবদ্ধ মহীক্ষহরাজির নীতল ছারালিও ভামল কাননমাঝারে বনমল্লিকা, খেত গোলাপ, কামিনী ও চামেলী কুস্থমের মৃত্যমন্দ সৌরভামোদিত, আলোক-আঁথারের ইক্রজালবেষ্টিত গৈন্ধমানন চটি বিভামান। অতঃপর উত্ত ল চড়াই অবলম্বনে উপরে আরোহণ করিলে শোভামরী প্রকৃতিদেবীর শান্তিপূর্ণ আবেষ্টনে 'হ্নুমান চটি'-সংলগ্ধ 'হ্নুমান মন্দির'।

অবশেষে অলকাননা পার্শ করিয়া প্রায় লখভাবে দণ্ডায়মান একটি বিরাট্ শিখর-গাত্র-থোদিত একটি সন্ধার্ণ, ঘ্রস্ত, চড়াইপথে চক্রাকারে ধ্রিয়া ফিরিয়া পর্বতশীর্ষে আরোহণ করিবার কালে দেখা যার উর্নামী পথের একস্থান হিমালয়ের উদগত প্রাস্তভাগ বারা আঞাদিত—নাগরাজ বাস্ক্রি যেন সেই দেয়ালগিরিসদৃশ খোদিত-পথোপরি স্বীয় বিশাল ফণা বিস্তারিত করিয়া উপস্থিট। পথের ৫০০ নিয়ে নীলবসনা অলকাননা। তাত্তি নিস্তর্ক ত্যারসমূত্রের বিশালতা উপলব্ধ হয়। বহুদ্রবিস্তৃত সমতল উপত্যকার উপরিস্থিত নিস্তরক ত্যারসমূত্রের বিশালতা উপলব্ধ হয়। তাত্তিক ঘণটা পরে অলকাননার অনতির্হৎ সেতু অতিক্রমকালে, নিয়মূথে, বদরিধামের সারিবদ্ধ গৃহসমূহের পশ্চান্তর্তী অর্ণচক্রনীর্ষ বিষ্ণুমন্দিরের অপর্যাপ গঠনসোষ্ঠব পরিশ্রান্ত পর্যাটকের নয়নমন চরিতার্থ করিয়া দেয়। বদরিকা সমৃত্র হইতে ১০,৪০০ উপরে।

নদীর দক্ষিণ পার্থে—অনুমান এক মাইল দীর্ঘ ও অর্জ মাইল প্রস্থ অসমতল তটভূমির উপরে
—ক্লেটাছাদিত, বারান্দাবিহীন, পঞ্চশত, দোচালা প্রস্তরাবাস, ধর্মশালা, সদাব্রত, বাজার,
বিপণিশ্রেণী, আয়ুর্ব্বেদভাণ্ডার, বিভালর, প্রমোদগৃহ এবং ডাক- ও তার-ঘরবিশিষ্ট শ্রীক্ষেত্র
বদরিধাম। উহার তিন পার্থে পঞ্চ-ষষ্ঠ-সহস্র ফুট উন্নত, সততবরফারত, ঘনসন্ধিবদ্ধ স্টল শৃলসমূহ।

নারারণের গর্ভমন্দির নেপালী স্থাপত্যে গাঁঠিত। উহার দারুমর বিমানোপরি স্থবর্ণমণ্ডিত কলস। প্রস্তরময় জগমোহন মণ্ডপের অসুচ্চ চূড়া কিন্তু মুখল-গর্জ প্রভাবিত। প্রাচীন দেবায়তনের জীর্বসংস্কার কালেই, হয়ত, হিন্দু-মুখল স্থাপত্যের অসুসরণে, সিংহ্ছার ও জগমোহন গঠিত হইয়াছিল।

মন্দিরের গর্ভগৃত্তে, কুফার্প মর্দ্মরপ্রস্তার খোদিত, চতুর্ভু লারায়ণ বিরাজ করিতেছেন। তাঁহার স্থাচিকণ প্রীজাঙ্গে বহুমূল্য অলঙ্কার; বিচিত্র স্থামূক্ট শ্রেষ্ঠ হীরকথচিত। মন্দিরপ্রাক্রণমধ্যে প্রতিষ্ঠিত।

মন্দির ও অলকানন্দার মধ্যভাগে একটি চিরন্থারী উক্ প্রত্রবণ বিদ্যুদান থাকার ছানীর অধিবাসী ও বাত্রিগণের বিশেষ স্থবিধা হইয়াছে।

বদরীখাম হইতে 'মানা' গিরিসকটের তুর্গম পথে মানস সরোবর ও কৈলাসে বাওরা বার। বাজিপথে কেদারনাথ হইতে বদরীনাথের দুরত্ব প্রায় ৫০ জোল। বদরীনাথ হইতে রেল্টেসন রামনগর প্রায় ১২৫ জোল।

১২০ চিত্র—সিংহবার, বদরীনাথ মন্দির, হিমালর
চিত্রপরিচর ১১৯ চিত্রের বিবরণী হইতে দ্রষ্টব্য ।

১২১ চিত্র—শ্রীরাসলীলা, পশ্চিমবন্ধ, থৃঃ অষ্টম শতক (আগুতোর মিউজিয়ম) হুগলি অঞ্চলে প্রাপ্ত অগ্নিদগ্ধ মুন্ময় ফলকে উৎকীর্ণ রাসচক্র।

১২২ চিত্র-পার্থসার্থি

পোঠাগার-প্রাচীরচিত্র, কলিকাতা বিশ্ববিদ্যালয়; ভারতীয় প্রত্মতন্দ্ব-বিভাগের সৌজ্ঞে মুদ্রিত।) কুরুক্ষেত্র রণপ্রাঙ্গণে ভগবন্দীতার কথক পার্থসারিথ (ক্লফ্ক)—আত্মীয়নিধনে নিঃস্পৃহ, বিষয় ও চিস্তামশ্ব পার্থ (অর্জ্জুন)কে ক্লীবতা পরিহার করতঃ কৌরবের বিরুদ্ধে ধর্মগুদ্ধে অস্ত্রধারণ করিতে উত্তেজিত করিতেছেন।

১২৩ চিত্র—অশোকের রাজসভা

(পাঠাগার-প্রাচীরচিত্র, কলিকাতা বিশ্ববিদ্যালয়; ভারতীয় প্রস্কৃতন্ত্র-বিভাগের সৌজ্জে মুক্তিত।)
মৌর্য্য রাজধান। পাটলিপুত্রের দারুময় স্থাপত্যশোভিত বিচিত্র রাজসভায় মহাসম্রাট্ ধর্মাশোক
মিশর, ইরাণ, গ্রীস প্রভৃতি রাজ্য হইতে সমাগত রাজদূতগণের সহিত আলোচনা করিভেছেন।
অশোক ঐতিহাসিক-ভারতীয় ধর্মরাষ্ট্রের প্রবর্ত্তক।

১ই জৈছি ১৩৬৩ সালে 'বুগান্তর' পত্রিকায় অশোকসম্পূক্ত যে মৃল্যবান্ সম্পাদকীয় প্রবন্ধ
প্রকাশিত হইয়ছিল তাহার মর্মঃ

"বৈদিক আর্য্যগণ উত্তর-পশ্চিম ভারতে আগমন করিয়া তাঁহাদের ক্রমবর্জমান বসতি স্থাপন-কালে স্থানীয় শৈব-শাক্ত মতাবলধী স্থসভ্য দ্রাবিড়জাতি আগ্ররক্ষাকরণে অসমর্থ হইয়া উত্তর ভারত হইতে পূর্ব্ব ও দক্ষিণে পলায়ন করেন। বাঁহারা পলায়ন করিতে পারেন নাই তাঁহারা পরাক্রান্ত আর্যাজাতির অধীনে দাস অর্থাৎ শুদ্ররূপে আর্য্যসমাজভুক্ত হইয়া জীবন বাপন করিতে লাগিলেন। কলিল, কণাদ, চার্ব্বাক্ত কেশকম্বলী প্রভৃতি বস্তবাদিগণের নেতৃত্বে তাঁহারা দর্শনবাদী আর্য্যপ্রভৃত্বের বিরুদ্ধে বারংবার বিজ্ঞাহ করিয়াছিলেন। বন্ধ শতান্ধী পরে বেদ, ব্রাহ্মণ ও বাগমজ্ঞ- বিরোধী বৃদ্ধ ও মহাবীর পার্ধনাথ তদানীস্তন নিগৃহীত মানবদমাজসমূহকে সক্ষমদ্ধ করিয়া বৌদ্ধ ও জৈনধর্ম প্রবর্তিত করেন। অবশেবে রাজচক্রবর্তী অশোকের অপরিমিত পোষকতা-পরিপৃষ্ট বৌদ্ধধর্ম যেরপ আয়বিকাশের সুস্থাবাগ পাইর। প্রায় সারা ভারতবর্বে প্রসারিত হয়, জৈনধর্ম তক্রপ বিন্তশালী কোনও রাষ্ট্রশক্তির সহযোগিতার অভাবে নির্দিষ্ট সীমানামধ্যে আবদ্ধ থাকিতে বাধ্য হইয়াছিল। অশোকের যুগ হইতে হর্ষকর্মনের রাজত্বকাল অবধি ১০০ বংসর বৌদ্ধধর্মদর্শন ভারত সভ্যতার সর্ব্ব অল বিকলিত করতঃ সমগ্র এশিয়ার প্রায় সর্ব্বতি প্রসারিত করিয়াছিল সাম্যুদ্ধতীর অভাব তিরারিত হইয়াছিল।

সমাট্ হর্বর্জনের জীবনাবসানান্তে, অন্তম-নবম শতান্ধীতে, দক্ষিণ ভারতের কুমারিলভট্ট ও শঙ্করাচার্য্য ভারতভূমি হইতে বৌদ্ধর্ম্ম প্রার উন্মূলিত করিয়া সনাতন হিন্দুধর্মের নব-অভ্যুদয় সহজ্ঞান্য করিলেন। ক্রমশঃ সনাতন ধর্মের সহিত বৌদ্ধ ধর্মমত ও দর্শনধারার মিশ্রণে মহাযানীয় বৌদ্ধ, সিদ্ধাইনাথ পহী ও সহজিয়া প্রভৃতি ধর্মসম্প্রদায় উভ্ত হইয়া নিরঞ্জন, ধর্মঠাকুর প্রভৃতির ছল্মবেশে বৃদ্ধকেই পূজা করিতে থাকেন। শাক্ত, শৈব ও বৈষণে ধর্মের অন্তর্ভুক্ত আচারামুষ্ঠান জানিদ, বাউল, দরবেশ, অবধৃত প্রভৃতি সম্প্রদায়ী ধর্মাচরণ বৃদ্ধেরই প্রেম ও বৈরাগ্যসাধন, বিনয় ও দৈন্তবরণ প্রতিভাত করে।"

সনাতন হিন্দুসংশ্বৃতি অতঃপর অশোকের অপরিসীম পোষকতা-পরিপৃষ্ট বৌদ্ধর্শের অমুপ্রেরণায় হিন্দুর আরাধ্য দশাবতারের একতম বৃদ্ধাবতার প্রবর্তিত করিয়াছিল। অবশেষে ভাগবতপ্রাণ গুপ্ত-সম্রাট্ট্যণের অসাধারণ বদাস্ততাই ব্রাহ্মণ্য-বৌদ্ধ স্থাপত্যশিলের উৎকর্ষ সাধন এবং বন্ধবাদের ঐহিক আদর্শ স্থাপন করে। বন্ধবাদী ব্যবসাবাণিজ্য-লন্ধ স্থবর্গনি-পরিপৃষ্ট গুপ্ত রাজস্তবর্গ ও বৈশ্র শ্রেক্টিগণ বৈদান্তিক ভারতের সংশ্বৃতি ও শিল্পসংক্রান্ত বিরাট্ অভ্যুদয়ের প্রবর্তন করিয়াছিলেন। অজন্টার পার্ষে এবেং বর্বুদ্রের পার্ষে চাণ্ডিলোরো জ্বোভ্ গ্রান্ত, স্ট হইয়াছিল। অলোক-বিক্লিত ভারতীয় স্থাপত্যের পরম পরিণতির শ্রেষ্ঠ নিদর্শন—মুধেরা ও কোণার্কের স্বর্গমন্দির্বর, দিবারার পার্যনাথ মন্দির, গোয়ালিয়রের উদয়েখর, তাজোরের বৃহদীখর, আঙ্করভাটের বিষ্কৃত্ব্য দেবারতন, চিতোরের জয়ক্তম্ভ এবং আগ্রার তাজমহল। অলোকের পরবর্তী বৃগে বৃগে, এইরূপে, ভারতের সনাতন শিল্প ও সংশ্বৃতি উত্তরোভর শ্রীবৃদ্ধি লাভ করিয়াছে।

১২৪ চিত্র--- শ্রীরামচক্র সমীপে শুহক

(পাঠাগার-প্রাচীরচিত্র, কলিকাতা বিশ্ববিভালর) আর্য্যপতি রামচন্দ্র অনার্যাপতি গুহুক চণ্ডালকে সমাদরে অভার্যনা করিতেছেন। ১২৫ চিজ-वमर्गं, शन्तिमवन, गृः खेनविश्म भाजक

(লাণ্ডভোৰ মিউজিয়ম)

পশ্চিমবন্দীর বর্জমান জেলার কাটোরা জঞ্চলে প্রাপ্ত প্রায় বিংশতি হন্ত দীর্ঘ এবং ত্রিহন্ত প্রেছ, বহুবর্ণরঞ্জিত, ক্লুকলীলা চিত্রপটের একাংশ; নরকে পালীর নিগ্রহের দৃষ্ট।

১২৬ চিত্র—গাজীপট, ত্রিপুরা (আসাম), খুঃ উনবিংশ শতক

ত্রিপুর। অঞ্চলে প্রাপ্ত ; বছবর্ণ যমপটের মুসলমানী সংহরণ।

১২৭ চিত্র—বন্ধা, পশ্চিমবন্ধ, খৃঃ দশম শতক

(আন্তভোষ মিউজিয়ম)

কলিকাতার অদূরে উত্তরপাড়ায় আবিষ্কৃত প্রজাপতি বন্ধার প্রস্তরময় মূর্তি।

১২৮ চিত্র—ভাক্তমহল, খু: সপ্তদশ শতক

হিন্দু ও মুস্লিম সংস্কৃতির সমবেত অবদানপুষ্ট সৌন্দর্য্যনিলয় তাজমহল ভারতীয় স্থাপত্যশিল্পের ক্তৃতি বিকাশ। পঞ্চরত্ব মন্দিরের আদর্শে তাজের আসন বিহুপ্ত। তাজের কমলকোরকপ্রতিম স্বভৌল গল্প অজন্টার পাষাণফলকোদগত একটি স্থৃপিকার এবং অজন্টার ১৯ নং ও ২৬ নং চৈত্য-ভহামধ্যন্থিত স্থৃপিকাধ্যের গোল-ভিত্তি-শিথর স্বরণ করাইরা দেয়।

মহম্মদের আবির্ভাবের পূর্ব্বে পশ্চিম এশিয়ার প্রায় সর্ব্বত্র বৌদ্ধর্মাণ ও বৌদ্ধর্মাণত্য বিস্তারিত হইয়াছিল। তৎপ্রবর্ত্তিত পরমেশ্বর অলার সর্ব্বপ্রথম ও সর্ব্বপ্রধান উপাসনাগৃহ, মন্ধা তীর্থের চতুকোণ 'কাবা', ভারতীয় চৈত্যেরই অহ্বরণ। অজন্টার ভূপিকাই পারস্তদেশীয় গোল-ভিত্তি-গশুক্ষের পরিকল্পনা অহ্বপ্রাণিত করিয়াছিল।

বীজাপুরের স্থলতান ইরাহিমনির্মিত একটি নয়নশোভন সমাধিভবন আছে; উহার গম্পুজ তাজমহলের গম্পুজর সমত্ল্য। উদ্ভর গম্পুজরই গঠন কমলকোরকসদৃশ, শিথরভাগ মহাপদ্ম, আমলক ও কলস-সমৃদ্ধ। তাজমহলের এবং ইরাহিমের সমাধিভবনের চতুপার্মন্ত, পদ্মলাক্ষতি-থিলানশীর্ম, কুলুজীনিচর হিন্দু দেবায়তন-সংশ্লিপ্ত ইক্সকোষ সন্নিবেশের সনাতন প্রথার অন্সরণ করিয়াছিল। ভারতীয় দেব-দেউলের কুলুজী (ইক্সকোষ)-গুলিতে বৃদ্ধমূর্ত্তি অথবা ব্রাহ্মণ্য দেবদেবীর বিগ্রাহ অধিন্তিত থাকিত। কিন্তু ভারতের মসজিদ ও হিন্দু-মুস্লিম সৌধাবলীর শৃত্ত কুলুজীসমূহ সাধারণতঃ 'জালি' অথবা ধারবিশিষ্ট হইত। উক্ত কুলুজীই অতঃপর অভিজাত ব্যক্তিবর্গের আবাসভ্যনের 'ঝরোকা'র পরিণত হইয়াছে। আলমগীর ঔরক্জেবের সম্রাজী রাবিয়া দৌরানির ঔরজাবাদন্থিত সমাধিসৌধ তাজেরই অনুকৃতি। ছাভেল প্রমাণ করিয়াছেন বে, অজণ্টার তৃশিকানির্দ্ধাণের সরল পদ্ধতির প্রেরোগে তাজের গম্পুজ গঠিত। পক্ষান্তরে, ইরাণ, আরব, তুকীস্তান প্রভৃতি

মৃস্লিমহানের গণ্জগুলি রোমান-বাজজান্তাইন গণ্জনির্মাণের জটিল, ক্রব্যরসাপেক পদ্ভি অবলবনে গঠিত হইরাছে।

ভাজের সমকক সর্বালস্ক্রর নমাধিপ্রাসাদ ভারতের অগ্রন্ত অধবা মুস্লির ভগতের কুর্তাশি পরিদৃষ্ট হয় না। অন্তর্ক-প্রবাহিণী অক্ষোদ বমুলার সমতল ভটভাগে প্রির্ভমা সম্রাজীয় অবর শৃতিবিজ্ঞড়িত অমলিন মর্মারনিকেতন প্রেমপ্রবণ প্রণায়ী সম্রাটের চিন্তদীর্ণ ভীব্র ব্যাকুলভায় অভিষিক্ত । ভাজমহল—সুস্থামল কিল্লন্ত্রসমান্ত পাদপরাজি-পরিবেষ্টিত, চিরহরিৎ ঝাউবীথির স্থলবিত অন্তর্নালে লারিক্র ক্রন্তিম কেতক-উৎসসম্বিত তথা পীত-ক্যোহিত-কুমুদ-ক্মল-পরিবৃত প্রশস্ত পরঃপ্রণালী পরিশোভিত—প্রসারিত প্রপাতানের লিখা, নিস্তর্ক, পরিবেশে বিরহ্বিশ্র লাহানশাহের প্রশীভূত শোকাঞা।

জ্যোৎস্বাপ্নাবিত প্রফুল নিশীথে নির্মেখ নীলাম্বরের নিঃসীম চক্রাভপতলে, কুম্দিনী-কান্তের কর্পূর-কির্প-বিদ্ধরিত তরুণী দেহের ললামলাবণীলিগু, মৌনমহিম তাজমহল প্রণিরিণী মমতাজ্যের প্রাণমন্ত্রী প্রতিমারণে উদ্ধানিত হইরা থাকে।

শিল্প- ও সংক্ষতি-পর্য্যারে মৃস্লিম ভারতের শ্রেষ্ঠ গৌরব—হিন্দু-পাঠান এবং হিন্দু-মুঘল স্থাপত্যে গঠিত প্রাসাদ, হর্ম্যা, মসজিদ প্রভৃতি। কিন্তু বস্তুসর্ব্দ্র স্থাপত্যের নির্দোষ মাত্রা ও নিভূল ছন্দাসন্থত প্রকৃষ্ট রূপায়ণে মুসলমান ভাবধারা একটি অভিনব, স্বতন্ত্র, প্রণালী উত্তাবিত করিয়াছিল। তাহার আরোপে হিন্দু-মুঘল সৌধসদনের অপূর্ব্ব ছন্দোগ্রন্থন, অতুলনীর অলঙ্করণ এবং অঙ্গবিস্থাসের পরিমিত প্রয়োজন তদানীস্তন মুস্লিম ভারতীর স্থাপত্যকে অতি মনোরম ও মহিমান্বিত করিয়াছিল। স্থামঞ্জস মাত্রার (proportion) ষথামথ প্রয়োগে মুস্লিম-ভারতীর মন্দির এবং প্রাসাদের স্বকুমার অঙ্গপ্রত্যাল বিরচিত হওয়ায় উহারা অতীব চিন্তাকর্বক হইয়াছিল। সাসারামে শেরশাহের সমাধিমসজিদ, কতেপুর শিক্রীতে বীরবলের বাসভ্বন, আগ্রার তাজমহল ও ইতামংদৌলা, দিল্লীর ছুম্মা ও মতি মসজিদ এবং দেওয়ানিথাস, জয়পুরের অন্বর প্রাসাদ ও হাওয়ামহল এবং দাতিয়ার রাজপ্রাসাদ প্রভৃতি তাদুশ সর্বাদস্থন্দর স্থাপত্যের প্রকৃষ্ট উদাহরণ। সমগ্র জয়পুর মহানগরী হিন্দু-মুঘল স্থাপত্য-সংস্কৃতির মহিমা কীর্ত্তন করিতেছে।

সনাতন ভারতস্থাপত্যের পারস্পারীণ বিকশিনে এবং মধ্যযুগীর বাস্তবিহার বস্ততান্ত্রিক সমৃদ্ধিন নাধনে মুসলমান চিন্তাধারা বিশেষভাবে সহায়তা করিয়াছিল। রাজস্থান ও পঞ্চনদের স্থানোভন আসাদভবনসমূহ এবং বরোদা ও মহীশ্রের স্থান রাজপ্রাসাদ্ধর ইহা প্রমাণিত করিতেছে।

হীন্যানীয় এবং মহাযানীয় মহাশ্রমণগণ বেরপ তাঁহাদের চৈত্যবিহার-নির্মাণে বৃদ্ধনৃতি ও ধর্মনৃত্যক চিত্রের বথাক্রমে বর্জন এবং আরোপণ করিরাছিলেন, স্থরী- এবং শিরা-সম্প্রদারভূক্ত ভারতবাসী পাঠান ও মূবল ধর্মবাজকগণও তাঁহাদের স্ব স্ব স্থাপত্যে জীবমূর্তি ও চিত্রের ব্যবহার অন্তর্মপতাবেই নিষিদ্ধ এবং অনুমোদিত করিরাছিলেন। লণ্ডন আৰ্ট লোনাইটির প্রাক্তন সভাপতি উইলিয়ম হোণিনটিন কে. বি. কডরিটেন স্কলিত লচিত্র Ancient India গ্রন্থের ভূমিকার লিখিবাছিলেন—

শ তেকটি প্রমান্মক ধারণা হর্জাগ্যক্রমে সাধারণের চিত্তে বছমূল রহিরাছে বে, মর্থাপৃত্ব সমাধিসৌধ তাজমহলই ভারতবর্ষের সর্বপ্রেষ্ঠ এবং সর্বাপেক্ষা উল্লেখবোপ্য স্কুর্ম্য নিকেন্ডন । তিন্ধানি এবং আগ্রা-পর্য্যটকগণের প্রতি দশ সহস্রের মধ্যে দশক্ষনও এলোরা, কোণার্ক, ভূবনেধর এবং পাজ্রাহো দশনে গমন করেন না। তত্তংখানীর বিরাট্ খাপত্যের বিপুল সৌন্দর্য্য-গরিমা নির্ণয়নে অথবা ঐতিহ্ নির্দ্ধারণে ভারতবাসিগণ নিজেরাই অক্ষম ও উদাসীন। ততাত

১২ > চিত্র-মহারাণাপ্রাসাদ, উদরপুর (রাজস্বান), খ্বঃ বোড়শ শতক

চিত্রসমূথে স্থাসূতি-বিচিছিত বিপুল রাজপ্রালাদের প্রশন্ত প্রালপন্যর, ত্রিধাবিভক্ত, উত্তর ভারণ। সারিবদ্ধসৌধসময়িত স্থাপি রাজপথ দক্ষিণ মুখে ওই উত্তর ভারণ অভিক্রম করিয়া পূর্বমূখী ত্রিভল প্রালাদের বিরাট সিংহ্বারে মিলিত হইয়াছে। প্রানাদপ্রাকারের দক্ষিণ ভারণের সম্পূথেই বহুসহস্র বিঘাপরিমিত স্থান আচ্ছাদিত করিয়া 'সর্বাঞ্জু-সক্ষন-বিলাস' রাজোভান। হুর্গপ্রতিম প্রাসাদের পশ্চিমপার্শন্ত মহারাণীমহলের পাষাণভিত্তি স্পর্ণ করিয়া স্থিণাল 'পেশোলা' হুদ। চিত্রের দক্ষিণ পার্শ্বে 'পেশোলা' অবন্ধিত থাকায় উহা পাঠকের দৃষ্টিগোচর হয় না। প্রাসাদের পূর্ব্ব পার্শে, প্রায় একশত ফুট নিয়ে, রাজধানীর একাংশ বিভ্যমান।

লঘুনীল ব্রদবক্ষে ভাসমান—তুষারগুল্র মর্শ্বরসৌধ, ফলরক্ষের উন্থান এবং বিবিধ কুস্কমের বছবর্ণোজ্জল আন্তরণলোভিত হিসংখ্যক, প্রায়-পরস্পরসংলগ্ন কুদ্রকার, হীপ প্রকৃষ্ণ দর্শকের সোৎস্থক দৃষ্টি আকর্ষণ করে। পূর্ণিমা নিশীথে প্রাসাদের 'আশমান চবুলা' (আকাশমগুপ) হইতে উহারা স্থাপরীর ক্রীড়াকাননরপে প্রতীয়মান হয়।

উভর বীপোছানমধ্যে এক একটি হ্রম্য সৌধ বিশ্বমান। শাহজাদা খ্রম (অতঃপর স্ত্রাট্ শাহজাহান) তদীয় পিতা জাহাঙ্গীরের বিরুদ্ধে বিদ্রোহ করিয়া মেবারপতির আশ্ররে বীপদরের একটিতে, বিতল সৌধভবনে, অবস্থান করিয়াছিলেন। সেই ভবনের প্রধান কক্ষটি অনাড্বর ফুলকারী কারুথচিত। সেই কারুকলাই হয়ত শাহজাহান-স্ট তাজমহলের নানাবর্ণের প্রভর্থত-পচিত হক্ষ অলঙ্করণ অন্থ্রাণিত করিয়াছিল। উহা, শ্রমবশতঃ, ইতালীয় শিলীর 'Pietra dura' অলঙ্করণ বিশিয়া অভিহিত। পার্শ্ববর্তী বিতীয় বীপের মর্শ্রময় জলপ্রাসাদে প্রাসাদনির্শ্বাতা জগৎসিংহ এবং পরবর্তী মহারাণাগণ গ্রীম্ব কালে অবস্থান করিতেন। অভাপি উহা মহারাণার বিশ্রামন্ডবনরূপে ব্যব্দত হইয়া থাকে।

পেশোলার দক্ষিণ-পশ্চিম ও পশ্চিম পার্মস্থ ছইটি শৃক্ষোপরি হাজনগড় এবং একলিদগড় উপত্র্গরিয় অবস্থিত। উহারা রাজধানী উদরপুর হইতে দৃষ্ট হয়। উদরপুর হইতে একটি অগন্তীর গিরিব্যা একলিলগড় অতিক্রম করিয়া হাদুর কুন্তুলগড় ছর্গান্ডিমুখে গমন করিয়াছে। মহারাণা প্রাসাদের উত্তর তোরণ হইতে একটি শাথাপথ, পশ্চিম দিকে স্থারহং জগদীশ মন্দিবের উত্তর প্রাকারের সমান্তরালে অগ্রসর হইরা, প্রাসাদের উত্তর-পশ্চিম কোণাংশ বাগোর কি হাবেলী' মহলের পশ্চিমভিভি-চুখী পেশোলা হদের গলোড় (গলা) ঘাটে শেষ হইরাছে। 'গলোড়' শত শত কৃষ্ম ও মংজ্ঞপূর্ণ। ত্রিতলসৌধসংলয়, প্রসারিত চন্দ্রবিশিষ্ট, সেই প্রজন্মম গলোড় ঘাট পেশোলার উত্তর-পূর্ব্য কোণে বিশ্বমান আছে। ত্রিতল ঘাটসৌধের নিম্নতল ত্রিসংখ্যক বৃংড়িদার' (অর্দ্ধ-প্রাকৃতি) থিলান শোভিত; বিতীর ও ভৃতীর তলে বথাক্রমে বিবিধ বর্ণের প্রক্রাচথচিত জালি-বাতায়নবিশিষ্ট নৃত্যকক্ষ এবং স্থ-উচ্চ 'আশ্যান চর্ত্রা'।

১৫৬৮ খুটান্দে মহারাণা উদরসিংহ আরাবল্লী শীর্ষন্থ গুই মনোমুগ্ধকর উপত্যকার তদীর 'স্বাপ্রী'-রাজধানী উদরপুরের প্রাসাদ প্রতিষ্ঠিত করিয়াছিলেন। বহু-উদ্ধানসমূদ্ধ উদয়পুর 'পেশোলা', 'ক্তেসাগর', 'ক্ররসাগর' প্রভৃতি বৃহৎ বৃহৎ জলাশরবেষ্টিত। ক্র্গ্রন্থাকৃতি প্রাসাদসৌধ মধ্যবৃদীর শ্রেষ্ঠ হিন্দুস্থাপত্যে গঠিত।

'সজ্জনবিশাস' উন্থানমধ্যত্ব বিতশ শিল্পসংগ্রহশালার অর্থাৎ ভিক্টোরিয়া মিউজিয়মে উন্নত মেবারী শিল্পের বিবিধ নিদর্শন প্রদর্শিত হইয়াছে। হলদিঘাটের উদগত মানচিত্র এবং 'চৈতক'পৃষ্ঠেরশসজ্জার মহাবীর প্রতাপসিংহের প্রমাণাকার প্রতিমূর্ত্তি ব্যতীত ভদীর গুরুভার তরবারি, লোহবর্ম, চর্ম্মপাছকা ও ধাতুমর শির্ম্পাণ প্রভৃতি তাহাদের অন্তর্ভু ক্ত।

১৩০ চিত্র-পার্থনাথ মন্দিরমণ্ডপ, আবু পর্বত, ১০৩১ খৃঃ

সোলান্ধি রাষ্ট্রশাসিত উত্তর শুর্জের (শুজরাট) প্রদেশীয়, শুপ্তসংস্কৃতিসভূত, যে স্থষ্ট্র স্থাপত্যে মুধেরার অপূর্ব্ধ মন্দিরের স্পষ্টি হয়, তাহার চরম অভিব্যক্তি হইয়াছিল অর্ব্ধ দ লৈলের আবু উপত্যকায় শ্রেটিশ্রেষ্ঠ বিমল শা-প্রতিষ্ঠিত জৈন দেবায়তনের অতুলনীর কারুকলায় তথা পশ্চিম শুর্জেরের কাথিবার-অঞ্চলীয় কয়েকসংখ্যক দেব-দেউলের রূপায়ণে।

প্রাঙ্গণের মধ্যক্ষণে ভগবান্ পার্ঘনাথের মৃল মন্দিরের আরতন ৯৮′×৪২′। উদান্ত মৃর্তিমিছিম সেই মন্দিরের সন্মুধন্থিত ২৫′×২৫′ পরিমিত অষ্টকোণী সন্ভামগুপের অষ্টকোণে অষ্টসংখ্যক মর্ম্মরমর অন্তোপরি, পূর্ণপ্রস্কৃতিত ব্রহ্মকমলপ্রতিম, অমুপম চন্দ্রাতপ (শিলাচ্ছাদন)। চিত্রে সেই চন্দ্রাতপ দৃশ্রমান। উহার অন্তর্মন্তী একাদশসংখ্যক স্তবকচক্রের শুচ্ছে শুচ্ছে, দলে দলে, শ্রেণীবদ্ধ দেবদেবী, পুশালতা ও পশুপক্ষীর কমনীর ভাষ্যা।

পূর্ণপ্রকৃতিত ব্রহ্মক্ষণের স্ম্মাতিস্থা স্কৃমার শিরের ছলে ছম্মে স্ক্রমার প্রেছতিদেবীর আনন্দমর স্টের গভীর রহস্ত প্রকটিত হইরাছে। বোড়শনংখ্যক স্ক্তবী স্ক্রমী বিভাবরীগণ স্থ স্থিরিপরি শিলাজ্বাদন (স্টিচক্র) ধারণ করিয়া প্রশাস্ত প্রাক্রমানা।

হৃদ্র বোধপুর (২০০ জোল) হইতে আনীত রালি রালি 'মার্কেল' প্রস্তর অর্ক্ দ শৈলের ৪০০০' উচ্চ আবু উপত্যকার উদ্বোলিত করিতে হইয়াছিল বৈশ্রপতি বিমল শা, বস্তপাল ও তেজপালের মন্দিরগুলি নির্মাণের জন্ত ।

দিল্লী-আহমেদাবাদ রেলপথের 'আবুরোড' ষ্টেসন হইতে > ক্রোশ চড়াইপথে ৪০০০' উপরে আবুনগরে উঠিতে হয়। অস্মান ২ ক্রোশ দীর্ঘ ও ১ ক্রোশ প্রস্থা বর্ণাচ্য উপত্যকার ঘনগীত ও হরিংবর্ণ শশুক্ষেত্রের স্থকোমল আন্তরণমন্তিত, স্থামল পাদপতক-সমান্তর শান্তিমরী আবুনগরী শোভমান রহিয়াছে।

নগরের দক্ষিণ-পশ্চিম কোণে 'নকীতলাগু' জলাশর। উহা উদরপুর, জরপুর, বোধপুর, দিরোহী, টক্ক প্রভৃতি রাজ্যের নৃপতিবর্গের প্রাসাদমালার মেথলাবেটিত। স্থবিশাল জলরাশির দক্ষিণ-পশ্চিম প্রান্তে স্নিবিড় বৃক্ষপুঞ্জের প্রসারিত শাধাপ্রশাধানিচর দলে দলে, নতশিরে, ঘননীল সলিলমুকুরে নিজ নিজ অঙ্গুসোঠবের প্রতিবিধ নিরীক্ষণ করিতেছে।

নগরের উত্তর-পশ্চিম প্রান্তে দিলবারার জৈনমন্দিরসমূহ। উহাদের অর্ধ-ক্রোশ দক্ষিণে বীকানীর মহারাজার প্রাসাদোভান। বিহগসেবিত প্রশোভানমধ্যে লবুলোহিভাভ বানুপ্রভরের বিভল প্রাসাদ। মধ্যযুগীয় রাজহানী রাজোভানের রমণীয় আলেখ্য উক্ত উন্থানে প্রতিক্ষণিত। বীকানীর প্রাসাদের ৪ ক্রোশ উত্তরে জঙ্গলাকীর্ণ পর্বভতরক্ষের সারিখ্যে অচলগড় মহাতীর্থ। তথায় জৈন ধর্মবীর অচলনাথের প্রসিদ্ধ মন্দির অবস্থিত।

পূর্ব্বোক্ত 'নকীতলাও' হদের অদ্রত্থ আবৃপ্রান্ত হইতে একটি স্চল শৃল উথিত হইরা আরাবলীর বহুদ্র বিশ্বত বিশাল প্রান্তর অবলোকন করিতেছে। সেই শৃল্পীর্যন্ত 'স্থ্যান্ত দর্শন' (Sunset Point) বেদী হইতে, স্থ্যান্তকালে, রাজগুরাড়ার দিক্চক্রবালে রাজপ্তরক্তরঞ্জিত 'মেবার পাহাড়' গুলিত লোহতরক্রবং প্রতীয়মান হয়।

১৩১ চিজ-মনিকর্ণিকাঘাট, বারাণসী

বিবিধ ধর্মাত ও বছ বিচিত্র সংস্কৃতির মিলনক্ষেত্র বারাণনীতীর্থের সভামন্দির-কেন্দ্রী 'ধর্মারণ্যে'ই বেদান্তপ্রাণ ভারতের সনাতন ধর্ম, সাহিত্য ও সভ্যতার উৎকর্ম সাধিত হইরাছিল। ৫০ সংখ্যক বুদ্ধজাতক কাহিনীর প্রার প্রত্যেকটি মহাভারত-সম্পৃত্ত কাশীরাজের রাজধানী কাশীধামের (বারাণসী) সহিত সংগ্রিষ্ট।

বারাণদীর শত শত বেবায়তন, মঠ ও শিক্ষাভ্বন, চতুপাঠী ও সদাব্রত মহেধরের মহিমা কীর্ত্তন করিতেছে। বিরাট্ ধহরাকৃতি উত্তরবাহিনী ভাগীরধীর ছই ক্রোশ দীর্ঘ উচ্চতটপ্রাস্ত হইতে উচ্চ লোপানশ্রেণী শত শত পাষাপচন্দব্রের অন্তর্গন ভেদ করিয়া গলাগর্জে নামিরাছে। কলোলিনী স্বন্ধনীর অপ্রান্ত অনত সলীত—"প্রশামি শিবং শিবকরতকং"—স্বর্ণচ্ড বিশ্বনাথ দেবারতবের পাষাপগাত্রে প্রতিনিয়ত প্রতিশ্বনিত হইতেছে।

ধর্মপ্রাণ হিন্দুনরনারী জাঁহাদের ঐছিক জীবনের শেষ জ্বধার কৈবল্যধায় কাশীর পুণ্যতীর্থে পরবেষরের জ্বারাধনার জ্বিবাছিত করেন; মণিক্শিকার গলাজনে, দেহত্যাগের প্রাক্তালে, ইইন্দ্র জপ করিতে করিতে হাসিম্থে মরণকে বরণ করেন। ত্রিগুণাত্মক ত্রিশূলধারী জ্বণাতীত শিব বিশ্বনাথ স্বাং জাঁহাদের সম্বন্সমক্ষে মোক্ষধামের মুক্তিভোরণ উদ্বাটিত করিয়া দেন।

১৩২ চিত্র-ভয়ন্তভ, চিতোরগড় (রাজস্থান), ১৪৫০ খৃ:

মহারাণ। কুস্ত চিতোরগুর্গনীর্বে, তদীয় মালবরাজ্য-জরের স্মারক, একটি পরিপূর্ণস্থানর 'জয়ন্তত্ত' নির্মাণ করেন। গুপ্ত-জৈন স্থাপত্যে গঠিত, ৩৫' চতুরস্র ও ১২২' উচ্চ, নবতল, প্রান্তরমর তত্তের সর্ব্ব অজ প্রাণকাহিনীসম্পূক্ত স্থানর স্থানর ভাষ্ট্যাবলী ও পূম্পালতার কারুমপ্তিত। মেবার গৌরবের অবিনশ্বর স্থৃতিসংবাহক উক্ত জয়ন্তক্তনির্মাণে ম্থেরার ব্রাহ্মণ্য স্থ্যমন্দির এবং দিলবারার জৈন পার্শনাথ মন্দিরশিল্লের রচনারীতির যৌথ বিকাশ সংসাধিত হইয়াছিল।

খৃঃ অষ্টম হইতে দশম শতক অবধি বোধপুর-অঞ্চলীয় ওশিয়ার 'মহাবীর' জৈনমন্দিরে এবং নবগ্রহচিন্তিত ব্রাহ্মণ্য 'স্থা'মন্দিরে গুপুত্বাপত্যের সনাতন ধারা সংরক্ষিত তথা পরিপুষ্ট হইয়াছিল। সমসাময়িক ইক্রপ্রস্থ (দিল্লী) ও গিরাসপুরের (গোয়ালিয়র) দেবায়তনগুলি ব্যতীত চিতোরগড়ে দশম শতকে প্রতিষ্ঠিত প্রসিদ্ধ কালিকামন্দিরও গুপুত্বাপত্যকলাকে কমনীয়ভাবে বিকশিভ করিঃছিল। হিন্দু-ও কৈন-সংস্কৃতিসভ্ত সেই অভিনব পূর্ত্ত-শিল্পবিকাশের অন্তপ্রেরণায় মুধেরা ও দিববারার শ্রেষ্ঠ দেবায়তনসমূহের সৃষ্টি। চিতোরের অতুলনীয় শ্বতিস্কন্ত উহাদের সকলের সন্মিলিত অবদানপুষ্ট।

সত্যনিষ্ঠ গুপ্তসমাট্গণের ধর্মমূলক কর্মজীবনের অত্যুদার আদর্শান্তসরণে সোলান্ধি রাজভাবর্গ-প্রমুখ বন্ধপাল ও তেজপাল প্রভৃতি বৈশুকুলতিলকগণ হিন্দু ও জৈন দেবায়তননির্মাণে অপিচ হিন্দু ও জৈন পণ্ডিতবর্গের ও শিল্পিসভেবর পোষণে অকুন্তিতভাবে সহযোগিতা ও অর্থব্যর করিতেন। হিন্দু ও জৈন মন্দিরে জৈন ও হিন্দু দর্শনাচার্য্যগণ ধর্মহত্তের ও বেদান্তের ব্যাখ্যা করিতেন। মেবারপতি কুন্তও, তাঁহাদের অন্তর্মপ, ব্রাহ্মণা, বৌদ্ধ ও জৈন ধর্মমতের প্রতি সমভাবে শ্রদ্ধাপরায়ণ ছিলেন। ত্রিবিধ মহতী সংস্কৃতিসভৃত অবিনশ্বর 'জয়ন্তন্ত' তাঁহার উদার আকাজ্ঞার মূর্ত্ত নিদর্শন। ১৩৩ চিত্তে—জয়সমূল, মেবার (রাজহান), খুঃ সপ্তদশ শতক।

আরাবলী হইতে নির্গত একটি অনুরম্ভ জলপ্রবাহের গতিরোধকরে মহারাণা জন্ধনিংহ একটি সহস্র কূট দীর্ঘ, হুদুঢ় ও স্ল-উচ্চ বাধ নির্দাণ করেন। ক্রমণতি স্বিলপ্রবাহ প্রায় বিংশভি ক্রোল পরিথিবিশিষ্ট একটি কৃত্রিম হুদের স্পৃষ্টি করতঃ ক্ষেত্রসংখ্যক কৃত্রিম জলনালির মাধ্যমে শশু সহজ্ঞ কৃষিক্ষেত্র আর্ত্র উর্বের রাখিরাছে ৷ জরসমূত্র উদরপুর হইতে বিংশতি ক্রোশ দূরে দক্ষিণ-পূর্ব্ব কোণে অবস্থিত ৷ চিত্রে উহার উত্তর-পশ্চিম কোণাংশ মাত্র দুখ্যমান ৷

বিশাল জলবন্ধসংলগ্ন, খেতমর্মরের সোপানপথশ্রেণী—স্থানর স্থানর 'ছব্রি'-শোভিত মর্নার-চন্ধরসমূহের অন্তরালে অন্তরালে, ত্রিশ ফুট নিয়ে, হ্রদমধ্যে নামিয়াছে। চিত্রের উভয় পার্শে মহামাণার এবং মহামানীর গ্রীম্মকালীন সৌধাবাসদ্য পরিদৃষ্ট হইতেছে।

সাগরসমত্ল জলরাশির বচ্ছ সলিলম্পর্লী, প্রার ৮০০' উচ্চ, একটি শৈলের উপব্লিভাগে দণ্ডাম্নান একটি প্রস্তরময় প্রাসাদের ত্রিতলে—শ্রেষ্ঠ কারুকলাথচিত ভ্রন্তাবলীসথলিত, বিচিত্রজালি ও মর্ম্মরময় কিরীট ('রাওটি')-সমৃদ্ধ বারান্দা ('বাদল বিলাস') ব্যতীত প্রাসাদশীর্বে করেকসংখ্যক 'আশমান চবুত্রা' অর্থাৎ 'হাওয়া মহল'-মগুপ বিভ্যমান আছে। চিত্রের বাম পার্থে শৈলশ্লোপরি মহারাণার তুর্গপ্রাসাদ দৃশ্যমান।

ত্রিতল প্রাসাদের স্থারণ ছাদের এককোণে একটি বিতল অংশ দ্রপ্তরা। উহার আফ্রাদনসংলগ্ন সারিবদ্ধ 'হাওয়া মহল' হইতে—দিগস্তবিস্থৃত জন্তমনুদ্রের ক্ষণনীল জলরাশির গর্ভে দিনমণির
নিমক্তনদৃশ্য অবিশ্বরণীর। দক্ষিণ ভারতের বিশাখপন্তনের (Vizagapatam) সমুদ্রতীরত্ব পর্বতশিখর (Dolphin Nose) হইতে অন্তর্মপ স্থ্যান্ত উপভোগ করা যায়। বিশ্বকবি রবীক্রনাথ তলীর
মর্শাম্পালী কবিতা 'নিরুদ্দেশ যাত্রা'র আবেগময় ভাবের অমৃত্যমী ভাষার মাধ্যমে সাগরপারে
স্থ্যান্তের অনাবিল সৌন্দর্য উল্লাটিত করিয়াছেন। অংশুমালীর অন্তাচলে অবরোহণকালে 'হাওয়া
মহল' হইতে ঝলকমান-সোনালি-রঞ্জিত জন্তমন্ত্র তাঁহার অমর কবিতা শ্বনণ করাইয়া দের।

হর্গপ্রাসাদের উত্তর-পূর্ব্ব কোণাংশে, হুইটি সমান্তরাণ প্রাচীরমণ্যন্থ মাত্র ৪' প্রশক্ত স্থানে, উপরে উঠিবার উচ্চধাপ সোপানপথ বর্তমান। সোপানকক্ষ প্রবেশের গোহদার সাহায্যে এবং দিতীয় ও তৃতীয় তলের মেঝে-সংলগ্ন প্রন্তরের আচ্ছাদন হুইটির দারা উপরগামী অপ্রশক্ত পথ অবরদ্ধ করিশ্বা শক্রসৈন্তের আক্রমণ প্রতিরোধ করা রন্তব হুইত।

জরসিংহের জনক মহারাণ। রাজসিংহ বহুসহত্র শ্রমিকের দশবংসরব্যাপী পরিশ্রমের বিনিমরে
একটি দেড়জোশ দীর্ঘ জনবন্ধ নির্মাণ করতঃ ১৯৬১ খুষ্টান্দে, 'রাজসমূদ্র' হুদ প্রতিষ্ঠিত করেন।
রাজসমূদ্র হুইতে উদয়পুরের ব্যবধান ১২ জোশ। মহামারীজনিত ছভিক্ষের কবলে মেবার রাজ্য
বাংস হুইবার উপজ্রম হুইলে বর্তুমানকালীন হিসাবে প্রায় ২০ জোড় টাকা ব্যরে, রাজসমূদ্র নির্মাণকার্ব্যে, ছভিক্ষপ্রত্ত প্রজাদের নিরোজিত করিয়া প্রজাবংসল রাজসিংহ যে কেবলমাত্র বিপার প্রজাবর্ণের
জীবন রক্ষা করিতে সক্ষম হুইয়াছিলেন তাহা নহে, যাহাতে মেবার প্রনরার ছভিক্ষানিই মা
হুর ভাহারও স্ব্যবস্থা হুইয়াছিল রাজসমুদ্রের মাধ্যমে। জয়সমূল- এবং রাজসমূদ্র-সংলগ্ধ কৃঞ্জিদ

জননালিসমূহ মেবারের শক্তোৎপাদনে, উভানপোষণে এবং সহল্র সহল্র অধিবাদিগণের জীবনরক্ষণে সহারভা করিয়াছিল এবং করিতেছে।

প্রসিদ্ধ ক্ষাভাচারী বৈঞ্বতীর্থ 'নাথবার' রাজসমূদ্রের সরিকটে অবস্থিত।

১৩৪ চিত্র-বশন্তীর নগরী, রাজস্থান, খু: बाদশ শতক।

মাড়বার-সরিহিত 'প্নিজংসন'-সংশগ্ন সিদ্ধ-হারদ্রাবাদ রেলপথের অন্তর্বর্ত্তী ষ্টেসন 'বারনীর' হইতে ৫০ ক্রোশ উত্তরে উত্তর-পশ্চিম রাজ্যোড়া-সংশ্লিষ্ট বলগ্রীর রাজ্যের রাজধানী বশন্তীর নাগার আবহিত। অতীতে উট্রপৃষ্টে অথবা পদত্রকে প্রচণ্ড 'থর' মরুভূমি লক্ষ্যন করিয়া তথার গমন করিতে হইত। এক্ষণে মোটরবানের ব্যবহা হইরাছে।

দিগন্তবিভ্ত প্রথব মরুভূমির সীমাহীন পথপার্থে, বালুমর পরিবেশে, স্থতীক্ষ কণ্টকাকীর্ণ 'বন' (উট্রের প্রধান আহার্য 'দেবজটা') ঝোপের অন্তরালে অন্তরালে, ৫-৬ ক্রোল ব্যবধানে, ২০-২৫ থানি 'বন'-লভাচ্ছাদিত ঘনসরিবদ্ধ মৃত্যুর কুটীরবিশিষ্ট কুদ্র কুদ্র ক্ষবক (পশুপালক) পল্লী অপ্রেম্ব্ট অন্ধ্রুট্ট লোকালয়সদৃশ যাত্রীর নয়নপথে নিপতিত হয়। বালুমর ধূসর প্রান্তরের সংখ্যাতীত বিবর হইতে নির্গত পাংশুবর্ণ মৃহিককুল দিবাভাগে ইডল্ডভঃ বিচরণ করে। 'বন'লভার শিক্ড্ই উহাদের খান্ত। জলপথে অভলান্তিক মহাসাগর অভিক্রমকালে হানে হানে সেইরূপ অর্থিপোতের সমান্তরালে ধাবমান শ্রেণীবদ্ধ হালরকুল দৃষ্ট হয়।

মধ্যে মধ্যে, প্রাক্তরময় প্রাকার ও দৃঢ়বারবেষ্টিত, পঞ্চ-ষষ্ঠ শতসংখ্যক লঘু প্রস্তর- ও মৃত্তিকা-নির্ম্মিত একতল ও বিতল পাকাগৃহ, কুটীর, কার্য্যালয়, ঔষধালয়, চক ও বাজার প্রভৃতি সহ 'দেবীকোট', 'ফতেগড়' প্রভৃতি 'গড়' অর্থাৎ মক্ষ্মগ বিশ্বমান। উহাদের প্রত্যেকের মধ্যে গির্বর ও শিক্তনী প্রভৃতি দেবগণের, অনাড়বর স্থাপত্যশিরভূষিত একাধিক দেবারতন।

মক্লবাস্তারের বহুদ্র হইতে নিস্তরক বালু সমুদ্রোখিত অমুচ্চ শৈলশিরে বিরাজমান হরিদ্রাভ বালুপ্রস্তরের মহারাওয়ল প্রাসাদটি অস্পষ্ট অর্ণবিশোতের আকারে দর্শকের দৃষ্টি আকর্ষণ করে। প্রাসাদশিধর্ম্বিত চক্রচিহ্নিত রাজ্পতাকা-স্তম্ভ অর্ণবিশোতের মান্তলবং প্রতীয়মান হয়।

প্রাসাদ, রাজকীয় কার্যাভবন ও দেবারতন-সমৃদ্ধ শৈলহুর্গটিকে বামপার্শে রাথিয়া—চিত্রের বাম হইতে দক্ষিণ দিকে—'গড়িসর' জলাশয়ের বাল্ময় তীরপথাবলখনে স্থলর স্থলর স্থালিকা-শোভিত রাজনগরীর মধ্যে প্রবেশ করিতে হয় ৷ প্রস্তরাচ্ছাদিত রাজবর্গ্ধ এবং মৃত্তিকা, প্রস্তরথও ও বালুকানির্শ্বিত শাখাপথ-সংলগ্ধ একতল, দিতল গৃহস্থভবন এবং ত্রিতল, চৌতল শ্রেষ্টিসদনসমূহের ফাঁকে ফাঁকে চক, বাজার, কার্যালয়, অবৈতনিক বিদ্যালয়, ব্যায়ামশালা, মল্লভূমি, উন্থান, প্রমোদভবন, সলীতশালা, শিল্পভবন, আয়ুর্বেদভাতার, হ্যোমিওপাথিক ঔষধালয়, মনোহারী দ্রব্যভাতার, গোশালা এবং পশু চিকিৎসাক্ষের ব্যতীত লছ্মীনাথ ও গোপাল মন্দির, মহাদেও ও আদিনাথ

মন্দির, জৈন পাঠশালা, প্রাচীন পাঙ্লিপিসম্পর জৈন 'পুস্তকভাগুার', পৌরসভামগুণ ও মসজিদ প্রভৃতি বিশ্বস্ত আছে।

চিত্রে 'গড়িসর' জলাশরতীরে নগরের একাংশ দৃগুমান। ছুর্গশিরে মহারাওরলের প্রস্তরমর প্রাসাদ এবং তৎসংলগ্ন শান্তিনাথ (৭০ চিত্র), পার্বনাথ এবং বিশ্বনাথ মন্দিরের চূড়াগুলি দেখা যাইডেছে। রাজোন্থানসংলগ্ন 'রাজগ্রন্থ'ভাগ্ডার ও বিবিধ সৌধসদন চিত্রে দৃষ্ট হয় না। প্রাসাদশিরে 'বাদল বিলাস' মিনারটি বছ উচ্চ এবং সুকুমার কারুকার্য্যমণ্ডিত। উহা হিন্দুমুখল স্থাপত্যশিরের বিশিষ্ট নিদর্শন।

বিংশতি সহস্র নাগরিক-অধ্যুবিত অনতিবৃহৎ রাজধানী মধ্যে ব্রাহ্মণ, ক্ষৃত্রির, বৈশ্ব, শিলাবৎ, ধাতৃশিরী, লোহার, স্থাকার, কুন্তকার, তৈলিক, তন্তবায়, সম্মার্জক ও মেধর গোষ্ঠাগণের অবস্থানের জন্ম শিলাম্ত্রনির্দেশিত স্বতন্ত্র মহলা (পল্লী) বিগ্রন্ত আছে। ব্রাহ্মণগণ প্রধানতঃ প্রাক্তার ও সিংহ্দারবেষ্টিত শৈলহর্গমধ্যে, প্রাসাদের সারিধ্যে, অবস্থান করেন। নগরমধ্যে মুস্লিম রাজপুত্রগণ বংশাম্ক্রমে হিন্দুর সহিত সন্তাবে বসবাস করিতেছেন। তাঁহারা গো হত্যা করেন না একং হিন্দুর সামাজিক অন্তানে যোগদান করেন। তাঁহারা সাধারণতঃ পশুপালনজীবী; পশুচর্ম, উষ্ট্রলোমের কম্বল ও শীতবন্ত্র এবং ঘত প্রভৃতির ব্যবসাবাণিজ্য পুরুষাক্রমে পরিচালিত করিতেছেন।

গড়িসর, মূলতলাও প্রভৃতি কয়েকটি জ্বলাশয় নগরে ইতন্ততঃ বিশ্বমান। কিন্তু গড়িসর ভিন্ন অন্ত সরোবরগুলি গ্রীম্মকালে শুক হইমা যায়। ১৫' হইতে ২৫' পরিধিবিশিষ্ট, ৩০০'-৩৫০' গজীর, বহু জলকৃপ আছে। উহারা প্রস্তরমণ্ডিত। শীত এবং গ্রীম্মকালে, উষ্ট্রচালিত 'চরস'ষম্ব সাহায্যে কৃপ হইতে গরম এবং শীতল জল উত্তোলিত হয়।

মধার্গের ভারতীয় নগরের এবং শিল্পান্থরাগী নাগরিকরন্দের ধর্মময় কর্মজীবনের তথা শান্তিপূর্ণ গণসমাজের প্রত্যক্ষ পরিচয় স্থদেশী স্থাপত্যসমৃদ্ধ যশনীরে উপলব্ধ হয়। শীত ও গ্রীমের তীব্রতা থর্ম করিবার জন্ম ঘনসারিবদ্ধ গৃহকক্ষ ও কুটীরগুলিতে অল্পমংখ্যক গবাক্ষ (বাতায়ন) সন্ধিবেশিত হইয়াছে। শ্রেষ্ঠ স্থাপত্যভূষিত বিক্ষয়কর গোপাল মন্দির নগরীর মধ্যস্থলে বিরাজমান। উহা সনাতন ধর্মশিক্ষার তথা দর্শনাত্মশিশনের পীঠস্থানদ্দপে সক্রিয় রহিয়াছে। সাধুদ্ধন তথায় সমবেত হইয়া 'মোহস্তজীর' সকাশে শাস্ত্রশিক্ষা ও ধর্মচর্চা করেন। মধ্য কলিকাতার Nahar Museum প্রতিষ্ঠাতা শিল্পরসিক স্থগীয় পুরণ্টাদ নাহার এম.এ., বি.এল. যশনীরপ্রসক্ষে, হিন্দীভাষায়, 'ক্রেল্যের' নামক বছতথ্যপূর্ণ সচিত্র একথনি গ্রন্থ প্রকাশিত করিয়াছেন।

্ অধিকাংশ নরনারীর অশনবসন, আচারব্যবহার, উৎসব-অন্তর্চান ও শিক্ষাপ্রতিষ্ঠান (মঠ ও উপাক্রা) প্রাচীন প্রথার বহুধা অনুসরণ করিতেছে। কর্ণেল জেমদ্ উভের Annals of Rajasthan-এ বিবৃত রাজপুত জীবনধারা যশন্ত্রীরে অন্তাবধি প্রবাহিত হইতেছে। কর্ণে কুণ্ডল ও ২7—1872 B.

গলদেশে কণ্ঠাভরশভূষিত ক্ষত্রিয় ও বৈশ্র অভিজাতবর্গ এবং মণিবন্ধে বলরপরিছিত, বীণাবাদনরত, ভাট ও চারণ তথায় অত্যাপি পরিদৃষ্ট হয়। শ্রেষ্টিপদ্দীর গুরুভার স্বর্ণালক্ষারগুলি প্রায়শ: হুর্গা প্রতিমার আভরণসদৃশ। ক্রমবিক্রয়কালে 'অকেসাঈ' ও 'ডোঢ়িয়া' রোপ্য ও তামুমুলা ব্যবহৃত হয়। 'ডোঢ়িয়া' ভারতের অশ্রত্ত 'ঢেঁপুয়া' রূপে প্রচলিত ছিল।

চকে, বাজারে, পল্লীতে পল্লীতে, বোষকর্গণ ঢকাবাদনসহ নাগরিকবৃন্দকে জানাইয়া দেন কোথায় কথন কোন্ শ্রেমী কিরপ জনহিতকর কার্য্য করিবেন এবং সেই অন্নষ্ঠানে হিন্দু-মুসলমান সর্ব্বসাধারণের উপস্থিতি ও ইষ্টকামনা প্রার্থনীয়। অনুষ্ঠানপ্রসঙ্গে শ্রেষ্ঠিবর 'প্রপা' (জলসত্ত্ব) এবং আটার প্রী, গমের লাড্ড্র ও শিরা (হাল্য়া), দিধি, শর্করাসহ স্থতপক ছোলার বরফি, ছোলার ডাল, পাপর এবং পলাণ্ড্, মূলা ও বরবটির পৃথক পৃথক শাক (ব্যঞ্জন) প্রভৃতির ব্যবস্থা করেন। উৎসবদিবসের প্রভ্যুবে শ্রেষ্ঠিগৃহিণীপ্রমুখা প্রললনাগণ সমবায়-সমিতি-প্রতিষ্ঠিত 'শ্রীকৃষ্ণ গোশালা' হইতে স্বহস্তে গো দোহন করিয়া সাধারণের সেবার নিমিত্ত অনুষ্ঠানকেন্দ্রে হ্রম্ব প্রেরণ করেন।

বর্ষার শেষভাগে এবং হেমন্তের অস্তে মরুভূমির স্থানে স্থানে বাজরী ও বোয়ার এবং গম ও ছোলা উৎপন্ন হয়। আহার্ষ্যের অন্তবিধ শশু প্রভৃতি রাজ্যের বাহির হইতে আমদানি করা হয়। ১৩৫ চিত্র—কমলমীর হুর্গ, রাজস্থান, খুঃ পঞ্চদশ শতক

উদরপুরের ৪৫ জোশ উত্তর-পশ্চিমে, আরাবলী (অর্কান) পর্বতের ৪০০০' উচ্চ উপত্যকায়, কুন্তলগড় (কমল্মীর) ছর্গ অবহিত। উদরপুর হইতে ১০ জোশ দূরে, অপ্রশস্ত অগভীর গিরিস্কিটের কমল্মীরগামী চড়াইপথপার্যন্থ একলিঙ্গগড়ে, মীরাবাজী-প্রতিষ্ঠিত রমণীয় হাপত্যভূষিত গোপোলমন্দির এবং শিশোদীয় মহারাণার কুলদেবতা চতুর্মুখ শিবের নয়নাভিরাম পাযাণমন্দির বিরাজমান। মধ্যপথে, প্রায় ২০ জোশ দূরে 'গোগঙা' নগরী বিজ্ঞমান আছে। প্রাচীন হিন্দু-ছানের গণতান্ত্রিক (সমবার্য়ী) পৌরজীবন শান্তিপূর্ণভাবে তথায় পরিচালিত হইত বিংশতি বংসর পূর্বেও। গোগঙার উপকণ্ঠহিত অর্চ্চ শৈলশিরে একটি জঙ্গলে, হলদিঘাট-যুদ্ধান্তে প্রতাপসিংহের অবহানকালে, তদীয় ছহিতার জন্ম রক্ষিত একথানি রুটি বনবিড়াল লইয়া পলায়ন করিয়াছিল, এইরূপ প্রবাদ প্রচলিত আছে। জঙ্গলমধ্যে প্রতাপসিংহ ব্যবহৃত পাষাণময় কুটীরের ধ্বংসাবশেষ পরিন্তুই হয়। আকবরের বিক্রমে প্রতাপের প্রতাপিনিহ ব্যবহৃত পাষাণময় কুটীরের ধ্বংসাবশেষ পরিন্তুই হয়। আকবরের বিক্রমে প্রতাপের বর্মাছিলেন, তাহার ছর্গনগরী (৪১ চিত্র) কৈলবারারে সন্ধার চিতোরের ছর্গপ্রাকারের উপর প্রাণোৎসর্গ করিয়াছিলেন, তাহার ছর্গনগরী (৪১ চিত্র) কৈলবারাকে অতংপর অতিক্রম করিয়া মধ্যমূর্গায় রণপুরার সৌন্ধর্যগিরিমাদীপ্ত বেতাঘ্রী জৈনমন্দিরে যাওয়া যায়। রণপুরা হইতে পূর্বমূর্থে ৫ জোশ চড়াইপথ শক্তনান্তে আরামন্ত্রীশার্বহিত অগভীর অরণ্যে অবহিত, ম্বদ্য প্রস্তির প্রাকার ও ছর্ভেন্স ছর্গনার-প্রিবেষ্টিত, মহারাণাকুন্ত প্রতিষ্ঠিত—চিতোরপ্রপ্রম্ব ৩২ সংখ্যক মেবারী গিরিছ্রের অন্তত্ম—কুন্তলগড়ে হাইতে হয়।

মেবাররাজ্যের অভান্ত হানগুলির মত তথাকার অধিবাসিগণও প্রধানতঃ ক্ষুবিজীবী। কতিপর ভগ ও অর্ক্ছর দেবারতন, হুড়কমধ্যে গুপ্তকক্ষ ও মন্ত্রণাচন্ত্র ব্যতীত তরঙ্গায়িত উপত্যকার পাটে পাটে উপজাত—কুদ্র ও অনতিবৃহৎ সরোবরের অনুরপ—কৃচ্ছ নীতন হুপের জনকুগুনিচয়ের প্রায় প্রত্যেকটি এক্ষণে জনবিরল, জন্ধবারত এবং পরিত্যক্ত। মাত্র ২০।২৫ জন সৈত্র, ১০।১২ জন প্রহরী ও পরিচারক এবং অল্পসংখ্যক সম্মার্জক প্রভৃতি এক্ষণে হুর্গপ্রানাদের মহাশ্রু কক্ষপ্রনির সংরক্ষণ- ও পর্যাবেক্ষণ-কার্য্যে নিযুক্ত রহিয়াছে।

ষব ও গমের ক্বিক্ষেত্র এবং জন্দানীর্ণ ফলোতান কুন্তলগড়ের ইতন্ততঃ পরিলক্ষিত হয়। তাহাদের অধিকারী ভীল ক্ববকগণ। ভীল জনপদের প্রান্তভাগে মর্ম্মময় 'গোলেরা' মন্দিরের ধ্বংসাবশেষমধ্যে বিশ্বয়প্রদ কারুকলাথচিত বিচিত্র স্তন্তাবলী-সমন্বিত সন্ধীর্ণ আলিন্দে আলিন্দে সারিবন্ধ বিতাধরীর স্কঠাম স্থাস প্রতিমাসমূহ সর্কতোভাবে প্রশংসনীয় (১৩৬ চিত্র)। মন্দিরের ভগ্নতুপ হইতে বর্তমান লেথক কর্তৃক আবিষ্কৃত একটি শিলালেধে উৎকীর্ণ আছে যে, গোলেরা ১৪৫৯ খৃষ্টান্দে স্থাপিত হইয়ছিল। গোলেরার সান্নিধ্যে 'পিত্রলদেও' মন্দিরের ভগ্নাবশেষমধ্যে নিহিত অন্ত একটি শিলালিপিও লেথক আবিষ্কার করিয়াছিলেন; তাহাতে উৎকীর্ণ আছে যে, পিত্রলদেও প্রতিষ্ঠিত হয় ১৪৫৪ খৃষ্টান্দে।

